শ্রীশ্রীনিতাই-গৌর-সীতানাথাঃ জয়ন্তু



শ্রীশ্রীচৈতন্যলীলার আদিব্যাস শ্রীশ্রীনিত্যানন্দকৃপা-পাত্র

অপ্রাকৃত মহাকবি শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীচৈতন্যভাগবত

আদিখণ্ড

অকিঞ্চন—

নিত্যলীলাপ্রবিষ্ট—শ্রীশ্রীমৎ-পুরীদাস গোস্বামী মহাশয়

কর্ত্তৃক সম্পাদিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্বাহৃদ্-গোবিন্দদেবৌ বিজয়েতেতমাম্



শ্রীশ্রীচৈতন্যলীলার আদিব্যাস শ্রীশ্রীনিত্যানন্দকৃপা-পাত্র

অপ্রাকৃত মহাকবি শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীচৈতন্যভাগবত

অকিঞ্চন—

নিত্যলীলাপ্রবিষ্ট—শ্রীশ্রীমৎ-পুরীদাস গোস্বামী মহাশয়

কর্ত্তৃক সম্পাদিত

শ্রীগুরুকৃপাপ্রার্থিনী শ্রীমতি প্রতিমা দেবী

কর্ত্তৃক

১১নং, ছিপিগলি স্থিত শ্রীগৌরাঙ্গ প্রেস হইতে মুদ্রিত ও প্রকাশিত।

অকিঞ্চন—শ্রীশ্রীল-পুরীদাস গোস্বামিচরণানাং
দ্বাদশবার্ষিকী-তিরোভাব-তিথিঃ
বিষ্ণুঃ ৪, শ্রীগৌরাব্দঃ ৪৮৪,
শুক্রবারঃ চৈত্রঃ ১৩, বঙ্গাব্দঃ ১৩৭৬,
মার্চ্চ-মাসঃ ২৭, খ্রীষ্টাব্দঃ ১৯৭০,

শ্রীবৃন্দাবন-ধাম্নি ১১-সংখ্যক-ছিপিগলি-সরণ্যাম্
'শ্রীগৌরাঙ্গ প্রেস' ইত্যাখ্য-যন্ত্রে মুদ্রিতঃ

শ্রীশ্রীরাধাভাবে

শ্রীগৌরাঙ্গ



"রাধাভাবদ্যুতিসুবলিতং

নৌমি কৃষ্ণস্বরূপম্"

* শ্রীশ্রীনিতাই-গৌর-সীতানাথাঃ জয়ন্তু *

—: ✻ শ্রীকৃষ্ণচৈতন্যশচীসুত গৌরগুণধাম। ✻ :—

ভূমিকা

জগত সৃষ্টিকারী ব্রহ্মার দ্বিতীয় পরার্দ্ধে শ্রীশ্বেতবরাহ কল্পে জম্বুদ্বীপে ভারতবর্ষে অর্থাৎ বৈবস্বত মন্বন্তরান্তর্গত কলিযুগ প্রথমসন্ধ্যাতে শ্রীকৃষ্ণপ্রেমপুরুষার্থ বিতরণকারী শ্রীরাধাভাবদ্যুতিসুবলিত শ্রীগৌরাঙ্গ-কৃষ্ণের পার্ষদ শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর বর্দ্ধমান জিলার পূর্ব্বস্থলী থানার অন্তর্গত মোদদ্রুমদ্বীপে (মামগাছিতে) আবির্ভূত হইয়াছিলেন। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর ভূমিষ্ঠ হইবার পুর্ব্বেই তাঁহার পিতা শ্রীবৈকুণ্ঠ দাস (দেবশর্ম্মন) দেহত্যাগ করেন। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের মাতৃকুল শ্রীগৌরাঙ্গের একান্ত আশ্রিত ও সর্ব্বপ্রধান গৃহস্থভক্ত ছিলেন বলিয়া তিনি মাতৃবংশের পরিচয়েই বৈষ্ণবজগতে পরিচিত।

যেরূপ পরাশর ঋষির কৃপাতে মৎস্যগন্ধাকন্যা যোজনাগন্ধা (সত্যবতী) গর্ভে ভগবান্ শ্রীব্যাসদেব আবির্ভাবের পর অষ্টাদশ পুরাণ প্রকট করিয়া মহর্ষি শ্রীনারদমুনির দর্শন প্রাপ্ত তথা শ্রীমদ্ভাগবতে শ্রীকৃষ্ণলীলা প্রকট করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। তদ্রূপই শ্রীগৌরাঙ্গ-লীলাতে শ্রীনারদাবতার শ্রীবাস-পণ্ডিতের ভ্রাতৃকন্যা শ্রীনারায়ণীদেবী (শ্রীকৃষ্ণের স্তনদায়ী অম্বিকা; তাঁহার ভগিনী কিলিম্বিকা, তিনি শ্রীকৃষ্ণে উচ্ছিষ্ট ভোজন করিতেন—ইনিই শ্রীনারায়ণীদেবী, তাঁহার চারি বৎসর বয়সেই শ্রীমন্মহাপ্রভুর উচ্ছিষ্ট ভক্ষণ করিয়াছিলেন।) তাঁহারই গর্ভে শ্রীব্যাসাবতার শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর আবির্ভূত হইয়া সর্ব্বপ্রথম শ্রীচৈতন্যমঙ্গল রচনা করেন। শ্রীল লোচনদাস ঠাকুরের শ্রীচৈতন্যমঙ্গল রচনা দেখিয়া তিনি মাতার আদেশে নিজগ্রন্থের নাম পরিবর্তন করিয়া শ্রীচৈতন্যভাগত রাখেন। তাঁহার কৃপাতে এই মহাকাব্য সর্ব্ব সাধারণের পক্ষে সুগম হয়। গ্রন্থ সমাপ্ত সময় প্রাচীন পুঁথিতে এরূপ লিখিত আছে :—

চৌদ্দশত সাতানব্বই শাকের সমন।
নিত্যানন্দধামে হইল গ্রন্থ সমাধান॥

শ্রীল বাসুদেবদত্ত মহাশয় মামগাছিতে একটি দেবালয় স্থাপন করিয়া ইষ্টদেবের যাবতীয় ভার শ্রীনারায়ণীদেবীর উপরে অর্পণ করেন; মাতা নারায়ণীদেবীর সহিত শিশুপুত্র শ্রীল বৃন্দাবনদাস তথায় বহুদিন বাস করেন ও সেই স্থানেই লালিতপালিত হইয়া বিদ্যাধ্যয়ন কার্য্য সমাপ্ত করেন। সর্ব্বজীবের কল্যাণকামী পরম ভক্ত বাসুদেবদত্তের গৃহে থাকা কালেই ঠাকুর শ্রীবৃন্দাবনদাস শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা লাভ করেন। বর্তমানে সেই বাসুদেবদত্তের পূজিত শ্রীবিগ্রহ শ্রীশারঙ্গমুরারি শ্রীপাট বকুল তলায় বিদ্যমান আছেন। শ্রীল বাসুদেবদত্তের তিরোভাবের পরেই শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর তথা হইতে প্রায় তিন ক্রোশ দূরে বর্দ্ধমান জিলায় অবস্থিত দেনুড়ে শ্রীনিত্যানন্দ-শ্রীগৌর বিগ্রহ প্রকাশ করিয়া শ্রীগুরু শ্রীনিত্যানন্দ প্রভুর

আদেশে শ্রীচৈতন্যভাগবত প্রকাশিত করিতে প্রবৃত্ত হন। যখন শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপা লাভ করেন, পুরীধামে মহাপ্রভুর অপ্রকটের কথা শুনিয়া তথা মহাপ্রভুর লীলা দর্শন করিতে পারিলেন না বলিয়া হৃদয় বিদারক করুণ ভাবে বিরহ প্রকাশ করিয়া লিখিয়াছেন,—

হইল মনুষ্য জন্ম না হইল তখনে।
বঞ্চিত হইলাম সে সুখ দরশনে॥

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বৃন্দাবনবাসী বৈষ্ণববৃন্দের আদেশে শ্রীচৈতন্যভাগবতের পরিশিষ্টরূপ 'শ্রীচৈতন্যচরিতামৃত' এই শ্রীধাম বৃন্দাবনেই প্রকট করিয়াছিলেন। যাহার দ্বারা সমস্ত বঙ্গ-সাহিত্য তথা দর্শনশাস্ত্রের গৌরব প্রজ্বলিত হইতেছে।

ঠাকুর মহাশয়ের কথা আমাদের পূর্ব্বগুরুদেব শ্রীল কবিরাজ গোস্বামী যাহা লিখিয়াছেন, তাহা তাঁহারই ভাষায় যৎকিঞ্চিত উদ্ধৃত করিলাম।

"ওরে মূঢ় লোক, শুন চৈতন্যমঙ্গল। চৈতন্য-মহিমা যা'তে জানিবে সকল॥
কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস। চৈতন্যলীলার ব্যাস—বৃন্দাবনদাস॥
বৃন্দাবনদাস কৈল চৈতন্যমঙ্গল। যাঁহার শ্রবণে নাশে সর্ব্ব অমঙ্গল॥
চৈতন্য-নিতাইর যা'তে জানিয়ে মহিমা। যা'তে জানি কৃষ্ণভক্তি-সিদ্ধান্তের সীমা॥
ভাগবতে যত ভক্তিসিদ্ধান্তের সার। লিখিয়াছেন জানি' করিয়া উদ্ধার॥
চৈতন্যমঙ্গল শুনে যদি পাষণ্ডী, যবন। সেই মহা-বৈষ্ণব হয় ততক্ষণ॥
মনুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্য। বৃন্দাবনদাস-মুখে বক্তা শ্রীচৈতন্য॥
নারায়ণী—চৈতন্যের উচ্ছিষ্ট-ভাজন। তাঁ'র গর্ভে জন্মিলা শ্রীদাস বৃন্দাবন॥
তাঁ'র কি অদ্ভুত চৈতন্যচরিত-বর্ণন। যাহার শ্রবণে শুদ্ধ কৈল ত্রিভুবন॥
বৃন্দাবনদাস—নারায়ণীর নন্দন। চৈতন্যমঙ্গল যিঁহো করিল রচন॥
ভাগবতে কৃষ্ণলীলা বর্ণিলা বেদব্যাস। চৈতন্যলীলাতে ব্যাস—বৃন্দাবনদাস॥
চৈতন্যলীলার ব্যাস—দাস বৃন্দাবন। মধুর করিয়া লীলা করিলা রচন॥
সহজে বিচিত্র মধুর চৈতন্য-বিহার। বৃন্দাবনদাস-মুখে অমৃতের ধার॥

এই মহাকাব্যখানি নিয়ম পূর্ব্বক অকপট ভাবে শরণ লইয়া পাঠ করিলে পাঠকের হৃদয়ের মালিন্য দূরীভূত হইবে। ইহাতে কোন সন্দেহ নাই। যতই পাঠ করিবে পাঠকের হৃদয়ের নির্মলতা অনুসারে গ্রন্থের সারমর্ম ও মাধুর্য্য ততই হৃদয়ে অনুভব হইবে। ইহার শ্রবণ, পঠন ও অনুশীলন দ্বারা সকলের নিত্যকল্যাণ সাধিত হইবে। পরম পূজ্যপাদ শ্রীল কবিরাজ গোস্বামীর বাণী প্রণিধান যোগ্য। যথা—

যেবা নাহি জানে কেহো শুনিতে শুনিতে সেহো
কি অদ্ভুত চৈতন্যচরিত।
কৃষ্ণে উপজিবে প্রীতি জানিবে রসের রীতি
শুনিলেই হৈবে বড় হিত॥

ব্রজেন্দ্রনন্দন স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণই ৪৮৪ বৎসর পূর্ব্বে শ্রীধাম নবদ্বীপে শ্রীশ্রীগৌরসুন্দররূপে অবতীর্ণ হইয়া নিজ পার্ষদ গোস্বামীবৃন্দ দ্বারা পতিত জীবের কল্যাণ নিমিত্ত ভক্তিগ্রন্থ সমূহ প্রণয়ন করাইয়াছিলেন। কালক্রমে উক্ত গ্রন্থরাজি বিভিন্নরূপ পাঠান্তরে পরিণত হওয়ায় প্রকৃত গ্রন্থ দুর্লভপ্রায় হইয়া পড়িয়াছে। আমাদের পরমারাধ্যতম নিত্যলীলা প্রবিষ্ট পতিতপাবন শ্রীশ্রীগুরুদেব ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল **পুরীদাস গোস্বামী ঠাকুর** ভারতের বিভিন্ন প্রসিদ্ধ গ্রন্থাগারে সংরক্ষিত হস্তলিখিত পুঁথি ও মুদ্রিত গ্রন্থ সমূহের পাঠান্তর অবলম্বনে সংস্কৃত ভাষায় রচিত মূল গোস্বামী-গ্রন্থ এবং বিভিন্ন ভক্তিগ্রন্থ সমূহ বিশুদ্ধ ভাবে বঙ্গাক্ষরে মুদ্রিত করিয়া ভারতীয় প্রধান প্রধান গ্রন্থাগারে সংরক্ষণ ও শ্রদ্ধালু ভক্তবৃন্দকে বিতরণ করিয়া গিয়াছেন।

এতদ্ব্যতীত পরম দয়ালু শ্রীগুরুদেব বহু গোস্বামীগ্রন্থ ও ভক্তিগ্রন্থের বঙ্গভাষায় বিশুদ্ধ অনুবাদও করিয়া গিয়াছেন। তৎসহ শ্রীশ্রীচৈতন্যভাগবতও পাঠান্তর প্রদর্শন পূর্ব্বক সম্পাদন করিয়া রাখিয়া গিয়াছেন। আমাদের দুর্ভাগ্য বশতঃ সেই সকল গ্রন্থরাজি তাঁহার প্রকটকালে প্রকাশিত হন নাই। সম্প্রতি তাঁহার অহৈতুকী অনুকম্পা ও অনুপ্রেরণায় উক্ত গ্রন্থ সমূহ প্রকাশ করিবার অভিপ্রায়ে 'শ্রীগৌরাঙ্গ প্রেস' স্থাপন করা হইয়াছে। এই মুদ্রণালয় হইতে শ্রীশ্রীরাধারস সুধানিধি, শ্রীশ্রীকৃষ্ণলীলাস্তব, শ্রীচৈতন্য-চন্দ্রামৃত, হংসদূত, প্রভৃতি গ্রন্থ মুদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছেন।

সম্প্রতি শ্রীল শ্রীগুরুদেবের দ্বাদশ বার্ষিক তিরোভাব বিরহ তিথিতে তাঁহার সম্পাদিত শ্রীশ্রীচৈতন্য-ভাগবত গ্রন্থখানি প্রকাশিত হইলেন। কালক্রমে গ্রন্থ যে কত পাঠান্তরে পরিণত হয় তাহা আমরা এই শ্রীশ্রীচৈতন্যভাগবত হইতে উত্তমরূপে অবগত হইতে পারি। যেহেতু ইহাতে কোন্ গ্রন্থে কোথায় কি পাঠ আছে তাহা পাদটীকায় অতি উত্তমভাবে নির্দ্দেশ করিয়া দেখান হইয়াছে। ইহাই এই শ্রীচৈতন্যভাগবতের প্রধান বৈশিষ্ট্য ও পরম করুণাময় শ্রীগুরুদেবের অভিনব অবদান।

অনিবার্য নানা কারণে গ্রন্থখানির মুদ্রণে বহু ত্রুটী রহিয়া গিয়াছে। সহৃদয় ভক্তপাঠকবৃন্দ উক্ত ন্যূনতা সমূহ মার্জন পূর্ব্বক গ্রন্থখানির সারমর্ম গ্রহণ করিলে আমরা বিশেষ অনুগৃহীত হইব এবং স্বকীয় শ্রম সার্থক বলিয়া মনে করিব।

শ্রীহরিগুরুবৈষ্ণবের কৃপাবলম্বন পূর্ব্বক আমরা বঙ্গানুবাদ সহ অন্যান্য ভক্তিগ্রন্থ সমূহ প্রকাশের আশাপোষণ করিতেছি। সারগ্রাহী শ্রীগৌরভক্তগণের সহানুভূতি প্রার্থনীয়।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমোনমঃ॥

শ্রীধাম বৃন্দাবন (মথুরা)
তারিখ—১৩ই চৈত্র, ১৩৭৬ সাল।

নিবেদন ইতি—
প্রকাশিকা

শ্রীশ্রীনিতাই-গৌর-সীতানাথাঃ জয়ন্তু

শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গৌর গুণধাম

সূচীপত্র

আদিখণ্ড

অষ্টম অধ্যায়

নবম অধ্যায়

দশম অধ্যায়

একাদশ অধ্যায়

দ্বাদশ অধ্যায়

ত্রয়োদশ অধ্যায়

চতুর্দশ অধ্যায়

শ্রীশ্রীনিত্যানন্দ-গৌরচন্দ্রৌ জয়তঃ

শ্রীশ্রীগৌড়ীয়-গৌরবগ্রন্থ-গুটিকা—

শ্রীশ্রীচৈতন্যলীলার আদিব্যাস শ্রীশ্রীনিত্যানন্দকৃপা-পাত্র

অপ্রাকৃত মহাকবি শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীচৈতন্যভাগবত

আদিখণ্ড

প্রথম অধ্যায়

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দাদ্বৈত-চন্দ্রেভ্যো নমঃ *

(মঙ্গলাচরণ)

আজানুলম্বিতভুজৌ কনকাবদাতৌ, সংকীর্তনৈকপিতরৌ কমলায়তাক্ষৌ।
বিশ্বম্ভরৌ দ্বিজবরৌ যুগধর্মপালৌ, বন্দে জগৎপ্রিয়করৌ করুণাবতারৌ ॥ ১
নমস্ত্রিকাল-সত্যায়, জগন্নাথ-সুতায় চ। স-ভৃত্যায় স-পুত্রায়, সকলত্রায় তে নমঃ ॥ ২

বিভিন্ন পুঁথির ও মুদ্রিতগ্রন্থের পাঠান্তরের সাংকেতিক-চিহ্ন—'ক' ১১০২তম বঙ্গাব্দে লিখিত কলিকাতা-বিশ্ববিদ্যালয়ে রক্ষিত ৪৭০-সংখ্যক করলিপি ; 'খ' ১৬৭০তম শকাব্দে (=১১৫৫বঙ্গাব্দে) লিখিত বরাহনগর শ্রীমদ ভাগবতাচার্যপাদের শ্রীপাটস্থিত শ্রীগৌরাঙ্গ- গ্রন্থমন্দিরে রক্ষিত ৪৯৪-সংখ্যক করলিপি ; 'গ' ১১৬৬তম বঙ্গাব্দে লিখিত ঢাকা-বিশ্ববিদ্যালয়ে রক্ষিত ২৩৫২ 'এ'-সংখ্যক করলিলি ; 'ঘ' ১৬৮১ শকাব্দে (=১১৬৬বঙ্গাব্দ [১০৮৩বঙ্গাব্দ ?])+ লিখিত বঙ্গীয়-সাহিত্য-পরিষদে রক্ষিত ২০৫-সংখ্যক করলিপি ; 'ঙ' ১৭১১তম শকাব্দে(=১১৯৬বঙ্গাব্দে) লিখিত বরাহনগর শ্রীমদভাগবতাচার্যপাদের শ্রীপাটস্থিত শ্রীগৌরাঙ্গ-গ্রন্থমন্দিরে রক্ষিত ৪৮৬-সংখ্যক করলিপি ; 'চ' ১২০৪তম বঙ্গাব্দে লিখিত শ্রীব্রজমণ্ডল হইতে সংগৃহীত করলিপি ; 'ছ' শ্রীপাট দেন্দুড় হইতে সংগৃহীত করলিপি ;'জ' ১২০৭তম বঙ্গাব্দে লিখিত ঢাকাবিশ্ববিদ্যালয়ে রক্ষিত ২০৫-সংখ্যাক করলিপি ; 'ঝ' ৪২৮তম শ্রীচৈতন্যাব্দে (=১৩২১বঙ্গাব্দে)শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত মুদ্রিত গ্রন্থ (২য় সংস্করণ); 'ঞ' ১৩২০তম বঙ্গাব্দে বহরমপুরস্থিত রাধারমণ-যন্ত্রে শ্রীরামদেবমিশ্র-কর্তৃক প্রকাশিত মুদ্রিত-

---

* শ্রীচৈতন্য-শ্রীনিত্যানন্দ-শ্রীঅদ্বৈত-চন্দ্রেভ্যো নমঃ (ক) ; শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ (খ,ঙ) ; শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ, শ্রীনিত্যানন্দায় নমঃ শ্রীশ্রীঅদ্বৈতচন্দ্রায় নমঃ, শ্রীশ্রীগুরবে নমঃ, শ্রীশ্রীবৈষ্ণবেভ্যো নমঃ, (ঘ) ; শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ, শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় সপরিবারায় নমঃ, শ্রীশ্রীনিত্যানন্দাদ্বৈতচন্দ্রায় নমঃ, শ্রীগৌরভক্তবৃন্দেভ্যো নমঃ (চ) ; নমঃ শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় (জ)।

+ 'ঘ'-পুঁথির আদিখণ্ডের উপসংহারে নিম্নলিখিত শ্লোকটি লিখিত আছে—"শকাব্দে ষোড়শ-শতে সৈকাশীতি সমন্বিতে ॥"—ইহার পর পুনরায় এই রূপলেখাও দৃষ্ট হয়, যথা-"ইতি সন ১০৮৩ সালে ১৬ অগ্রহায়ণে সোমবারে এ পুস্তক লেখা শেষ হইলেন ॥"

শ্রীমুরারিগুপ্তস্য করচায়াম্—

"অবতীর্ণৌ স-কারুণ্যৌ পরিচ্ছিন্নৌ সদীশ্বরৌ।
শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দৌ দ্বৌ ভ্রাতরৌ ভজে ॥" ৩

"জয়তি জয়তি দেবঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রো, জয়তি জয়তি কীর্তিস্তস্য নিত্যা পবিত্রা।
জয়তি জয়তি ভৃত্যস্তস্য বিশ্বেশমূর্তে-,র্জয়তি জয়তি নৃত্যং তস্য সর্বপ্রিয়াণাম্ ॥" ৪

আদ্যে শ্রীচৈতন্য-প্রিয়-গোষ্ঠীর চরণে। অশেষ প্রকারে মোর দণ্ড-পরণামে ॥ ৫

তবে বন্দোঁ শ্রীচৈতন্য মহা-মহেশ্বর। নবদ্বীপে অবতার, নাম—'বিশ্বম্ভর' ॥ ৬

'আমার ভক্তের পূজা আমা হৈতে বড়। সেই প্রভু বেদে ভাগবতে কৈলা দঢ় ॥ ৭

তথা হি শ্রীভাগবতে শ্রীভগবদ্‌বাক্যম্ (১১।১৯।২১)—

"আদরঃ পরিচর্যায়াং সর্বাঙ্গৈরভিবন্দনম্।
মদ্ভক্তপূজাভ্যধিকা সর্বভূতেষু মন্মতিঃ ॥" ৮

এতেকে করিলুঁ আগে ভক্তের বন্দন। অতএব আছে কার্য-সিদ্ধির লক্ষণ ॥ ৯

ইষ্টদেব বন্দোঁ মোর নিত্যানন্দ-রায়। চৈতন্য-কীর্তন স্ফুরে যাহান কৃপায় ॥ ১০

সহস্র-বদন বন্দোঁ প্রভু-বলরাম। যাঁহার সহস্র মুখ কৃষ্ণ-যশোধাম ॥ ১১

মহারত্ন থুই যেন মহাপ্রিয়-স্থানে। যশোরত্ন-ভাণ্ডার শ্রীঅনন্ত বদনে ॥ ১২

গ্রন্থ 'ক্বচিৎপাঠ'—কোন কোন মুদ্রিত শ্রীচৈতন্যভাগবত-গ্রন্থের পাদটীকায় অনুল্লিখিত পুঁথির বা মুদ্রিত-পুস্তকের বিশেষ বিশেষ পাঠ।

পাদটীকায় ব্যবহৃত প্রথম-বন্ধনীর বামদিকে মুদ্রিত সংখ্যাটি মূল পয়ারের পংক্তির ক্রমিক সংখ্যা-নির্দেশক(এইসংখ্যাগুলিপয়ারের বামপার্শ্বে বা প্রান্তে ৫, ১০, ১৫ ইত্যাদিক্রমে গ্রন্থের প্রতিপৃষ্ঠায় মুদ্রিত আছে) ; (১ম), (২য়)—এইরূপ প্রথম বন্ধনীর মধ্যস্থিত সংখ্যাগুলি—ঐ পংক্তিতে যতগুলি পদ আছে, তাহাদের সংখ্যা-জ্ঞাপক ; হাইফেন্-দ্বারা সংযুক্ত সমাসবদ্ধ একাধিক পদগুলি একটিমাত্র পদরূপে গণিত হইয়াছে ; পাঠান্তরের পর [ক], [খ], [গ]—এইরূপ তৃতীয় বন্ধনীর মধ্যস্থিত বর্ণগুলি—উপরি বর্ণিত পুঁথির ও মুদ্রিত গ্রন্থের পরিচায়ক সাংকেতিক চিহ্ন। সমাসবদ্ধ-পদস্থ প্রথম-পদের পাঠান্তরে—দক্ষিণে-হাইফেন্, শেষ-পদেরপাঠান্তরে—বামে হাইফেন্ এবং মধ্যপদের পাঠান্তরে দক্ষিণে ও বামে, দুই-দিকে হাইফেন ব্যবহৃত হইয়াছে।

২ (২য়) সকারুণ্যৌ [গ, ঞ,], (২য়,৩য়) পরিচ্ছিন্নৌ সুকারুণ্যৌ [ছ] ; এই পংক্তির পর অধিক পাঠ—"স জয়তি বিশুদ্ধবিক্রমঃ, কনকাভঃ কমলায়তেক্ষণঃ। বরজানুবিলম্বি-ষড়্‌ভুজো, বহুধা ভক্তিরসাভিবর্ধকঃ ॥" [ঞ], ঝ-গ্রন্থের পাদটীকায় উক্ত শ্লোকটির 'জয়তি বিশুদ্ধ'-স্থলে 'জয়ত্যাতি-শুদ্ধ-', 'ষড়্‌ভুজো' এবং '-বর্ধকঃ' স্থলে 'নর্তকঃ' পাঠ দৃষ্ট হয়। ৫—এই পংক্তির পর ঘ-পুঁথিতে অধিক পাঠ—"চৈতন্যচন্দ্র ভুবনভ্রমদেকবন্ধো, ত্রায়স্ব মাং করুণয়া করুণৈকসিন্ধো। সংসারকূপপতিতং পতিতৈকনাথ, হা নাথ নাথ শরণং ভব লোকনাথ ॥ নিত্যানন্দমনা গদাধর-সুহৃন্ন্যাসিস্বরূপ-প্রিয়োঽদ্বৈতাদ্বৈতভগত্তিঃ সনাতনতনুর্গোপালরূপাশ্রয়ঃ। শ্রীবাসপ্রিয়তাকরো নরহরিপ্রাণো মুরারিপ্রভু, রাধাভাব-লসদদ্যুতির্বিজয়তাং শ্রীমচ্ছচীনন্দনঃ ॥" 'ঙ' পুঁথিতে অধিক পাঠ—"গৌরচন্দ্র নমস্তভ্যং নিত্যানন্দ নমোঽস্তু তে। গদাধর নমস্তেঽস্ত অদ্বৈতায় নমো নমঃ ॥" ৬—(২য়) শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য গোষ্ঠীর [চ]; (৬ষ্ঠ) করে। [ছ]; ৭—(৩য়) শ্রীচৈতন্যাদ্বৈত [ক], শ্রীকৃষ্ণচৈতন্য [খ,গ,ঘ,চ,ছ,জ,ঝ,ঞ], শ্রীচৈতন্য [ঙ], (৪র্থ) মহেশ্বর [ক,খ,গ,ঘ,চ,ছ,জ,ঝ,ঞ]।

৮—(৯ম—১২শ) শ্রীভাগবতে করিল সুদৃঢ় [ক], ভাগবতে কহিয়াছে দঢ় [চ]; ১২—(৩য়)আগু [খ]; ১৩—[১ম] উপদেষ্টা [ক] ১৪—[১ম—৩য়] তবে বন্দোসহস্রবদন বলরাম। [ক,খ,চ,ছ,ঞ], [৪র্থ—৭ম] যাঁহার শ্রীমুখে যশোভাণ্ডারের স্থান ॥ [ক,ঞ], ইহার পর অধিক পাঠ—"যে প্রভু চৈতন্য যশ সহস্রেক মুখে। গাইতে আছেন প্রভু সঙ্কর্ষণরূপে ॥" [খ,ঝ] [৭ম] গুণধাম[ছ]'-যশোগান [জ]। ১৫—(৪র্থ) মহাজন [ঙ]।

অতএব আগে বলরামের স্তবন। করিলে সে-মুখে স্ফুরে চৈতন্য-কীর্তন ॥ ১৩
সহস্রেক-ফণাধর প্রভু-বলরাম। যতেক করয়ে প্রভু, সকল-উদ্দাম ॥ ১৪
হলধর মহাপ্রভু প্রকাণ্ড শরীর। চৈতন্যচন্দ্রের রসে মত্ত মহা-ধীর ॥ ১৫
ততোধিক চৈতন্যের প্রিয় নাহি আর। নিরবধি সেই দেহে করেন বিহার ॥ ১৬
তাহান চরিত্র যেবা সদা শুনে, গায়। শ্রীকৃষ্ণচৈতন্য তাঁ'রে পরম সহায় ॥ ১৭
মহাপ্রীত হয় তাঁরে মহেশ-পার্বতী। জিহ্বায় স্ফুরয়ে তা'র শুদ্ধা সরস্বতী ॥ ১৮
পার্বতী-প্রভৃতি নবার্বুদ নারী লঞা। সঙ্কর্ষণ পূজে শিব উপাসক হঞা ॥ ১৯
পঞ্চম-স্কন্ধের এই ভাগবত-কথা। সর্ব-বৈষ্ণবের বন্দ্য বলরাম-গাথা ॥ ২০
তান রাসক্রীড়া-কথা—পরম উদার। বৃন্দাবনে গোপী-সঙ্গে করিলা বিহার ॥ ২১
দুইমাস বসন্ত, মাধব-মধু-নামে। হলায়ুধ-রাসক্রীড়া কহয়ে পুরাণে ॥ ২২
সে-সকল শ্লোক এই শুন ভাগবতে। শ্রীশুক কহেন, শুনে পরীক্ষিতে ॥ ২৩

তথা হি শ্রীভাগবতে (১০।৬৫।১৭,১৮,,২১,২২)—

"দ্বৌ মাসৌ তত্র চাবাৎসীন্মধুং মাধবমেব চ।
রামঃ ক্ষপাসু ভগবান্ গোপীনাং রতিমাবহন্ ॥ ২৪
পুর্ণচন্দ্রকলামৃষ্টে কৌমুদীগন্ধ-বায়ুনা।
যমুনোপবনে রেমে সেবিতে স্ত্রীগণৈর্বৃতঃ ॥" ২৫
"উপগীয়মানো গন্ধর্বৈর্বনিতাশোভিমণ্ডলে।
রেমে করেণু-যূথেশো মাহেন্দ্র ইব বারণঃ ॥ ২৬
নেদুর্দুন্দুভয়ো ব্যোম্নি ববৃষুঃ কুসুমৈর্মুদা।
গন্ধর্বা মুনয়ো রামং তদ্বীর্যৈরীড়িরে তদা ॥" ২৭

যে স্ত্রীসঙ্গ মুনিগণে করেন নিন্দন। তাঁ'রাও রামের রাসে করেন স্তবন ॥ ২৮
যাঁ'র রাসে দেবে আসি পুষ্পবৃষ্টি করে'। দেবে জানে,—ভেদ নাহি কৃষ্ণ-হলধরে ॥ ২৯
চারি-বেদে গুপ্ত বলরামের চরিত। আমি কি বলিমু, তাহা— পুরাণে বিদিত ॥ ৩০
মূর্খ-দোষে কেহো কেহো না দেখি' পুরাণ। বলরাম-রাসক্রীড়া করে অপ্রমাণ ॥ ৩১
একঠাই দুইভাই গোপিকা-সমাজে। করিলেন রাসক্রীড়া বৃন্দাবন-মাঝে ॥ ৩২

তথা হি শ্রীভাগবতে (১০।৩৪।২১-২৪)—

"কদাচিদথ গোবিন্দো রামশ্চাদ্ভুতবিক্রমঃ।
বিজহ্রতুর্বনে রাত্র্যাং মধ্যগৌ ব্রজযোষিতাম্ ॥ ৩৩

---

৩ (৬ষ্ঠ) যশে [জ], (৬ষ্ঠ ৮ম) প্রিয় মুখ্য মহাবীর[ঞ], (৮ম) মহাবীর [ঙ,চ]; ৪ (৯ম) করয়ে [খ,গ,ঘ,ঙ]; ৫ (৪র্থ। জনে [ক,গ,ঘ]; ৬(১ম) -প্রিয় [খ,চ]' (৬ষ্ঠ) বসয়ে [ক,খ,চ,] বৈসয়ে [খ], (৮ম) সদা [চ;]; ৭(৫ম-৬ষ্ঠ) অনন্ত পূজয়ে [ক,ঙ,চ,], (৬ষ্ঠ) ভজে [গ]। ৯ (৬ষ্ঠ)-সনে [ঙ, ঝ;]১১ (২য়) কথা [খ]; ২২ (৯ম, ১০ম) একতত্ত্ব [ঝ]; ২৩ (১ম-৩য়) চারি-বেদ-গুপ্তধন রামের [ক, খ,ঞ], চারি-বেদ-গোপ্যধন [ঙ], (৮ম) সর্ব [ক,খ,ঘ,ছ,জ,ঞ], সব [ঙ,চ]; ২৪ (৮ম) বলে [ঙ]; ২৫ (২য়) দুইপ্রভু [চ,ছ], (৩য়) গোপিকার মাঝে [চ,ছ]

উপগীয়মানৌ ললিতং স্ত্রীজনৈর্বদ্ধসৌহৃদৈঃ।
স্বলঙ্কৃতানুলিপ্তাঙ্গৌ স্রগ্বিণৌ বিরজেঽম্বরৌ ॥ ৩৪
নিশামুখং মানয়ন্তাবুদিতোড়ুপ-তারকম্।
মল্লিকাগন্ধ-মত্তালিজুষ্টং কুমুদ-বায়ুনা ॥ ৩৫
জগতুঃ সর্বভূতানাং মনঃশ্রবণ-মঙ্গলম্।
তৌ কল্পয়ন্তৌ যুগপৎ স্বরমণ্ডল-মূর্ছিতম্ ॥" ৩৬

ভাগবত শুনি যার রামে নহে প্রীত। বিষ্ণু-বৈষ্ণবের পথে সে পাপী বর্জিত ॥ ৩৭
ভাগবত যে না মানে, সে—যবন-সম। জন্মে জন্মে তার শাস্তা আছে প্রভু যম ॥ ৩৮
এবে কেহো কেহো নপুংসক বেশে নাচে। বোলে,—"বলরাম-রাস কোন্ শাস্ত্রে আছে ?" ৩৯
কোন পাপী শাস্ত্র দেখিলেও নাহি মানে। এক অর্থে অন্য অর্থ করিয়া বাখানে ॥ ৪০
চৈতন্যচন্দ্রের প্রিয়-বিগ্রহ বলাই। তান-স্থানে অপরাধে মরে সর্ব-ঠাঁই ॥ ৪১
মূর্তি-ভেদে আপনে হয়েন প্রভু দাস। সে-সব লক্ষণ অবতারেই প্রকাশ ॥ ৪২
সখা, ভাই, ব্যজন, শয়ন, সে বাহন। গৃহ, ছত্র, বস্ত্র, যত ভূষণ, আসন ॥ ৪৩
আপনে সকল রূপে সেবেন আপনে। যারে অনুগ্রহ করে, পায় সেই জনে ॥ ৪৪
তথা হি অনন্ত-সংহিতায়াং ধরণী-শেষ-সংবাদে, আলবন্দারু-কৃত স্তোত্ররত্নে চ—

"নিবাস-শয্যাসন-পাদুকাংশুকো-,পধান-বর্ষাতপ-বারণাদিভিঃ।
শরীরভেদৈস্তব শেষতাং গতৈ-,র্যথোচিতং শেষ ইতীরিতো জনৈঃ ॥" ৪৫

অনন্তের অংশ শ্রীগরুড় মহাবলী। লীলায় বহয়ে কৃষ্ণে হঞা কুতূহলী ॥ ৪৬
কি ব্রহ্মা, কি শিব, কি সনকাদি কুমার। ব্যাস, শুক, নারদাদি—'ভক্ত' নাম যাঁর ॥ ৪৭
সভার পূজিত শ্রীঅনন্ত-মহাশয়। সহস্র-বদন প্রভু ভক্তিরসময় ॥ ৪৮
আদিদেব, মহাযোগী, ঈশ্বর, বৈষ্ণব। মহিমার অন্ত ইহান না জানয়ে সব ॥ ৪৯
সেবন শুনিলা, এবে শুন ঠাকুরাল। আত্মতন্ত্রে যেন-মতে বৈসেন পাতাল ॥ ৫০
শ্রীনারদ-গোসাঞি তুম্বুরু করি' সঙ্গে। যে যশ গায়েন ব্রহ্মা-স্থানে শ্লোকবন্ধে ॥ ৫১
তথা হি শ্রীভাগবতে (৫।২৫।৯-১৩)—

"উৎপত্তি-স্থিতি-লয়-হেতবোঽস্য কল্পাঃ, সত্ত্বাদ্যাঃ প্রকৃতি-গুণা যদীক্ষয়াসন্।
যদ্রূপং ধ্রুবমকৃতং যদেকমাত্মন্, নানাধাৎ কথমু হ বেদ তস্য বর্ত্ম ॥ ৫২
মূর্তিং নঃ পুরুকৃপয়া বভার সত্ত্বং, সংশুদ্ধং সদসদিদং বিভাতি যত্র।
যল্লীলাং মৃগপতিরাদদেঽনবদ্যা-,মাদাতুং স্বজনমনাংস্যুদারবীর্যঃ ॥ ৫৩

---

৭ (১০ম) তল [গ, ঘ, ছ, চ, ছ, ঝ, ঞ]; ১১ (৪র্থ)-ঠাঞি [ক, ঝ]; ১২ (৭ম) লক্ষণ [চ, ঝ] ১৩ (৫ম-৬ষ্ঠ) আবাহন [ক, খ, গ, ছ, ঝ, ঞ]; ১৪ (৭ম) হয় [ঞ], (৮ম-১০ম) সেই জানে তানে [খ]; ১৯ (৮-ম-১০ম) ব্যাস-মুখ্য আদি করি' [চ]। ২১ (২য়) মহাদেব [চ], ২২ (১ম) সে সব [খ, গ, ঘ, ঞ], (৭ম) রূপে-[খ, ঙ, চ]; ২৩ (২য়) যাঁরা [ক], (৬ষ্ঠ) সব [ঝ], [৯ম] -রূপে [ঞ];

যন্নাম শ্রুতমনুকীর্তয়েদকস্মা-,দার্তো বা যদি পতিতঃ প্রলম্ভনাদ্ বা।
হন্ত্যংহঃ সপদি নৃণামশেষমন্যৎ, কং শেযাদ্ভগবত আশ্রয়েন্মুমুক্ষুঃ ॥ ৫৪
মূর্ধ্ন্যর্পিতমণুবৎ সহস্রমূর্ধ্নো, ভূগোলং সগিরিসরিৎসমুদ্রসত্ত্বম্।
আনন্ত্যাদবিমিতবিক্রমস্য ভূম্নঃ, কো বীর্যাণ্যপি গণয়েৎ সহস্রজিহ্বঃ ॥ ৫৫
এবম্প্রভাবো ভগবাননন্তো, দুরন্তবীর্যোরুগুণানুভাবঃ।
মূলে রসায়াঃ স্থিত আত্মতন্ত্রো, যো লীলয়া ক্ষ্মাং স্থিতয়ে বিভর্তি ॥" ৫৬

শ্লোকার্থঃ—

'সৃষ্টি, স্থিতি, প্রলয়, সত্ত্বাদি যত গুণ। যাঁ'র দৃষ্টিপাতে হয়, যায় পুনঃপুনঃ ॥ ৫৭
অদ্বিতীয়-রূপ, সত্য, অনাদি মহত্ত্ব। তথাপি 'অনন্ত' হয়ে, কে বুঝে সে তত্ত্ব ? **৫৮**
শুদ্ধসত্ত্ব-মূর্তি প্রভু ধরে করুণায়। যে-বিগ্রহে সভার প্রকাশ সুলীলায় ॥ **৫৯**
তাহান তরঙ্গ দেখি' সিংহ মহাবলী। নিজজন-মন রঞ্জে হঞা কুতূহলী ॥ ৬০
যে 'অনন্ত'-নামের শ্রবণ-সংকীর্তনে। যে-তে মতে কেনে নাহি বোলে যে-তে জনে ॥ ৬১
অশেষ-জন্মের বন্ধ ছিণ্ডে' সেই ক্ষণে। অতএব বৈষ্ণব না ছাড়ে কভু তানে ॥ ৬২
'শেষ' বহি সংসারের গতি নাহি আর। অনন্তের নামে সর্বজীবের উদ্ধার ॥ ৬৩
অনন্ত পৃথিবী, গিরি-সমুদ্র-সহিতে। যে প্রভু ধরয়ে শিরে পালন করিতে ॥ ৬৪
সহস্র-ফণার এক-ফণে 'বিন্দু' যেন। অনন্ত-বিক্রম না জানয়ে—'আছে' হেন ॥ **৬৫**
সহস্র-বদনে কৃষ্ণযশ নিরন্তর। গাইতে আছেন আদিদেব মহীধর ॥ ৬৬

শ্রীরাগ

কি আরে, রাম-গোপালে বাদ লাগিয়াছে ! ব্রহ্মা, রুদ্র, সুর, সিদ্ধ মুনীশ্বর
আনন্দে দেখিছে ॥ ধ্রু ॥ ৬৭

গায়েন অনন্ত, শ্রীযশের নাহি অন্ত। জয়ভঙ্গ নাহি কারু, দোঁহে বলবন্ত ॥ ৬৮
অদ্যাপিহ শেষ-দেব সহস্র শ্রীমুখে। গায়েন চৈতন্য-যশ, অন্ত নাহি দেখে ॥ ৬৯
লাগ্, বলি' যায় বেগে সিন্ধু তরিবারে। যশের সিন্ধু না দেয় কুল, অধিক অধিক বাড়ে ॥৭০

তথা হি শ্রীভাগবতে শ্রীনারদং প্রতি শ্রীব্রহ্মবাক্যম্ (২।৭।৪১)—

"নান্তং বিদাম্যহমমী মুনয়োঽগ্রজাস্তে, মায়াবলস্য পুরুষস্য কুতোঽবরে যে।
গায়ন্ গুণান্ দশশতানন আদিদেবঃ, শেষোঽধুনাপি সমবস্যতি নাস্য পারম্ ॥" ৭১

পালন-নিমিত্ত হেন-প্রভু রসাতলে। আছে মহাশক্তিধর নিজ-কুতুহলে ॥ ৭২

---

৮ (৮) দৃষ্টিমাত্রে [ক,চ]। ৯ (৫ম) এক হঞা [ক], একুই [ঙ,চ], (৬ষ্ঠ) অনাদি [ছ]; ১১ (১ম) যাহার [গ,ঙ], (৩য়) শিখি [গ,ঘ,চ,ছ,ঝ,ঞ], (৬ষ্ঠ,৭ম) নির্জন বনে বসো [ক,খ]; ১৩ (১ম) অনন্ত-[ক,খ,চ], (৩য়) ছুটে [ঙ], (৯ম) কভো [খ], ১৪(২য়) বই [চ,ঝ] বহি [গ,ঘ,ঙ,চ,ছ,ঞ], (৭ম) সংকর্ষণ [ক,খ,চ], ১৬(৫ম) অনন্ত ধরয়ে [ঞ]; ১৭(৭ম)মহেশ্বর [খ]; ২১(১ম,২য়) গান গুণ অনন্ত [ঞ] (৬ষ্ঠ)হারি জিনি [খ,চ,ছ]; ২৩(১ম) নাগ [খ,ঞ]; (৩য়,৪র্থ) চলি যায় [ঘ,ছ,ঞ]; ২৭—"পালন-কারণ প্রভু রসাতলে স্থিতি। মহাকুতূহলে তথা আছে মহামূর্তি ॥"[ঙ] (৬ষ্ঠ) মহা- [ক,চ,জ]।

ব্রহ্মার সভায় গিয়া নারদ আপনে। এই গুণ গায়েন তুম্বুরু-বীণা-সনে ॥ ৭৩
ব্রহ্মাদি বিহ্বল, এই যশের শ্রবণে। ইহা গাই' নারদ—পূজিত সর্বস্থানে ॥ ৭৪
কহিলাঙ এই কিছু অনন্ত-প্রভাব। হেন-প্রভু নিত্যানন্দে কর' অনুরাগ ॥ ৭৫
সংসারের পার হঞা ভক্তির সাগরে। যে ডুবিবে, সে ভজুক নিতাই-চাঁদেরে ৭৬
বৈষ্ণবের পা'য়ে মোর এই মনস্কাম। জন্মে-জন্মে প্রভু মোর হউ বলরাম ॥ ৭৭
'দ্বিজ', 'বিপ্র', 'ব্রাহ্মণ' যেহেন নাম-ভেদ। এইমত 'নিত্যানন্দ', 'অনন্ত', 'বলদেব' ॥ ৭৮
অন্তর্যামী নিত্যানন্দ বলিলা কৌতুকে। চৈতন্য-চরিত কিছু লিখিতে পুস্তকে ॥ ৭৯
চৈতন্য-কীর্তন স্ফুরে শেষের কৃপায়। যশের ভাণ্ডার বৈসে শেষের জিহ্বায় ॥ ৮০
অতএব যশোময়-বিগ্রহ অনন্ত। গাইলু তাহান কিছু পাদপদ্ম-দ্বন্দ্ব ॥ ৮১
চৈতন্যচন্দ্রের পুণ্য-শ্রবণ চরিত। ভক্তপ্রসাদে সে স্ফুরে,—জানিহ নিশ্চিত ॥ ৮২
বেদগুহ্য চৈতন্যচরিত কেবা জানে ? তাহি লিখি, যাহা শুনিয়াছি ভক্ত-স্থানে ॥ ৮৩
চৈতন্য-কথার আদি-অন্ত নাহি দেখি। তাহান কৃপায় যে বোলান, তাহা লিখি ॥ ৮৪
কাষ্ঠের পুতলী যেন কুহকে নাচায়। এইমত গৌরচন্দ্র মোরে যে বোলায় ॥ ৮৫
সর্ব-বৈষ্ণবের পা'য়ে মোর নমস্কার। ইথে অপরাধ কিছু নহুক আমার ॥ ৮৬
মন দিয়া শুন, ভাই, শ্রীচৈতন্য-কথা। ভক্ত-সঙ্গে যে-যে লীলা কৈলা যথা-যথা ॥ ৮৭
ত্রিবিধ চৈতন্যলীলা—আনন্দের ধাম। 'আদিখণ্ড', 'মধ্যখণ্ড', 'শেষখণ্ড'-নাম ॥ ৮৮
'আদিখণ্ডে' প্রধানতঃ বিদ্যার বিলাস। 'মধ্যখণ্ডে' চৈতন্যের কীর্তন-প্রকাশ ॥ ৮৯
'শেষখণ্ডে' ন্যাসি-রূপে নীলাচলে স্থিতি। নিত্যানন্দ-স্থানে সমর্পিয়া গৌড়-ক্ষিতি ॥ ৯০
নবদ্বীপে আছে জগন্নাথ-মিশ্রবর। বসুদেব-প্রায় তিঁহো-স্বধর্মে তৎপর ॥ ৯১
তান পত্নী 'শচী'-নাম—মহাপতিব্রতা। দ্বিতীয়-দেবকী যেন সেই জগন্মাতা ॥ ৯২
তান গর্ভে অবতীর্ণ হৈলা নারায়ণ। 'শ্রীকৃষ্ণচৈতন্য'-নাম জগত ভূষণ ॥ ৯৩
আদিখণ্ডে ফাল্গুনী-পূর্ণিমা শুভদিনে। অবতীর্ণ হৈলা প্রভু নিশায় গ্রহণে ॥ ৯৪
হরিনাম-মঙ্গল উঠিল চতুর্দিগে। জন্মিলা ঈশ্বর সংকীর্তন করি' আগে ॥ ৯৫
আদিখণ্ডে শিশুরূপে অনেক প্রকাশ। পিতা-মাতা-প্রতি দেখাইলা গুপ্তবাস ॥ ৯৬

১(৯ম) নাচেন অনুক্ষণে [ক,খ,ঙ,চ]; ৩(৫ম,৬ষ্ঠ) ইহা জানি শ্রীঅনন্তে [খ,গ,ঙ], এই পংক্তির পর অধিক পাঠ—"যদি প্রেম থাকয়ে কৃষ্ণের নামগুণে। তবে আগে প্রেম কর অনন্ত-চরণে ॥" [ক'খ,ঙ,চ]; ৪(১০ম) -ঠাকুরে [ক,জ]; ৫(৮ম-১০) ভক্তি যেন প্রভু [ঘ,ঞ]; ৬(৪র্থ-৫ম) যেমন নাহি ভেদ [চ], (৭ম,৮ম) জানে নিত্যানন্দ [গ] ৮(১ম) -চরিত [ক্বচিৎ পাঠ], (৩য়) যাঁহার [ঘ,ঙ]; ৯(২য়,৩য়) ইষ্টদেব মোর নিত্যানন্দ [ক,ঙ,চ], এই পংক্তির পর অধিক পাঠ—"যথা নিত্যানন্দ পদ্মাবতীর নন্দন। জন্মে জন্মে তুমি মোর হও প্রাণধন ॥" [ঙ]; ১১(১ম) -গূঢ় [ক]; ১২(৫ম-১০ম) "যেন-মত দেন শক্তি, তেন-মত লিখি ॥" [ক্বচিৎ]; ১৪(৩য়) করি [খ,ঙ], (৮ম) না হউ [গ,ঙ]; ১৭(২য়) প্রধানত্বে [ঘ], (৬ষ্ঠ) করিলেন [ছ,জ],(৭ম) -বিলাস [খ]; ১৮(২য়)সন্ন্যাসি- [ক,ঞ], (২য়)-বেশে [ক,খ], (৬ষ্ঠ) সমর্পিলা [জ]; ১৯(৩য়) -বিপ্রবর [গ], (৪র্থ)-স্বরূপ[খ] -সম [জ]; ২০(৫ম) দৈবকী [ক,ঘ,ঙ,চ,ছ,ঞ]; ২১(৭ম) সংসার [গ,চ,জ,ঝ,ঞ]; ২২(৪র্থ-৬ষ্ঠ) জন্মিলেন মহাপ্রভু [ক,খ]। ২৩(৫ম) ঠাকুর [ক,খ,ঙ,ঝ,ঞ]।

আদিখণ্ডে ধ্বজ-বজ্র-অঙ্কুশ-পতাকা। গৃহ-মাঝে অপূর্ব দেখিলা পিতা-মাতা ॥ ৯৭
আদিখণ্ডে প্রভুরে হরিয়াছিল চোরে। চোরে ভ্রমাইয়া প্রভু আইলেন ঘরে ॥ ৯৮
আদিখণ্ডে জগদীশ-হিরণ্যের ঘরে। নৈবেদ্য খাইলা প্রভু শ্রীহরি-বাসরে ॥ ৯৯
আদিখণ্ডে শিশু-ছলে করিয়া ক্রন্দন। বোলাইলা সর্বমুখে হরিসংকীর্তন ॥ ১০০
আদিখণ্ডে লোকবর্জ্য হাণ্ডীর আসনে। বসিঞা মায়েরে তত্ত্ব কহিলা আপনে ॥ ১০১
আদিখণ্ডে গৌরাঙ্গের চাঞ্চল্য অপার। শিশুগণ-সঙ্গে যেন গোকুল-বিহার ॥ ১০২
আদিখণ্ডে করিলেন আরম্ভ পড়িতে। অল্পে অধ্যাপক হৈলা সকল-শাস্ত্রেতে ॥ ১০৩
আদিখণ্ডে জগন্নাথ-মিশ্র-পরলোক। বিশ্বরূপ-সন্ন্যাস,—শচীর দুই শোক ॥ ১০৪
আদিখণ্ডে বিদ্যা-বিলাসের মহারম্ভ। পাষণ্ডী দেখয়ে যেন যম মূর্তিমন্ত ॥ ১০৫
আদিখণ্ডে সকল পঢ়ুয়াগণ মিলি। জাহ্নবীর তরঙ্গে নির্ভয়ে জলকেলি ॥ ১০৬
আদিখণ্ডে গৌরাঙ্গের সর্বশাস্ত্রে জয়। ত্রিভুবনে হেন নাহি,যে সম্মুখ হয় ॥ ১০৭
আদিখণ্ডে বঙ্গদেশে প্রভুর গমন। প্রাচ্যভুমি তীর্থ হৈল পাঞা শ্রীচরণ ॥ ১০৮
আদিখণ্ডে পূর্ব-পরিগ্রহের বিজয়। শেষে রাজ-পণ্ডিতের কন্যা-পরিণয় ॥ ১০৯
আদিখণ্ডে বায়ু-দেহমান্দ্য করি' ছল। প্রকাশিলা প্রেমভক্তি-বিকার-সকল ॥ ১১০
আদিখণ্ডে সর্বভক্তে সান্ত্বনা করিঞা। আপনে ভ্রময়ে প্রভু উদ্ধত হইয়া ॥ ১১১
আদিখণ্ডে দিব্য-পরিধান, দিব্য-সুখ। আনন্দে ভাসয়ে শচী দেখি'চান্দ-মুখ ॥ ১১২
আদিখণ্ডে গৌরাঙ্গের দিগ্বিজয়ি-জয়। শেষে তাঁ'র করিলেন সর্ব-বন্ধ-ক্ষয় ॥ ১১৩
আদিখণ্ডে সকল-ভক্তেরে মোহ দিয়া। সেইখানে বুলে প্রভু সভারে ভাণ্ডিয়া ॥ ১১৪
আদিখণ্ডে গয়া গেলা বিশ্বম্ভর-রায়। ঈশ্বরপুরিরে কৃপা করিলা তথায় ॥ ১১৫
আদিখণ্ডে কত আছে অনন্ত-বিলাস। কিছু শেষে বর্ণিবেন মহামুনি ব্যাস। ।১১৬
বাল্যলীলা আদি করি' যতেক প্রকাশ। গয়ার অবধি 'আদিখণ্ডের বিলাস ॥ ১১৭
মধ্যখণ্ডে বিদিত হইলা গৌরসিংহ। চিনিলেন যত সব চরণের ভৃঙ্গ ॥ ১১৮ ॥
মধ্যখণ্ডে অদ্বৈতাদি-শ্রীবাসের ঘরে। ব্যক্ত হৈলা বসি' বিষ্ণু-খট্টার উপরে ॥ ১১৯

---

১ (৩য়)-মধ্য [চ, ছ, জ,]; ২ (৩য়)-হরিয়ানিল [ক], হরিয়াছিল [গ], (১ম) ভুলাইয়া নিল [খ, ছ, ঝ,], ভাণ্ডাইয়া নিল [ঘ, চ], ভাড়াইয়া নিল [জ]; ৪ (২য়) বাল্য-[ক, খ,ঙ], (১ম) শ্রীহরিকীর্তন [চ, জ]; ৫ (৪র্থ) উপরে [চ], (৫ম-৯ম) "কহিলেন তত্ত্বকথা বসিয়া মায়েরে ॥" [চ] ৬ (২য়) চৈতন্যের [ক, খ, ঙ], (৩য়) বাৎসল্য [চ], চাপল্য [ছ], (৭ম) গোলোক- [ঞ]; ৯ (৭ম, ৮ম) মূর্তিমন্ত দম্ভ [ঘ, ঙ, ছ, জ, ঝ]; ১০ (৭ম) নির্ভয় [ক, খ, ঙ, ঞ], ১১ (২য়) চৈতন্যের [ক], (৯ম, ১০ম) সম্মুখে রয় [চ]; ১৪ "আদিখণ্ডে বায়ু-দেহে মান্দ্য করি' ছিল। প্রেমভক্তি-বিকার সকল প্রকাশিল ॥" [ক] ১৫ (২য়-৪র্থ) সকল ভক্তরে শান্তি দিয়া [চ, ছ, ঝ, ঞ], (২য়) সর্ব [বৈষ্ণবে [ক, খ, ছ], (৮ম) পণ্ডিত [ঘ]; ১৬ (৪র্থ-৮ম) "সভাই পায়েন মোহ দেখিয়া শ্রীমুখ ॥" [ঙ] (৮ম) পুত্র-[ক,জ], চাঁদ- [ঘ,চ,ছ]; ১৭(৪র্থ-৭ম) "তাহাতে প্রভুর শিষ্য দিগ্বিজয়ী হয় ॥" [ক], (৫ম) ত্রাণ, (৭ম)-বিঘ্ন- [ছ]; ১৮(৬ষ্ঠ) ভ্রমে [ঘ,ঙ'ঞ], (৯ম) ছাড়িয়া [ঞ]; ১৯(৮ম) যথায় [গ,ছ,জ'ঝঞ] ২০(২য়) যত [ছ]; (৮ম) মহাপ্রভু [ক'খ,গ,ঘ,চ,জ], মহাপ্রভুর [ক্বচিৎ পাঠ]; ২১(৪র্থ) যাবৎ [গ,ঞ], (৫ম) বিলাসে [ছ], (৯ম) প্রকাশ [ছ]; ২২(৫ম) চলিলেন [ক,ছ,জ]' (৯ম) ভৃত্য [জ]; ২৩(৬ষ্ঠ) প্রভু [চ]।

মধ্যখণ্ডে নিত্যানন্দ-সঙ্গে দরশন। একঠাঞি দুই ভাই করিলা কীর্তন ॥ ১২০
মধ্যখণ্ডে 'ষড়্ভুজ' দেখিলা নিত্যানন্দ। মধ্যখণ্ডে অদ্বৈত দেখিলা 'বিশ্ব-অঙ্গ' ॥ ১২১
নিত্যানন্দ-ব্যাসপূজা কহি মধ্যখণ্ডে। যে প্রভুরে নিন্দা করে' পাপিষ্ঠ পাষণ্ডে ॥ ১২২
মধ্যখণ্ডে হলধর হৈলা গৌরচন্দ্র। হস্তে হল-মুষল দিলেন নিত্যানন্দ ॥ ১২৩
মধ্যখণ্ডে দুই অতি-পাতকি-মোচন। 'জগাই' 'মাধাই' নাম বিখ্যাত ভুবন ॥ ১২৪
মধ্যখণ্ডে কৃষ্ণ-রাম—চৈতন্য-নিতাই। শ্যাম-শুক্ল-রূপ দেখিলেন শচী আই ॥ ১২৫
মধ্যখণ্ডে চৈতন্যের মহা-পরকাশ। 'সাত-প্রহরিয়া-ভাব' ঐশ্বর্য-বিলাস ॥ ১২৬
সেই দিন অ-মায়ায় কহিলেন কথা। যে-যে সেবকের জন্ম হৈল যথা-যথা ॥ ১২৭
মধ্যখণ্ডে বৈকুণ্ঠের নাথ নারায়ণ। নগরে নগরে কৈলা আপনে কীর্তন ॥ ১২৮
মধ্যখণ্ডে ভাঙ্গিয়া কাজির ঘর-দ্বার। নিজ শক্তি প্রকাশিলা কীর্তন অপার ॥ ১২৯
পলাইল কাজি প্রভু-গৌরাঙ্গের ডরে। স্বচ্ছন্দে কীর্তন করে' নগরে নগরে ॥ ১৩০
মধ্যখণ্ডে মহাপ্রভু বরাহ হইয়া। নিজ-তত্ত্ব মুরারিরে কহিলা গর্জিঞা ॥ ১৩১
মধ্যখণ্ডে মুরারির স্কন্ধে আরোহণ। চতুর্ভুজ হঞা কৈলা অঙ্গনে ভ্রমণ ॥ ১৩২
মধ্যখণ্ডে শুক্লাম্বর-তণ্ডুল-ভোজন। মধ্যখণ্ডে নানা কাচ কৈলা নারায়ণ ॥ ১৩৩
মধ্যখণ্ডে গৌরচন্দ্র রুক্মিণীর বেশে। নাচিলেন, স্তন পিল যত সব দাসে ॥ ১৩৪
মধ্যখণ্ডে মুকুন্দের দণ্ড সঙ্গ-দোষে। শেষে অনুগ্রহ কৈলা পরম সন্তোষে ॥ ১৩৫
মধ্যখণ্ডে মহাপ্রভু নিশায় কীর্তন। বৎসরেক নবদ্বীপে কৈলা অনুক্ষণ ॥ ১৩৬
মধ্যখণ্ডে নিত্যানন্দ-অদ্বৈতে কৌতুক। অজ্ঞ-জনে বুঝে যেন কলহ-স্বরূপ ॥ ১৩৭
মধ্যখণ্ডে জননীর লক্ষ্যে ভগবান্। বৈষ্ণবাপরাধে করাইলা সাবধান ॥ ১৩৮
মধ্যখণ্ডে সকল বৈষ্ণবে জনে-জনে। সভে বর পাইলেন করিঞা স্তবনে ॥ ১৩৯
মধ্যখণ্ডে প্রসাদ পাইলা হরিদাস। শ্রীধরের জলপান—কারুণ্য-বিলাস ॥ ১৪০
মধ্যখণ্ডে সকল-বৈষ্ণব করি' সঙ্গে। প্রতিনিশা জাহ্নবীতে জলকেলি রঙ্গে ॥ ১৪১
মধ্যখণ্ডে গৌরচন্দ্র নিত্যানন্দ-সঙ্গে। অদ্বৈতের গৃহে গিয়াছিলা কোন রঙ্গে ॥ ১৪২
মধ্যখণ্ডে অদ্বৈতেরে করি' বড় দণ্ড। শেষে অনুগ্রহ কৈলা পরম-প্রচণ্ড ॥ ১৪৩

---

১ (৫ম) দুই প্রভু [ঘ, জ,]; ২ (২য়,৩য়) বিদিত হইলা [ক, খ], (৮ম)-রঙ্গ [ক, খ, চ, ঞ]; ৩ (১ম,২য়) নিত্যানন্দ ব্যাসপূজা করিলা [ছ, ঞ], (৬ষ্ঠ, ৭ম) অন্য ভাবে [ছ]; ৬ ইহার পরে অধিক পাঠ—"মধ্যখণ্ডে চৈতন্য-নিতাই—কৃষ্ণ-রাম। জানিলা মুরারিগুপ্ত মহাভাগ্যবান্ ॥" [খ], (৭ম) মাই [ক্বচিৎ পাঠ]; ৭ (৫ম) ঈশ্বর-[ক,খ,চ], -প্রকাশ [ঙ, ছ]; ৮ (৯ম) ছিল [ক, খ, চ, ঝ]; ৯ (২য়,৩য়) বৈকুণ্ঠ-নায়ক [গ, ঘ]; ১০ (৪র্থ) অহঙ্কার [ক্বচিৎ-পাঠ], (৫ম)-ভক্তি [ক, চ]; ১১ (৫ম) আমন্দে (খ]; ১২ (২য়) গৌরচন্দ্র [চ, ছ, জ]; ১৪ (২য়)-ভক্ষণ [ঘ, ঙ], (৫ম) ছান্দ [ঞ], (৬ষ্ঠ) হৈলা [ক, খ, জ, ঝ]। ১৫ (৮ম-১০ম) সকল সেবকে [ক, খ, গ], সেবক অবশেষে [ক্বচিৎ পাঠ]; ১৬ (৭ম) হৈলা [খ, ঘ]; ১৮ (৪র্থ) অন্য-[ঙ], অন্ধ-[চ]; ২১ (২য়) মাহাত্ম্য [ক], (৭ম)-প্রকাশ [ঝ, ঞ]; ২২ (৫ম-৮ম) ? "অদ্বৈতের গৃহে আসি' ছিলা বহুরঙ্গে ॥" [জ], (৫ম)-দিন [ছ, ঞ], ২৩ (৬ষ্ঠ) গিয়া কৈলা [ঙ]; ২৪ (৪র্থ) বহু [খ, চ ঝ, ঞ] (৮ম-৯ম) বড় করিলা প্রচণ্ড [খ, ঘ, চ], এই প্যক্তির পর অধিক পাঠ—"মধ্যখণ্ড অতিগোপ্য নিত্যানন্দ-রায়। 'গুপ্ত'-প্রতি কহিলেন অতি অমায়ায় ॥" [ঘ, ঙ, চ]।

মধ্যখণ্ডে চৈতন্য-নিতাই-কৃষ্ণ-রাম। জানিলা মুরারিগুপ্ত মহাভাগ্যবান্‌ ॥ ১৪৪
মধ্যখণ্ডে দুইভাই চৈতন্য-নিতাই। নাচিলেন শ্রীবাস-অঙ্গনে একঠাঁই ॥ ১৪৫
মধ্যখণ্ডে শ্রীবাসের মৃতপুত্র-মুখে। জীবতত্ত্ব কহাইয়া ঘুচাইলা দুঃখে ॥ ১৪৬
চৈতন্যের অনুগ্রহে শ্রীবাস-পণ্ডিত। পাসরিলা পুত্রশোক,—সভার বিদিত ॥ ১৪৭
মধ্যখণ্ডে গঙ্গায় পড়িলা ক্রুদ্ধ হইঞা। নিত্যানন্দ-হরিদাস আনিলা তুলিঞা ॥ ১৪৮
মধ্যখণ্ডে চৈতন্যের অবশেষ-পাত্র। ব্রহ্মার দুর্লভ পাইলা নারায়ণী মাত্র ॥ ১৪৯
মধ্যখণ্ডে সর্বজীব উদ্ধার-কারণে। সন্ন্যাস করিতে প্রভু করিলা গমনে ॥ ১৫০
মধ্যখণ্ডে বিশ্বম্ভর করিলা সন্ন্যাস। 'শ্রীকৃষ্ণচৈতন্য'-নাম তবে পরকাশ ॥ ১৫১
কীর্তন আরম্ভি' 'আদি', 'অবধি' সন্ন্যাস। এই হৈতে কহি 'মধ্যখণ্ডে'র বিলাস ॥ ১৫২
মধ্যখণ্ডে আছে আর কত-কত লীলা। বেদব্যাস বর্ণিবেন সে-সকল খেলা ॥ ১৫৩
শেষখণ্ডে শুনি' প্রভুর শিখার মুণ্ডন। বিস্তর করিলা প্রভু-অদ্বৈত ক্রন্দন ॥ ১৫৪
শেষখণ্ডে শচী-দুঃখ—অকথ্য-কথন। চৈতন্য-প্রভাবে সবে রহিল জীবন ১৫৫
শেষখণ্ডে সন্ন্যাস করিয়া গৌরচন্দ্র। চলিলেন নীলাচলে ভক্তগোষ্ঠী-সঙ্গ ॥ ১৫৬
শেষখণ্ডে নিত্যানন্দ চৈতন্যের দণ্ড। ভাঙ্গিলেন মত্তসিংহ পরম-প্রচণ্ড ॥ ১৫৭
শেষখণ্ডে গৌরচন্দ্র গিয়া নীলাচলে। আপনা লুকাঞা রহিলেন কুতূহলে ॥ ১৫৮
সার্বভৌম-প্রতি আগে করি উপহসি। শেষে সার্বভৌমেরে ষড়্‌ভুজ-প্রকাশ ॥ ১৫৯
শেষখণ্ডে প্রতাপরুদ্রেরে পরিত্রাণ। কাশীমিশ্র-গৃহে করিলা অধিষ্ঠান ॥ ১৬০
দামোদর-স্বরূপ, পরমানন্দ-পুরী। শেষখণ্ডে এই দুই সঙ্গে অধিকারী ॥ ১৬১
শেষখণ্ডে প্রভু পুনঃ গেলা গৌড়দেশে। মথুরা দেখিব করি' আনন্দ-বিশেষে ॥ ১৬২
আসিয়া রহিলা বিদ্যাবাচস্পতি-ঘরে। তবে আইলেন প্রভু কুলিয়া-নগরে ॥ ১৬৩
অনন্ত অর্বুদ লোক গেল দেখিবারে। শেষখণ্ডে সর্বজীব পাইল উদ্ধারে ॥ ১৬৪
শেষখণ্ডে মধুপুরী দেখিতে চলিলা। কথো দূর গিয়া প্রভু নিবৃত্ত হইলা ॥ ১৬৫
শেষখণ্ডে পুনঃ আইলেন নীলাচলে। নিরবধি ভক্তসঙ্গে কৃষ্ণ-কোলাহলে ॥ ১৬৬
গৌড়দেশে নিত্যানন্দ-স্বরূপে পাঠাঞা। রহিলেন নীলাচলে কথো জন লঞা ॥ ১৬৭

---

২ (২য়) দুই প্রভু [চ,ছ,জ,ঞ]; ৪(৬ষ্ঠ) জগতে [ঝ], সভাতে [ঞ], সভারে [কচিৎপাঠ] ৫ (৪র্থ,৫ম) দুঃখ পাইয়া [কচিৎ পাঠ], (৮ম) ধরিয়া [ঙ); ৮(১ম) শেষখণ্ডে [ক,খ,গ,ঘ,ঙ,চ,ছ,জ,ঝ]; ৯(৯ম) মধ্যলীলার [ক]; ১০(৪র্থ) কত-কোটি [গ,ঘ, ঞ,ঝ], কোটি-কোটি [চ, জ]; (৮ম) সেই সব [জ], (৯ম)লীলা [ছ]; ১২(৪র্থ) -কৃপায় [ছ], -প্রসাদে [কচিৎ পাঠ], (৫ম] সভার [ক, ঙ, ঝ, ঞ], সবার [গ]; ১৪(৬ষ্ঠ) বলরাম [ক,খ,ঙ,চ,ছ,জ,]; ১৫ "শেষখণ্ডে গৌরচন্দ্র নীলাচলে গিয়া। রহিলেন সিন্ধুতীরে আপনা লুকাইয়া ॥" [চ], (২য়) মহাপ্রভু [খ]; ১৬(১ম) -সহ [কচিৎ পাঠ] (৪র্থ) পরিহাস [ক,খ, ঘ,ঙ,ছ,জ,ঞ], (৬ষ্ঠ) তানে কৃপায়, (৭ম) ষড়্‌ভুজ দেখাইলা [কচিৎ পাঠ]; ১৭(৬ষ্ঠ) উপস্থান [ক,খ,ঘ,চ,ছ], অবস্থান [ঞ]; ১৯(৪র্থ) আইলা [ঘ,ঝ], (৮ম) বলি' [চ,ঞ]; ২০(৪র্থ,৫ম) তবেত আইলা [কচিৎ পাঠ]; ২১(১ম,২য়) লক্ষ কোটি, শুনি [কচিৎ পাঠ]; ২২(৮ম) পুনঃ [ক,ঙ,চ,জ], (৯ম) নিরস্ত [ছ] ২৩(৫ম) নিরন্তর [ঝ], (৭ম) -কুতূহলে [ঘ চ,জ], ২৪(৬ষ্ঠ,৭ম) জন-কথো [খ], কথো ভক্ত [ঘ]।

শেষখণ্ডে রথের সম্মুখে ভক্ত-সঙ্গে। আপনে করিলা নৃত্য আপনার রঙ্গে ॥ ১৬৮
শেষখণ্ডে সেতুবন্ধে গেলা গৌররায়। ঝারিখণ্ড দিয়া পুন গেলা মথুরায় ॥ ১৬৯
শেষখণ্ডে রামানন্দ-রায়ের উদ্ধার। শেষখণ্ডে মথুরায় অনেক বিহার ॥ ১৭০
শেষখণ্ডে শ্রীগৌরসুন্দর মহাশয়। দবিরখাসেরে প্রভু দিলা পরিচয় ॥ ১৭১
প্রভু চিনি' দুইভাইর বন্ধ-বিমোচন। শেষে নাম থুইলেন "রূপ" 'সনাতন' ॥ ১৭২
শেষখণ্ডে গৌরচন্দ্র গেলা বারাণসী। না পাইল দেখা যত নিন্দুক সন্ন্যাসী ॥ ১৭৩
শেষখণ্ডে পুন নীলাচলে আগমন। অহর্নিশ করিলেন হরিসংকীর্তন ॥ ১৭৪
শেষখণ্ডে নিত্যানন্দ কথোক দিবস। করিলেন পৃথিবীতে পর্য্যটন রস ॥ ১৭৫
অনন্ত-চরিত্র কেহো বুঝিতে না পারে। নূপুর চরণে সর্ব-মথুরা বিহরে' ॥ ১৭৬
শেষখণ্ডে নিত্যানন্দ পানিহাটি গ্রামে। চৈতন্য আজ্ঞায় ভক্তি করিলেন দানে ॥ ১৭৭
শেষখণ্ডে নিত্যানন্দ মহামত্ত রায়। বণিকাদি উদ্ধারিলা পরম-কৃপায় ॥ ১৭৮
শেষখণ্ডে গৌরচন্দ্র মহা-মহেশ্বর। নীলাচলে বাস অষ্টাদশ-সম্বৎসর ॥ ১৭৯
শেষখণ্ডে চৈতন্যের অনন্ত বিলাস। বিস্তারিয়া বর্ণিতে আছেন বেদব্যাস ॥ ১৮০
যে-তে-মতে চৈতন্যের গাইতে মহিমা। নিত্যানন্দ প্রীত বড়, তার নাহি সীমা ॥ ১৮১
ধরণীধরেন্দ্র নিত্যানন্দের চরণ। দেহ' প্রভু-গৌরচন্দ্র! আমারে শরণ ॥ ১৮২
এই যে কহিলুঁ সূত্র সংক্ষেপ করিয়া। তিন খণ্ড আরম্ভিব ইহাই গাইঞা ॥ ১৮৩
আদিখণ্ড-কথা ভাই, শুন এক-চিতে। শ্রীচৈতন্য অবতীর্ণ হৈলা যেন মতে ॥ ১৮৪
শ্রীচৈতন্য-নিত্যানন্দ চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৮৫

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে লীলা-সূত্র-বর্ণনং নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

—০—

২ (৫ম) কাশীখণ্ডে [ঞ]; ৫ (৪র্থ) বন্ধন-মোচন [জ]; ৬ (৯ম) নিন্দক [চ, ছ,]; ৭ (২য়,৩য়) নীলাচল-বাসে [ঙ], (৭ম) শ্রীহরি কীর্তন [ছ, জ]; ৮ (৬ষ্ঠ) পৃথিবীর [ক, গ, ঞ]; ৯ (৩য়) লিখিতে [ক], লখিতে [খ]; ১০ (৪র্থ)-কৃপায় [গ]; ১১ (৩য়) মহামল্ল-,(৪ র্থ) বালকাদি [ক, খ, চ, ছ]; ১২ (৬ষ্ঠ) অষ্টাবিংশত বৎসর [ক, গ, ঙ, চ, ছ, জ, ঞ], চতুর্ব্বিংশতি বৎসর [ঘ]; ১৩ (৩য়) অনেক [গ, চ], অশেষ [ছ]; ১৪ (২য়) গৌরাঙ্গের [ঙ] (৬ষ্ঠ) প্রীতি [ঘ, ঞ]। ১৫ (১ম) ধরণী ধরেন [ক], (৬ষ্ঠ,৭ম) আমার জীবন [গ], (৭ম) সেবন [ক]; ১৬ (২য়) সব [ক], (৩য়) করিল [জ], (৯ম-১১শ) গাহিব ইহা আরম্ভিয়া [খ]; ১৭ (৪র্থ)-চিত্তে [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ], (৬ষ্ঠ) অবতার [ক, খ, গ, ঙ, চ, ঞ]; ১৮ "চিন্তিয়া চৈতন্যচান্দের চরণ-কমল। বৃন্দাবনদাস গান চৈতন্যমঙ্গল ॥" [ঝ]; (১ম-২য়) "শ্রীচৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু অথবা পহুঁ—কোনটি প্রাচীন পদ ? জান (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-, (২য়,৩য়) জান [ক, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ], ১৯ (৪র্থ) গ্রন্থ-[গ]।

দ্বিতীয় অধ্যায়

জয় জয় মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। জয় জগন্নাথ-পুত্র মহা-মহেশ্বর ॥ ১

জয় নিত্যানন্দ-গদাধরের জীবন। জয় জয় অদ্বৈতাদি-ভক্তের শরণ ॥ ২

ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয় ॥ ৩

পুন ভক্ত-সঙ্গে প্রভু-পা'য়ে নমস্কার। স্ফুরুক জিহ্বায় গৌরচন্দ্র-অবতার ॥ ৪

জয় জয় শ্রীকরুণা-সিন্ধু গৌরচন্দ্র। জয় জয় শ্রীসেবা বিগ্রহ নিত্যানন্দ ॥ ৫

অবিজ্ঞাত তত্ত্ব দুই—প্রভু আর ভক্ত। তথাপি কৃপায় তত্ত্ব করেন সুব্যক্ত ॥ ৬

ব্রহ্মাদির স্মৃতি হয় কৃষ্ণের কৃপায়। সর্বশাস্ত্রে, বেদে, ভাগবতে এই গায় ॥ ৭

তথাহি শ্রীভাগবতে (২।৪।২২)—

"প্রচোদিতা যেন পুরা সরস্বতী, বিতন্বতাজস্য সতীং স্মৃতিং হৃদি।
স্বলক্ষণা প্রাদুরভূৎ কিলাস্যতঃ, স মে ঋষীণামৃষভঃ প্রসীদতাম্ ॥" ৮

পূর্বে ব্রহ্মা জন্মিলেন নাভিপদ্ম হৈতে। তথাপিহ শক্তি নাই কিছুই দেখিতে ॥ ৯

তবে যবে সর্বভাবে লইলা শরণ। তবে প্রভু কৃপায় দিলেন দরশন ॥ ১০

তবে কৃষ্ণ-কৃপায় স্ফুরিলা সরস্বতী। তবে সে জানিলা সর্ব-অবতার-স্থিতি ॥ ১১

হেন কৃষ্ণচন্দ্রের দুর্জ্ঞেয় অবতার। তান কৃপা বিনা কা'র শক্তি জানিবার ॥ ১২

অচিন্ত্য অগম্য কৃষ্ণ-অবতার-লীলা। সেই ব্রহ্মা ভাগবতে আপনে কহিলা ১৩

তথা হি শ্রীভাগবতে (১০।১৪।২১)—

"কো বেত্তি ভগবন্ পরাত্মন্, যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্।
ক্ব বা কথং বা কতি বা কদেতি, বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্ ॥" ১৪

কোন্ হেতু কৃষ্ণচন্দ্র করেন অবতার। কা'র শক্তি আছে তত্ত্ব জানিতে তাঁহার ॥ ১৫

তথাপি শ্রীভাগবতে, গীতায় যে কহে। তাহা লিখি, যে-নিমিত্তে অবতার হয়ে ॥ ১৬

তথা হি শ্রীগীতায়াম্ (৪।৭,৮)—

"যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ১৭
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্। ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ১৮

---

১ (৩য়) জয় প্রভু [খ, ঘ], (৪র্থ) জয় মহেশ্বর [ক]; গৌরাঙ্গ-[চ], ৩—"শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয়। জয় জয় বিশ্বম্ভর শচীর তনয় ॥" [ক]; ৪ (৩য়)-পদে [ঝ, ঞ], (৭ম) চৈতন্য- [খ], মোর-গৌর-[চ]; ৬ (১ম-৪র্থ) অবিজ্ঞাত দুই-ভাই আর যত [ঞ], (২য়) দোঁহে প্রভু [ছ]; ৭ (২য়) স্ফূর্তি [খ], (৯ম) ইহা [ছ, জ]; ১২ (২য়) যদি [ক, জ,], (৭ম) কৃষ্ণ [খ], (৮ম) কৃপা করি [ক, চ, ঞ] ১৩ (২য়) প্রভু-[খ, জ, ঞ], (৮ম) সব তত্ত্ব-অবস্থিতি [ছ]; ১৪ (১০ম) বর্ণিবার [ক, খ, চ], আনিবার [ছ]। ১৫ (৮ম) বণিলা [ক, খ], বলিলা [ঘ, চ, ছ, জ]; ১৮ শ পংক্তির পর ঙ-পুঁথিতে অধিক পাঠ—"শ্লোকার্থঃ-সিন্ধুড়া-রাগেণ গায়তে—"; ২০ (৫ম) কয় [জ], (১০ম) হয় [জ];।

শ্লোকার্থঃ—

ধর্ম-পরাভব হয় যখনে যখনে। অধর্মের প্রবলতা বাঢ়ে দিনে দিনে ॥ ১৯
সাধুজনরক্ষা দুষ্টবিনাশ—কারণে। ব্রহ্মাদি প্রভুর পা'য়ে করে' বিজ্ঞাপনে ॥ ২০
তবে প্রভু যুগধর্ম স্থাপন করিতে। সাঙ্গোপাঙ্গে অবতীর্ণ হ'ন পৃথিবীতে ॥ ২১
কলিযুগ ধর্ম হয় 'হরি-সংকীর্তন'। এতদর্থে অবতীর্ণ শ্রীশচীনন্দন ॥ ২২
এই কহে ভাগবতে সর্বতত্ত্ব-সার। 'কীর্তন-নিমিত্ত গৌরচন্দ্র-অবতার ॥' ২৩

তথা হি শ্রীভাগবতে (১১।৫।৩১,৩২) যুগাবতার-কথন-প্রস্তাবে—

"ইতি দ্বাপর উর্বীশ স্তুবন্তী জগদীশ্বরম্। নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু ॥ ২৪
কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদম্। যজ্ঞৈঃ সংকীর্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥" ২৫

কলিযুগে সর্বধর্ম 'হরি-সংকীর্তন'। সব প্রকাশিলেন চৈতন্য-নারায়ণ ॥ ২৬
কলিযুগে সংকীর্তন-ধর্ম পালিবারে। অবতীর্ণ হৈলা প্রভু সর্ব-পরিকরে ॥ ২৭
প্রভুর আজ্ঞায় আগে সব-পরিকর। জন্ম লভিলেন সব মনুষ্য-ভিতর ॥ ২৮
কি অনন্ত, কি শিব, বিরিঞ্চি, ঋষিগণ। যত অবতারের পার্ষদ আপ্তগণ ॥ ২৯
'ভাগবত'-রূপে জন্ম হইল সভার। কৃষ্ণ সে জানেন, যাঁ'র অংশে জন্ম যাঁ'র ॥ ৩০
কাঁরো জন্ম নবদ্বীপে, কাঁরো চাটিগ্রামে। কেহো রাঢ়ে, ওড্র-দেশে, শ্রীহট্টে, পশ্চিমে ॥৩১
নানাস্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ। নবদ্বীপে আসি' হৈল সভার মিলন ॥ ৩২
নবদ্বীপে হইব প্রভুর অবতার। অতএব নবদ্বীপে মিলন সভার ॥ ৩৩
'নবদ্বীপ'-হেন স্থান ত্রিভুবনে নাঞি। যঁহি অবতীর্ণ হৈলা চৈতন্য-গোসাঞি ॥ ৩৪
সর্ব-বৈষ্ণবের জন্ম নবদ্বীপ-ধামে। কোন মহাপ্রিয়ের সে জন্ম অন্য-স্থানে ॥ ৩৫
শ্রীবাস-পণ্ডিত আর শ্রীরাম-পণ্ডিত। শ্রীচন্দ্রশেখর-দেব ত্রৈলোক্য-পূজিত ॥ ৩৬
ভবরোগ-বৈদ্য শ্রীমুরারি নাম যাঁ'র। শ্রীহট্টে এ-সব বৈষ্ণবের অবতার ॥ ৩৭
পুণ্ডরীক-বিদ্যানিধি বৈষ্ণব-প্রধান। চৈতন্য-বল্লভ দত্ত-বাসুদেব নাম ॥ ৩৮
চাটিগ্রামে হৈল তাঁ-সভার পরকাশ। বুঢ়নে হইলা অবতীর্ণ হরিদাস ॥ ৩৯
রাঢ়-মাঝে 'একচাকা'-নামে আছে গ্রাম। তঁহি অবতীর্ণ নিত্যানন্দ-বলরাম ॥ ৪০
হাড়াই-পণ্ডিত-নাম শুদ্ধ-বিপ্ররাজ। মূলে সর্বপিতা তানে করে পিতা-ব্যাজ ॥ ৪১

২(২য়) -হেতু [ক], (৬ষ্ঠ) প্রভাবন্তা [ঝ], (৭ম) হয়ে [ক,খ]; ৩(১ম) সাধু-পরিত্রাণ [ঘ,জ], (৮ম) নিবেদনে [ঘ,জ]; ৫(৬ষ্ঠ) অবতার [চ]; ৬(৪র্থ) সর্বশাস্ত্রে-[ক], (৫ম) সুকৃতি জানয়ে [ক,খ]; ১০(২য়)সর্বযজ্ঞ [খ,ছ]; ১১(১ম) -পরিবারে [খ,ঞ]; ১২(১ম,২য়) ঈশ্বর-ইচ্ছায় [ক], (৩য়) অসি [ছ]; ১৩(৯ম) সেবক [চ], (১০) ভক্তগণ [চ]; ১৫ (৮ম) গৌড়- [ঙ]; ১৮(২য়) গ্রাম [ক,খ,ঘ,চ,ছ,জ,ঝ,ঞ]; ১৯(৩য়) -গ্রামে [ক,গ,ঘ,চ,ছ,জ,ঝ,ঞ], (৫ম) মহাশয়ের [খ]; মহাপুরুষের [ঙ]; পরিকরের [ক্বচিৎ পাঠ]; ২০(৩য়) শ্রীমান- [ঙ,ছ], (৫ম) জগৎ- [ঞ]; ২১(১ম)-হন্তা [খ] ২২ (২য় সবার প্রধান [ঞ]; ২৩(৩য়) ইহান [ক,খ,গ]; ২৪(১ম) -দেশে [ক], (৬ষ্ঠ) জন্মিলেন [ঙ,চ], (৭ম) -ভগবান;এই পংক্তির পর ঘ, চ পুঁথিতে অধিক পাঠ—"মাঘ মাস শুক্লা-ত্রয়োদশী শুভদিনে। পদ্মবতী-গর্ভে অবতীর্ণ শুভক্ষণে ॥" ২৫(২য়) -দ্বিজরাজ [ঙ]।

কৃপাসিন্ধু ভক্তিদাতা শ্রীবৈষ্ণব-ধাম। রাঢ়ে অবতীর্ণ হৈলা নিত্যানন্দ-রাম ॥ ৪২
মহা-জয়-ধ্বনি হৈল পুষ্প-বরিষণ। সংগোপে দেবতা স্তব করিলা তখন ॥ ৪৩
সেই দিন হৈতে রাঢ়মণ্ডল-সকলে। বাড়িতে লাগিল দিনে দিনে সুমঙ্গলে ॥ ৪৪
ত্রিহুতে পরমানন্দ-পুরীর প্রকাশ। নীলাচলে যাঁ'র সঙ্গে একত্রে বিলাস ॥ ৪৫
গঙ্গাতীর পুণ্যস্থান-সকল থাকিতে। বৈষ্ণব জন্ময়ে কেনে শোচ্য-দেশেতে ? ৪৬
আপনে হইলা অবতীর্ণ গঙ্গাতীরে। সঙ্গের পার্যদে কেনে জন্মায়েন দূরে ? ৪৭
যে-যে-দেশ—গঙ্গা-হরিনাম-বিবর্জিত। যে-দেশে পাণ্ডব নাহি গেলা কদাচিত ॥ ৪৮
সে-সব জীবেরে কৃষ্ণ বৎসল হইয়া। মহা-ভক্ত সব জন্মায়েন আজ্ঞা দিঞা ॥ ৪৯
সংসার তারিতে শ্রীচৈতন্য-অবতার। আপনে শ্রীমুখে করিয়াছেন স্বীকার ॥ ৫০
শোচ্য-দেশে, শোচ্য-কুলে আপন-সমান। জন্মাঞিয়া বৈষ্ণবে, সভারে করে' ত্রাণ ॥ ৫১
যে-দেশে যে-কুলে ভাগবত অবতরে'। তাহান প্রভাবে লক্ষ-যোজন নিস্তরে' ॥ ৫২
যে-স্থানে বৈষ্ণবগণ করেন বিজয়। সেই স্থান হয় অতি-পুণ্যতীর্থময় ॥ ৫৩
অতএব সর্বদেশে নিজ-ভক্তগণ। অবতীর্ণ কৈলা শ্রীচৈতন্য-নারায়ণ ॥ ৫৪
অবতরিবেন প্রভু—জানিয়া বিধাতা। সকল সম্পূর্ণ করি' থুইলেন তথা ॥ ৫৫
নবদ্বীপ সম্পত্তি কে বর্ণিবারে পারে ? একো গঙ্গাঘাটে লক্ষ লোক স্নান করে' ॥ ৫৬
ত্রিবিধ-বয়সে একো-জাতি লক্ষ লক্ষ। সরস্বতী-দৃষ্টিপাতে সভে মহাদক্ষ ॥ ৫৭
সভে 'মহা-অধ্যাপক' করি' গর্ব ধরে'। বালকেহো ভট্টাচার্য-সনে কক্ষা করে' ॥ ৫৮
নানা-দেশ হৈতে লোক নবদ্বীপে যায়। নবদ্বীপে পঢ়িলে সে বিদ্যারস পায় ॥ ৫৯
অতএব পঢ়ুয়ার নাহি সমুচ্চয়। লক্ষ-কোটি অধ্যাপক—নাহিক নির্ণয় ॥ ৬০
রমা-দৃষ্টিপাতে সর্ব-লোক সুখে বসে। ব্যর্থ কাল যায় মাত্র ব্যবহার-রসে ॥ ৬১
কৃষ্ণনাম-ভক্তি-শূন্য সকল সংসার। প্রথম-কলিতে হৈল ভবিষ্য-আচার ॥ ৬২
'ধর্ম-কর্ম' লোক সভে এইমাত্র জানে। মঙ্গলচণ্ডীর গীতে করে' জাগরণে ॥ ৬৩
দম্ভ করি' বিষহরি পূজে কোন জন। পুত্তলি করয়ে কেহো দিয়া বহু ধন ॥ ৬৪

---

১ (৩য়) শ্রীঅনন্ত- [ঙ], (৭ম) নিত্যানন্দ-বলরাম [ঙ],-নাম [ক,গ,ঘ,চ,ছ,ঝ]; ২(১ম,২য়) মহা-জয়-জয় ধ্বনি [ঘ,চ] (৪র্থ,৭ম) দেবতাগণে কৈলেন স্তবন [ক,গ,ছ,ঞ]; ৩ (৫ম—৮ম) পুনঃ পুনঃ বাড়িতে লাগিল [ক,খ,গ,চ,ছ,জ,ঝ,,ঞ], ৪ (১ম) তিরোতে [ক, ঘ, চ, জ, ঝ], তিরোটে [ঙ], তিরতে [ছ], ত্রিহোত্তে [ঞ], (৮ম) নিবাস [গ]; ৫ (২য়) পুণ্যাশ্রয়- [গ], পুণ্যগ্রাম- [ঘ], পুণ্যভূমি- [ছ]; ৮ (২য়) দেশেতে [চ], (৪র্থ) সদয় [ঙ], প্রসন্ন [চ]. (৪র্থ,৫ম) বাৎসল্য করিয়া [ঘ], (৬ষ্ঠ—১০ম) "সঙ্গের পার্যদে জন্মায় তা' সভা লাগিয়া ॥" [গ]; ৯(৭ম) অঙ্গীকার [গ, ঙ, ঝ]; ১১ (৩য়) বৈষ্ণব [ছ, জ, ঝ] ১২ (২য়) বৈষ্ণব-জন [ক, খ, চ, ছ, জ]; ১৩ (৬ষ্ঠ)-ভগবান্ [গ]; ১৪ (১ম, ২য়) অবতরি' তারিবেন [কচিৎ পাঠ], (২য়) গোসাঞি [ঙ], (৮ম) রাখিলেন [ঙ]; ১৫ (৩য়) বলিবারে [ক, ঙ], বণিতে [চ, জ], (৫ম—৭ম) একেক ঘাটে লক্ষ লক্ষ [কচিৎ পাঠ]; ১৬(৪র্থ)-প্রভাবে [ছ, জ]; ১৭ (৪র্থ, ৫ম) দর্প করে [চ]। ১৮ (৭ম,৮ম) পঢ়ি' সভে [ঙ]; ১৯ (৫ম) কোটি-[চ], (৮ম) নিশ্চয় [খ, জ]; ২০ (৫ম) বৃথা [চ, ছ], (৮ম) সর্ব [চ]; ২১ (১ম) কৃষ্ণরাম-[খ]; ২২ (৮ম,৯ম) সভে মাত্র শোনে [ছ]; ২৩ (৭ম) পুতলি [ক], পাঁতাঁলি [খ], পাতনা [ঘ], পাতলি [ঙ, চ, ছ], মিতালি [জ]।

ধন নষ্ট করে' পুত্র-কন্যার বিভায়। এইমত জগতের ব্যর্থ কাল যায় ॥ ৬৫
যেবা ভট্টাচার্য, চক্রবর্তী, মিশ্র সব। তাহারাহো না জানয়ে গ্রন্থ-অনুভব ॥ ৬৬
শাস্ত্র পঢ়াইয়া সভে এই কর্ম করে'। শ্রোতার সহিত যম-পাশে বন্দী মরে ॥ ৬৭
না বাখানে যুগধর্ম—কৃষ্ণের কীর্তন। দোষ বিনা গুণ কারো না করে' কথন ॥ ৬৮
যেবা সব বিরক্ত-তপস্বি-অভিমানী। তা-সভার মুখেহ নাহিক হরিধ্বনি ॥ ৬৯
অতি-বড় সুকৃতি সে স্নানের সময়। 'গোবিন্দ পুণ্ডরীকাক্ষ' নাম উচ্চারয় ॥ ৭০
গীতা-ভাগবত যে-যে শুনে বা পঢ়ায়। ভক্তির ব্যাখান নাহি তা'-সভার জিহ্বায় ॥ ৭১
এইমত বিষ্ণুমায়া-মোহিত সংসার। দেখি' ভক্ত-সভে দুঃখ ভাবেন অপার ॥ ৭২
'কেমতে এ-সব জীব পাইব উদ্ধার। বিষয়-সুখেতে সব মজিল সংসার!' ৭৩
বলিলেহ কেহো নাহি লয় কৃষ্ণনাম। নিরবধি বিদ্যা-কুল করয়ে ব্যাখান ॥ ৭৪
স্বকার্য করেন যত ভাগবতগণ। কৃষ্ণপূজা, গঙ্গাস্নান, কৃষ্ণের কথন ॥ ৭৫
সভে মিলি জগতেরে করে' আশীর্বাদ। 'শীঘ্র কৃষ্ণচন্দ্র কর' সভারে প্রসাদ ॥' ৭৬
সেই নবদ্বীপে বৈসে বৈষ্ণবাগ্রগণ্য। 'অদ্বৈত-আচার্য' নাম সর্বলোক-ধন্য ॥ ৭৭
জ্ঞান-ভক্তি-বৈরাগ্যের গুরু মুখ্যতর। কৃষ্ণভক্তি বাখানিতে যে-হেন শঙ্কর ॥ ৭৮
ত্রিভুবনে আছে যত শাস্ত্র-পরচার। সর্বত্র বাখানে 'কৃষ্ণপদ-ভক্তি সার' ॥ ৭৯
তুলসীমঞ্জরী-সহিত গঙ্গাজলে। নিরবধি সেবে' কৃষ্ণে মহা-কুতূহলে ॥ ৮০
হুঙ্কার করয়ে কৃষ্ণ-আবেশের তেজে। সে-ধ্বনি ব্রহ্মাণ্ড ভেদি' বৈকুণ্ঠেতে বাজে ॥ ৮১
যে প্রেমার হুঙ্কার শুনিঞা কৃষ্ণনাথ। ভক্তি-বশে আপনেই হইলা সাক্ষাত ॥ ৮২
অতএব শ্রীঅদ্বৈত—বৈষ্ণবাগ্রগণ্য। নিখিল-ব্রহ্মাণ্ডে যাঁ'র ভক্তিযোগ ধন্য ॥ ৮৩
এইমত অদ্বৈত বৈসেন নদীয়ায়। ভক্তিশূন্য সর্ব জীব দেখি' দুঃখ পায় ॥ ৮৪
সকল সংসার মত্ত ব্যবহার-রসে। কৃষ্ণপূজা কৃষ্ণভক্তি কেহো নাহি বাসে' ॥ ৮৫
বাশুলী পূজয়ে কেহো নানা উপহারে। মদ্য মাংস দিয়া কেহো যক্ষ পূজা করে' ॥ ৮৬
নিরবধি নৃত্য, গীত, বাদ্য, কোলাহল। না শুনে কৃষ্ণের নাম পরম-মঙ্গল ॥ ৮৭

১(৬ষ্ঠ,১০ম) "এই সবে রত আর কিছু না জানয় ॥" [গ]; ২(৮ম,৯ম) জানে ভক্তিশাস্ত্র- [ঙ]; ৩(৩য়) মাত্র [ক চ, ছ, জ], (১০ম) ডুবি [খ, ঙ, চ, ছ, জ, ঞ]; ৪(৪র্থ,৫ম) কৃষ্ণ-সংকীর্তন [ঘ, ঙ]. (৭ম) বিনু [ছ], বহি [খ, গ, ঘ, জ বই [ঙ,চ] ৫ (৬ষ্ঠ) না শুনি [ক,খ,ঘ,ঙ]; ৬ (৬ষ্ঠ) শ্রীবিষ্ণু [খ]; ৭(৩য়-৪র্থ) যে-যে জনেতে [ঙ,ছ,ঞ], (৬ষ্ঠ-১০ম) "তাহার ছাড়িয়া ভক্তি, বর্ণিয়া বেড়ায় ॥" [চ]; ৮(৬ষ্ঠ) গণ [ঘ , চ]; ৯(১ম) কেমনে [ক,ঞ] (৬ষ্ঠ) বিষম-[ঞ], (৬ষ্ঠ,৭ম) বিষম -বিষম সুখে [ছ]; ১১(১ম) স্বকর্ম [চ, জ], (৩য়) সব [ক, ঘ, ঙ, চ, ঞ], সভে [খ], (৫ম—৮ম) "কৃষ্ণকথা গঙ্গাস্নান করেন পূজন ॥" [চ]; ১২ (৩য়,৪র্থ) করেন জীবেরে [ঙ]; ১৩ (৩য়) আছে [ঙ]; ১৪ (৬ষ্ঠ) সাক্ষাৎ [চ], যেমত [ছ ১৫ (৪র্থ) শাস্ত্রের বিচার [জ], (৫ম) সর্বদা [ঞ]; ১৭(৫ম) যে [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১৮(২য়)-প্রেমের [খ, গ, ঘ ঙ, চ, ছ], (৭ম) রসে [ক, ছ], (৮ম) আপনে [ক, খ, জ], আপনে যে [গ, ঙ] ; ১৯(২য়,৪য় অদ্বৈত সে বৈষ্ণবাগ্রগণ্য [ক], (৪র্থ) দেখিল ব্রহ্মাণ্ড [ক]; ২০ (৫ম—৭ম) ভক্তিযোগশূন্য লোক [ঙ, ছ, জ, ঝ, ঞ], (৫ম—৯ম) "ভক্তিশূন্য লোক দেখি' সুখ নহি" [খ]; ২১ (৩য়) মরে [ঙ], (৭ম) কারো [খ, গ, ঘ, জ, ঝ, ঞ], ভালো [ঙ]; ২২(১০ম যজ্ঞ [ঞ] ২৩ (৪র্থ, ৫ম) নানা কুতূহলে [ঙ], (১০ম) শ্রবণ-মঙ্গলে [কচিৎ পাঠ] ।

কৃষ্ণশূন্য-মঙ্গলে দেবেরো নাহি সুখ। বিশেষে অদ্বৈত বড় পায় মনে দুঃখ ॥ ৮৮
স্বভাবে অদ্বৈত—বড় করুণ হৃদয়। জীবের উদ্ধার চিন্তে' হঞা যে সদয় ॥ ৮৯
'মোর প্রভু আসি' যদি করে' অবতার। তবে হয় এ-সকল জীবের উদ্ধার ॥ ৯০
তবে ত 'অদ্বৈত -সিংহ' আমার বড়াই। বৈকুণ্ঠ-বল্লভ যদি দেখাঙ এথাঞি ॥ ৯১
আনিঞা বৈকুণ্ঠনাথ সাক্ষাত করিয়া। নাচিমু, গাইমু, সর্বজীবে উদ্ধারিয়া ॥ ৯২
নিরবধি এইমত সংকল্প করিঞা।' সেবেন শ্রীকৃষ্ণচন্দ্রে একচিত্ত হঞা ॥ ৯৩
'অদ্বৈতের কারণে চৈতন্য অবতার।' সেই প্রভু আপনে কহিলা বারবার ॥ ৯৪
সেই নবদ্বীপে বৈসে পণ্ডিত শ্রীবাস। যাঁহার মন্দিরে হৈল চৈতন্য-বিলাস ॥ ৯৫
সর্বকাল চারি ভাই গা'য় কৃষ্ণনাম। ত্রিকাল করয়ে কৃষ্ণপূজা, গঙ্গাস্নান ॥ ৯৬
নিগূঢ়ে অনেক আরো বৈসে নদীয়ায়। পূর্বেই জন্মিলা সভে প্রভুর আজ্ঞায় ॥ ৯৭
শ্রীচন্দ্রশেখর, জগদীশ, গোপীনাথ। শ্রীমান, মুরারি, শ্রীগরুড়, গঙ্গাদাস ॥ ৯৮
একে একে বলিলে হয় পুস্তক-বিস্তার। কথার প্রস্তাবে নাম লৈব জানি যাঁ'র ॥ ৯৯
সভেই স্বধর্ম-পর, সভেই উদার। কৃষ্ণভক্তি বিনা কেহো না জানয়ে আর ॥ ১০০
সভে করে' সভারে বান্ধব-ব্যবহার। কেহো কেহো না জানিল নিজ-অবতার ॥ ১০১
বিষ্ণুভক্তি-শূন্য দেখি' সকল-সংসার। অন্তরে দহয়ে চিত্ত তাঁহা সভাকার ॥ ১০২
কৃষ্ণকথা শুনিবেক হেন নাহি জন। আপনা-আপনি মিলি' করেন কীর্তন ॥ ১০৩
দুই-চারি দণ্ড থাকি' অদ্বৈত-সভায়। কৃষ্ণকথা-প্রসঙ্গে সভার দুঃখ যায় ॥ ১০৪
দগ্ধ দেখে সকল সংসার ভক্তগণ। আলাপের স্থান নাহি, করয়ে ক্রন্দন ॥ ১০৫
সকল বৈষ্ণবে মিলি' আপনে অদ্বৈতে। প্রাণিমাত্রে কারে কেহো নারে বুঝাইতে ॥ ১০৬
দুঃখ পাই অদ্বৈত করেন উপবাস। সকল বৈষ্ণবগণ ছাড়ে দীর্ঘশ্বাস ॥ ১০৭
কেনে বা কৃষ্ণের নৃত্য, কেনে বা ক্রন্দন? কারে বা 'বৈষ্ণব' বলে কিবা 'সংকীর্তন'? ১০৮
কিছু নাহি জানে লোক ধন-পুত্র-রসে। সকল পাষণ্ডী মিলি' বৈষ্ণবেরে হাসে ॥ ১০৯
চারি ভাই শ্রীবাস মিলিয়া নিজ-ঘরে। নিশা হৈলে হরিনাম গায় উচ্চস্বরে ॥ ১১০
শুনিঞা পাষণ্ডী বোলে,—'হইল প্রমাদ। এ ব্রাহ্মণ করিবেক দেশের উৎসাদ ॥ ১১১
মহাতীব্র নরপতি যবন, ইহার। এ আখ্যান শুনিলে প্রমাদ নদীয়ার ॥' ১১২

---

২ (৬ষ্ঠ) নিস্তার [ঙ]; ৩ (৮ম,৯ম) সে হয় সর্ব- [ক], (১১শ) নিস্তার [ঙ]; ৪ (৮ম) আনো [খ]; ৬ (৫ম) পূজে [চ], (৬ষ্ঠ) -পদ [ছ, জ], (৫ম, ৬ষ্ঠ) পূজে কৃষ্ণপাদপদ্ম [ঘ]; ৭ (৬ষ্ঠ,৭ম) কহিয়া আছেন [ঝ,ঞ] ১০ (৯ম) ঈশ্বর-ইচ্ছয় [ক,চ,ছ,জ,ঝ] শ্রীকৃষ্ণ-[খ] চৈতন্য-[গ, ঘ, ঞ], ১১ (৭ম) কাশীনাথ [ক]; ১২ (১ম ২য়) একত্র [ক, গ, ঘ, ঙ, ছ], এতেক [জ], (৭ম) বিস্তারে [ঘ]; ১৩ (৩য়) পরম [ক], (৬ষ্ঠ) বহি [চ,ঞ]; ১৫ (২য়) হৈল [খ,ছ, জ], ১৬ (২য়—৫ম) শুনে হেন নাহি কোন জন [ঘ], কহিব শুনিব নাহি জান [চ], (৭ম) সভে [খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ,]; ১৮ (২য়) দেখি' [ক,ঘ চ,ছ]; ২০ (২য়) ভাবি' [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ] ২১ (৭ম) কীর্তন [গ, চ, জ, ঝ, ঞ]; ২২ (৫ম) -আশে [ঞ]; ২৩ (১০ম) উচ্চৈঃস্বরে [খ, গ, ঙ, ঞ]; ২৪ (১ম) সকল [খ] (৪র্থ) কি হইল [ক]; (৯ম) গ্রামের [ক,গ,ঘ,হ,জ,ঝ,ঞ], উৎখাত [খ] উৎপাত [ঙ], উজাড় [কচিৎ পাঠ]।

কেহো বোলে এ বামুনে এই গ্রাম হৈতে। ঘর ভাঙ্গি' ফেলাইয়া দেহ' গঙ্গা স্রোতে॥১১৩
এ বামুনে ঘুচাইলে দেশের মঙ্গল। অন্যথা যবনে গ্রাম করিবে কবল॥' ১১৪
এইমত বল্লে যত পাষণ্ডীর গণ। শুনি' 'কৃষ্ণ' বলি' কান্দে ভাগবত-গণ॥ ১১৫
শুনিঞা অদ্বৈত ক্রোধে অগ্নি-হেন জ্বলে। দিগম্বর হঞা সর্ব-বৈষ্ণবেরে বোলে॥ ১১৬
"শুন শ্রীনিবাস গঙ্গাদাস শুক্লাম্বর! করাইমু কৃষ্ণ সর্বনয়ন-গোচর॥ ১১৭
'সভা' উদ্ধারিব কৃষ্ণ আপনে আসিঞা। বুঝাইব কৃষ্ণভক্তি তোমা-সভা লঞা॥ ১১৮
যবে নাহি পারেঁা, তবে এই দেহ হৈতে। প্রকাশিয়া চারি ভুজ, চক্র নিমু হাতে॥ ১১৯
পাষণ্ডী কাটিয়া তবে করিমু বিনাশ। তবে, কৃষ্ণ—প্রভু মোর, মুঞি—তাঁ'র দাস॥ ১২০
এইমত অদ্বৈত বোলয়ে অনুক্ষণ। সংকল্প করিয়া পূজে শ্রীকৃষ্ণচরণ॥ ১২১
ভক্তসব নিরবধি একচিত্ত হঞা। পূজে কৃষ্ণপাদপদ্ম ক্রন্দন করিয়া॥ ১২২
সর্ব-নবদ্বীপে ভ্রমে' ভাগবতগণ। কোথাহ না শুনে ভক্তিযোগের কথন॥ ১২৩
কেহো দুঃখে চাহে নিজ-শরীর ছাড়িতে। কেহো 'কৃষ্ণ' বলি' শ্বাস ছাড়য়ে কান্দিতে॥ ১২৪
অন্ন ভালমতে কারো না রুচয়ে মুখে। জগতের ব্যবহার দেখি পায় দুঃখে॥ ১২৫
ছাড়িলেন ভক্তগণ সর্ব-উপভোগ। অবতরিবারে প্রভু করিলা উদ্‌যোগ॥ ১২৬
ঈশ্বর-আজ্ঞায় আগে শ্রীঅনন্ত-ধাম। রাঢ়ে অবতীর্ণ হৈলা নিত্যানন্দ-রাম॥ ১২৭
মাঘ-মাসে শুক্লা ত্রয়েদশী শুভদিনে। পদ্মাবতী-গর্ভে 'একচাকা'-নামে গ্রামে॥ ১২৮
হাড়াই-পণ্ডিত-নাম শুদ্ধ বিপ্ররাজ। মূলে সর্ব-পিতা, তানে করি' পিতা-ব্যাজ॥ ১২৯
কৃপাসিন্ধু, ভক্তিদাতা, প্রভু বলরাম। অবতীর্ণ হৈলা ধরি নিত্যানন্দ' নাম॥ ১৩০
মহা-জয়-জয় ধ্বনি, পুষ্প-বরিষণ। সংগোপে দেবতা সব করিলা তখন॥ ১৩১
সেইদিন হৈতে রাঢ়-মণ্ডল সকল। বাড়িতে লাগিল দিনেদিনে সুমঙ্গল॥ ১৩২
যে-প্রভু পতিত-জনে নিস্তার করিতে। অবধূত-বেশ ধরি' ভ্রমিলা জগতে॥ ১৩৩
অনন্তের প্রকাশ সে হৈলা হেনমতে। এবে শুন, কৃষ্ণ অবতরিলা যে-মতে॥১৩৪

---

১ (৪র্থ) বামনে [ঝ], (১০ম—১২শ) ঘুচাইয়া ফেলাইমু স্রোতে [ছ], ঘুচাইয়া পেল ই স্রোতেতে [জ], ঘুচাই ফেলাই নিঞা স্রোতে [ঝ]; ২ (৪র্থ) গ্রামের [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ] (৫ম) কুশল [ক], ৩ (২য়) বোলে [খ, ঙ, ঝ], (৩য়) সব [ঘ] পাপ [জ], (১০ম) জন [ঙ]; ৪ (৪র্থ) অগ্নিবৎ [চ]; ৮ (৩য়—৫ম) করিমু স্কন্ধ-নাশ [ক, খ, গ, ঙ, ঞ], ১১ (২য়) ফিরে [চ], (৭ম) কৃষ্ণভক্তির [চ], (৮ম) লক্ষণ [ক, ছ]; ১২ (৫ম) এড়িতে [ক, গ, ঝ] ত্যজিতে [ঞ], (৯ম, ১০ম) পড়ে কান্দিতে [ঙ, চ]; ১৪ (৫ম) কৃষ্ণ [ঘ, জ]; ১৫ (৮ম)-নাম [ক, গ, চ, ছ, জ]; ১৬ (৩য় ৪র্থ) তিথি ত্রয়োদশী দিনে [ক], (৪র্থ) শুভক্ষণে [ক্বচিৎ পাঠ], (৬ষ্ঠ) জন্ম 'একচাকা' [চ]। ১৭ (৩য়) দ্বিজরাজ [ঙ]; ১৮ (২য়,৩য়) ভক্তগণ-প্রাণ [খ, ঝ], ভক্তজন-ত্রাণ [ঘ], ভক্তগণ-প্রাণ [ঙ], ভক্তজন-ত্রাতা [চ], ভক্তি বাড়াইতে [ছ]; ১৯ (৪র্থ, ৫ম) দেবতাগণ [ক, খ, গ, ঝ], দেবতা স্তব [ঙ, চ]; ১৮ ১৯—"অবতীর্ণ হৈলা ধরি' নিত্যানন্দ-নাম। মহা-জয়-জয়-ধ্বনি পুষ্প-বরিষণ॥ সংগোপে দেবতাগণ করিলা তখন। আমাদের ভাগ্যে প্রভু লভিলা জনম॥" [ক্বচিৎ পাঠ]; ২০ (৭ম) পুনঃ পুন [খ, চ, ছ, জ, ঝ]; ২১ (৬ষ্ঠ) হই' [খ, গ, চ], হঞা [ঙ], হইয়া [ঞ]; ২২ (৬ষ্ঠ) ইবে [চ, জ],(৯ম,১০ম) অবতীর্ণ যেন-মতে [ক, খ, গ]

নবদ্বীপে আছে জগন্নাথ মিশ্রবর। বসুদেব-প্রায় তেঁহো স্বধর্মে তৎপর ॥ ১৩৫
উদার-চরিত্র তেঁহো ব্রহ্মণ্যের সীমা। হেন নাহি—যাহা দিয়া করিমু উপমা ॥ ১৩৬
কি কশ্যপ, দশরথ, বসুদেব, নন্দ। —সর্বময়-তত্ত্ব জগন্নাথমিশ্র চন্দ্র ॥ ১৩৭
তান পত্নী শচী-নামে মহা-পতিব্রতা। দ্বিতীয় দেবকী যেন সেই জগন্মাতা ॥ ১৩৮
বহু কন্যা-পুত্রের হইল তিরোভাব। সবে এক পুত্র বিশ্বরূপ মহাভাগ ॥ ১৩৯
বিশ্বরূপ- মূর্তি যেন অভিন্ন-মদন। দেখি' হরষিত দুই ব্রাহ্মণী-ব্রাহ্মণ ॥ ১৪০
জন্ম হৈতে বিশ্বরূপের হইল বিরক্তি। কৈশোরেই সকল-শাস্ত্রের হৈল স্ফূর্তি ॥ ১৪১
বিষ্ণু-ভক্তিশূন্য হৈল সকল সংসার। প্রথম-কলিতে হৈল ভবিষ্য আচার ॥ ১৪২
ধর্ম তিরোভাব হৈলে প্রভু অবতরে'। 'ভক্তগণ দুঃখ পায়' জানিলা অন্তরে ॥ ১৪৩
তবে মহাপ্রভু গৌরচন্দ্র ভগবান্। শচী-জগন্নাথ-দেহে হৈলা অধিষ্ঠান ॥ ১৪৪
জয়-জয়-ধ্বনি হৈল সকল ভুবনে। স্বপ্ন-প্রায় জগন্নাথমিশ্র শচী শুনে ॥ ১৪৫
মহা-তেজোময়-মূর্তি হৈলা দুইজন। তথাপিহ লখিতে না পারে অন্যজন ॥ ১৪৬
অবতীর্ণ হইবেন ঈশ্বর জানিয়া। ব্রহ্মা-শিব-আদি স্তুতি করেন আসিয়া ॥ ১৪৭
অতি-মহাবেদ-গোপ্য এসকল কথা। ইহাতে সন্দেহ কিছু নাহিক সর্বথা ॥ ১৪৮
ভক্তি করি ব্রহ্মাদি-দেবের শুন স্তুতি। যে-গোপ্য-শ্রবণে হয় কৃষ্ণে রতি-মতি ॥ ১৪৯
"জয় জয় মহাপ্রভু জনক সভার। জয় জয় সংকীর্তন-হেতু অবতার ॥ ১৫০
জয় জয় বেদ-ধর্ম-সাধু-বিপ্র-পাল। জয় জয় অভক্ত-দমন-মহাকাল ॥ ১৫১
জয় জয় সর্বসত্যময়-কলেবর। জয় জয় ইচ্ছাময় মহা-মহেশ্বর ॥ ১৫২
যে তুমি অনন্তকোটি-ব্রহ্মাণ্ডের বাস। সেই তুমি শচী-গর্ভে হৈলা যে প্রকাশ ॥ ১৫৩
তোমার যে ইচ্ছা তার বুঝিতে কে পাত্র ? সৃষ্টি, স্থিতি, প্রলয়—তোমার লীলা-মাত্র ॥ ১৫৪
অনন্ত-ব্রহ্মাণ্ড যাঁ'র ইচ্ছায় সংহারে। সে কি কংস-রাবণ বধিতে বাক্যে নারে? ১৫৫
তথাপিহ দশরথ-বসুদেব-ঘরে। অবতীর্ণ হঞা ত বধিলা তাসভারে ॥ ১৫৬

---

১ (৪র্থ) বিপ্রবর [ঘ], (৫ম) -প্রিয় [ছ], -সম [জ], (৭ম) ধর্মেতে [ঞ]; ২ (৩য়) ব্রাহ্মণের [খ, গ, ঙ ছ; ঞ]; ৩ (৬ষ্ঠ) সর্ব-তত্ত্বময় [চ], সর্ব-তনুময় [জ]; ৪ (৫ম, ৭ম) মূর্তিমতি বিষ্ণুভক্তি [খ, গ, ঘ, চ, জ, ঝ, ঞ], ৬ (৫ম, ৬ষ্ঠ) মহা-হরষিত [চ], হরষিত বড় [ছ]; ৭ (৬ষ্ঠ) শেষে তামে [খ], শিশু হইতে [চ], (৯ম) স্মৃতি [ক, ঙ, ছ, জ]; ৮ (১ম) -ধর্মশূন্য [ক, ঙ, ছ, জ], (২য়) দেখি' [খ]; ১১ (১ম) -নাদ [ক], (৩য়, ৪র্থ) অনন্ত-বদনে [ক, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ, ৭ম) শচী-জগন্নাথ দেখে [খ], -মিশ্রবর [চ], -শচীদেবী [ক্বচিৎ পাঠ]; ১২ (১ম) মহাতেজো-মূর্তিমন্ত [ঞ], (৮ম) কোনজন [গ]; ১৩ (২য়) হইলেন [গ, ঘ, চ]; ১৫ (৩য়) ব্রহ্মাশিব- [ঙ], ব্রহ্মাহর- [ছ], (৭ম) শুনিলে [ক, খ, ঙ, চ], স্মরণে [ক্বচিৎ পাঠ], (১০ম), প্রেমরতি [ক]; ১৬ (৩য়) বিশ্বম্ভর [চ], (৮ম) সংকীর্তনারম্ভ [খ], সংকর্ষণ-হেতু [ছ]; ১৭ (৬ষ্ঠ) -মদন- [খ, চ, ঝ], -শমন- [ঞ]; ১৮ (৩য়) -মায়াময়- [খ], সত্য-সর্বময়- [ঞ], (৬ষ্ঠ) ইৎসাময় [ক, খ, ঙ, চ, জ]; ২০ (৪র্থ, ৬ষ্ঠ) বুঝিতে কে আছে [ক], এই পংক্তির পর ঙ পুঁথিতে অধিক পাঠ—"তোমার যে ইৎসা তাহা বুঝে কার শক্তি। তুমি বুঝাইবে বেদগোপ্য বিষ্ণুভক্তি ॥"; ২১ (১ম) সকল সংসার [ক, গ, ছ, জ, ঝ, ঞ]; ২২ (৫ম) বধহ [ঙ], বধো [ক্বচিৎ পাঠ]।

এতেকে কে বুঝে প্রভু ! তোমার কারণ ? আপনি সে জান' তুমি আপনার মন ॥ ১৫৭
তোমার আজ্ঞায় এক সেবকে তোমার। অনন্ত-ব্রহ্মাণ্ড পারে' করিতে উদ্ধার ॥ ১৫৮
তথাপিহ তুমি সে আপনি অবতরি'। সর্বধর্ম বুঝাহ পৃথিবী ধন্য করি' ॥ ১৫৯
সত্যযুগে তুমি প্রভু ! শুক্ল-বর্ণ ধরি'। তপোধর্ম বুঝাহ আপনে তপ করি' ॥ ১৬০
কৃষ্ণাজিন, দণ্ড, কমণ্ডলু, জটা ধরি'। ধর্ম স্থাপ' ব্রহ্মচারি-রূপে অবতরি' ॥ ১৬১
ত্রেতাযুগে হইলা সুন্দর রক্তবর্ণ। যজ্ঞপুরুষ-রূপে বুঝাহ যজ্ঞধর্ম ॥ ১৬২
স্রুক্-স্রুব-হস্তে যজ্ঞ আপনে করিয়া। সভারে লওয়াহ যজ্ঞ, যাজ্ঞিক সে হইয়া ॥ ১৬৩
দিব্য-মেঘ-শ্যামবর্ণ হঞা সে দ্বাপরে। পূজা-ধর্ম বুঝাহ আপনে ঘরে ঘরে ॥ ১৬৪
পীতবাস, শ্রীবৎসাদি নিজ-চিহ্ন ধরি'। পূজা কর', মহারাজ-রূপে অবতরি' ॥ ১৬৫
কলিযুগে বিপ্ররূপে ধরি' পীতবর্ণ। বুঝাবারে বেদগোপ্য সংকীর্তন-ধর্ম ॥ ১৬৬
কতেক বা তোমার অনন্ত অবতার। কা'র শক্তি আছে তাহা সংখ্যা করিবার ? ১৬৭
মৎস্যরূপে তুমি জলে প্রলয়ে বিহর'। কূর্মরূপে তুমি সর্ব জীবের আধার ॥ ১৬৮
হয়গ্রীব-রূপে কর' বেদের উদ্ধার। আদি-দৈত্য দুই 'মধু'-'কৈটভে' সংহার' ॥ ১৬৯
বরাহ-রূপে সে কর' পৃথিবী উদ্ধার। নরসিংহরূপে কর' হিরণ্য বিদার' ॥ ১৭০
বলিরে ছল' অপূর্ব বামন-রূপ হই'। পরশুরাম-রূপে কর' নিঃক্ষত্রিয়া মহী ॥ ১৭১
রামচন্দ্র-রূপে কর' রাবণ-সংহার। হলধর-রূপে কর' অনন্ত বিহার ॥ ১৭২
বুদ্ধ-রূপে দয়া-ধর্ম করহ প্রকাশ। কল্কি-রূপে কর' ম্লেচ্ছগণের বিনাশ ॥ ১৭৩
ধন্বন্তরি-রূপে কর' অমৃত প্রদান। হংস-রূপে ব্রহ্মাদিরে কহ তত্ত্ব-জ্ঞান ॥ ১৭৪
শ্রীনারদরূপে বীণা ধরি' কর' গান। ব্যাস-রূপে কর' নিজ-তত্ত্বের ব্যাখ্যান ॥ ১৭৫
সর্ব-লীলা-লাবণ্য-বৈদগ্ধী করি' সঙ্গে। কৃষ্ণ-রূপে গোকুলে করিলা বহু রঙ্গে ॥ ১৭৬
এই অবতারে ভাগবত-রূপ ধরি'। কীর্তন করিবা সর্ব-শক্তি পরচারি ॥ ১৭৭
সংকীর্তনে পূর্ণ হৈব সকল-সংসার। ঘরে ঘরে হৈব প্রেমভক্তি-পরচার ॥ ১৭৮
কি কহিমু পৃথিবীর আনন্দ-প্রকাশ। তুমি নৃত্য করিবা মিলিয়া সর্ব-দাস ॥ ১৭৯
যে তোমার পাদপদ্ম নিত্য ধ্যান করে'। তাঁ-সভার প্রভাবেই অমঙ্গল হরে' ॥ ১৮০

---

১ (৬ষ্ঠ) করণ [গ, ঘ, ঙ, চ, ছ, জ], (১১শ,১২শ) আপন মরম [খ, চ]; ২ (৩য়) এক এক [গ], (৯ম) সংহার [ঙ]; ৪ (৪র্থ) শুভ্র-বর্ণ [খ, গ, ঞ], (৯ম,১০ম) অবতরি [ছ]; ৫ (১ম) মৃগচর্ম [ক]; (৪র্থ,৫ম) জটা-ধারী [ক, ছ, ঞ], (৮ম) ব্রতাচারি - [গ]; ৭ (৬ষ্ঠ) করাও [ঞ]; ৮ (১ম)-শ্যামরূপ [ঙ]; ১০ (৩য়) ধর [খ, ঘ], (৫ম) বুঝাইতে [চ], (৬ষ্ঠ) বেদগুহ্য [ঙ]; ১১ (১ম) যতেক [গ, ছ], ১২ (২য়—৫ম) কর প্রলয়-জলে ব্যবহার [চ], (৮ম—১০ম) মন্দরগিরি সে ধর [ক্বচিৎ পাঠ] (১০ম) উদ্ধার [চ]; ১৪ (১ম,৩য়) হইয়া বরাহরূপ [ঙ], বরাহ-রূপেতে [জ]। ১৬ (৬ষ্ঠ) অশেষ [ঙ, চ]; ১৭ (২য়) দয়া তুমি [ছ]; ১৮ (৮ম) ঈশ-[ঙ]; ১৯ (৮ম,৯ম) চারিবেদ বিভক্ত ভারত-পুরাণ রচন [ক্বচিৎ পাঠ], (৯ম) আখ্যান [ক, গ, ঘ, ঞ]; ২০ (১ম) পূর্ণ-[গ]; ২১ (৭ম)-ভক্তি [ঞ]; (৭ম,৮ম) সব শক্তির সঞ্চারি [ছ]; ২৩ (৪র্থ)-উল্লাস [চ], (৮ম) লইয়া [ঘ]; ২৪ (৮ম) প্রসাদেহ [ঘ]।

পদতালে খণ্ডে' পৃথিবীর অমঙ্গল। দৃষ্টিমাত্রে দশদিগ্ হয় সুনির্মল॥ ১৮১
বাহু তুলি' নাচিতে স্বর্গের বিঘ্ন-নাশ। হেন নৃত্য, হেন যশ, হেন তোর দাস॥ ১৮২

তথা হি :— 'হরিভক্তিসুধোদয়ে (২০।৬৮) ?

"পদ্ভ্যাং ভূমের্দিশো দৃগ্‌ভ্যাং দোর্ভ্যাঞ্চামঙ্গলং দিবঃ।
বহুধোৎসাদ্যতে রাজন্ কৃষ্ণভক্তস্য নৃত্যতঃ॥" ১৮৩

সে প্রভু আপনে তুমি সাক্ষাৎ সে হঞা। করিবা কীর্তন-প্রেম ভক্তগোষ্ঠী লঞা॥ ১৮৪
এ মহিমা প্রভু! বর্ণিবার কা'র শক্তি। তুমি বিলাইবা বেদগোপ্য প্রেম-ভক্তি॥ ১৮৫
মুক্তি দিয়া যে ভক্তি রাখহ গোপ্য করি'। আমি-সব যে-নিমিত্তে অভিলাষ করি॥ ১৮৬
জগতেরে প্রভু! তুমি দিবা' হেন ধন। তোমার কারুণ্য সবে ইহার কারণ॥ ১৮৭
যে-তোমার নামে প্রভু! সর্ব-যজ্ঞ পূর্ণ। সে-তুমি হইবা নবদ্বীপে অবতীর্ণ॥ ১৮৮
এই কৃপা কর' প্রভু! হঞা সে সদয়। যেন আমা'সভার দেখিতে ভাগ্য হয়॥ ১৮৯
এতদিনে গঙ্গার পূরিল মনোরথ। তুমি ক্রীড়া করিবা যে চির অভিমত॥ ১৯০
যে-তোমারে যোগেশ্বর-সভে দেখে ধ্যানে। সে-তুমি বিদিত হৈবা নবদ্বীপ-ধামে॥ ১৯১
নবদ্বীপ-প্রতি মোদের থাকু নমস্কার। শচী-জগন্নাথ-গৃহে যথা অবতার॥ ১৯২
এইমত ব্রহ্মাদি-দেবতা প্রতিদিনে। গুপ্তে রহি' ঈশ্বরের করেন স্তবনে॥ ১৯৩
শচী-গর্ভে বৈসে সর্ব-ভুবনের বাস। ফাল্গুনী পূর্ণিমা আসি' হইলা প্রকাশ॥ ১৯৪
অনন্ত-ব্রহ্মাণ্ডে যত আছে সুমঙ্গল। সেই পূর্ণিমায় আসি' মিলিলা সকল॥ ১৯৫
সংকীর্তন-সহিত প্রভুর অবতার। গ্রহণের ছলে তাহা করেন প্রচার॥ ১৯৬
ঈশ্বরের কর্ম বুঝিবারে শক্তি কা'র। চন্দ্রে আচ্ছাদিল রাহু ঈশ্বর-ইচ্ছায়॥ ১৯৭
সর্ব-নবদ্বীপে দেখে হইল গ্রহণ। উঠিল মঙ্গল-ধ্বনি হরি-সংকীর্তন॥ ১৯৮
অনন্ত অর্বুদ লোক গঙ্গাস্নানে যায়। 'হরিবোল হরিবোল' বলি' সভে ধায়॥ ১৯৯
হেন হরি-ধ্বনি হৈল সর্ব-নদীয়ায়। ব্রহ্মাণ্ড ভেদিয়া ধ্বনি বৈকুণ্ঠেরে যায়॥ ২০০

---

১ (১ম) পদতলে [ক, ঘ, চ, ছ, জ, ঞ] (২য়) হরে [ঘ, ঙ, চ, জ], (৫ম) দৃষ্টিপাতে [ঙ]; ৩ (৩য়) পদ্ম-পুরাণে; [ ]৪ শ্লোকটি এইরূপ—"বহুধোৎসার্যতে হর্ষাদ্‌বিষ্ণুভক্তস্য নৃত্যতঃ। পদ্ভ্যাং ভূমের্দিশোঽক্ষিভ্যাং দোর্ভ্যাঞ্চামঙ্গলং দিবঃ॥"। ৬ (১০ম) ভক্তগণে [ঙ, চ]; ৭ (৪র্থ) বরণিতে [চ], (৯ম) বেদগুহ্য [চ], (১০ম) বিষ্ণু-ভক্তি [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ] ৮ (২য়,৩য়) যাচহ [চ], (১০ম) অতিসাধ [চ, জ]; ৯ (১ম,২য়) জগতের প্রতি [চ], (৬ষ্ঠ) প্রেম [ঙ], (৮ম) মহিমা [চ]; ১০ (৭ম) হইলা [ক, খ, ছ, ঝ, ঞ]; ১২ (৬ষ্ঠ) কৃপা [জ], (৬ষ্ঠ,৭ম) গিয়া মজ্জিবা [খ], (৯ম) অভিমত [ঝ]; ১৩ (৭ম) হৈলা [ক, খ, ছ, ঞ]; ১৪ (১ম,৩য়)-প্রতি মোর হউ [ক], (৫ম)-দেহে [খ], (৫ম—৭ম) "যথায় আপনে প্রভু করিবা বিহার॥" [ছ]; ১৬ (৪র্থ) সার [ঙ], (৫ম, ৬ষ্ঠ) ফাল্গুন পূর্ণিমা [ক, চ, ছ, জ], (৮ম) পরচার [ঞ]; ১৭ (৩য়,৪র্থ) আছয়ে মঙ্গল [খ]। ১৯ (২য়) শক্তি [গ], (৯ম) প্রভুর ইৎসায় [চ]; ২০ (৭ম) শ্রীহরি-কীর্তন [খ, ঘ, ছ, জ, ঝ, ঞ]; ২১ (৪র্থ) দেখিবারে [ক], (১০ম) যায় [ছ]; ২২ (৫ম—৯ম) "কহনে না যায় সবার আনন্দ হৃদয়॥" [ঞ], (৬ষ্ঠ) পুরিয়া [ক, খ, গ, চ, ছ, জ, ঝ], ভরিল [খ], (৮ম,৯ম) স্থান নহি পায় [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ,]।

অপূর্ব শুনিঞা যত ভাগবতগণ। সভে বোলে, "নিরন্তর হউক গ্রহণ" ॥ ২০১
সভে বোলে, "আজি বড় বাসিয়ে উল্লাস। হেন বুঝি কিবা কৃষ্ণ করিলা প্রকাশ ॥" ২০২
গঙ্গাস্নানে চলিলা সকল ভক্তগণ। নিরবধি চতুর্দিগে হরি-সংকীর্তন ॥ ২০৩
কিবা শিশু, বৃদ্ধ, নারী, সজ্জন, দুর্জন। সভে 'হরি হরি' বোলে দেখি' সে গ্রহণ ॥ ২০৪
'হরিবোল হরিবোল' সভে এই শুনি। সকল-ব্রহ্মাণ্ডে ব্যাপিলেক হরি-ধ্বনি ॥ ২০৫
চতুর্দিকে পুষ্পবৃষ্টি করে' দেবগণ। জয়-শব্দে দুন্দুভি বাজয়ে অনুক্ষণ ॥ ২০৬
হেনই সময়ে সর্ব-জগত-জীবন। অবতীর্ণ হইলেন শ্রীশচীনন্দন ॥ ২০৭

ধানশী

রাহু-কবলে ইন্দু, পরকাশ নাম-সিন্ধু, কলি-মর্দন বান্ধে বাণা।
পঁহু ভেল পরকাশ, ভুবন চতুর্দশ, 'জয় জয়' পড়িল ঘোষণা ॥ ২০৮
হে মাই! হে মাই! দেখত' গৌরচন্দ্র।
নদীয়াক লোক-, শোক সব নাশল, দিনে দিনে বাঢ়ল আনন্দ ॥ ধ্রু ॥ ২০৯
দুন্দুভি বাজে, শত শঙ্খ গাজে, বাজত বেণু-বিষাণা।
শ্রীচৈতন্য-চন্দ্র নিত্যানন্দ-ঠাকুর, প্রভু অদ্বৈতচন্দ্র, বৃন্দাবনদাস রস গানা ॥ ২১০

ধানশী

জিনিঞা রবি-কর, অঙ্গ মনোহর, নয়ানে হেরই না পারি।
আয়ত লোচন, ঈষত বঙ্কিম, উপমা নাহিক বিচারি ॥ ধ্রু ॥ ২১১
(আজু) বিজয়ে গৌরাঙ্গ, অবনী-মণ্ডলে, চৌদিকে শুনিঞা উল্লাস।
এক হরিধ্বনি, আ-ব্রহ্ম ভরি' শুনি, গৌরাঙ্গচাঁদের পরকাশ ॥ ২১২
চন্দনে উজ্জ্বল, বক্ষ পরিশর, দোলয়ে তহিঁ বনমাল।
চাঁদ-সুশীতল, শ্রীমুখ-মণ্ডল, আ-জানু বাহু বিশাল ॥ ২১৩

---

১ (২য়) দেখিয়া [চ], (৩য়), ধ্বনি [গ]; সব [ঘ, চ, ছ, জ, ঝ, ঞ] ২ (৫ম) বাড়য়ে [ঙ], দেখিল [ছ]. (৭ম, ৮ম) নাহি বুঝি [খ], না বুঝিয়ে [গ, ছ], (৯ম—১২শ) কৃষ্ণচন্দ্র হইলা পরকাশ [ঙ]; ১ম ও ২য় পংক্তির স্থলে ক-পুঁথির পাঠ—"না বুঝিয়ে কিবা কৃষ্ণ করিলা প্রকাশ। এইমত হরিধ্বনি বোলে সর্ব দাস।" ৩ (৩য়) সব [ক, গ], সং [খ, চ, জ], যত [ঘ, ছ]; ৪ (১ম) বিজ্ঞ, [জ], (৫ম) সুজন [ঘ]; ৫ (৬ষ্ঠ) অনন্ত-[চ]; ৬ (৫ম—৮ম) "জয় জয় দুন্দুভি বাজয়ে ঘনে ঘন ॥" [চ], (৮ম) সর্বক্ষণ [ক, ছ]; ৭ (৩য়)-জীবের জীবন [ছ]; ৯ (১ম)-কবল-[ধ] (৬ষ্ঠ) বাজে [জ, ঞ]। ১১ (১ম) (৩য়) হো [চ, জ,], (১ম—৩য়) হো [ঞ], (৬ষ্ঠ) গৌর চন্দ্র [চ, জ, ঞ]; ১২ (১ম) নদীয়ার [ঙ, ঞ] নদীয়া [চ], নবদ্বীপ [জ], (২য়) রোগ-[ঙ]; ১৩ (২য়) বাদ্য বাজে [ঙ], বাজয়ে [জ], (৫ম) গায় [চ], গরজয়ে [জ] (৬ষ্ঠ) বাজে [ঙ],-বিশালা [জ]; ১৪ (১ম)-নিত্যানন্দ [ঙ, ঞ], শ্রীগৌর-চন্দ্র [জ], (২য়) ঠাকুর ভাল [ঙ], ঠাকুর নিত্যানন্দ [জ], মোর প্রভু রামানন্দ [ঞ], (১ম, ২য়) শ্রীচৈতন্য-নিত্যানন্দ [চ], (৪র্থ, ৫ম) গানা [ঙ], গান [চ], গুণ গানা [জ, ঝ]; ১৬ (৩য়, ৪র্থ) শ্রীঅঙ্গ-সুন্দর [ঞ], ১৮ (১ম) আজি [ঞ]; ১৯ (৭ম) প্রকাশ [ঙ, চ, ছ, জ]; ২০ (১ম) চন্দন-[ছ], (৫ম) দোল, [ঙ], (৬ষ্ঠ) নিতেছে [ঙ], তাহে [চ], তাহা [ছ], তাঁহা [ঝ]।

দেখিয়া চৈতন্য, ভুবনে ধন্য-ধন্য, উঠয়ে জয়-জয়-নাদ।
কোই নাচত, কোই গায়ত, কলি হৈল হরিষে বিষাদ ॥ ২১৪
চারি-বেদ-শির-, মুকুট চৈতন্য, পামর মূঢ় নাহি জানে।
শ্রীচৈতন্য-চন্দ্র নিতাই-ঠাকুর বৃন্দাবনদাস রস গানে ॥ ২১৫

পঠমঞ্জরীরাগ- (একপদী)

প্রকাশ হইলা গৌরচন্দ্র। দশ-দিগে উঠিল আনন্দ ॥ ধ্রু ॥ ২১৬
রূপ কোটি-মদন জিনিঞা। হাসে নিজ-কীর্তন শুনিঞা ॥ ২১৭
অতি-সুমধুর মুখ-আঁখি। মহারাজ-চিহ্ন সব দেখি ॥ ২১৮
শ্রীচরণে ধ্বজ-বজ্র শোভে। সব-অঙ্গে জগ-মন লোভে' ॥ ২১৯
দূরে গেল সকল আপদ। ব্যক্ত হইল সকল সম্পদ ॥ ২২০
শ্রীচৈতন্য নিত্যানন্দ জান। বৃন্দাবনদাস গুণ গান ॥ ২২১

নটমঙ্গল (নটরাগ)

চৈতন্য-অবতীর্ণ, শুনিল দেবগণ, উঠিল পরম মঙ্গল রে।
সকল-তাপ হর, শ্রীমুখ-চন্দ্র দেখি, আনন্দে হইল বিহ্বল রে ॥ ধ্রু ॥ ২২২
অনন্ত ব্রহ্মা শিব- আদি করি' যত দেব, সভেই নররূপ ধরে রে।
গায়েন হরি হরি, গ্রহণ-ছল করি, লখিতে কেহো নাহি পারে রে ॥ ২২৩
দশ-দিগে ধায়, লোক নদীয়ায়, বলিয়া উচ্চ 'হরি হরি' রে।
মানুষে দেবে মিলি', করে কোলাকুলি কেলি আনন্দে নবদ্বীপ পূরি' রে ॥ ২২৪
শচীমা'র অঙ্গনে, সকল দেবগণে, প্রণাম হইয়া পড়িলা রে।
গ্রহণ-অন্ধকারে, লখিতে কেহ নারে, অদ্ভুত চৈতন্যের খেলা রে ॥ ২২৫

---

১ (৩য়) ভূবন [চ, জ]; ২ (১ম) কেহো কেহো [ঙ], কেহো [চ], কেবা [ছ], কেহত' [জ], (৩য়) আনন্দে [ঙ, চ, ছ, জ, ঝ], (৫ম) কোই [ঞ] ৩ (১ম)-মণি [ছ]; ৪ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য [ছ, জ],-নিতাই [ঞ], (২য়) ঠাকুর নিত্যানন্দ [চ, জ], বড় ঠাকুর [ঞ], ৬ (৫ম) বাঢ়ল [ক], হইল [গ], বাড়য়ে [ঙ]।

৮ (১ম) অতি সে মধুর [ক], (২য়) রূপ, আঁখি [খ], (৪র্থ) হেন [চ]; ৯ (৬ষ্ঠ) মোহে [ক, ঙ]; ১০ (৭ম) সভার [ঘ, ঙ, ছ, জ]; ১১ (১ম)-নিত্যানন্দ-চন্দ্র [ক, খ, ঙ], (২য়) জানে [ঘ, জ], (৩য়) শ্রীবৃন্দাবন [ক], (৪র্থ) তছু পদ যুগে [ক, খ], রস [ঘ, ঙ, ছ, জ], (৫ম) গানে [ঘ, জ]; এই পংক্তির পর ক-পুঁথিতে দ্বিতীয় অধ্যায় শেষ হইয়াছে। ১২ মঙ্গল রাগ [ঙ, ছ]; ১৩ (৩য়) দেবগণে রে [খ], দেবগণ রে [গ, ঙ, ছ, ঝ], দেবতার [চ], (৫ম, ৬ষ্ঠ) পরমানন্দ [ঙ], (৭ম) রে আ [ঝ]; ১৪ (১ম)-পাপ হরে [ঙ], (২য়) শ্রীমুখ সুন্দর [খ], -চান্দ [ঘ], শ্রীচৈতন্যমুখ [চ], (৬ষ্ঠ) বিভোল [ঘ, চ, ছ]; ১৫ (৬ষ্ঠ—৮ম) দেবগণ [ক], যত দেব [গ, ঘ,-জ], যতেক দেব [চ], যত দেবগণ [ছ], (১০ম) ধরিঞা [ক], হঞা [ঙ]; ১৬—"হরি' 'হরি' গায়েন, ছলে সে গ্রহণ, বুঝিতে না পারে কেহো তাহা ॥" [ঙ], (২য়, ৩য়) নরহরি [ঘ]; ১৮ (৭ম—১০ম) আনন্দময় নবদ্বীপ-পুরে রে ॥ [খ]; ২০ (২য়) দেখিতে [চ] লক্ষিতে [ঞ], (৩য়, ৪র্থ) নাহি পারে [খ], (৫ম) দুর্জ্ঞেয় [গ, ঘ, চ, জ, ঝ, ঞ]।

কেহো পঢ়ে স্তুতি, কাহারো হাতে ছাতি, কেহো চামর ঢুলায় রে।
পরম হরিষে, কেহো পুষ্প বরিষে, কেহো নাচে গায় বা'য় রে ॥ ২২৬
সকল-শক্তি-সঙ্গে, আইলা গৌরচন্দ্রে, পাষণ্ডি কিছুই না জানে রে।
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ বৃন্দাবনদাস রস গান রে ॥ ২২৭

মঙ্গল (পঞ্চম রাগ)

দুন্দুভি-ডিণ্ডিম মঙ্গল-জয়ধ্বনি, গায় মধুর রসাল রে।
বেদের অগোচর, আজু ভেটব, বিলম্বে নাহিক কাল রে ॥ ধ্রু ॥ ২২৮
আনন্দে ইন্দ্রপুর, মঙ্গল-কোলাহল, সাজ সাজ বলি' সাজে রে।
বহুত-পুণ্য-ভাগ্যে, চৈতন্য-পরকাশ, পাওল নবদ্বীপ-মাঝে রে ॥ ২২৯
অন্যোন্যে আলিঙ্গন, চুম্বন ঘন-ঘন, লাজ কেহো নাহি মানে রে।
নদীয়া-পুরন্দর-, জনম-উল্লাসে, আপন-পর নাহি জানে রে ॥ ২৩০
ঐছন কৌতুকে, আইলা নবদ্বীপে, চৌদিকে শুনি' হরিনাম রে।
পাইয়া গৌর-রস, বিহ্বল পরবশ, চৈতন্য-জয়-জয় গান রে ॥ ২৩১
দেখিল শচী-গৃহে, শ্রীগৌরাঙ্গ-সুন্দরে, একত্র যৈছে কোটি-চান্দ রে।
মানুষ-রূপ ধরি', গ্রহণ-ছল করি', বোলায় উচ্চ হরিনাদ রে ॥ ২৩২
সকল-শক্তি-সঙ্গে, আইলা গৌরচন্দ্র, পাষণ্ডি কিছুই না জানে রে।
শ্রীচৈতননিত্যানন্দ, চাঁদ-প্রভু জান, বৃন্দাবন-দাস রস গানে রে ॥ ২৩৩

১—"কেহো পঢ়েন স্তুতি কাহারো হাতে ছাতি [খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ] (৭ম) কেহ ত' [জ], (১০ম) রে হু [ঝ]। ২ (১ম)-সানন্দে [ঙ], (২য়,৩য়) পুষ্প [জ], (৪র্থ) বর্ষে [ঞ], (৬ষ্ঠ—৯ম) ভাল নাচে গায় [ঙ], নাচে ভাল গায় [জ], আনন্দে নাচে গায় রে [ঞ], (৭ম, ৮ম) কেহ গায় [ঘ], এই পংক্তির পর চ ও ছ-পুঁথিতে দ্বিতীয় অধ্যায় শেষ হইয়াছে। ৩ (১ম)-সঙ্গী-সঙ্গ [খ], -ভক্ত-সঙ্গ [ঘ], সর্ব- [ঙ],-সঙ্গ [চ], সব-ভক্ত সঙ্গে করি [ঞ]. (৩য়) গৌরচন্দ্র [খ, চ, ঝ], গৌরহরি [গ, ঞ], গৌর রঙ্গে [ঘ, জ], (৫ম, ৬ষ্ঠ) কেহো নাহি [চ], (৭ম, ৮ম) জানে রে [খ, গ, ঘ, ঞ], জানে [ঙ, চ, জ], জানে রে আ [ঝ]; ৪ (১ম) চৈতন্য-[ক], শ্রীচৈতন্য-নিত্যানন্দ [খ, ঘ, ঙ, ছ, জ, ঞ], (২য়, ৩য়)-নিতাই-ঠাকুর [ক],'প্রভু অদ্বৈত ভালো [খ], নিত্যানন্দ-প্রভু [গ], প্রভু ভাল [ঙ], নিত্যানন্দ ধন্য [চ], প্রভু পাদপদ্মে [ছ], আনন্দ-কন্দ ভাল [জ], মোর প্রভু আনন্দ-কন্দ [ঞ], (৫ম—৭ম) গান রে [ক, ঞ], রস গানে [গ], গানে [ঙ], গান [চ], গায় রে [ছ], পুন গানে [জ]; ৬ (১ম)-ডিণ্ডিমি [জ], (২য়) মহা-বিজয়-ধ্বনি [গ, ঙ], মুহুর্মু জয়-ধ্বনি [ঘ, জ], বহু-বিজয়-ধ্বনি [ছ], হরি জয় ধ্বনি [ঞ], (৫ম) বিশাল [ঘ, জ]; ৭ (১ম) দেবের [গ], (৭ম) কাজ [ঘ, ছ, জ, ঝ, ঞ] ৯ (১ম) বহুল-[ঙ, ছ, জ]; ১১ (২য়)-উল্লাসে ভর, [ঞ] ১২—এই পংক্তির পূর্বে মুদ্রিত ঝ-পুস্তকে অধিক পাঠ—"(গৌরাঙ্গ সুন্দর)"; ১৪ (২য়)-গৃহে [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৫ম) তৈছে [গ], হয়েছে [ঞ]; ১৫ (৭ম) হরিনাম [খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ] ১৭ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য [গ, ঘ, ঙ, জ, ঞ], শ্রীচৈতন্য-নিতাই [ছ], (২য়, ৩য়) নিতাই-প্রভু জান [গ], ঠাকুর নিত্যানন্দ [ঘ] নিতাই-প্রভু ভাল [ঙ], প্রভু ভাল জান [ছ], নিত্যানন্দ ভাল [জ], নিতাই-চাঁদ জান [ঞ], এই পংক্তির পর খ, ঘ, ঙ-পুঁথিতেও মুদ্রিত ঞ-পুস্তকে দ্বিতীয় অধ্যায় সমাপ্ত হইয়াছে।

হেনমতে নবদ্বীপে প্রভুর অবতার। আগে হরি-সংকীর্তন করিয়া প্রচার ॥ ২৩৪
চতুর্দিগে ধায় লোক গ্রহণ দেখিয়া। গঙ্গা-স্নানে 'হরি' বলি' যায় সে ডাকিয়া ॥ ২৩৫
যার মুখে জন্মেহ নাহিক হরিনাম। সেহো 'হরি' বলি' ধাঞা যায় গঙ্গাস্নান ॥ ২৩৬
দশদিগ্ পূর্ণ হই' উঠে হরিধ্বনি। অবতীর্ণ হঞা শুনি' হাসে দ্বিজমণি ॥ ২৩৭
শচী-জগন্নাথ দেখি' পুত্রের শ্রীমুখ। দুইজন হৈল তবে আনন্দ-স্বরূপ ॥ ২৩৮
'কি বিধি করিব' ইহা কিছুই না স্ফুরে'। আথে ব্যথে নারীগণ জয়কার পূরে' ॥ ২৩৯
ধাইঞা আইলা সভে যত আপ্তগণ। আনন্দ হইল জগন্নাথের ভবন ॥ ২৪০
শচীর জনক—চক্রবর্তী নীলাম্বর। প্রতি-লগ্নে অদ্ভুত দেখেন বিপ্রবর ॥ ২৪১
মহারাজ-লক্ষণ সকল লগ্নে কহে। রূপ দেখি' চক্রবর্তীর হৈল বিস্ময়ে ॥ ২৪২
'বিপ্র রাজা গৌড়ে হইবেক,' হেন আছে। বিপ্র বোলে, 'সেই বা জানিব তাহা পাছে'॥ ২৪৩
মহাজ্যোতির্বিৎ বিপ্র সভার অগ্রেতে। লগ্ন-অনুরূপ কথা লাগিলা কহিতে ॥ ২৪৪
"লগ্নে যত দেখি এই বালক-মহিমা। রাজা-হেন বাক্যে তাঁ'রে দিতে নারি সীমা ॥ ২৪৫
বৃহস্পতি জিনিঞা হইব বিদ্যাবান্। অল্পেই হইব সর্বগুণের নিধান ॥" ২৪৬
সেইখানে বিপ্ররূপে এক মহাজন। প্রভুর ভবিষ্য-কর্ম করয়ে কথন ॥ ২৪৭
বিপ্র বোলে, "এ শিশু সাক্ষাৎ নারায়ণ। ইঁহা হৈতে সর্বধর্ম হইব স্থাপন ॥ ২৪৮
ইঁহা হৈতে হইবেক অপূর্ব প্রচার। এ শিশু করিব সর্ব-জগত উদ্ধার ॥ ২৪৯
ব্রহ্মা শিব শুক যাহা বাঞ্ছে অনুক্ষণ। ইঁহা হৈতে তাহা পাইবেক সর্বজন ॥ ২৫০
সর্বভূত-দয়ালু মধুর দরশনে। সর্ব-জগতের প্রীতি হৈব ইহানে ॥ ২৫১
অন্যের কি দায়, বিষ্ণুদ্রোহী যে যবন। তাহারাও এ শিশুর ভজিব চরণ ॥ ২৫২
অনন্ত-ব্রহ্মাণ্ডে কীর্তি গাইব ইহান। বৃদ্ধ-আদি এ শিশুরে করিব সম্মান ॥ ২৫৩
ভাগবত-ধর্মময় ইহান শরীর। দেব-দ্বিজ-গুরু-পিতৃ-মাতৃ-ভক্ত ধীর ॥ ২৫৪

১—এই পংক্তির পূর্বে অধিক পাঠ—"জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ। জয়াদ্বৈতাচার্য জয় গৌরভক্ত বৃন্দ ॥' [ঘ] "(একপদী) (প্রেমধন-রতন পসার। দেখ গোরাচাঁদের বাজার ॥") [ঙ, ঝ] ২ (১ম—১১শ) হরি বলি' যায়েন ধাইয়া [ঝ, ঞ], (৮ম—১১শ) ডাকিয়া ডাকিয়া [থ]।

৩ (৩য়,৪র্থ) কোন জন্মে নাহি [চ], এ জন্মেও নাহিক [ঝ], জন্মে ও না বলে [ঞ]; ৪ (৭ম—৯ম) হইয়া হাসেন [ঞ]; ৬ (২য়) বুঝি [চ], (৮ম) আস্তে ব্যস্তে [থ, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ], (১০ম) জয় জয় [থ, গ], (১০ম,১১শ) জয় জয় করে [ক, ঘ]; ৭ (২য়) আইসে [ক], (৪র্থ, ৫ম) আপ্তবন্ধুগণ [ক, ঙ], নিজ আপ্তগণ [জ]; ৮ (১ম, ২য়) প্রভুর মাতামহ [চ]; ৯ (৫ম, ৬ষ্ঠ) সেই রূপে [চ]; ১০ (১০ম) রাজা [ক, ঘ, ঙ, ছ, ঞ]; ১১ (৬ষ্ঠ) কার্য [থ], কর্ম [ঙ, ছ], (৮ম) করিতে [থ]; ১৩ (৭ম) সর্বশাস্ত্রের [ঙ, ঞ]; ১৪ (২য়) নররূপে [থ, গ, ঘ, চ, ছ, জ], (৬ষ্ঠ) অভীষ্ট-[গ],-কথা [চ]। ১৭ (২য়—৫ম) শুক যারে বাঞ্ছা করে [থ], (৩য়—৫ম) যাহার বাঞ্ছা করে [গ]; ১৮ (১ম)-দয়ালুতা [ক, জ], (২য়) নিষ্পাপ [চ], নির্ভেদ [ক, থ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ] ১৯ (৯ম) ভাবিব [চ]; ২০ (৫ম) আদি বৃদ্ধ [গ, ঙ, জ, ঞ], আদি বিপ্র [থ, ঝ, ঞ], আ-বাল-বৃদ্ধ [ঘ], (৮ম) প্রণাম [থ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ]; ২১ (১ম) ভাগবতধর্ম হইব [ক], (৪র্থ)-ভক্তি [থ, ঘ, চ, ছ, জ, ঞ]

বিষ্ণু যেন অবতরি লওয়ায়েন ধর্ম। সেইমত এ শিশু করিব সর্ব-কর্ম ॥ ২৫৫
লগ্নে যত কহে শুভ লক্ষণ ইহান। কা'র শক্তি আছে তাহা করিতে আখ্যান ? ২৫৬
ধন্য তুমি জগন্নাথমিশ্র ভাগ্যবান্! যাঁ'র এ নন্দন, তাঁ'রে রহুক প্রণাম ॥ ২৫৭
হেন কোষ্ঠী গণিলাঙ আমি ভাগ্যবান্। 'শ্রীবিশ্বম্ভর'নাম থুইল ইহান ॥ ২৫৮
ইহানে বলিব লোক 'নবদ্বীপ-চন্দ্র'। এ-বালকে জানিহ কেবল পরানন্দ ॥'' ২৫৯
হেন-রসে পাছে হয় দুঃখের প্রকাশ। অতএব না কহিলা প্রভুর সন্ন্যাস ॥ ২৬০
শুনি' জগন্নাথ-মিশ্র পুত্রের আখ্যান। আনন্দে বিহ্বল, বিপ্রে দিতে চাহে দান ॥ ২৬১
কিছু নাহি—সুদরিদ্র, তথাপি আনন্দে। বিপ্রের চরণ ধরি' জগন্নাথ কান্দে ॥ ২৬২
সেহ বিপ্র কান্দে জগন্নাথ-পা'য়ে ধরি'। আনন্দে সকল-লোক বোলে 'হরি হরি' ॥ ২৬৩
দিব্য কোষ্ঠী শুনি' যত বান্ধব সকল। জয় জয় দিয়া সভে করেন মঙ্গল ॥ ২৬৪
ততক্ষণে আইল সকল বাদ্যকার। মৃদঙ্গ সানাঞি বাঁশী বাজয়ে অপার ॥ ২৬৫
দেব-স্ত্রীয়ে নর-স্ত্রীয়ে না পারি চিনিতে। দেবে-নরে একত্র হইল ভালমতে ॥ ২৬৬
দেবমাতা সব্য-হাথে ধান্য-দূর্বা লঞা। হাসি' দেন প্রভু-শিরে 'চিরায়ু' বলিঞা ॥ ২৬৭
চিরকাল পৃথিবীতে করহ বিলাস। অতএব 'চিরায়ু' বলিয়া হৈল হাস ॥ ২৭৮
অপূর্ব সুন্দরী সব শচীদেবী দেখে। বার্তা জিজ্ঞাসিতে কারো না আইসে মুখে ॥ ২৬৯
শচীর চরণ-ধূলি লয় দেবীগণ। আনন্দে শচীর মুখে না আইসে বচন ॥ ২৭০
কি আনন্দ হইল সে জগন্নাথ-ঘরে। দেব অনন্তেহ তাহা নারে বর্ণিবারে ॥ ২৭১
ন-কেবল শচীগৃহে, সর্ব-নদীয়ায়। যে আনন্দ হৈল, তাহা কহন না যায় ॥ ২৭২
কি নগরে, কি বাজারে, কিবা গঙ্গাতীরে। নিরবধি সর্ব-লোক হরি-ধ্বনি করে' ॥ ২৭৩
জন্মযাত্রা-মহোৎসব, নিশায় গ্রহণে। আনন্দে করয়ে, কেহ মর্ম নাহি জানে ॥ ২৭৪
চৈতন্যের জন্মযাত্রা—ফাল্গুনী-পূর্ণিমা। ব্রহ্মাদিহ এ-তিথির করে' আরাধনা ॥ ২৭৫
পরম-পবিত্র তিথি ভক্তি-স্বরূপিণী। যঁহি অবতীর্ণ হৈলা গৌর দ্বিজমণি ॥ ২৭৬

---

১ (৭ম—৯ম) শিশুর হইব সর্ব কর্ম [খ], (১০ম)-ধর্ম [ক]; ২ (৫ম) মঙ্গল [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ] (৬ষ্ঠ) ইহার [ঙ, চ], (১২শ) ব্যাখ্যান [খ, জ, ঞ], বিচার [ঙ, চ]; ৩ (৩য়), মিশ্র পুরন্দর [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ], (৯ম) বহুত [খ, ঘ, ঙ, চ], (১০ম) কল্যাণ [চ]; ৪ (৭ম) হইল [গ, ঘ, ঙ, জ, ঝ], ৫ (৮ম) পরমানন্দ [ক, ছ]; ৭ (৭ম) দ্বিজে [ঙ], ৮ (৯ম) মিশ্রচন্দ্র [ক, খ, গ, জ, ঝ, ঞ], ৯ (৭ম)-গণ [ক, গ, ঘ, চ, ছ, জ, ঞ]। ১০ (৭ম) বংশী [খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ], কাঁসি [ঙ, চ]; ১২ (১ম) দেব-নারী [চ], (২য়) নর-নারী [চ], (৫ম চিহ্নিতে [খ]; ১৩ (১ম) দেবনারী [ঘ, ঙ, চ] (২য়) সব হাথে [ক, গ, ঘ, ছ, জ, ঞ], সভে হাথে [ঙ, চ], (৫ম) আসি' [ছ, ঞ], (৫ম, ৬ষ্ঠ) আশীর্বাদে [ঙ], (৯ম) করিঞা [ক]; ১৪ (৪র্থ) প্রকাশ [ক, খ, গ, ঘ, চ, জ, ঝ, ঞ] ১৬ (২য়) পায়ের ধূলি [ঙ], (৪র্থ) নারীগণ [চ]; ১৭ (৬ষ্ঠ—১০ম) ''বেদেতে অনন্তে তাহা বর্ণিতে না পারে ॥'' [ঘ, ঙ, ঝ, ঞ] ১৮ (১ম,) লোকে বোলে [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ] ১৯ (৪র্থ) চত্বরে [ক, খ, গ, ঙ, ঝ], সহরে [ঞ], (৮ম) চতুর্দিকে [ক]; ২০ (১ম) কৃষ্ণযাত্রা-[ক], (২য়) মিলন [খ], (৬ষ্ঠ) সভে [চ], (৭ম) জন্ম [ছ]; ২২ (১ম)-বিচিত্র [খ], (৩য়) মুক্তি-[খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ], (৬ষ্ঠ, ৭ম) হইলেন দ্বিজমণি [ক, গ, ছ, জ, ঝ, ঞ]।

নিত্যানন্দ-জন্ম মাঘী-শুক্লা-ত্রয়োদশী। গৌরচন্দ্র-প্রকাশ ফাল্গুনী-পৌর্ণমাসী॥ ২৭৭
সর্ব-যাত্রা-মঙ্গল এ দুই পুণ্য-তিথি। সর্ব-শুভ-লগ্ন অধিষ্ঠান হয় ইথি॥ ২৭৮
এতেকে এ-দুই তিথি করিলে সেবন। কৃষ্ণভক্তি হয়, খণ্ডে' অবিদ্যা-বন্ধন॥ ২৭৯
ঈশ্বরের জন্ম-তিথি যে-হেন পবিত্র। বৈষ্ণবের সেইমত তিথির চরিত্র॥ ২৮০
গৌরচন্দ্র-আবির্ভাব শুনে যেই জনে। কভু দুঃখ নহে তা'র জন্মে বা মরণে॥ ২৮১
শুনিলে চৈতন্য-কথা ভক্তিফল ধরে'। জন্মে জন্মে চৈতন্যের সংহতি বিহরে'॥ ২৮২
আদিখণ্ড-কথা বড় শুনিতে সুন্দর। যঁহি অবতীর্ণ গৌরচন্দ্র-মহেশ্বর॥ ২৮৩
এ-সব লীলার কভু নাহি পরিচ্ছেদ। 'আবির্ভাব' 'তিরোভাব' মাত্র কহে বেদ॥ ২৮৪
চৈতন্য-কথার আদি-অন্ত নাহি দেখি। তাহান কৃপায় যে বোলান, তাহা লেখি॥ ২৮৫
ভক্তসঙ্গে গৌরচন্দ্র-পাদে নমস্কার। ইথে অপরাধ কিছু নহুক আমার॥ ২৮৬
শ্রীচৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ২৮৭

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীগৌরচন্দ্রস্য জন্মযাত্রা-
কোষ্ঠীগণনাদি-বর্ণনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২

---

১ (৩য়) গৌরচন্দ্র অবতীর্ণ [ঙ]; ২ (১ম) জন্ম-যাত্রা- [ছ], (১ম--৩য়) -সুমঙ্গল এই [ঙ], (৫ম) সর্ব-সুলক্ষণ [চ]; (৮ম) তথি [চ]; ৩ (৫ম) পূজন [ঙ, চ], (৬ষ্ঠ) কৃষ্ণে ভক্তি [ঝ]; ৪ (৩য়) হেন সে [চ]; ৬(৮ম ৯ম) সঙ্গে অবতরে [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ৭ (৫ম--৭ম) "যাহাতে জন্মিলা প্রভু গৌরাঙ্গ-সুন্দর॥" [ঘ, চ,], (৭ম) গৌরাঙ্গ- [ছ]; ৮ (২য়) কথার [ক], (৮ম) এই [ক, ঞ); ১০(২য়) গৌরচন্দ্রের পা'য়ে [ক, ঙ, জ], গৌরচন্দ্রে মোর [ছ] (৭ম) না হউক [গ]; ১১ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-, (২য়--৩য়) জান [ক, গ, ঘ; ঙ; জ; ঝ; ঞ]।

তৃতীয় অধ্যায়

জয় জয় কমল-নয়ন গৌরচন্দ্র। জয় জয় তোমার যতেক ভক্তবৃন্দ॥ ১
হেন শুভ-দৃষ্টি প্রভু! কর' অমায়ায়। অহর্নিশ চিত্ত যেন ভজয়ে তোমায়॥ ২
হেন মতে প্রকাশ হইলা গৌরচন্দ্র। শচী-গৃহে দিনে দিনে বাঢ়য়ে আনন্দ॥ ৩
পুত্রের শ্রীমুখ দেখি' ব্রাহ্মণী ব্রাহ্মণ। আনন্দ-সাগরে দোঁহে ভাসে অনুক্ষণ॥ ৪
ভাইরে দেখিয়া বিশ্বরূপ ভগবান্। হাসিয়া করেন কোলে আনন্দের ধাম॥ ৫
যত আপ্তবর্ণ আছে সর্ব-পরিকরে। অহর্নিশ সভে থাকি' বালকে আবরে॥ ৬
কেহো 'বিষ্ণুরক্ষা' কেহো 'দেবীরক্ষা' পঢ়ে। মন্ত্র পঢ়ি' ঘর কেহো চারিদিগ্ বেঢ়ে॥ ৭
তাবত কান্দেন প্রভু কমল-লোচন। হরিনাম শুনিলে রহেন ততক্ষণ॥ ৮
পরম সঙ্কেত এই সভে বুঝিলেন। কান্দিলেই হরিনাম সভেই লয়েন॥ ৯
সর্ব-লোকে আবরিয়া থাকে সর্বক্ষণ। কৌতুক করয়ে যে রসিক দেবগণ॥ ১০
কোনো দেব অলক্ষিতে গৃহেতে সান্ভায়। ছায়া দেখি' সভে বোলে, 'এই চোর যায়'॥ ১১
'নরসিংহ নরসিংহ' কেহো করে' ধ্বনি। অপরাজিতার স্তোত্র কারো মুখে শুনি॥ ১২
নানা-মন্ত্রে কেহো দশদিগ্ বন্ধ করে'। উঠিল পরম কলরব শচী-ঘরে॥ ১৩
প্রভু দেখি' গৃহের বাহিরে দেব যায়। সভে বোলে, 'এই জাত-হারিণী পলায়'॥ ১৪
সভে বোলে, 'ধর ধর এই চোর যায়'। 'নৃসিংহ নৃসিংহ' কেহো ডাকয়ে সদায়॥ ১৫
কোন ওঝা বোলে, 'আজি এড়াইলি ভাল। না জানিস্ নৃসিংহের প্রতাপ বিশাল'॥১৬
সেইখানে থাকি' দেব হাসে অলক্ষিতে। পরিপূর্ণ হইল মাসেক এইমতে॥ ১৭
বালক-উত্থান-পর্বে যত নারীগণ। শচী-সঙ্গে গঙ্গা-স্নানে করিলা গমন॥ ১৮
বাদ্য-গীত-কোলাহলে করি' গঙ্গা-স্নান। আগে গঙ্গা পূজি' তবে গেলা 'ষষ্ঠী-স্থান'॥ ১৯

---

১ এই পংক্তির পূর্বে ঘ-পুঁথিতে অধিক পাঠ—"রাগ সিন্ধুড়া" (৩য়)-নয়ান [গ, জ, ঝ], (৫ম—৯ম) "দান দেহ' হৃদয়ে তোমার পদদ্বন্দ॥" [খ, ঙ], (৬ষ্ঠ) যত [চ], (৮ম) প্রেমের [গ, ঘ, জ, ঝ, ঞ]; এই পংক্তির পর ঙ-পুঁথিতে অধিক পাঠ—"জয় জয় তোমার প্রেমের ভক্তবন্দ। জয় জয় ভক্তাধীন-দেব কীর্তনানন্দ॥"; ২ (২য়) কৃপা-[ঞ], (৪র্থ) করহ [খ, গ, ঙ, ছ, ঞ], (৬ষ্ঠ) অহর্নিশি [ক, খ, ঘ, ছ, জ, ঞ], (৯ম) বৈসয়ে [ঙ, চ, জ], বসয়ে [ঝ]; ৪ (৬ষ্ঠ, ৭ম)-সাগর-মাঝে [ক, ছ]; ৬ (৭ম) আসি' [ঘ], মেলি' [চ]; ৮ (১ম) অবিরত [ক], (৪র্থ) শ্রীশচীনন্দন [ঘ, ঙ],-নয়ন [ছ]; ৯ (৫ম) জানিলেন [চ]; ১০ (৩য়) রহে [গ, ঙ, চ]; ১১ (৫ম) সান্ধায় [ঞ]; ১২ (১ম—৪র্থ) উচ্চস্বরে করে কেহ নরসিংহ [ঘ], (৭ম, ৮ম) স্তব কারু [ছ]; ১৩ (৪র্থ) বন্দি [ক], (৬ষ্ঠ—৯ম) "উঠে কলরব শচীদেবীর মন্দিরে॥" [ঘ], (৮ম) মঙ্গল [ক]; ১৪ (৪র্থ) ভিতরে [চ], (১০ম) যত ডাকিনী [চ]; ১৫ "নৃসিংহ নৃসিংহ' কেহ করয়ে সদায়। ভয়ে কোন কোন জন 'রক্ষামন্ত্র' গায়॥" [চ]; ১৬ (১ম) কেহ [খ, ঞ], (১ম—৬ষ্ঠ) "সবে বলে, 'এইমত আসে ও পালায়।" [ঞ], (৮ম—১১শ) "নরসিংহ' বলি' কেহ ডাকে উভরায়।" [ছ]। ১৭ (১ম) সেইক্ষণে [গ], (২য়) দেখি' [চ], (৯ম) হেনমতে [ছ]; ১৮ (১ম)-পূর্বে [ক, ঘ, চ, ছ, ঝ]; ১৯ (১ম)-নত্য-[ক], (৭ম) পাছে [ঙ]।

যথাবিধি পূজি', সব দেবের চরণ। আইলেন গৃহে পরিপূর্ণ নারীগণ॥ ২০
খৈ,কলা, দধি, তৈল, সিন্দূর, গুয়া, পান। সভারে দিলেন আই করিয়া সম্মান॥ ২১
বালকেরে আশিসিঞা সর্ব-নারীগণ। চলিলেন গৃহে, বন্দি' আইর চরণ॥ ২২
হেন মতে বৈসে প্রভু আপন-লীলায়। কে তানে জানিতে পারে, যদি না জানায়॥ ২৩
করাইতে চাহে প্রভু আপন-কীর্তন। এতদর্থে করে' প্রভু সঘনে রোদন॥ ২৪
যত মতে প্রবোধ করয়ে নারীগণ। প্রভু পুনঃপুন করি' করয়ে ক্রন্দন॥ ২৫
'হরি হরি' বলি' যদি ডাকে সর্বজনে। তবে প্রভু হাসি' চাহে শ্রীচন্দ্রবদনে॥ ২৬
জানিঞা শিশুর চিত্ত সর্বজনে মিলি'। সদাই বোলেন 'হরি' দিয়া করতালি॥ ২৭
আনন্দে করয়ে সভে হরি-সংকীর্তন। আর নাহি কান্দে প্রভু, হাসে ঘনে ঘন॥ ২৮
সভে বোলে, 'এই শিশু মানুষ কভু নহে। বৈষ্ণব হইব বড়—এই চিত্তে লয়ে'॥ ২৯
কৌতুকেই সভে 'হরি' বোলে অনুক্ষণ। হরিনামে পূর্ণ হৈল শচীর ভবন॥ ৩০
এইমতে বৈসে প্রভু জগন্নাথ-ঘরে। গুপ্তভাবে গোপালের প্রায় কেলি করে॥ ৩১
যে সময়ে যখন না থাকে কেহ ঘরে। যে কিছু থাকয়ে ঘরে সব বিচারে॥ ৩২
বিচারিয়া সকল ফেলায় চারি-ভিতে। সর্ব-ঘর ভরে' তৈল, দুগ্ধ, ঘোল, ঘৃতে॥ ৩৩
জননী আইসে হেন জানিয়া আপনে। শয়নে আছয়ে প্রভু করয়ে রোদনে॥ ৩৪
'হরি হরি' বলিয়া সান্ত্বনা করে' মা'য়। ঘরে দেখে সর্বদ্রব্য গড়াগড়ি যায়॥ ৩৫
কে ফেলিল সর্বগৃহে ধান্য, চালু, মুদ্গ। ভাণ্ডের সহিত দেখে ভাঙ্গা দধি-দুগ্ধ॥ ৩৬
সবে চারি-মাসের বালক আছে ঘরে। কে করিল হেন কর্ম বুঝিতে না পারে॥ ৩৭
সব পরিজন আসি' মিলিলা তথায়। মনুষ্যের চিহ্নমাত্র কেহো নাহি পায়॥ ৩৮
কেহো বোলে,দানব আসিয়াছিল ঘরে। রক্ষা লাগি শিশুরে নারিল লঙ্ঘিবারে॥ ৩৯
শিশু লঙ্ঘিবারে না পারিয়া ক্রোধ-মনে। অপচয় করি' পলাইল নিজ-স্থানে॥ ৪০
মিশ্র-জগন্নাথ দেখি' চিত্তে বড় ধন্দ। দৈব হেন জানি কারে না বলিলা মন্দ॥ ৪১
দৈব-অপচয় দেখি' দুইজনে চায়। বালকে দেখিয়া কোন দুঃখ নাহি পায়॥ ৪২
এইমত প্রতিদিন করয়ে কৌতুক। নাম-করণের কাল হইল সন্মুখ॥ ৪৩

---

১ (১ম-২য়) পূজা,স্তুতি করি [ক]; ২(১০ম) শচী [ঙ], আনি' [ঞ]; ৩ (২য়) প্রশংসিয়া [খ], আশংসিয়া [গ, ঘ, জ]; ৪(২য়) রমে [কচিৎ পাঠ], (৪র্থ) গায়ায় [ক, খ, গ, ঙ]; ৫(৮ম) আপনে [চ], শয়নে [ঞ], (৯ম) ক্রন্দন [ঙ, চ]; ৬(১ম) যে তে [ঘ, ছ,], (২য়) -মত [ঙ], ৮(২য়) প্রভুর [ঝ, ঞ], (৩য়) রীত [ঘ], (৪র্থ) সর্ব-নারী [ঙ, ছ]; ১১(১০ম) অঙ্গন [ঝ]; ১২(৮ম) ক্রীড়া [ক, ঙ]; ১৩(৩য়--৬ষ্ঠ) লোকজন না থাকয়ে [ঙ], কোনজন না থাকয়ে [ঞ], (১০ম) বিথারে [গ, ঞ]; ১৪(১ম) বিথারিয়া [ঞ], (৩য়) পেলায় [ক, ঙ, চ, জ], (৭ম, ৮ম) দুগ্ধ, লোণ [খ, গ, ঙ, জ], (৯ম,১০ম) নবনীতে [চ]; ১৫ (১০ম) ক্রন্দনে [ক]; ১৬(৭ম) গৃহে [চ]; ১৮ (৭ম) ফেলিল [ছ, জ, ঞ], (৯ম) কেহো [ঙ, ছ, জ, ঞ]; ১৯ (১ম, ২য়) সর্ব-বন্ধুজন [চ]; ২১(৪র্থ) পাইয়া [খ, গ, ঞ], (৯ম) কোন থানে [ঞ]; ২২ (১ম)-পুরন্দর [খ], (৯ম) কিছু [খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ-]; ২৩ (২য়) জানি [চ]; ২৪ (৬ষ্ঠ) দিন [ছ]।

নীলাম্বর- চক্রবর্তী- আদি বিদ্যাবান্। সর্ব- বন্ধুগণের হইল উপস্থান ॥ ৪৪
মিলিলা বিস্তর আসি' পতিব্রতাগণ। লক্ষ্মীপ্রায় দীপ্তা সভে সিন্দূর-ভূষণ ॥ ৪৫
নাম থুইবারে সভে করয়ে বিচার। স্ত্রীগণ বোলয়ে এক, অন্যে বোলে আর ॥ ৪৬
"ইহান অনেক জ্যেষ্ঠ কন্যা পুত্র নাঞি। শেষে যে জন্ময়ে তার নাম সে নিমাঞি ॥ ৪৭
বোলেন বিদ্বান্ সভে করিয়া বিচার। এক নাম যোগ্য হয় থুইতে ইঁহার ॥ ৪৮
এ শিশু জন্মিলে মাত্র সর্ব-দেশে-দেশে। দুর্ভিক্ষ ঘুচিল, বৃষ্টি পাইল কৃষকে ॥ ৪৯
জগত হইল সুস্থ ইহান জনমে। পূর্বে যেন পৃথিবী ধরিলা নারায়ণে ॥ ৫০
অতএব ইহান 'শ্রীবিশ্বম্ভর' নাম। কুলদীপ কোষ্ঠীতেহ লিখিল ইহান ॥ ৫১
'নিমাঞি' যে বলিলেন পতিব্রতাগণ। সেহো নাম দ্বিতীয় ডাকিব সর্বজন ॥" ৫২
সর্ব-শুভক্ষণ নামকরণ-সময়ে। গীতা, ভাগবত, বেদ ব্রাহ্মণ পড়য়ে ॥ ৫৩
দেবগণে নরগণে করয়ে মঙ্গল। হরিধ্বনি, শঙ্খ, ঘণ্টা বাজয়ে সকল ॥ ৫৪
ধান্য, পুঁথি, খড়ি, স্বর্ণ রজতাদি যত। ধরিতে আনিঞা সব কৈলা উপনীত ॥ ৫৫
জগন্নাথ বোলে, "শুন বাপ বিশ্বম্ভর! যাহা চিত্তে লয়, তাহা ধরহ সত্বর ॥" ৫৬
সকল ছাড়িয়া প্রভু শ্রীশচীনন্দন। 'ভাগবত' ধরিঞা দিলেন আলিঙ্গন ॥ ৫৭
পতিব্রতাগণে 'জয়' দেয় চারিভিত। সভেই বোলেন, 'বড় হইব পণ্ডিত' ॥ ৫৮
কেহো বোলে, 'শিশু হৈব পরম বৈষ্ণব। অল্পে সর্ব-শাস্ত্রের জানিব অনুভব' ॥ ৫৯
যে-দিগে হাসিয়া প্রভু চাহে বিশ্বম্ভর। আনন্দে সিঞ্চিত হয় তা'র কলেবর ॥ ৬০
যে করয়ে কোলে, সে-ই এড়িতে না জানে। দেবের দুর্লভ কোলে করে' নারীগণে ॥ ৬১
প্রভু যেই কান্দে, সেইক্ষণে নারীগণ। হাথে তালি দিয়া করে' হরি-সংকীর্তন ॥ ৬২
শুনিয়া নাচেন প্রভু কোলের উপরে। বিশেষে সকল-নারী হরিধ্বনি করে' ॥ ৬৩
নিরবধি সভার বদনে হরিনাম। ছলে বোলায়েন প্রভু—হেন ইচ্ছা তান ॥ ৬৪
'তান ইচ্ছা বিনা কোন কর্ম সিদ্ধ নহে'। বেদে শাস্ত্রে ভাগবতে এই তত্ত্ব কহে ॥ ৬৫

---

১ (৩য়) সকল [ক], (৫ম) আধিষ্ঠান [ক]; ২ (৬ষ্ঠ, ৭ম) দীপ্তি করে [খ]; ৪ (৯ম, ১০ম) জন্মিল তেঁহ [ক্বচিৎ পাঠ]; ৫ (৬ষ্ঠ) দুই [ক], (১০ম) রাখিতে [চ, ঞ]। ৬ (৩য়) জন্মিতে [ক, জ, ঞ], জন্মিবা [ছ]; ৭ (৩য়) পুষ্ট [ঙ], স্থির [চ]; ৮ "অতএব ইহার নাম—শ্রীবিশ্বম্ভর। কুলদীপ কোষ্ঠীতে দেখিল দ্বিজবর ॥" [ক], (৫ম) কুল-প্রদীপ [ঙ], কুল-দ্বিপ [চ], কুলদ্বীপ [জ, ঞ], (৫ম—৭ম) কুলদীপ্ত করে কোষ্ঠী লিখন [খ], (৭ম) লিখন [ক্বচিৎ পাঠ]; ৯ (৭ম, ৮ম) পৃথিবীতে ঘুষিব [খ]; ১০ (১ম)-সুলক্ষণ [ঙ, চ]; ১১ (৩য়) একত্র [ক, গ, ঘ, ছ, জ, ঞ]; ১২ (৩য়, ৪র্থ) খৈ, কড়ি [ঞ]; ১৩ (৪র্থ) বাপু [ঘ], (৮ম) লাগে [গ, ছ]; ১৪ (২য়) চাহিঞা [ক], শুনিয়া [চ]; ১৬ (৪র্থ, ৫ম] বড় হইব [ক, খ, গ, ঙ, ছ, জ], ১৭ (৭ম) শীতল [গ], পূর্ণিত [ঙ]; ১৮ (৫ম) ছাড়িতে [চ], (৮ম) বেদের [গ, ঘ, চ], (১২শ) জনে জনে [খ]; ১৯ (১ম—৫ম) 'যখন কান্দেন শিশু তখন নারী-গণে।' [ঙ], (৯ম, ১০ম) করেন কীর্তন [ক], (১০ম) কৃষ্ণ-[চ]; ২০ (২য়) নাচয়ে [ক, ঙ, চ], (৩য়) শিশু [ক[, (৬ষ্ঠ) দেখি সে [চ]; ২১ (১ম) হেনমতে [ঙ]; ২২ (৬ষ্ঠ) সিদ্ধি [ছ], (১২শ) কথা [ঙ]।

এইমতে করাইয়া নিজ-সংকীর্তন। দিনে-দিনে বাঢ়ে প্রভু শ্রীশচীনন্দন ॥ ৬৬
জানুগতি চলে প্রভু পরম-সুন্দর। কটিতে কিঙ্কিণী বাজে অতি মনোহর ৬৭ ॥
পরম-নির্ভয়ে সর্ব-অঙ্গনে বিহরে। কিবা অগ্নি, সর্প,—যাহা দেখে, তাহা ধরে ॥ ৬৮
একদিন এক সর্প বাড়ীতে বেড়ায়। ধরিলেন সর্পে প্রভু বালক-লীলায় ॥ ৬৯
কুণ্ডলী করিয়া সর্প রহিল বেড়িয়া। ঠাকুর থাকিলা সর্প-উপরে শুইয়া ॥ ৭০
আথে-ব্যথে সভে দেখি' 'হায় হায়' করে'। শুতিয়া হাসেন প্রভু সর্পের উপরে ॥ ৭১
'গরুড়' 'গরুড়' বলি' ডাকে সর্বজন। পিতামাতা-আদি ভয়ে করয়ে ক্রন্দন ॥ ৭২
চলিলা 'অনন্ত' শুনি' সভার ক্রন্দন। পুন ধরিবারে যায় শ্রীশচীনন্দন ॥ ৭৩
ধরিয়া আনিঞা সভে করিলেন কোলে। 'চিরজীবী হও' করি নারীগণ বোলে ॥ ৭৪
কেহো রক্ষা বান্ধে, কেহো পড়ে স্বস্তি-বাণী। কেহো অঙ্গে দেয় বিষ্ণুপাদোদক আনি' ॥৭৫
কেহো বোলে, বালকের পুনর্জন্ম হৈল'। কেহো বোলে, জাতি-সর্প তেঞি না লজ্ঘিল ॥৭৬
হাসে প্রভু গৌরচন্দ্র সভারে চাহিয়া। পুনঃপুন যায়, সভে আনয়ে ধরিয়া ॥ ৭৭
ভক্তি করি' যে এ-সব বেদ-গোপ্য শুনে। সংসার-ভুজঙ্গ তারে না করে দংশনে ॥ ৭৮
এইমত দিনে দিনে শ্রীশচীনন্দন। হাঁটিয়া করেন প্রভু অঙ্গনে ভ্রমণ ॥ ৭৯
জিনিঞা কন্দর্প-কোটি সর্বাঙ্গের রূপ। চান্দেরো লাগয়ে সাধ দেখিতে সে মুখ ॥ ৮০
সুবলিত-মস্তকে চাঁচর ভাল কেশ। কমল-নয়ান,—যেন গোপালের বেশ ॥ ৮১
আজানুলম্বিত ভুজ, অরুণ অধর। সকল-লক্ষণ-যুত বক্ষ সুপীবর ॥ ৮২
সহজে অরুণ-গৌর দেহ মনোহর। বিশেষে অঙ্গুলি, কর, চরণ সুন্দর ॥ ৮৩
বালক-স্বভাবে প্রভু যবে চলি' যায়। রক্ত পড়ে হেন, দেখি' মা'য়ে ত্রাস পায় ॥ ৮৪
দেখি' শচী-জগন্নাথ বড়ই বিস্মিত। নির্ধন, তথাপি দোঁহে মহা-আনন্দিত ॥ ৮৫
কাণাকাণি কহে দোঁহে নির্জনে বসিয়া। "কোন মহাপুরুষ বা জন্মিলা আসিয়া ॥ ৮৬
হেন বুঝি,—সংসার-দুঃখের হৈল অন্ত। জন্মিলা আমার ঘরে হেন গুণবন্ত ॥ ৮৭

---

২ (১ম) জানু পাতি [চ, ঞ], (৭ম)-ধ্বনি [ক, খ, গ, ঙ, চ](৮ম), বাজে [ক, খ, গ, চ]; ৩ (১ম) -নির্ভয় [চ]; ৪ (৭ম, ৮ম) কাল-সর্প [খ]; ৫ (৯ম) শুতিয়া [ক, ঙ, চ, ছ, জ, ঝ], বসিয়া [ঘ]; ৬ (১ম) অতি- [ক], আস্তে ব্যস্তে [খ, ঙ, চ, ছ, ঞ], (৭ম) শুইয়া [খ, গ, জ, ঝ, ঞ], বসিয়া [ঘ], শুনিয়া [ছ]; ৭ (৭ম) সভে [গ, ঙ, চ], (৭ম—৯ম) ধায় কান্দে সর্ব-জন [ঞ]; ৮ (১ম—৫ম) "প্রভুরে এড়াইয়া সর্প পলায় তখন।" [ঝ]; ৯ (৬ষ্ঠ) চিরঞ্জীবী [ঘ]; (৮ম) বলি [ক্বচিৎ পাঠ]১০ (৬ষ্ঠ) স্তুতি- [ক, খ, ঘ, ঙ, চ, ছ, ঞ], (৯ম) দেই [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ১১(১১শ) দংশিল [ক]; ১২ (৬ষ্ঠ) পুন বলে [ক, খ, গ, ঙ, চ, জ], পুনর্বার [ঘ]; ১৩ (৫ম) -গুহ্য [চ], (১১) লজ্ঘনে [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (৩য়, ৪র্থ) রূপ মনোলোভা, (১০ম) শোভা [ক্বচিৎ পাঠ]; ১৬ (১ম) সুললিত- [ঙ]; ১৭ (৭ম) পরিসর [ঝ, ঞ], মনোহর [ঙ]; ১৮ (২য়, ৩য়) -অঙ্গ গৌর [ঞ]; ১৯ (১ম) বালকানুভাবে [ক, ছ]-প্রভাবে [ঘ] (৮ম) যেন [ক্বচিৎ পাঠ]; ২০ (৪র্থ) দুঃখিত [ক্বচিৎ পাঠ], (৭ম, ৮ম) দুই বড়- [খ, গ]; ২১ (২য়) করে, (৩য়) রহে [গ]; ২২ (৩য়) দুঃখের-সংসার [ঙ]।

এমত শিশুর রীতি কভু নাহি শুনি। নিরবধি নাচে হাসে, শুনি' হরিধ্বনি ॥ ৮৮
তাবত ক্রন্দন করে', প্রবোধ না মানে। বড় করি' হরিধ্বনি যাবত না শুনে" ॥ ৮৯
উষঃকাল হৈতে আসি যত নারীগণ। বালকে বেঢ়িয়া সভে করে' সংকীর্তন ॥ ৯০
'হরি' বলি' নারীগণ দেয় করতালি। নাচে গৌরসুন্দর বালক কুতূহলী ॥ ৯১
গড়াগড়ি যায় প্রভু ধূলায় ধূসর। হাসি' উঠে জননীর কোলের উপর ॥ ৯২
হেন অঙ্গ-ভঙ্গী করি' নাচে গৌরচন্দ্র। দেখিয়া সভার হয় অতুল আনন্দ ॥ ৯৩
হেনমতে শিশু-ভাবে হরি-সংকীর্তন। করায়েন প্রভু, নাহি বুঝে কোন জন ॥ ৯৪
নিরবধি ধায় প্রভু কি ঘরে বাহিরে। পরম-চঞ্চল, কেহো ধরিতে না পারে' ॥ ৯৫
একেশ্বর বাড়ীর বাহিরে প্রভু যায়। খই, কলা,সন্দেশ,—যা' দেখে, তা'ই চায় ॥ ৯৬
দেখিয়া প্রভুর রূপ পরম-মোহন। যে-জনে না চিনে, সেহ দেয় ততক্ষণ ॥ ৯৭
সভেই সন্দেশ-কলা দেয় প্রভু-করে। পাইয়া সন্তোষে প্রভু আইসেন ঘরে ॥ ৯৮
যে-সকল স্ত্রীগণে গায়েন হরিনাম। তা'সভারে আনি' সব করেন প্রদান ॥ ৯৯
বালকের বুদ্ধি দেখি' হাসে সর্বজন। হাথে তালি দিয়া 'হরি' বোলে অনুক্ষণ ॥ ১০০
কি বিহানে, কি মধ্যাহ্নে, কি রাত্রি, সন্ধ্যায়। নিরবধি বাড়ীর বাহিরে প্রভু যায় ॥ ১০১
নিকটে বসয়ে যত বন্ধুবর্গ ঘরে। প্রতিদিন কৌতুকে আপনে চুরি করে' ॥ ১০২
কারো ঘরে দুগ্ধ পিয়ে, কারো ভাত খায়। হাঁড়ি ভাঙ্গে, যার ঘরে কিছুই না পায় ॥ ১০৩
যার ঘরে শিশু থাকে, তাহারে কান্দায়। কেহো দেখিলেই মাত্র উঠিয়া পালায় ॥ ১০৪
দৈবযোগে কেহো যদি পারে' ধরিবারে। তবে তার পা'য়ে ধরি' করে' পরিহারে ॥ ১০৫
"এবার ছাড়হ মোরে, না আসিব আর। আর যদি চুরি করোঁ, দোহাই তোমার" ॥ ১০৬
দেখিয়া শিশুর বুদ্ধি সভেই বিস্মিত। রুষ্ট নহে কেহো, সভেই করেন পিরীত ॥ ১০৭
নিজ-পুত্র হইতেও সভে স্নেহ করে'। দরশন-মাত্রে সর্ব-চিত্ত-বৃত্তি হরে' ॥ ১০৮
এই মত রঙ্গ করে' বৈকুণ্ঠের রায়। স্থির নহে এক-ঠাঞি, বুলয়ে সদায় ॥ ১০৯

---

১ (১ম) এমন (ক, খ, ঝ], (৩য়) রূপ [ক], রীত [খ, ঙ, ছ, জ], (৪র্থ, ৫ম) কোথাও না [ঞ], (৬ষ্ঠ) দেখি [খ, ঙ], (৮ম—১১শ) হরি বলি' নাচে হঞা সুখী [ঙ]; ২ (৪র্থ—৬ষ্ঠ) না হয় নিবর্তনে [চ], (১০শ—১২শ) শুনে যতক্ষণে [ক, গ, ঘ, চ, জ], না শুনে যতক্ষণে [ছ]; ৩ (২য়) হইলে [খ, চ, জ], ৪ (৪র্থ) দেই [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ], (৮ম) হইয়া [ছ]; ৬ (২য়) রঙ্গী-[চ], রঙ্গ-ভঙ্গ [ছ]; ৭ (৭ম) জানে [চ]; ৮ (২য়) যায় [ক, ঞ], (২য়—৫ম) ছুটি যায় ঘরে আর [কচিৎ পাঠ]; ৯ (৪র্থ) কভু [ঙ] (৬ষ্ঠ—১২শ) "হায় হায় করি শচী কান্দি' বাহিরায় ॥" [ঙ]। (১১শ) তাহা [ক, খ, গ, ছ, ঞ], (১২শ) খায় [চ], ১০ (৪র্থ) মদন [ক]; ১১ (২য়)-নাড়ু [খ], (৩য়—৪র্থ) খই দেন করে [ক], দেয়েন প্রভুরে [জ, ঝ], (৬ষ্ঠ) সন্দেশ [চ]; ১২ (৫ম—৯ম) "ভালভাবে আনি' করে আসন-প্রদান ॥" [ক], ১৩ (১১শ) সর্বক্ষণ [ঙ, চ, ছ, জ]; ১৪ (১২শ) ধায় [গ]; ১৫ (২য়) বৈসয়ে [খ, ঘ, ঙ, জ,]; ১৭ (৬ষ্ঠ) কিলায় [ছ] (১০ম) এড়িঞা [খ]; ১৮ (৪র্থ) পায় [খ]; ১৯ (২য়,৩য়) ছাড়িহ দেহ' [চ], (৮ম) যবে [গ]; ২০ (৫ম) হরষিত [ক]; ২১ (২য়—৪র্থ) হৈতে সভে মহা-প্রীত [চ], (৭ম)-বিত্ত [ঙ, ঞ]।

এক দিন প্রভুরে দেখিয়া দুই চোরে। যুক্তি করে' কা'র শিশু বেড়ায় নগরে' ৷১১০
প্রভুর শ্রীঅঙ্গে দেখি' দিব্য-অলঙ্কার। হরিবারে দুই চোরে চিন্তে পরকার ॥ ১১১
'বাপ! বাপ!' বলি' এক চোরে নৈল কোলে। 'এতক্ষণ কোথা ছিলা ?, আর চোর বোলে
'ঝাট্ ঘরে আইস বাপ!' বোলে দুই চোরে। হাসিয়া বোলেন প্রভু, 'চল যাই ঘরে' ॥ ১১৩
আথে-ব্যথে কোলে করি' দুই চোর ধায়। লোকে বোলে, 'যার শিশু সে-ই লঞা যায়'॥১১৪
অর্বুদ অর্বুদ লোক, কেবা কা'রে চিনে। মহা-হৃষ্ট চোর অলঙ্কার-দরশনে ॥ ১১৫
কেহো মনে ভাবে' 'মুঞি নিমু তাড়-বালা'। এইমতে দুই চোরে যায় মনকলা ॥ ১১৬
দুই চোর চলি'যায় নিজ-মর্ম-স্থানে। । স্কন্ধের উপরে হাসি' যা'ন ভগবানে ॥ ১১৭
এক-চোর প্রভুরে সন্দেশ দেয় করে। আর চোর বোলে, 'এই আইলাঙ ঘরে'॥ ১১৮
এইমত ভাণ্ডিয়া অনেক দূরে যায়। এথা যত আপ্তগণ চাহিয়া বেড়ায় ॥ ১১৯
কেহো বোলে, 'আইস আইস বিশ্বম্ভর!' কেহো ডাকে 'নিমাঞি!' করিয়া উচ্চস্বর ॥১২০
পরম ব্যাকুল হইলেন সর্বজন। জল বিনা যেন হয় মীনের জীবন ॥ ১২১
সভে সর্বভাবে নৈলা গোবিন্দ-শরণ। প্রভু লঞা যায় চোর আপন-ভবন ॥ ১২২
বৈষ্ণবী মায়ায় চোর পথ নাহি চিনে। জগন্নাথ-ঘরে আইল নিজ-ঘর-জ্ঞানে ॥ ১২৩
চোর দেখে 'আইলাঙ নিজ-মর্ম-স্থানে'। অলঙ্কার হরিতে হইল সাবধানে ॥ ১২৪
চোর বোলে, 'নাম্ব বাপ! আইলাঙ ঘর'। প্রভু বোলে, 'হয় হয়, নাম্বাহ সত্বর'॥ ১২৫
যেখানে সকল-গণে মিশ্র-জগন্নাথ। বিষাদ ভাবেন সভে মাথে দিয়া হাথ ॥ ১২৬
মায়ামুগ্ধ চোর ঠাকুরেরে সেই-স্থানে। স্কন্ধ হৈতে নামাইল নিজ-ঘর-জ্ঞানে ॥ ১২৭
নামিলেই মাত্র প্রভু গেলা পিতৃ-কোলে। মহানন্দ করি' সভে 'হরি হরি' বোলে ॥ ১২৮
সভার হইল অনির্বচনীয় রঙ্গ। প্রাণ আসি দেহে হইল যেন সঙ্গ ॥ ১২৯

---

১ (৩য়,৪র্থ) হরিয়াছিল [চ]; ৩ (৬ষ্ঠ) কৈল [ক, খ, গ, ঘ, চ, ঞ], করে' [ঙ]; ৪ ("হাসি বোলে প্রভু,—"চল চল যাই ঘরে। খেলাবারে গিয়াছিলাম এইত নগরে ॥" [ঙ]; "এতক্ষণ খেলারসে ছিলা কুতূহলে। ঝাট্ সব যাই বাপ",—আর চোর বলে ॥ হাসি বলে—"চল চল যাই ঘরে। বিলম্বে নাহিক কাজ চলহ সত্বরে ॥" [ছ]; (৩য় ৪র্থ) আইসহ [গ], যাই আইসহ [খ]; (৮ম, ৯ম) হাসি' হাসি' বোলে [খ]; ৫ (১ম) আস্তে ব্যস্তে [খ, ঙ, চ, ছ, ঞ], (৬ষ্ঠ) ষায় [ছ]; ৬ (৪র্থ, ৫ম) কে কাহারে [খ, গ, ঞ]; (৬ষ্ঠ) চিহ্নে [ক, খ];(৭ম) -তুষ্ট [ঙ, ঝ, ঞ) ৭(৩য়) করে [ঙ]; (৫ম) নৈমু [ঙ]; নিব [ছ, জ, ঞ], ৮ (৩য়) নৈয়া [ছ]; (৫ম)আপনার স্থান [ঙ]:-কর্ম-[চ, ঞ], (৮ম) চলি [ক]; চড়ি [ঙ]; (১০ম) নারায়ণে [ঞ]; ৯ (১ম) -জন [ক, খ, গ, ঘ, জ, ঝ]; (৪র্থ) দেই [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; (১০ম) আনু নিজ [চ]; ১০ (৮ম) গণ-সব [খ, গ],জন-সব [ছ, ঞ]; (৯ম) খুঁজিয়া [কচিৎ পাঠ]; ১১ (২য়) ডাকে (৪র্থ) বাপ [চ], (৯ম) বলিয়া [ঘ, ছ]; ১২ (২য়) আকুল [ক, খ, গ,ঞ]; (৪র্থ) -গণ [ক, খ, ঘ, চ, জ]; (৯ম) মৎস্যের [খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ,ঞ); (১০ম) মরণ [ঙ, চ, ছ]; ১৩(৩য়) গেলা [ক—ঝ]; (৩য়, ৪র্থ) নৈলা কৃষ্ণের শরণ [কচিৎ পাঠ]; ১৪ (৮ম) যায় [ক]; গেলা [ঘ]; ১৫(২য়) বোলে [ক, খ, চ, ছ,]; (৪র্থ) -কর্ম- [চ, ছ]; -জন্ম- [ঞ]; ১৬ (৩য়) নাম' [ঙ, ছ, ঝ, ঞ] ওল [চ]; (১১শ) নামও [ঝ, ঞ]; ওলাহ [গ, ঙ—জ]; নামাহ [ঘ]; ১৭ (৭ম) শিরে [খ, ঙ]; ২০(৫ষ্ট—১০ম) দেহে আসি' মাত্র হইল উপসন্ন [ক]।

আপনার ঘর নহে! দেখে দুই চোরে। কোথা আসিয়াছে, কিছু চিনিতে না পারে' ।১৩০
গণ্ডগোলে কেবা কা'রে অবধান করে'? চারিদিগে চাহি' চোর পলাইল ডরে ॥ ১৩১
'পরম অদ্ভুত!' দুই চোর মনে গণে'। চোর বোলে, 'ভেল্‌কি বা দিল কোন জনে?' ১৩২
'চণ্ডী রাখিলেন আজি' বোলে দুই চোরে। সুস্থ হই' দুই চোর কোলাকুলি করে' ॥ ১৩৩
পরমার্থে দুই চোর বড় ভাগ্যবান্—। নারায়ণ যা'র স্কন্ধে করিলা উত্থান ॥ ১৩৪
এথা সর্বগণে মনে করয়ে বিচার। 'কে আনিল? দেখ, বস্ত্র শিরে বান্ধি তা'র' ॥ ১৩৫
কেহো বোলে; 'দেখিলাঙ লোক দুইজন। শিশু থুই কোন্‌দিগে করিল গমন ॥' ১৩৬
'আমি আনিয়াছি' কোন জন নাহি বোলে। অদ্ভুত দেখিয়া সভে পড়িলেন ভোলে ॥ ১৩৭
সভে জিজ্ঞাসেন, "বাপ্! কহত নিমাঞি! কে তোমা' আনিল হেথা পাঞা কোন্ ঠাঞি?
প্রভু বোলে, আমি গিয়াছিনু গঙ্গাতীরে। পথ হারাইয়া আমি বেড়াই নগরে ॥ ১৩৯
তবে দুইজন আমা' কোলেতে করিঞা। কোন্ পথে এইখানে থুইল আনিঞা"॥ ১৪০
সভে কহে, "মিথ্যা কভু নহে শাস্ত্র-বাণী। দৈবে রাখে শিশু-বৃদ্ধ-অনাথে আপনি"॥ ১৪১
এইমত বিচার করয়ে সর্বজনে। বিষ্ণু-মায়া-মোহে কেহো তত্ত্ব নাহি জানে ॥ ১৪২
এইমত রঙ্গ করে' বৈকুণ্ঠের রায়। কে তানে জানিতে পারে, যদি না জানায় ॥ ১৪৩
বেদ-গোপ্য এ-সব আখ্যান যেই শুনে। তা'র দৃঢ়-ভক্তি হয় চৈতন্য-চরণে ॥ ১৪৪
হেনমতে আছে প্রভু জগন্নাথ-ঘরে। অলক্ষিতে বহুবিধ স্বপ্রকাশ করে' ॥ ১৪৫
একদিন ডাকি' বোলে মিশ্র-পুরন্দর। "আমার পুস্তক আন', বাপ্, বিশ্বম্ভর" ॥ ১৪৬
বাপের বচন শুনি' ঘরে ধাঞা যায়। নূপুরের ধ্বনি মিশ্র শুনিবারে পায় ॥ ১৪৭
মিশ্র বোলে, "কোথা শুনি নূপুরের ধ্বনি? চতুর্দিগে চায় দুই ব্রাহ্মণ-ব্রাহ্মণী ॥ ১৪৮
আমার পুত্রের পা'য়ে নাহিক নূপুর। কোথায় বাজিল বাদ্য নূপুর মধুর"? ১৪৯
"কি অদ্ভুত!" দুইজনে মনে মনে গণে। বচন না স্ফুরে দুইজনের বদনে ॥ ১৫০
পুঁথি দিয়া প্রভু চলিলেন খেলাইতে। আর অদ্ভুত দেখে গৃহের মাঝেতে ॥ ১৫১

---

১ (১ম) বলিতে [কচিৎ পাঠ]; ৩ (৬ষ্ঠ) গুণে [ক—জ]; ৪ (৭ম) স্থির [চ]; ৫ (৪র্থ) মহা- [ছ, ঝ, ঞ]; ৬ [২য়) আপ্তগণে [কচিৎ পাঠ], সর্বগণ শেষে [খ, গ, জ], (৮ম) দেহ' [ঙ, ঞ]; (৮ম—১২শ) বস্ত্র শিরে বান্ধিয়ে তাহার [ক]; ৭ (৪র্থ) কোন [ছ], (৮ম) কোন-পথে [জ]; ৮ (৯ম) বড় [গ], (১০ম, ১১শ) পড়িলা বিভোলে [কচিৎ পাঠ]; ৯ (৪র্থ) কেনেরে [ক]; ১০ (৩য়) মুই [চ], (৪র্থ) গিয়াছিলাঙ [ঘ, জ, ঝ] ১১ (৫ম) লইয়া [গ], (৮ম) এই-ঠাঁই [জ]; ১২ (৬ষ্ঠ) লোক- [খ], সত্য- [ঙ, ছ, জ, ঞ]; ১৩ (১ম) এতমত [ছ]; ১৪ (৪র্থ) ত্রিদশের [কচিৎ পাঠ], (৭ম) তারে [ক, খ, ঙ, ছ, ঞ]; ১৫ (৪র্থ) যেবা [খ; ঘ, ঞ] ১৬ (১ম, ২য়) এই অবতারে [ঙ], (৭ম) সুপ্রভাব [চ,], সুপ্রকাশ [ছ, জ] (৫ম—৭ম) বাল্য ছলে বহুবিধ-রূপ ক্রীড়া [ঙ]; ১৮ (৭ম—১০ম) রুনুঝুনু করিয়ে নূপুর বাজে [ঙ, চ, জ, ঝ, ঞ]; ১৯ (৮ম) চাহে [ক, খ, চ, ছ, ঞ] ২০ (৭ম) শুনিয়ে [ক, খ, ঙ, জ], শুনিল [গ, ঘ], (৮ম) ধ্বনি [কচিৎ পাঠ], (৯ম) মুখর [গ, ঘ, ছ, জ], মুগধ [ঙ], মধুর [চ] (১০ম) প্রচুর [খ]; ২১ (৬ষ্ঠ) গুণে [ক, খ, গ, ঘ, চ, জ], (১০ম)-জনার [খ, ঘ, ঙ, ছ, জ]; ২২ (৩য়, ৪র্থ) মহাপ্রভু গেলা [ঙ], (৮ম) দেখে গিয়া [খ, ঝ, ঞ]।

সবগৃহে দেখে অপরূপ পদচিহ্ন। ধ্বজ, বজ্র, অঙ্কুশ, পতাকাদি ভিন্ন ভিন্ন ॥ ১৫২
আনন্দিত দোঁহে দেখি' অপূর্ব চরণ। দোঁহে হৈলা পুলকিত সজল-নয়ন ॥ ১৫৩
পাদপদ্ম দেখি' দোঁহে করে' নমস্কার। দোঁহে বোলে, "নিস্তারিনু জন্ম নাহি আর।" ১৫৪
মিশ্র বোলে, শুন বিশ্বম্ভরের জননি! ঘৃত-পরমান্ন গিয়া রান্ধহ আপনি ॥ ১৫৫
ঘরে যে আছেন দামোদর-শালগ্রাম। পঞ্চ-গব্যে সকালে করামু তানে স্নান ॥ ১৫৬
বুঝিলাঙ,—তেঁহো ঘরে বুলয়ে আপনি। অতএব শুনিলাঙ নূপুরের ধ্বনি॥" ১৫৭
এইমতে দুইজনে পরম-হরিষে। শালগ্রাম পূজা করে', প্রভু মনে হাসে ॥ ১৫৮
আর এক কথা শুন পরম-অদ্ভুত। যে রঙ্গ করিলা প্রভু জগন্নাথ-সুত ॥ ১৫৯
পরম-সুকৃতি এক তৈর্থিক ব্রাহ্মণ। কৃষ্ণের উদ্দেশে করে' তীর্থ-পর্যটন ॥ ১৬০
ষড়ক্ষর গোপাল-মন্ত্রে করে' উপাসন। গোপাল-নৈবেদ্য বিনা না করে' ভোজন ॥ ১৬১
দৈব-ভাগ্য-যোগে তীর্থ ভ্রমিতে ভ্রমিতে। আসিয়া মিলিলা বিপ্র প্রভুর বাড়ীতে ॥ ১৬২
কণ্ঠে বাল-গোপাল ভূষণ শালগ্রাম। পরম-ব্রহ্মণ্য-তেজ, অতি অনুপম ॥ ১৬৩
নিরবধি মুখে বিপ্র 'কৃষ্ণ কৃষ্ণ' বোলে। অন্তরে গোবিন্দ-রসে দুই চক্ষু ঢুলে ॥ ১৬৪
দেখি' জগন্নাথ-মিশ্র তেজ সে তাঁহার। সম্ভ্রমে উঠিয়া করিলেন নমস্কার ॥ ১৬৫
অতিথি-ব্যভার-ধর্ম যেন-মত হয়। সব করিলেন জগন্নাথ মহাশয় ॥ ১৬৬
আপনে করিলা তাঁ'র পাদ-প্রক্ষালন। বসিতে দিলেন আনি' উত্তম আসন ॥ ১৬৭
সুস্থ হই বসিলেন যদি বিপ্রবর। তবে তানে মিশ্র জিজ্ঞাসেন, কোথা ঘর?" ১৬৮
বিপ্র বোলে, "আমি উদাসীন দেশান্তরী। চিত্তের বিক্ষেপে মাত্র পর্যটন করি" ॥ ১৬৯
প্রণতি করিয়া মিশ্র বোলেন বচন। "জগতের ভাগ্যে সে তোমার পর্যটন ॥ ১৭০
বিশেষেত আজি আমার পরম সৌভাগ্য। আজ্ঞা দেহ' রন্ধনের করি' গিয়া কার্য ॥" ১৭১
বিপ্র বোলে, "কর' মিশ্র! যে ইচ্ছা তোমার"। হরিষে করিলা মিশ্র দিব্য উপহার ॥ ১৭২
রন্ধনের স্থান উপস্করি' ভাল-মতে। দিলেন সকল সজ্জ রন্ধন করিতে ॥ ১৭৩
পরম সন্তোষে বিপ্র করিয়া রন্ধন। বসিলেন কৃষ্ণেরে করিতে নিবেদন ॥ ১৭৪

৩ (৯ম) ভয় [ক্বচিৎ পাঠ]; ৪ (৪র্থ) বিশ্ব রূপে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ], (৬ষ্ঠ) দ্রুত পরমান্ন [ক্বচিৎ পাঠ]; ৫ (৬ষ্ঠ—৯ম) তাঁরে শীঘ্র করাই সিনান [চ]; ৭ (৫ম) সেবা [খ], (৮ম) দেখি' [ছ]; ৯ (১ম)-অদ্ভুত [ঙ], (৩য়) পথিক [ছ]। ১১ (১ম)-দৈবে ভাগ্যবান্ [ঝ], (৩য়, ৪র্থ) ভ্রমণ করিতে [ক], (৫ম, ৬ষ্ঠ) আসি উত্তরিলা [ঙ]; ১২ (৫ম)-অদ্ভুত- [ক, খ, ছ], (৫ম—৭ম) "পরম-বৈষ্ণব দ্বিজ মহাভাগ্যবান্॥" [চ], (৭ম) অনুপম [খ, ঞ]; ১৩ (৪র্থ, ৫ম) কৃষ্ণ-গুণ [ঙ], (৭ম) অনন্ত [গ], আনন্দে [চ], (১০ম) ঝুরে [ছ]; ১৫ (১ম) আতিথ্য-[ঙ],-ব্যবহার-[ঘ], (২য়) যেইমতে [চ]; ১৬ (২য়) করিয়া [খ, ঝ], (৭ম) নিঞা [ক, খ]; ১৮ (৮ম) আমি [খ]; ১৯ (৭ম, ৮ম ভাগ্যবশে [ক], ভাগ্যেতে [গ, চ, ছ]; ২০ (১ম—৫ম) "বিশেষত আজি আমার পরম ভাগ্য।" [ক, গ, ঘ, ছ, জ, ঞ], "বিশেষে আমার আজি হৈল মহাভাগ্য।" [খ], (১০ম, ১১শ) সর্ব সজ্জ [ঙ]; ২১ (১ম) দ্বিজ [জ], (৫ম,৬ষ্ঠ) যে আজ্ঞা [চ], মনে যে [জ], (৮ম—১০ম) হর্ষে করিলেন বিপ্র [খ]; ২২ (৫ম—৭ম) চলিলেন বিপ্রবর [ক]; ২৩(১ম—৩য়) সন্তোষে ব্রাহ্মণবর [খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ], (৬ষ্ঠ) বিপ্রবর [ক]।

সর্বভূত-অন্তর্যামী শ্রীশচীনন্দন। মনে আছে,—বিপ্রেরে দিবেন দরশন ॥ ১৭৫
ধ্যানমাত্র করিতে লাগিলা বিপ্রবর। সম্মুখে আইলা প্রভু শ্রীগৌরসুন্দর ॥ ১৭৬
ধূলাময় সর্ব-অঙ্গ, মূর্তি দিগম্বর। অরুণ নয়ন, কর, চরণ সুন্দর ॥ ১৭৭
হাসিয়া বিপ্রের অন্ন লইয়া শ্রীকরে। এক গ্রাস খাইলেন,—দেখে বিপ্রবরে ॥ ১৭৮
'হায় হায়' ! করি' ভাগ্যবন্ত বিপ্র ডাকে। "অন্ন জুঠা করিলেক চঞ্চল বালকে ॥" ১৭৯
আসিয়া দেখেন জগন্নাথ মিশ্রবর। ভাত খায়, হাসে প্রভু শ্রীগৌরসুন্দর ॥ ১৮০
ক্রোধে মিশ্র ধাইয়া যায়েন মারিবারে। সম্ভ্রমে উঠিয়া বিপ্র ধরিলেন করে ॥ ১৮১
বিপ্র বোলে, "মিশ্র ! তুমি বড় দেখি আর্য। অজ্ঞান বালক এই মারিয়া কি কার্য ? ১৮২
ভাল-মন্দ-জ্ঞান যার থাকে মারি, তারে। আমার শপথ—যদি মার ইহারে ॥" ১৮৩
দুঃখে বসিলেন মিশ্র, হাত দিয়া শিরে। মাথা নাহি তোলে মিশ্র, বাক্য নাহি স্ফুরে ॥ ১৮৪
বিপ্র বোলে, "মিশ্র ! দুঃখ না ভাবিহ মনে। যে দিনে যা' হৈব, তাহা ঈশ্বর সে জানে ॥১৮৫
ফল-মূল-আদি গৃহে, যে থাকে তোমার। আনি' দেহ, আজি তাহা করিমু আহার ॥ ১৮৬
মিশ্র বোলে, "মোরে যদি থাকে ভৃত্য জ্ঞান।আর-বার পাক কর"করি' দেঙ স্থান ॥ ১৮৭
গৃহে আছে রন্ধনের সকল সম্ভার। পুন পাক কর' তবে সন্তোষ আমার ॥" ১৮৮
বলিতে লাগিলা তবে ইষ্ট-বন্ধুগণ। "আমা-সভা চাহি তবে করহ রন্ধন ॥" ১৮৯
বিপ্র বোলে "যেই ইচ্ছা তোমা-সভাকার। করিমু রন্ধন, সজ্জ কর পুনর্বার ॥" ১৯০
হরিষ হইলা সভে বিপ্রের বচনে। স্থান উপস্করিলেন সভে ততক্ষণে ॥ ১৯১
রন্ধনের সজ্জ আনি' দিলেন তুরিতে। বসিলেন বিপ্রবর রন্ধন করিতে ॥ ১৯২
সভেই বোলে, "শিশু পরম চঞ্চল। আরবার পাছে নষ্ট করয়ে সকল ॥ ১৯৩
রন্ধন, ভোজন বিপ্র করেন যাবত। আর-বাড়ী লয়ে শিশু রাখহ তাবত ॥" ১৯৪
তবে শচীদেবী পুত্রে কোলে ত করিয়া। চলিলেন আর-বাড়ী প্রভুরে লইয়া ॥ ১৯৫
সব নারীগণ বোলে, "কেনে রে নিমাঞি ! এমত করিয়া কি বিপ্রের অন্ন খাই ? " ১৯৬
হাসিয়া বোলেন প্রভু শ্রীচন্দ্রবদনে—। "আমার কি দোষ ? বিপ্র ডাকিলা আপনে ॥"১৯৭

---

২ (২য়, ৩য়) কৃষ্ণকে করিলা [ছ], (৪র্থ) বিপ্রবরে [কচিৎ পাঠ], (৫ম—৮ম) "মনে মনে গোপাল-মন্ত্র জপে দ্বিজবর ॥" [কচিৎ পাঠ]; ৩ "ধ্যান ভঙ্গ হইল দ্বিজ মেলিল লোচন। বিপ্র দেখে অন্ন খায় শ্রীশচীনন্দন ॥" [কচিৎ পাঠ], (১ম—৩য়) ধূলায় ধূসর সর্ব অঙ্গ [ঞ], (৫ম) আয়ত [চ]; ৪ (৮ম) প্রভু খায় [চ]; ৫ (৮ম) ছুই [ক]; ছুছি [গ], ছুচ [ঘ], চুরি [চ, ঞ,], ছোয়াছি [ছ], ছচি [ঝ]; ৮ (৮ম—১০ম) কোনজ্ঞান বালকের [ঘ, জ, ঝ, ঞ]; ৯ (৭ম) দিব্য লাগে [খ]; ১০ (১১শ, ১২শ) বচন না [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১২ (৯ম) সেই [খ, ছ, জ, ঝ]; ১৩ (১১শ) দেউ [ঘ], দিয়ে [চ, জ], দেই [ছ, ঞ]; ১৪ (৬ষ্ঠ—১১শ) "তুমি পাক করিলে সে সন্তোষ সভার।" [ঙ]; ১৫ (১ম) সাধিতে [কচিৎ পাঠ] ১৬ (৮ম, ৯ম) সর্বথায় [খ, ঙ, চ, জ, ঝ]; ১৮ (৩য়) করি' [ক], (৫ম) ত্বরিতে [খ, গ, ঙ, ঞ) ১৯ (৪র্থ) বড়ই [ঘ, ঙ, চ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) আবদ্ধ করিয়া [ঞ]; ২১ (৯ম) পুত্রেরে [ঘ]; ২২ (৪র্থ, ৫ম) শুন রে [ক, খ, ছ] শুনগ [চ]; ২৩ (৪র্থ) শ্রীশচীনন্দনে [চ, ছ]।

সভেই বোলেন, "অয়ে নিমাঞি ঢাঙ্গাতি ! কি করিবা, এবে যে তোমার গেল জাতি ?১৯৮
কোথাকার ব্রাহ্মণ, কোন্ কুল, কেবা চিনে ! তার ভাত খাই' জাতি রাখিবা কেমনে?"১৯৯
হাসিয়া বোলেন প্রভু, "আমি যে গোয়াল। ব্রাহ্মণের অন্ন আমি খাই সর্বকাল ॥ ২০০
ব্রাহ্মণের অন্নে কি গোপের জাতি যায় ?" এত বলি' হাসিয়া সভারে প্রভু চায় ॥ ২০১
ছলে নিজ-তত্ত্ব প্রভু করেন ব্যাখ্যান। তথাপি না বুঝে কেহো, হেন মায়া তান ॥ ২০২
সভেই হাসেন শুনি' প্রভুর বচন। বক্ষ হৈতে এড়িতে কাহারো নাহি মন ॥ ২০৩
হাসিয়া যায়েন প্রভু যে-জনার কোলে। সেই জন আনন্দ-সাগর-মাঝে ডোলে ॥ ২০৪
সেই বিপ্র পুনর্বার করিয়া রন্ধন। লাগিলেন বসিয়া করিতে নিবেদন ॥ ২০৫
ধ্যানে বালগোপাল ভাবেন বিপ্রবর। জানিলেন গৌরচন্দ্র চিত্তের ঈশ্বর ॥ ২০৬
মোহিয়া সকল-জনে অতি-অলক্ষিতে। আইলেন বিপ্রস্থানে হাসিতে হাসিতে ॥ ২০৭
অলক্ষিতে এক-মুষ্টি অন্ন লঞা করে। খাইয়া চলিলা প্রভু—দেখে বিপ্রবরে ॥ ২০৮
'হায় হায়' করিয়া উঠিলা বিপ্রবর। ঠাকুর খাইয়া ভাত দিলা এক রড় ॥ ২০৯
সম্ভ্রমে উঠিয়া মিশ্র হাথে বাড়ি লঞা। ক্রোধে ঠাকুরেরে লৈয়া যায় খেদাড়িঞা ॥ ২১০
মহাভয়ে প্রভু পলাইলা এক ঘরে। ক্রোধে মিশ্র পাছে থাকি' তর্জগর্জ করে' ॥২১১
মিশ্র বোলে, "আজি দেখ—করো তোর কার্য। তোর মতে পরম অবুধ আমি আর্য ॥ ২১২
হেন মহাচোর শিশু কা'র ঘরে আছে ?" এত বলি' ক্রোধে মিশ্র ধায় প্রভু-পাছে ॥ ২১৩
সভে ধরিলেন যত্ন করিয়া মিশ্রেরে। মিশ্র বোলে, "এড়' আজি মারিমু উহারে ॥"২১৪
সভেই বোলয়ে, "মিশ্র ! তুমিত উদার। উহারে মারিয়া কোন্ সাধুত্ব তোমার ? ২১৫
ভাল-মন্দ-জ্ঞান নাহি উহার শরীরে। পরম অবোধ,— যে এমন শিশু মারে' ॥ ২১৬
মারিলেই কোন বা শিখিব,—হেন নয়। স্বভাবেই শিশুর চঞ্চল মতি হয় ॥" ২১৭
আথে-ব্যথে আসি' সেই তৈর্থিক ব্রাহ্মণ। মিশ্রের ধরিয়া হাথে বোলেন বচন ॥ ২১৮
"বালকের নাহি দোষ, শুন মিশ্র-রায় ! যে দিনে যে হইব, তাহা হইবারে চায় ॥ ২১৯

---

১ (৯ম) সে [ক, খ, ঙ, ঞ]; ২ (৯ম) খাইলে [ঘ, ঞ], (১১শ) রহিবে [ছ, ঞ]; ৩ (১ম) বসিয়া, (৪র্থ—৬ষ্ঠ) শ্রীচন্দ্রবদনে [ক], (৫ম) ত' [চ, ঞ], (১০ম,১১শ) খাইব সর্বক্ষণে [ক], (১১শ) চিরকাল [খ,ঞ]; ৪ (৪র্থ) গোপালের [ক], গোয়ালের [খ]; ৫ (৫ম) আখ্যান [ক, গ, ঘ, ঙ, ছ, জ], (১১শ) ইচ্ছা [ঘ]; ৬ (৮ম) ছাড়িতে [চ]; ৭ (৯ম) ভোলে [খ—ঙ, ছ, জ, ঞ] ৮ (২য়—৭ম) বিপ্রের কথোক্ষণে হৈল রন্ধন। পুনর্বার লাগিলা [ঘ], (৬ষ্ঠ—৯ম) "বসিলেন কৃষ্ণেরে করিতে সমর্পণ ॥" [খ]; ৯ (৪র্থ) দ্বিজবর [ক, খ]; ১০ (২য়)-লোক [ঘ, ঝ], -গণ [ঙ],-জীব [ছ],-মন [জ]। ১২ (১১শ) নড় [ক, গ, ছ], লড় [খ, ঘ]; ১৩ (৯ম) মিশ্র [ক, খ, চ, ছ], (১১শ) তাড়াইয়া [ঙ], ধাওয়াইয়া [চ, ঝ]; ১৪ (২য়) ঠাকুর [ক]; ১৫ (৯ম) মত [ঙ, ছ], (১১শ) অবোধ [গ, ঘ, ঙ, ছ, ঞ], ১৮ (৭ম—৯ম) এতেক বলিয়া [ঘ], (১০ম) বিপ্র [ছ], (১২শ) পাছে-[ক, খ, চ], তাঁর পাছে [গ, ঙ]; ১৮ (৭ম—৯ম) মারিব কোন্ সাধ [চ], মারিতে কোন্ সাধ্য যে [ছ], ১৯ (২য়,৩য়) যার নাহিক [ক], (৬ষ্ঠ) অবুধ [খ, চ, জ] (৭ম) সে [ক, ঞ], (৮ম) এমত [ক, খ, গ, জ]; ২১ (১ম) অতিব্যথে [ক], আস্তে ব্যস্তে [ঙ, চ, ছ, ঞ]; ২২ (৫ম) বিপ্র- [চ]।

আজি কৃষ্ণ অন্ন নাহি লিখেন আমারে। সবে এই মর্ম-কথা কহিলু তোমারে ॥”২২০
দুঃখে জগন্নাথ-মিশ্র নাহি তোলে মুখ। মাথা হেঁট করিয়া ভাবেন মহাদুঃখ ॥ ২২১
হেনই সময়ে বিশ্বরূপ ভগবান্। সেই স্থানে আইলেন মহাজ্যোতির্ধাম ॥ ২২২
সর্ব-অঙ্গে নিরুপম লাবণ্যের সীমা। চতুর্দশ-ভুবনেহ নাহিক উপমা ॥ ২২৩
স্কন্ধে যজ্ঞসূত্র, ব্রহ্মতেজ মূর্তিমন্ত। মূর্তিভেদে জন্মিলা আপনি নিত্যানন্দ ॥ ২২৪
সর্ব শাস্ত্রের অর্থ সদা স্ফুরয়ে জিহ্বায়। কৃষ্ণভক্তি-ব্যাখা মাত্র করেন সদায় ॥ ২২৫
দেখিয়া অপূর্ব মূর্তি তৈর্থিক ব্রাহ্মণ। মুগ্ধ হই এক দৃষ্ট্যে চাহে ঘনে-ঘন ॥ ২২৬
বিপ্র বোলে, “কাঁ'র পুত্র এই মহাশয় ?” সভেই বোলেন, “এই মিশ্রের তনয় ॥” ২২৭
শুনিয়া সন্তোষে বিপ্র কৈলা আলিঙ্গন। “ধন্য পিতা মাতা,—যাঁ'র এ-হেন নন্দন ॥” ২২৮
বিপ্রেরে করিয়া বিশ্বরূপ নমস্কার। বসিয়া কহেন কথা অমৃতের ধার ॥ ২২৯
“শুভ দিন তা'র মহাভাগ্যের উদয়। তোমা' হেন অতিথি যাহার গৃহে রয় ॥ ২৩০
জগত শোধিতে সে তোমার পর্যটন। আত্মানন্দে পূর্ণ হই করহ ভ্রমণ ॥ ২৩১
ভাগ্য বড়, তোমা হেন অতিথি আমার। অভাগ্য বা কি কহিমু, উপাস তোমার ॥ ২৩২
তুমি উপবাস করি' থাক' যা'র ঘরে। সর্বথা তাহার অমঙ্গল-ফল ধরে' ॥ ২৩৩
হরিষ পাইলু বড় তোমার দর্শনে। বিষাদ পাইলু বড় এ সব শ্রবণে ॥ ২৩৪
বিপ্র বোলে, “কিছু দুঃখ না ভাবিহ মনে। ফল মুল কিছু আদি করিমু ভোজনে ॥ ২৩৫
বনবাসী আমি, অন্ন কোথায় বা পাই। প্রায় আমি বনে ফল-মুল-মাত্র খাই ॥ ২৩৬
কদাচিত কোন দিবসে বা খাই অন্ন। সেহো যদি অবিরোধে হয় উপসন্ন ॥ ২৩৭
যে সন্তোষ পাইলাঙ তোমা' দরশনে। তাহাতেই কোটি-কোটি করিলু ভোজনে ॥ ২৩৮
ফল, মুল, নৈবেদ্য যে-কিছু থাকে ঘরে। তাহা আন' গিয়া আজি করিমু আহারে ॥” ২৩৯
উত্তর না করে' কিছু মিশ্র-জগন্নাথ। দুঃখ ভাবে' মিশ্র শিরে দিয়া দুই হাত ॥ ২৪০
বিশ্বরূপ বোলেন, “বলিতে বাসি ভয়। সহজে করুণা-সিন্ধু তুমি মহাশয় ॥ ২৪১
পরদুঃখে কাতর-স্বভাব সাধুজন! পরের আনন্দ সে বাঢ়ায় অনুক্ষণ ॥ ২৪২
এতেকে আপনে যদি নিরালম্ব হৈয়া। কৃষ্ণের নৈবেদ্য কর' রন্ধন করিয়া ॥ ২৪৩
তবে আজি আমার গোষ্ঠীর যত দুঃখ। সকল ঘুচয়ে, পাই পরানন্দ সুখ ॥” ২৪৪

৩ (৮ম) জ্যোতির্ময়ধাম [জ, ঞ]; ৪ (৪র্থ) ধাম [ক, থ,]; ৫ (৬ষ্ঠ, ৭ম) জনমিলা নাম [ছ]; ৬(১ম—৩য়) সর্ব-শাস্ত্র অর্থ-সহে [ক্বচিৎ পাঠ], (৩য়) সব [ঘ, চ], সহ [ঞ]; ৭ (৮ম) একচিত্তে [ছ], (৯ম, ১০ম) করে নিরী -ক্ষণ [ঞ]; ৮ (৯ম) ইহো [ছ, জ]; ৯ (৪র্থ) দিলা [ক, থ, ঙ, চ], (১০ম) এইত' [ক]; ১০ (৯ম) সার [ক্বচিৎ পাঠ]; ১২ (৩য়, ৪র্থ) তুমি কর [চ], (৮ম) তুমি [চ], রহ [ঞ]; ১৪ (৩য়, ৪র্থ) বা করিবা [ছ, জ, ঝ]; ১৫ (৫ম) আগমনে [থ]; ১৬ (১১শ) আন [চ], আমি [ক—ঙ, ছ—ঝ]; ১৭ (৪র্থ, ৫ম) কোথাহ না [ঙ]; ১৮(৩য় —৫ম) কালে থাই যেবা [থ], (৯ম)অবিলম্বে [ছ], অনাসক্তে [ঞ]; ২১ (৬ষ্ঠ—১২শ) বিষাদ ভাবেন মিশ্র শিরে দিয়া হাথ ॥ [ঙ], “মনোদুঃখে ভাবেন মিশ্র শিরে দিয়া হাথ ॥” [চ] ২২(৯ম) দয়াময় [ঙ, জ, ঞ]; ২৩ (২য়) সহজে কাতর [ঙ], -স্বভাবে [চ, ছ, ঞ]; ২৪ (৯ম, ১০ম) সন্তোষ হইয়া [চ]; ২৫ (১০ম) মহানন্দ- [ঞ]।

বিপ্র বোলে, "রন্ধন করিলুঁ দুইবার। তথাপিহ কৃষ্ণ না দিলেন খাইবার॥ ২৪৫
তেঞি বুঝিলাঙ—আজি নাহিক লিখন। কৃষ্ণ ইচ্ছা নাহি,—কেনে করহ যতন ? ২৪৬
কোটি ভক্ষ্য-দ্রব্য যদি থাকে নিজ-ঘরে। কৃষ্ণ আজ্ঞা হইলে খাইবারে পারে॥ ২৪৭
যে-দিন কৃষ্ণের যা'রে লিখন না হয়। কোটি যত্ন কর তথাপিহ সিদ্ধ নয়॥ ২৪৮
নিশাও প্রহর দেড় দুইও বা যায়। ইহাতে কি আর পাক করিতে যুয়ায় ? ২৪৯
অতএব আজি যত্ন না করিহ আর। এইমত কিছু মাত্র করিমু আহার॥" ২৫০
বিশ্বরূপ বোলে, "ইথে নাহি কিছু দোষ। তুমি পাক করিলে সে সভার সন্তোষ॥" ২৫১
এত বলি' বিশ্বরূপ ধরিলা চরণ। সাধিতে লাগিলা সভে করিতে রন্ধন॥ ২৫২
বিশ্বরূপে দেখিয়া মোহিত বিপ্রবর। "করিমু রন্ধন" বিপ্র বলিলা উত্তর॥ ২৫৩
সন্তোষে সভেই 'হরি' বলিতে লাগিলা। স্থান-উপস্কারে সভে করিবারে গেলা॥ ২৫৪
আথে- ব্যথে স্থান উপস্করি' সর্বজনে। রন্ধনের সামগ্রী আনিলা ততক্ষণে॥ ২৫৫
বসিলেন বিপ্রবর করিতে রন্ধন। শিশু আবরিয়া রহিলেন সর্বজন॥ ২৫৬
পলাইয়া ঠাকুর আছেন যেই ঘরে। মিশ্র বসিলেন তার মাঝার-দুয়ারে॥ ২৫৭
সভেই বোলেন, 'বান্ধ বাহির দুয়ার। বাহির হইতে যেন নাহি পারে আর॥' ২৫৮
মিশ্র বোলে, 'ভাল ভাল এই যুক্তি হয়।' বান্ধিয়া দুয়ার সভে বাহিরে আছয়॥ ২৫৯
ঘরে থাকি' স্ত্রীগণ বোলয়ে,"চিন্তা নাঞি। নিদ্রা গেল, কিছু আর না জানে নিমাঞি॥"২৬০
এইমতে শিশু রাখিয়াছে সর্বজন। বিপ্রের হইল কথোক্ষণেকে রন্ধন॥ ২৬১
অন্ন উপস্করি' তবে সুকৃতি ব্রাহ্মণ। ধ্যানে বসি' কৃষ্ণেরে করিলা নিবেদন॥ ২৬২
জানিলেন অন্তর্যামী শ্রীশচীনন্দন। চিত্তে আছে, বিপ্রেরে দিবেন দরশন॥ ২৬৩
নিদ্রা-দেবী সভারেই ঈশ্বর-ইচ্ছায়। মোহিলেন, সভেই অচেতনে নিদ্রা যায়॥ ২৬৪
যে-স্থানে করেন বিপ্র অন্ন নিবেদন। আইলেন সেই স্থানে শ্রীশচীনন্দন॥ ২৬৫
বালকে দেখিয়া বিপ্র করে' 'হায় হায়'। সভে নিদ্রা যায়, কেহো শুনিতে না পায়॥ ২৬৬
প্রভু বোলে, "অহে বিপ্র! তুমি ত' উদার। তুমি আমা' ডাকি' আন', কি দোষ আমার ?
মোর মন্ত্র জপি' মোরে করহ আহ্বান। রহিতে না পারি আমি, আসি তোমা'স্থান॥ ২৬৮

---

১ (১০ম) ভুঞ্জিবার [চ]; ২ (১ম, ২য়) এতেকে বুঝিলুঁ [চ]; ৩ (৬ষ্ঠ) আজ্ঞা-[ ]-ইৎসা [জ], ৪ (৯ম) করি [জ, ঝ]; ৫ (১ম—৬ষ্ঠ) "নিশা যে হইল দুই প্রহর সময়" [ঘ]; ৬ (৩য়) আর্তি [ক্বচিৎ পাঠ], (৭ম) ফল-মূল [ঞ], যৎসামান্য [ক্বচিৎ পাঠ]; (৯ম) দ্রব্য [চ]; ৯ (৮ম) করিলা [ছ, জ]; ১০ (৬ষ্ঠ)-পরিস্কার [ঞ]; ১১ (৭ম) আনি দিলা [ঞ]; ১২ (৩য়,৪র্থ) রন্ধন করিতে [থ], (৫ম—৮ম) "নিমাই রাখিলা শচী গৃহের মধ্যেতে॥" [থ]। ১৩ (৩য়) আছিলা [ক, গ, ঘ, ঞ]; ১৪ (৪র্থ) মাঝার [ক]; ১৫ (১১শ) বসিয়া [ঘ]; ১৭ (৩য়) আবরিলা [ঞ]; ১৮ (২য়, ৩য়) উপস্কার করি' [ক, গ, চ, ছ, জ, ঝ, ঞ] (৮ম, ৯ম) করিতে লাগিলা [ক, থ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ১৯ (১ম) সর্বভূত-[থ], (৬ষ্ঠ, ৭ম) বিপ্রবরে দিব [চ]; ২০ (৬ষ্ঠ) অচেষ্ট [থ-ঘ, চ-ঞ], ২৩ (৩য়) অয়ে [গ, ঝ]; ২৪ (৪র্থ—৬ষ্ঠ) মোর কর' আবাহন [ক]।

আমারে দেখিতে নিরবধি ভাব তুমি। অতএব তোমারে দিলাঙ দেখা আমি॥ ”২৬৯
সেইক্ষণে দেখে বিপ্র পরম অদ্ভুত। শঙ্খ, চক্র, গদা, পদ্ম,—অষ্টভুজ-রূপ॥ ২৭০
এক-হস্তে নবনীত, আর হস্তে খায়। আর দুই হস্তে প্রভু মুরলী বাজায়॥ ২৭১
শ্রীবৎস, কৌস্তুভ বক্ষে শোভে মণিহার। সর্ব-অঙ্গে দেখে রত্নময় অলঙ্কার॥ ২৭২
নবগুঞ্জা বেড়ি' শিখিপুচ্ছ শোভে শিরে। চন্দ্রমুখে অরুণ-অধর শোভা করে॥ ২৭৩
হাসিয়া দোলায় দুই নয়ন-কমল। বৈজয়ন্তী-মালা দোলে মকর-কুণ্ডল॥ ২৭৪
চরণারবিন্দে শোভে শ্রীরত্ন-নূপুর। নখমণি-কিরণে তিমির গেল দূর॥ ২৭৫
অপূর্ব কদম্ব-বৃক্ষ দেখে সেই খানে। বৃন্দাবন দেখে, নাদ করে' পক্ষ গণে॥ ২৭৬
গোপ-গোপী-গাভীগণ চতুর্দিগে দেখে। যাহা ধ্যান করে, তাহা দেখে পরতেকে॥ ২৭৭
অপূর্ব ঐশ্বর্য দেখি' সুকৃতি ব্রাহ্মণ। আনন্দে মূর্চ্ছিত হঞা পড়িলা তখন॥ ২৭৮
করুণা-সমুদ্র প্রভু শ্রীগৌরসুন্দর। শ্রীহস্ত দিলেন তাঁ'র অঙ্গের উপর॥ ২৭৯
শ্রীহস্ত-পরশে বিপ্র পাইলা চেতন। আনন্দে হইলা জড়, না স্ফুরে বচন॥ ২৮০
পুনঃপুন মূর্চ্ছা বিপ্র যায় ভূমিতলে। পুন উঠে, পুন পড়ে মহা-কুতূহলে॥ ২৮১
কম্প-স্বেদ-পুলকে শরীর স্থির নহে। নয়নের জল যেন মহা-নদী বহে॥ ২৮২
ক্ষণেকে ধরিয়া বিপ্র প্রভুর চরণ। করিতে লাগিলা উচ্চ করিয়া ক্রন্দন॥ ২৮৩
দেখিয়া বিপ্রের আর্তি শ্রীগৌরসুন্দর। হাসিয়া বিপ্রেরে কিছু করিলা উত্তর॥ ২৮৪
প্রভু বোলে, “শুন শুন অহে বিপ্রবর! অনেক জন্মের তুমি আমার কিঙ্কর॥ ২৮৫
নিরবধি ভাব' তুমি দেখিতে আমারে। অতএব আমি দেখা দিলাঙ তোমারে॥ ২৮৬
আর-জন্মে এইরূপে নন্দ-গৃহে আমি। দেখা দিলুঁ তোমারে না স্মর' তাহা তুমি॥ ২৮৭
যবে আমি অবতীর্ণ হৈলাঙ গোকুলে। সেহ জন্মে তুমি তীর্থ কর' কুতূহলে॥ ২৮৮
দৈবে তুমি অতিথি হইলা নন্দ-ঘরে। এইমত তুমি অন্ন নিবেদ' আমারে॥ ২৮৯
তাহাতেহ এইমত করিয়া কৌতুক। খাই তোর অন্ন দেখাইলুঁ এই রূপ॥ ২৯০
এতেকে আমার তুমি জন্মে-জন্মে দাস। দাস বিনু অন্যে মোর না দেখে প্রকাশ॥ ২৯১
কহিলাঙ তোমারে সকল গোপ্য-কথা। কারো স্থানে ইহা নাহি কহিবা সর্বথা॥ ২৯২

---

১ (৩য়) নিরন্তর [ক, খ, ছ], (৪র্থ) ভ্রম' [ছ]; ২ (৪র্থ, ৫ম) অপূর্ব শ্রীরূপ [ক্বচিৎ পাঠ], (১০ম) চতুর্ভুজ- [গ, ঘ, ঙ, ছ, ঞ], শোভে চতুর্ভুজ [চ]; ৪ (৭ম) শোভে [ঙ]; ৫ (৪র্থ) উড়ে [চ]; ৬(২য়) ঢুলায় [ক্বচিৎ পাঠ] (৪র্থ)-যুগল [গ, ঘ], মকর-কুণ্ডল[ক্বচিৎ পাঠ],(৬ষ্ঠ) শোভে [খ], দেখে [গ], (৬ষ্ঠ, ৭ম) শোভে অতি মনোহর [ক্বচিৎ পাঠ]; ৮ (৫ম) বৃন্দাবনে [গ, ছ, জ] (৯ম) পক্ষগণে [ক, চ, ছ, জ, ঝ], পিকগণে [ঞ]; ৯ (৭ম) বিপ্র [চ]; ১০ (২য়) যে মূর্তি [ক, খ]; ১১ (৬ষ্ঠ) তবে [ক]; ১৩ (৩য়, ৪র্থ) যায় পড়ে [ক, খ]; ১৪ (৬ষ্ঠ) জলে [ক, চ], (৮ম) গঙ্গা-ধারা [ঞ]; ১৫ (৯ম) রবেতে [চ], ১৬ (৮ম) কহিলা [ক, খ, গ]; ১৮ (৪র্থ, ৫ম) আমা দেখিবারে [জ]; ২১ (৫ম) মোর ঘরে [চ]; ২২ (৯ম, ১০ম) স্বরূপ [চ]; ২৩ (৮ম) বই [ঙ]; ২৪ (৫ম—৯ম) ইহাতে সন্দেহ কিছু নাহিক [ক]।

যাবত থাকয়ে মোর এই অবতার। তাবত কহিলে কা'রে করিমু সংহার॥ ২৯৩
সংকীর্তন-আরম্ভে মোহার অবতার। করাইমু সর্বদেশে কীর্তন প্রচার॥ ২৯৪
ঘরে ঘরে হইব কীর্তন পরচার। আ-চণ্ডাল আদি সব করিমু নিস্তার॥ ২৯৫
ব্রহ্মাদি যে প্রেমভক্তি-যোগ বাঞ্ছা করে'। তাহা বিলাইমু সর্ব প্রতি-ঘরে-ঘরে॥ ২৯৬
কথোদিন থাকি' তুমি অনেক দেখিবা। এ-সব আখ্যান এবে কা'রে না কহিবা॥" ২৯৭
হেনমতে ব্রাহ্মণেরে শ্রীগৌরসুন্দর। কৃপা করি' আশ্বাসিয়া গেলা নিজ-ঘর॥ ২৯৮
পূর্ব্ববৎ শুতিয়া থাকিলা শিশু-ভাবে। কেহো নাহি জাগে যোগ-নিদ্রারপ্রভাবে ২৯৯
অপূর্ব প্রকাশ দেখি' সেই বিপ্রবর। আনন্দে পূর্ণিত হৈল সব-কলেবর॥ ৩০০
সর্ব-অঙ্গে সেই অন্ন করিয়া লেপন। কান্দিতে কান্দিতে বিপ্র করিলা ভোজন॥ ৩০১
নাচে, গায়, হাসে, বিপ্র করয়ে হুঙ্কার। "জয় বালগোপাল" বোলয়ে বারবার॥৩০২
বিপ্রের হুঙ্কারে সভে পাইলা চেতন। আপনা সম্বরি' বিপ্র কৈলা আচমন॥ ৩০৩
নির্বিঘ্নে ভোজন করিলেন বিপ্রবর। দেখি' সভে সন্তোষ হইলা বহুতর॥ ৩০৪
সভারে কহিতে মনে চিন্তয়ে ব্রাহ্মণ। ঈশ্বরে চিনিঞা সভে পাউক মোচন॥ ৩০৫
ব্রহ্মা-শিব যাঁহার নিমিত্ত কাম্য করে'। হেন প্রভু অবতরি' আছেন বিপ্র-ঘরে॥ ৩০৬
সে প্রভুরে লোক-সব করে' শিশু-জ্ঞান। ব্যক্ত করোঁ সভেই পাউক পরিত্রাণ॥ ৩০৭
প্রভু করিয়াছে নিবারণ এই ভয়ে। আজ্ঞা-ভঙ্গ ভয়ে বিপ্র কা'রে নাহি কহে॥ ৩০৮
চিনিঞা ঈশ্বরে বিপ্র সেই নবদ্বীপে। রহিলেন গুপ্তভাবে ঈশ্বর-সমীপে॥ ৩০৯
ভিক্ষা করি' বিপ্রবর প্রতিস্থানে-স্থানে। ঈশ্বরে আসিয়া দেখে প্রতিদিনে-দিনে॥ ৩১০
বেদ-গোপ্য এ-সকল মহা-চিত্র কথা। ইহার শ্রবণে কৃষ্ণ মিলয়ে সর্বথা॥ ৩১১
আদিখণ্ড-কথা যেন অমৃত-শ্রবণ। যঁহি শিশুরূপে ক্রীড়া করে' নারায়ণ॥ ৩১২
সর্বলোক-চূড়ামণি বৈকুণ্ঠ-ঈশ্বর। লক্ষ্মীকান্ত সীতাকান্ত শ্রীগৌরসুন্দর॥ ৩১৩
ত্রেতাযুগে হইয়া যে শ্রীরাম-লক্ষ্মণ। নানা-মত লীলা করি' বধিলা রাবণ॥ ৩১৪
হইয়া দ্বাপর-যুগে কৃষ্ণ-সংকর্ষণ। নানা-মতে করিলেন ভূভার হরণ॥ ৩১৫

---

১ (৬ষ্ঠ—৮ম) কাহারে কহিলে তুমি [চ]; ২ — এই পংক্তির স্থলে বিভিন্ন পাঠ— "করাইমু সর্বদেশে কীর্ত্তন প্রচার। ঘরে ঘরে হইব কীর্ত্তন প্রচার॥" [গ], "করাইব সর্বদেশে কীর্তন প্রচার। ঘরে ঘরে হবেক হরিকীর্ত্তন অপার॥ সংকীর্তন আরম্ভে আমার অবতার। বৈকুণ্ঠ-দুর্লভ খ্যাতি করিব প্রচার॥" [চ], করাইমু সর্বদেশে কীর্ত্তন প্রচার। ঘরে ঘরে হবে মোর যশের প্রচার॥" [ঞ]; (১ম, ২য়) ঘরে ঘরে হইবে কীর্ত্তন [ক্বচিৎ পাঠ]; ৪ (৮ম) মুক্তি [ঙ]; ৫ (৭ম) প্রকাশ [চ], (৮ম] ইবে [ঘ], তুমি [গ, ঞ], (৯ম) কারো [ক, ঝ]; ৭ (২য়) শুইয়া [খ, গ, ঘ], হইয়া [ঞ]; ১০ (৩য়) কান্দে [চ]; ১৪ (৫ম) কার্য [গ], তপ [ঙ]; ১৫ (৬ষ্ঠ, ৭ম) কথা কহি [ক, ঙ, জ, ঝ, ঞ], ব্যক্ত কহো [ঘ]; ১৬ (২য়, ৫ম) আজ্ঞা করিয়াছেন, মনে এই ভয় [ঙ]; ১৯ (৬ষ্ঠ) স্মরণে [ঘ], (৮ম)পাইয়ে [ক, খ], মিলিব [চ]; ২০ (৩য়) শ্রবণ [ক, ছ, জ], (৭ম, ৮ম) কৈলা ভগবান্ [ঙ]; ২২ (২য়) হইলা [ঘ, ঞ] ২৩ (৩য়) -অবতার [ছ], (৬ষ্ঠ) ভূভার-খণ্ডন [ক, খ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]।

'মুকুন্দ' 'অনন্ত' যাঁ'রে সর্ব্ববেদে কয়। শ্রীচৈতন্য-নিত্যানন্দ সেই সুনিশ্চয় ॥ ৩১৬
শ্রীচৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ৩১৭

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে নামকরণ-বাল্যচাপল্যবিলাস-
চৌরাপহরণ-তৈর্থিক-বিপ্রান্নভোজনাদিবর্ণনং নাম
তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩

১ (৬ষ্ঠ—৮ম) "না জানিয়া অবুধ লোক ভিন্ন ভাব হয়ে ॥" [ক], "চৈতন্য-নিতাই সেই জানিহ নিশ্চয়ে ॥" [ছ]; ২ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- (২য়, ৩য়) জান [ঙ, চ, জ, ঝ]।

চতুর্থ অধ্যায়

জয় জয় মহাপ্রভু জয় নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ১
হেনমতে ক্রীড়া করে' গৌরাঙ্গ-গোপাল। হাথে খড়ি দিবার হইল আসি' কাল ॥ ২
শুভদিনে শুভক্ষণে মিশ্র-পুরন্দর। হাথে খড়ি পুত্রের দিলেন বিপ্রবর ॥ ৩
কিছু শেষে মিলি' সকল বন্ধুগণ। কর্ণবেধ করিলেন শ্রীচূড়াকরণ ॥ ৪
দৃষ্টিমাত্র সকল অক্ষর লিখি' যায়। পরম বিস্মিত হঞা সর্বগণে চায় ॥ ৫
দিন দুই-তিনে শিখিলেন সব 'ফলা'। নিরন্তর লিখেন কৃষ্ণের নাম- মালা ॥ ৬
রাম, কৃষ্ণ, মুকুন্দ, মুরারি, বনমালী। অহনিশ লিখেন, পঢ়েন কুতুহলী ॥ ৭
শিশুগণ-সঙ্গে পঢ়ে বৈকুণ্ঠের রায়। পরম-সুকৃতি সভে দেখে নদীয়ায় ॥ ৮
কি মাধুরী করি' প্রভু 'ক,খ,গ,ঘ' বোলে। তাহা শুনিতেই মাত্র সর্বলোক ভোলে ॥ ৯
অদ্ভুত করেন ক্রীড়া শ্রীগৌরসুন্দর। যখন যে চায় সেই পরম দুষ্কর ॥ ১০

১—"জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য। জয় জয় নিত্যানন্দ-শ্রীবাসাদি ধন্য ॥ জয় অদ্বৈত-আচার্য-শ্রীগদাধর-প্রাণ। জয় রূপ-সনাতন চৈতন্যজীবন ॥" [ঘ]; ১০ (৪র্থ) শ্রীগৌর- [ক, গ, ঙ, চ, ছ]; ১১ (৬ষ্ঠ) প্রভুর [জ]; ১২ (২য়) পাছে [ক্বচিৎ পাঠ]; ১৪ (৩য়) পঢ়িলেন [ঙ], শিখিলেন [ছ, ঞ],১৫ (৩য়,৪র্থ) গোপাল, গোবিন্দ [ছ], (৬ষ্ঠ) নিরন্তর [ঙ]; ১৬ (২য়) খেলে [ক], এই পংক্তির পর ঙ-পুথিতে অধিক পাঠ—"কে তারে জানিতে পারে যদি না জানায়। এইমত লীলা করে শ্রীগৌরাঙ্গ রায় ॥"; ১৭ (১৩শ) সর্বজীব [ক, ঙ, চ, ঝ]; ১৮ (২য়, ৩য়) করয়ে লীলা [ঙ] (৮ম) প্রভু [ক্বচিৎ পাঠ]।

আকাশে উড়িয়া যায় পক্ষী, তারে চায়। না পাইলে কান্দিয়া ধূলায় গড়ি' যায় ॥ ১১
ক্ষেণে চাহে আকাশের চন্দ্র-তারাগণ। হাথ-পাও আছাড়িয়া করয়ে ক্রন্দন ॥ ১২
সান্ত্বনা করয়ে সভে তুলি' নিজ-কোলে। স্থির নহে বিশ্বম্ভর, দেহ' দেহ' বোলে ॥ ১৩
সবে একমাত্র আছে মহা-প্রতিকার। হরিনাম শুনিলে, না কান্দে প্রভু আর ॥ ১৪
হাথে তালি দিয়া সভে বোলে 'হরি হরি'। তখন সুস্থির হয় চাঞ্চল্য পাসরি' ॥ ১৫
বালকের প্রীত্যে সভে বোলে হরিনাম। জগন্নাথ-গৃহ হৈল শ্রীবৈকুণ্ঠ-ধাম ॥ ১৬
একদিন সভে 'হরি' বোলে অনুক্ষণ। তথাপিহ প্রভু পুন করেন ক্রন্দন ॥ ১৭
সভেই বোলেন, "শুন বাপ্ রে নিমাঞি! ভাল করি' নাচ' এই হরিনাম গাই ॥ ১৮
না শুনে বচন কারো করয়ে ক্রন্দন। সভেই বোলয়ে, "বাপ্! কান্দ' কী কারণ?" ১৯
সভে বোলে, "বাপ্! কি ইচ্ছা তোমার? সেই দ্রব্য আনি' দিমু, না কান্দিহ আর ॥"২০
প্রভু বোলে, "যদি মোর প্রাণ-রক্ষা চাও। তবে ঝাট দুই ব্রাহ্মণের ঘরে যাও ॥ ২১
জগদীশ-পণ্ডিত, হিরণ্য ভাগবত। সে দুয়ের স্থানে মোর আছে অভিমত ॥ ২২
একাদশী-উপবাস আজি সে দোঁহার। বিষ্ণু-লাগি করিয়াছে যত উপহার ॥ ২৩
সে-সব নৈবেদ্য যদি খাইবারে পাও। তবে মুঞি সুস্থ হঞা হাঁটিয়া বেড়াও ॥" ২৪
অসম্ভব শুনিঞা জননী করে' খেদ। হেন কথা কহে যাহা নহে লোক-বেদ ॥ ২৫
সভেই হাসেন শুনি' শিশুর বচন। সভে বোলে, "দিমু বাপ্! সম্বর' ক্রন্দন ॥" ২৬
পরম-বৈষ্ণব সেই বিপ্র দুইজন। জগন্নাথ-মিশ্র-সহ অভেদ-জীবন ॥ ২৭
শুনিঞা শিশুর বাক্য দুই বিপ্রবর। সন্তোষে পূর্ণিত হৈল সর্ব-কলেবর ॥ ২৮
দুই বিপ্র বোলে, "মহা-অদ্ভুত কাহিনী। শিশুর এমত বুদ্ধি কোথাহ না শুনি ॥ ২৯
কেমতে জানিল আজি শ্রীহরিবাসর। কেমতে বা জানিল নৈবেদ্য বহুতর ॥ ৩০
বুঝিলাঙ, এ শিশু পরম রূপবান্। অতএব এ দেহে গোপাল-অধিষ্ঠান ॥ ৩১
এ শিশুর দেহে ক্রীড়া করে' নারায়ণ। হৃদয়ে বসিয়া তেঁঞি বোলায় বচন ॥" ৩২
মনে ভাবি' দুই বিপ্র সর্ব-উপহার। আনিঞা দিলেন সজ্জ সন্তোষে অপার ॥ ৩৩

---

১ (১০ম) ভূমিতে [ঙ], ভূতলে [ঞ]; ২ (৫ম) হস্ত-পদ [ছ, ঞ]; ৫ (৮ম—১০ম) তবে স্থির হয় প্রভু [ঘ]; ৬ (২য়) প্রতি [ক, চ, ছ, ঞ], প্রীতে [খ, গ, ঘ, জ, ঝ] ১০—"প্রভু বোলে, 'বড় বাই হইল আমার। কহিলাঙ সভাকারে কর প্রতিকার ॥" সভেই আনিয়া পাকতৈল দিল শিরে। 'কিছু নহে' বোলে প্রভু, কান্দে উচ্চস্বরে ॥" [ক], পরন্তু এই পয়ার দুইটি খ, ঘ, ঙ, চ, ছ-পুঁথিতে ৪র্থ পংক্তির পর অধিক পাঠ; ১২ (৪র্থ) সেই [ক, খ, ঙ, ঝ], এই [গ, চ, ছ, ঝ, ঞ], (৫ম) দুই [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ] ১৩ (৫ম) কৃষ্ণ-[ঙ]; ১৪ (১ম—২য়) নহিতে নৈবেদ্য [ঘ, ঙ], নিবেদন নহিতে [চ]; ১৫ (১ম) অসম্ভব্য [ঝ], (৯ম, ১০ম) যে না হয় [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ]; ১৬ (৪র্থ) প্রভুর [ঙ, চ]; ১৭ (৫ম)-সনে [ক, খ, ঙ],-সঙ্গে [চ, ছ]; ১৮ (৪র্থ, ৫ম) বিপ্র দুইজন [ঞ], (৯ম) কায়-বাক্য-মন [ঞ]; ১৯ (৬ষ্ঠ—১১শ) "না জানিয়ে—এই শিশু কোন দেব জানি ॥" [ক], ২১ (৪র্থ) -বুদ্ধিমান [ছ]; ২২ (৯ম) তা'র [ছ], ২৩ (৮ম) করি [গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ] (৯ম) হরিষ [গ, ঘ, চ, ছ, ঝ, ঞ]।

দুই বিপ্র বোলে, "বাপ্! খাও উপহার। সকল কৃষ্ণেরসাৎ হইল আমার॥" ৩৪
কৃষ্ণ-কৃপা হইলে এমত বুদ্ধি হয়। দাস বিনা অন্যের এ বুদ্ধি কভু নয়॥ ৩৫
ভক্তি বিনা চৈতন্য-গোসাঞি নাহি জানে। অনন্ত ব্রহ্মাণ্ড যাঁ'র লোমকূপে গণে'॥ ৩৬
হেন প্রভু বিপ্রশিশু-রূপে ক্রীড়া করে'। চক্ষু ভরি' দেখে জন্ম-জন্মের কিঙ্করে॥ ৩৭
সন্তোষ হৈলা পাই' সে সব উপহার। অল্প-অল্প কিছু প্রভু খাইলা সভার॥ ৩৮
হরিষে ভক্তের প্রভু উপহার খায়। ঘুচিল সকল বায়ু প্রভুর ইচ্ছায়॥ ৩৯
'হরি হরি' হরিষে বোলয়ে সর্বজনে। খায় আর নাচে প্রভু আপন-কীর্তনে॥ ৪০
কথোক ফেলে ভুমিতে, কথোক কারো গা'য়। এইমত লীলা করে' বৈকুণ্ঠের রায়॥ ৪১
যে প্রভুরে সর্ব-বেদে-পুরাণে বাখানে। হেন প্রভু খেলে শচীদেবীর অঙ্গনে॥ ৪২
ডুবিলা চাপল্য-রসে প্রভু বিশ্বম্ভর। সংহতি চপল শিশু দেখি বহুতর॥ ৪৩
সভার সহিত প্রভু যায় নানা-স্থানে। ধরিয়া রাখিতে নাহি পারে' কোন জনে॥ ৪৪
অন্য শিশু দেখিলে করয়ে কুতুহল। সেহো পরিহাস করে' বাজয়ে কোন্দল॥ ৪৫
প্রভুর বালক-সব জিনে' প্রভু-বলে। অন্য শিশুগণ যত সব হারি' চলে॥ ৪৬
ধুলায় ধুসর প্রভু শ্রীগৌরসুন্দর। লিখন-কালির বিন্দু শোভে মনোহর॥ ৪৭
পড়িয়া শুনিয়া সর্ব-শিশুগণ-সঙ্গে। গঙ্গাস্নানে মধ্যাহ্নে চলেন বহু-রঙ্গে॥ ৪৮
মজ্জিয়া গঙ্গায় বিশ্বম্ভর কুতূহলী। শিশুগণ-সঙ্গে করে' জল-ফেলাফেলি॥ ৪৯
নদীয়ার সম্পৃত্তি বা কে বর্ণিতে পারে? অসংখ্যাত লোক একো ঘাটে স্নান করে'॥ ৫০
কতেক বা শান্ত দান্ত গৃহস্থ সন্ন্যাসী। না জানি কতেক শিশু মিলে তথি আসি'॥ ৫১
সর্বশিশু লঞা প্রভু গঙ্গায় সাঁতারে। ক্ষণে ডুবে, ক্ষণে ভাসে, নানা ক্রীড়া করে'॥ ৫২
জলক্রীড়া করে' গৌরসুন্দর-শরীর। সভাকার গা'য়ে লাগে চরণের নীর॥ ৫৩
সভে মানা করে', তবু নিষেধ না মানে। ধরিতেহ, কেহ নাহি পারে' এক-স্থানে॥ ৫৪
পুনঃপুন সভারে করায় প্রভু স্নান। কারে ছোঁয় কারো অঙ্গে কুল্লোল প্রদান॥ ৫৫

---

১ (৯ম) দাতব্য [ক], সাথ [খ, গ, ঘ, ঙ], স্বার্থ [চ, ছ, ঞ]; ৩ (১০ম) গুণি [চ], শুনি [ছ; জ, ঝ]; ৫ (৯ম) কিছু [ক, ঘ]; ৬ (৯ম) ঈশ্বর [ঙ, চ, ঞ]; ৭ (৫ম) সর্বগণে [গ, ঘ], (১০ম) আনন্দিত মনে [খ]; ৮ (১০ম) ত্রিদশের [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ] ৯ (৩য়)-দেবে- [গ], (৫ম, ৭ম) সে প্রভু নাচেন [ঙ]; ১০ (২য়) চাঞ্চল্য [খ, ঝ, ঞ], (৭ম—৯ম) যত বিপ্র অনুচর [ক—ঘ, চ—ঝ], যত দ্বিজের কোঙর [ঞ]; ১১ (২য়) সংহতি [ঙ], (৩য়, ৪র্থ) গিয়া পড়ে [ক, খ, গ, ঙ, চ—ঞ], (৬ষ্ঠ—১১শ) "ধরিতে রখিতে কেহো না পারে যতনে॥" [চ]; ১২ (৫ম) কোলাহল [ছ], (৬ষ্ঠ) দোঁহে [খ], (৯ম) বাজায় [গ, জ]; ১৩ (২য়) -গণ [খ, ঙ, ছ], (৭ম, ৮ম) সব হারি' [ঙ], ১৫ (৪র্থ) গঙ্গাতীরে [ঙ]; ১৭ (৫ম) বলিতে [খ, জ, ঝ, ঞ], (৭ম) অসংখ্য অসংখ্য [ঘ]; ১৮ (১০ম) লোক [ঙ], (১২শ) তঁহি [খ, গ, জ], তথা [ঘ, ঞ], তাহা [ছ]; ১৯ (১ম, ২য়) সভারে লইয়া [খ, গ, ঘ, ঙ, ছ, ঝ]; (৯ম) উঠে [ক্বচিৎ পাঠ]; ২০ (৩য়, ৪র্থ) প্রভু শ্রীগৌরসুন্দর [খ]; ২১ (৫ম) নিরোধ [ক], প্রবোধ [খ] (৮ম—১২শ) "ধরিতে না পারে কেহ পলায় অন্য স্থানে॥" [ঘ], "ধরিতে না পারে, নাহি রহে একস্থানে॥" [ছ]; ২২ (৪র্থ) গঙ্গা- [ঞ]।

না পাইয়া প্রভুর নাগালি বিপ্রগণে। সভে চলিলেন তান জনকের স্থানে ॥ ৫৬
“শুন শুন ওহে মিশ্র পরম-বান্ধব ! তোমার পুত্রের অপন্যায় কহি সব ॥ ৫৭
ভালমতে না পারি করিতে গঙ্গাস্নান।” কেহো বোলে, ‘জল দিয়া ভাঙ্গে মোর ধ্যান ॥’৫৮
আরো বোলে, ‘কা’রে ধ্যান কর’ ? এই দেখ। কলিযুগে নারায়ণ মুঞি পরতেখ ॥’ ৫৯
কেহো বোলে, ‘মোর শিব-লিঙ্গ করে’ চুরি।’ কেহো বোলে, ‘মোর লঞা পলায় উত্তরী ॥৬০
কেহো বোলে, ‘পুষ্প দূর্বা নৈবেদ্য, চন্দন। বিষ্ণু পূজিবার সজ্জ, বিষ্ণুর আসন ॥ ৬১
যবে করি স্নান, হেথা বৈসে সে আসনে। সব খাঞা পরিশেষে করে’ পলায়নে ॥’ ৬২
আরো বোলে, ‘তুমি কেনে দুঃখ ভাব’ মনে ? যাঁ’র লাগি’ কৈলা, সেই খাইল আপনে ।।’৬৩
কেহো বোলে, ‘সন্ধ্যা করি জলেতে নামিঞা। ডুব্ দিয়া লঞা যায় চরণে ধরিঞা ॥’ ৬৪
কেহো বোলে, ‘মোর লঞা যায় সাজি ধুতি।’ কেহো বোলে, মোর চুরি করে’ গীতা-পুঁথি॥
কেহো বোলে, ‘পুত্র অতি বালক আমার। কর্ণে জল দিয়া তা’রে কান্দায় অপার ।।’ ৬৬
কেহো বোলে, ‘মোর পৃষ্ঠে দিয়া কান্ধে চঢ়ে। ‘মুঞি সে মহেশ’ বলি’ঝাঁপ্ দিয়া পড়ে ।।’৬৭
কেহো বোলে, ‘বৈসে মোর পূজার আসনে। নৈবেদ্য খাইয়া বিষ্ণু পূজয়ে আপনে ॥’৬৮
স্নান করি’ উঠিলে বালুকা দেয় অঙ্গে। যতেক চপল শিশু সব তা’র সঙ্গে ॥ ৬৯
স্ত্রী-বাসে পুরুষ-বাসে করয়ে বদল। পরিবার বেলা সভে লজ্জায় বিকল ॥ ৭০
পরম-বান্ধব তুমি মিশ্র-জগন্নাথ। নিত্য এইমত করে’, কহিলুঁ তোমাত ॥ ৭১
দুই-প্রহরেহ নাহি উঠে জল হৈতে। দেহ বা ইহার ভাল থাকিব কেমতে ?” ৭২
নিবারণ কর’ মিশ্র ! আপন ছাওয়াল। এই দেশে হেন কর্ম দেখায় না ভাল ।।” ৭৩
এ-সব ঔদ্ধত্য তান শুনি মিশ্র-রায়। সভাকারে দৈন্যবাক্যে কৈলা ত’ বিদায় ॥ ৭৪
বিদায় করিয়া মিশ্র ক্রোধে বলে, ‘হায় ! ভাগ্যে, মোরে ভালবাসে তেঞি যে সদায় ॥’৭৫
এতেক তর্জ্জন করি’ বসিয়া ত ঘরে। ক্রোধের আবেশে মিশ্র মাথা নাহি তোলে ॥ ৭৬
হেন কালে পার্শ্ববর্তী যতেক বালিকা। কোপমনে আইসেন শচীদেবী যথা ॥ ৭৭
শচী সম্বোধিয়া সভে বোলয়ে বচন। শুন ঠাকুরাণি ! নিজ পুত্রের করম ॥ ৭৮
বসন করয়ে চুরি, বোলে বড় মন্দ। উত্তর করিলে জল দেয়, করে দ্বন্দ্ব ॥ ৭৯
ব্রত করিবারে যত আনি ফুল-ফল। ছড়াইয়া ফেলে বল করিয়া সকল ॥ ৮০

---

১ (৫ম) দ্বিজগণে [চ], ৬ (৯ম) সজ্জা [চ, ঞ], দ্রব্য [জ]; ৭ (৮ম—১০ম) সকল খাইয়া শেষে [খ], (১০ম) পাছি তবে [ঝ]; ৮ (৮ম—১১শ), আমাকে করিতে দান [খ], আমা হেতু কর সজ্জ [চ], (১২শ, ১৩শ) করিল ভোজনে [ক, খ], করিল ভক্ষণে [ঘ], ৯ (৬ষ্ঠ) নামিয়া ১০ (৩য়—৫ম) আমার না রহে [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (১০ম, ১২শ) আমার চোরায় [ক, গ, ঘ, চ, ঝ, ঞ], (১১শ) থুঙ্গী-[ঘ]: ১২ (৯ম) রে [গ, ঘ]; ১৩ (৭ম—১১শ) “বসিয়া করয়ে ধ্যান, জপে মনে মনে ॥” [ছ], (৯ম) কিছু [ক, খ]; ১৪ (১০ম) বৈসে [খ], ১৫ (৫ম) পরিবার [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ] ১৭ (৩য়, ৭ম) শরীর [চ], ২৩ (৯ম) কথন [ক], করণ [খ, ঘ, ঙ, ছ, জ, ঝ,], কারণ [গ,ছ], ২৪ (৫ম) অতি [ঞ]; (৯ম—১১শ) মাত্র করে মহা-[চ] ২৫ (৪র্থ) নিয়ে [ক,গ,ঘ,ছ,] ।

অলক্ষিতে আসি' কর্ণে ডাকে বড় বোল। কেহো বোলে, 'মোর মুখে দিলেক কুল্লোল॥৮১
'ওকড়ার, বিচি দেয় কেশের ভিতরে।' কেহো বোলে, 'মোরে চায় বিভা করিবারে॥ ৮২
প্রতিদিন এইমত করয়ে ব্যভার। তোমার নিমাঞি কিবা রাজার কুমার? ৮৩
পূর্বে শুনিলাঙ যেন নন্দের কুমার। সেইমত সব করে' নিমাঞি তোমার॥ ৮৪
দুঃখে বাপ্-মায়েরে বলিমু যেই দিনে। সেই দিন কোন্দল হইবে তোমা'সনে॥ ৮৫
নিবারণ কর' মাতা! তোমার ছাওয়াল। নদীয়ায় হেন কর্ম কভু নহে ভাল॥" ৮৬
শুনিয়া হাসেন মহাপ্রভুর জননী। সভাকারে প্রবোধিলা বলি' প্রিয়বাণী॥ ৮৭
"নিমাঞি আইলে আজি থুইব বান্ধিয়া। আর যেন উপদ্রব নাহি করে' গিয়া॥" ৮৮
শচীর চরণধূলি লই' সভে শিরে। সভেই চলিল পুন স্নান করিবারে॥ ৮৯
যতেক চাপল্য প্রভু করে' যার সনে। পরমার্থে সভার সন্তোষ বড় মনে॥ ৯০
কৌতুকে যা'রা আইল কহিতে মিশ্র-স্থানে। বালিকা সভার কথা শুনি পুন কাণে॥ ৯১
পূর্ব-ক্রোধাবেশে বসি' আছেন ভবনে। শুনি' মিশ্র তর্জে গর্জে সক্রোধ-বচনে॥ ৯২
"নিরবধি অব্যভার করয়ে সভারে। ভালমতে গঙ্গাস্নান না দেয় করিবারে॥ ৯৩
এইক্ষণে যাঙ তা'র শাস্তি করিবারে।" সভে রাখিলেহ কেহো রাখিতে না পারে॥ ৯৪
ক্রোধ করি' যখন চলিলা মিশ্রবর। জানিলেন গৌরচন্দ্র চিত্তের ঈশ্বর॥ ৯৫
গঙ্গাজলে কেলি করে' শ্রীগৌরসুন্দর। সর্ব-বালকের মধ্যে অতি-মনোহর॥ ৯৬
কুমারীরা সভে বোলে, "শুন, বিশ্বম্ভর! মিশ্র আইসেন ওই, পলাহ সত্বর॥" ৯৭
শিশুগণ-সঙ্গে প্রভু যা'ন ধরিবারে। পলাইল ব্রাহ্মণ-কুমারী সব ডরে॥ ৯৮
সভারে শিখায় মিশ্র-স্থানে কহিবার। 'স্নানে নাহি আইসেন নিমাঞি তোমার॥ ৯৯
সেই পথে গেলা ঘরে পঢ়িয়া শুনিয়া। আমরাহ আছি এই তাহার লাগিয়া॥' ১০০
শিখাঞাত প্রভু আর-পথে গেলা ঘর। গঙ্গাঘাটে আসিয়া মিলিলা মিশ্রবর॥ ১০১
আসি' গঙ্গা-ঘাটে তিঁহ চারিদিগে চায়। শিশুগণ-মধ্যে পুত্রে দেখিতে না পায়॥ ১০২
মিশ্র জিজ্ঞাসেন, "বিশ্বম্ভর কতি গেল?" শিশুগণ বোলে,"আজি স্নানে না আইল॥ ১০৩

---

১ (৪র্থ) বোলে [খ, ঝ, ঞ], (১০ম) কর্ণে [ক]; ৩ (৩য়, ৪র্থ) করয়ে বিহার [ঙ], (৪র্থ] অবেভার [জ]; ৪ (৭ম—১০ম) তোমার পুত্রের ব্যবহার [ক, খ, গ, ঞ]; ৫ (৬ষ্ঠ) ততক্ষণে [খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৬ (৯ম, ১০ম) নহিবেক [গ, চ, ছ, ঞ]; ৭ (৫ম—৭ম) সভা কোলে করিয়া বোলেন [ক, খ, গ, ঘ, জ, ঝ, ঞ]; নিমাঞি আইলে মানা করিব আপুনি॥ [চ]; ৮ (৪র্থ) এড়িমু [ক, খ, গ, ঘ, ছ, জ], রাখিব [চ], এড়িব [ঞ]; ৯ (৮ম) গঙ্গা- [গ, ঘ], এই পংক্তির পর অধিক পাঠ :—"সভে রাখিলেও কেহ রাখিতে না পারে। মহানন্দে গোরচন্দ্র নদীয়া বিহরে॥" [ছ]- ১০ (২য়) চাঞ্চল্য [ঞ], (১০ম) হয় [ঞ]; ১৩ (২য়) এ-ব্যভার [ঝ]; ১৪ (১ম) এই-ঝাট [ক, খ, গ, ঙ, ছ, জ, ঝ, ঞ], এই শীঘ্র [চ]; ১৫ (৮ম) সর্বভুবের [গ]; ১৬ (৫ম, ৬ষ্ঠ) -লোকমধ্যে শোভে [ঙ]; ১৮ (৫ম, ৬ষ্ঠ) পালায়েন বিপ্র-কুমারীকা [খ]; ১৯ (৫ম) হেথা [ঙ]; (৮ম, ৯ম) তোমার কুমার [ঝ]; ২০ (১০ম ১১শ) অপেক্ষা করিঞা [ক, খ, চ]; ২৩ (৪র্থ) কোথা [খ, ঘ, ঙ, চ, ঞ], (৮ম) তি হো [ঞ]।

সেই পথে গেল ঘর পড়িঞা শুনিঞা। সভে আছি এই তা'র অপেক্ষা করিঞা॥" ১০৪
চারিদিগে চায় মিশ্র হাথে বাড়ি লঞা। তর্জগর্জ করে' তান লাগ্‌ত না পাঞা॥ ১০৫
কৌতুকে যাঁহারা নিবেদন কৈল গিয়া। সেই সব বিপ্র পুন বোলয়ে হাসিয়া॥ ১০৬
"ভয় পাঞা বিশ্বম্ভর পলাইল ঘরে। ঘরে চল তুমি, কিছু বোল' পাছে তা'রে॥ ১০৭
আরবার আসি' যদি চপলতা করে'। আমরাই ধরি' নিমু তোমার গোচরে॥ ১০৮
কৌতুকে সে কথা কহিলাঙ তোমা স্থানে। তোমা' হেন ভাগ্যবান নাহি ত্রিভুবনে॥ ১০৯
এ-হেন নন্দন যাঁ'র গৃহ-মাঝে থাকে। কি করিতে পারে তাঁ'রে ক্ষুধা-তৃষা-শোকে? ১১০
তুমি সে সেবিলা সত্য প্রভুর চরণ। তাঁ'র মহাভাগ্য যাঁ'র এ-হেন নন্দন॥ ১১১
কোটি অপরাধ যদি বিশ্বম্ভর করে'। তভু তা'রে রাখি নিজ-হৃদয়-ভিতরে॥"১১২
জন্মে জন্মে কৃষ্ণভক্ত এইসব জন। এ সভার উত্তম-বুদ্ধি ইহার কারণ॥ ১১৩
অতএব প্রভু নিজ-সেবক-সহিতে। নানা-ক্রীড়া করে', কেহো না পারে' বুঝিতে॥ ১১৪
মিশ্র বোলে, "সেহো পুত্র তোমা'সভাকার। যদি অপরাধ লহ,—শপথ আমার॥" ১১৫
তা' সভার সঙ্গে মিশ্র করি' কোলাকুলি। গৃহে চলিলেন মিশ্র হঞা কুতুহলী॥ ১১৬
আর-পথে ঘরে গেলা প্রভু-বিশ্বম্ভর। হাথেতে মোহন পুঁথি, যেন শশধর॥ ১১৭
লিখন-কালির বিন্দু শোভে গৌর-অঙ্গে। চম্পকে লাগিল যেন চারিদিগে ভৃঙ্গে॥ ১১৮
"জননি!" বলিয়া প্রভু লাগিলা ডাকিতে। "তৈল দেহ' মোরে, যাঙ সিনান করিতে॥"১১৯
পুত্রের বচন শুনি' শচী হরষিত। কিছু নাহি দেখে অঙ্গে স্নানের চরিত॥ ১২০
তৈল দিয়া শচীদেবী মনে মনে গণে'। "বালিকারা কি বলিল, কিবা দ্বিজগণে! ১২১
লিখন-কালির বিন্দু আছে সর্ব-অঙ্গে। সেই বস্ত্র পরিধানে, সেই পুঁথি সঙ্গে॥" ১২২
ক্ষণেকে আইলা জগন্নাথ-মিশ্রবর। মিশ্রে দেখি' কোলেত উঠিলা বিশ্বম্ভর॥ ১২৩
সেই আলিঙ্গনে মিশ্র বাহ্য নাহি জানে। আনন্দে পূরিত হৈলা পুত্র-দরশনে॥ ১২৪
মিশ্র দেখে সর্ব-অঙ্গ ধূলায় ব্যাপিত। স্নান-চিহ্ন না দেখিয়া হইলা বিস্মিত॥ ১২৫
মিশ্র বোলে,"বিশ্বম্ভর! কি বুদ্ধি তোমার। লোকেরে না দেহ' কেনে স্নান করিবার? ১২৬

---

১ (২য়) মতে [ক, চ, জ], (৭ম—৯ম) আমরাও আছি [গ, ঘ]; ২ (২য়) ধায় [ঞ], (৫ম) ছড়ি [ঞ]; ৩ (৮ম) মিশ্রে [ক, থ, ঞ], (১১শ) আসিয়া [থ, গ, ঝ]; ৪ (৫ম) ডরে [ক, থ, ছ], (১০ম, ১১শ) না বলিহ [চ]; ৫ (৪র্থ) চঞ্চলতা [গ, ঝ]; ৬ (৯ম, ১০ম) নাহিক সংসারে [চ]; ৭ (১ম) সেই ত' [ক], (৫ম) বৈসে [ক, থ, গ], (৭ম—১০ম) করিবে ক্ষুধা, তৃষা, ভোগ, রোগ, [ঘ, ঝ]; ৮ (৪র্থ) কত [ঞ], (৫ম) কৃষ্ণের [কচিৎ পাঠ], (৮ম) বড়-ভাগ্য [থ], ৯ (৮ম, ৯ম) রাখি নিজ হৃদয়-ভিতরে [ক, গ, ঘ, চ, ছ]; ১০ (৯ম) তথির [ছ]; ১১ (৯ম) চিহ্নিতে [ঞ]; ১২ (৫ম), তোমরা-সভার [জ, ঝ]; ১৩ (৭ম) আইলেন [ঙ, জ]; ১৬ (৮ম) মাতা [গ, ঘ]; ১৭ (৫ম) আনন্দিত [ঞ], (৬ষ্ঠ, ৭ম) কিছুই না [ঙ, ঝ],-(১১শ) চিহ্নিত [থ, চ], উচিত [ঞ]; ১৮ (৬ষ্ঠ) গুণে [ক, থ, ঘ, ঙ, চ, জ]; ১৯ (১ম, ২য়) লিখনের কালি এই [ক, থ, গ, ঘ]; ২০ (৬ষ্ঠ—৮ম) কোলে উঠে প্রভু [ঙ]; ২১ (১ম) স্নেহ-[ঞ], (৮ম) মূর্ছিত [থ], (১০ম) প্রভু-[গ]; ২২ (৯ম) বড়ই [চ]।

বিষ্ণুপূজা-সজ্জ কেনে কর' অপহার ? 'বিষ্ণু' করিয়াও ভয় নাহিক তোমার ?" ১২৭
প্রভু বোলে, "আজি আমি নাহি যাই স্নানে। আমার সঙ্গের শিশু গেল আগুয়ানে ॥ ১২৮
সকল লোকেরে তা'রা করে' অব্যভার। না গেলেও যদি দোষ কহয়ে আমার ॥ ১২৯
সত্য তবে করিমু সভারে অব্যভার। হেন-সব অসত্য যেন না বোলয়ে আর ॥" ১৩০
এত বলি' হাসি' প্রভু যা'ন গঙ্গা-স্নানে। পুন মিলিলেন সেই শিশুগণ-সনে ॥ ১৩১
বিশ্বম্ভরে দেখি' সভে আলিঙ্গন করি'। হাসয়ে সকল শিশু শুনিয়া চাতুরী ॥ ১৩২
সভেই প্রশংসে, "ভাল নিমাঞি চতুর। ভাল এড়াইলা আজি মারণ প্রচুর ॥" ১৩৩
জলকেলি করে' প্রভু সব-শিশু-সনে। হেথা শচী-জগন্নাথ মনে মনে গণে' ॥ ১৩৪
"যে যে কহিল কথা, সেহো মিথ্যা নহে। তবে কেনে স্নান-চিহ্ন কিছু নাহি দেহে ? ১৩৫
সেইমত অঙ্গে ধূলা, সেইমত বেশ! সেই পুঁথি, সেই বস্ত্র, সেইমত কেশ! ১৩৬
এ বুঝি মনুষ্য নহে শ্রীবিশ্বম্ভর! মায়ারূপে কৃষ্ণ বা জন্মিলা মোর ঘর! ১৩৭
কোন মহাপুরুষ বা—কিছুই না জানি।" হেনমতে চিন্তিতে আইলা দ্বিজমণি ॥ ১৩৮
পুত্র-দরশনানন্দে ঘুচিল বিচার। স্নেহে পূর্ণ হৈলা দোঁহে, কিছু নাহি আর ॥ ১৩৯
যে দুই-প্রহর প্রভু যা'ন পড়িবারে। সেই দুই যুগ হই' থাকে সে দোঁহারে ॥ ১৪০
কোটি-কল্পে কোটি-মুখে বেদে যদি কয়। তভু এ দোঁহার ভাগ্যে নাহি সমুচ্চয় ॥১৪১
শচী-জগন্নাথ-পা'য়ে বহু নমস্কার। অনন্ত-ব্রহ্মাণ্ডনাথ পুত্ররূপে যাঁ'র ॥ ১৪২
এইমত ক্রীড়া করে' বৈকুণ্ঠের রায়। বুঝিতে না পারে' কেহো তাঁহান মায়ায় ॥ ১৪৩
শ্রীচৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু জান। বৃন্দাবন-দাস তছু পদযুগে গান ॥ ১৪৪

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে বিদ্যারম্ভ-জলক্রীড়াদি-
শৈশব লীলা-বর্ণনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪

---

১ (১ম)-দ্রব্য [ঞ], ২ (৯ম) সকল [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ], (৯ম,১০ম) সংহতিগণ [ক্বচিৎ পাঠ]; ৩ (৫ম) অনাচার [ঞ], (১০ম) দেহেন [খ]; ৪ "এই বাক্য বোলে প্রভু পিতার গোচরে। 'সত্য আমি করিব অসদ্‌-ব্যবহারে' ॥ [খ], "সত্য তবে সভারে করিব অবেভার। এইমত কথা প্রভু কহে বারবার ॥" [চ], "না গেলেও যদি দোষ কহেন আমার। সত্য তবে করিব সভারে অব্যভার ॥" [ঝ], "সত্য তবে করিব সভার অনাচার। সেই বিষ্ণু জানে, দোষ নাহিক আমার ॥" [ঞ], (১ম—৫ম) "নাহি কয়ি দোষ, তভু বোলে বারবার।" [গ], (৫ম) অনাচার [ঞ]; ৬ (৯ম) জানিয়া [জ], দেখিয়া [ঞ]; ৮ (১ম) জল-ক্রীড়া [ঙ], (৯ম) গুণে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ৯ (১৩শ) গায়ে [ছ]; ১০ (৬ষ্ঠ—৯ম) সেইমত বস্ত্র পুঁথি [ক, ছ]; ১১ (১ম, ২য়) বুঝিল [খ, চ], (৭ম) বিষ্ণু [ক]; ১২ (৯ম) লাগিলা [ছ]; ১৩ (৭ম—৯ম) কিছু না জানয়ে [ক]; ১৫ (১ম)-মুখে [ক],-রূপে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ], ১৮ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-(২য়, ৩য়) জান [খ, গ, ঘ, চ, জ, ঝ]।

জয় জয় মহা-মহেশ্বর গৌরচন্দ্র। জয় জয় বিশ্বম্ভর-প্রিয় ভক্তবৃন্দ ॥ ১
জয় শচী-জগন্নাথ-সুত সর্ব-প্রাণ। কৃপাদৃষ্টে কর' প্রভু সর্ব-জীবে ত্রাণ ॥ ২
হেনমতে নবদ্বীপে শ্রীগৌরসুন্দর। বাল্যলীলা-ছলে করে' প্রকাশ বিস্তর ॥ ৩
নিরন্তর চপলতা করে' সভাসনে। মা'য়ে শিখাইলেহ প্রবোধ নাহি মানে' ॥ ৪
শিখাইলে আরো হয় দ্বিগুণ চঞ্চল। গৃহে যাহা পায়, তাহা ভাঙ্গয়ে সকল ॥ ৫
ভয়ে আর কিছু না বোলয়ে বাপ-মা'য়। স্বচ্ছন্দে পরমানন্দে খেলয়ে লীলায় ॥ ৬
আদিখণ্ড-কথা যেন অমৃত-স্রবণ। যহি' শিশুরূপে ক্রীড়া করে' নারায়ণ ॥ ৭
পিতা মাতা—কা'রেহ না করে' প্রভু ভয় ॥ বিশ্বরূপ অগ্রজে দেখিলে নম্র হয় ॥ ৮
প্রভুর অগ্রজ বিশ্বরূপ ভগবান্। আজন্ম বিরক্ত, সর্ব-গুণের নিধান ॥ ৯
সর্বশাস্ত্রে বাখানেন 'কৃষ্ণভক্তি সার'। খণ্ডিতে তাহান ব্যাখ্যা শক্তি আছে কা'র ? ১০
শ্রবণে, বদনে, মনে, সর্বেন্দ্রিয়গণে। কৃষ্ণভক্তি বিনা আর না বোলে, না শুনে ॥ ১১
অনুজের দেখি' অতি বিলক্ষণ রীত। বিশ্বরূপ মনে গণে' হইয়া বিস্মিত ॥ ১২
"এ বালক কভু নহে প্রাকৃত ছাওয়াল। রূপে, আচরণে যেন শ্রীবালগোপাল ॥ ১৩
যত অমানুষিকর্ম নিরবধি করে'। হেন বুঝি,—বিহরে' কৃষ্ণ এ-শিশু-শরীরে ॥" ১৪
এইমত চিন্তে' বিশ্বরূপ মহাশয়। কা'রেহ না ভাঙ্গে তত্ত্ব, স্বকর্ম করয় ॥ ১৫
নিরবধি থাকে সর্ব-বৈষ্ণবের সঙ্গে। কৃষ্ণপূজা, কৃষ্ণভক্তি, কৃষ্ণকথা-রঙ্গে ॥ ১৬
জগত প্রমত্ত—ধন-পুত্র-মিথ্যারসে। দেখিলে বৈষ্ণব-মাত্রে সভে উপহাসে' ॥ ১৭
আর্যা-তর্জা পড়ে সব বৈষ্ণবে দেখিয়া। সাধু, যতি, তপস্বীহ যাইব মরিয়া ॥ ১৮
তারে বলি 'সুকৃতি'—যে দোলা-ঘোড়া-চড়ে। দশ-বিশ জন যা'র আগে-পাছে রড়ে' ॥১৯
এত যে গোসাঞি, ভাবে করহ ক্রন্দন। তবুত দারিদ্র-দুঃখ না হয় খণ্ডন। ২০

---

১ (১ম) বিশ্বম্ভর জয় [ক, খ]; ২ (২য়) জগন্নাথ-শচী-পুত্র [ঘ, ছ, জ, ঝ, ঞ], জয় জগন্নাথ-পুত্র [গ]; ৩ (৩য়) বৈসে গৌরচন্দ্র [চ], (৪র্থ—৭ম) "শিশুরূপে অবতার করেন বিস্তার ॥" [ক], (৭ম) আনন্দ [চ]; ৪ (২য়) চাপল্য [ক], (৪র্থ) শিশু- [ক, খ, গ, চ, ঞ]; ৬ (৭ম, ৮ম) স্বতন্ত্র পরমানন্দ [ঙ], (১০ম) সদায় [ক, চ]; ৭ (১ম) আদ্যখণ্ড- [ছ], (২য়) বড় [খ, ঙ], (৩য়) -সমান [গ], (৮ম) ভগবান্ [ঘ]; ৮ (৩য়—৬ষ্ঠ) আদি করি' নাহি করে [খ]; ১০ (২য়—৪র্থ) সবে বাখানেন বিষ্ণুভক্তি [ঝ] (৭ম) বাক্য [ক, গ, ঘ] (৮ম—১০ম) নাহি কারো শক্তি [ঝ]; ১১ (৭ম—১১শ) কিছুই না জানে [খ]; ১২ (৪র্থ, ৫ম) সুন্দর চরিত্র [ঙ], অলক্ষ্য চরিত্র [চ], (৮ম, ৯ম) বড় হইল [ঙ]; ১৩ (৮ম, ৯ম) গুনে, আচরণে [ক]; ১৪ (৪র্থ) নিরন্তর [ঙ], (৬ষ্ঠ—৮ম) এ বুঝি,—খেলেন [ঝ]; ১৫ (৫ম) সভারে [ঙ], (৫ম—১০ম) "কৃষ্ণ আসি" আপনেই জন্মিলা নিশ্চয় ॥" [চ] (৭ম) কহে [খ], (৮ম) কথা [ঞ], ১৭ (৩য়)-বিদ্যারসে [ছ]; ১৮ (৮ম) তপস্বী সব [ক খ, ছ]; ১৯ (১০ম) আশে-পাশে [ক, ঘ], ২০ (৭ম, ৮ম) তথা চ [চ]।

ঘন ঘন 'হরি হরি' বলি ছাড়ে ডাক। ক্রুদ্ধ হৈব গোসাঞি শুনি' পড়িবে বিপাক ॥" ২১
এইমত বোলে কৃষ্ণভক্তি-শূন্য জনে। শুনি' মহাদুঃখ পায় ভাগবতগণে ॥ ২২
কোথাও না শুনে কেহো কৃষ্ণের কীর্তন। দগ্ধ দেখে সকল সংসার অনুক্ষণ ॥ ২৩
দুঃখ বড় পায় বিশ্বরূপ ভগবান্। না শুনে অভীষ্ট কৃষ্ণচন্দ্রের আখ্যান ॥ ২৪
গীতা-ভাগবত যে-যে জনে বা পড়ায়। কৃষ্ণভক্তি- ব্যাখ্যা কারো না আইসে জিহ্বায় ॥ ২৫
কুতর্ক ঘুষিয়া সব অধ্যাপনা করে'। 'ভক্তি' হেন নাম নাহি জানয়ে সংসারে ॥ ২৬
অদ্বৈত-আচার্য-আদি যত ভক্তগণ। জীবের কুগতি দেখি' করেন ক্রন্দন ॥ ২৭
দুঃখে বিশ্বরূপ প্রভু মনে মনে গণে'। "না দেখিমু লোক-মুখ, চলি' যাঙ বনে" ॥ ২৮
উষঃকালে বিশ্বরূপ করি' গঙ্গাস্নান। অদ্বৈত-সভায় আসি' হয় উপস্থান ॥ ২৯
সর্বশাস্ত্রে বাখানেন 'কৃষ্ণভক্তি সার'। শুনি' শ্রীঅদ্বৈত সুখে করেন হুঙ্কার ॥ ৩০
পূজা ছাড়ি' বিশ্বরূপে ধরি' করে কোলে। আনন্দে বৈষ্ণব সব 'হরি হরি' বোলে ॥ ৩১
কৃষ্ণানন্দে ভক্তগণ করে' সিংহনাদ। কারো চিত্তে আর নাহি স্ফুরয়ে বিষাদ ॥ ৩২
বিশ্বরূপে ছাড়ি' কেহো নাহি যায় ঘরে। বিশ্বরূপো না আইসে আপন-মন্দিরে ॥ ৩৩
রন্ধন করিয়া শচী বোলে বিশ্বম্ভরে। "তোমার অগ্রজে গিয়া আনহ সত্বরে ॥"৩৪
মা'য়ের আদেশে প্রভু অদ্বৈত-সভায়। আইসেন অগ্রজেরে নিবার ছলায় ॥ ৩৫
আসিয়া দেখেন প্রভু,—বৈষ্ণব-মণ্ডল। অন্যোহন্যে করেন কৃষ্ণ-কথন-মঙ্গল ॥ ৩৬
আপন প্রস্তাব শুনি' শ্রীগৌরসুন্দর। সভারে করেন শুভ-দৃষ্টি মনোহর ॥ ৩৭
প্রতি-অঙ্গে নিরুপম লাবণ্যের সীমা। কোটি চন্দ্র নহে এক নখের উপমা ॥ ৩৮
দিগম্বর, সর্ব-অঙ্গ ধূলায় ধূসর। হাসিয়া অগ্রজ-প্রতি করেন উত্তর ॥ ৩৯
"ভোজনে আইস ভাই! ডাকয়ে জননী।" অগ্রজ-বসন ধরি' চলয়ে আপনি ॥ ৪০
দেখি' সে মোহন রূপ সর্ব-ভক্তগণ। স্থগিত হইয়া সভে করে' নিরীক্ষণ ॥ ৪১
সমাধির প্রায় হঞা চায় ভক্তগণে। কৃষ্ণের কথন কারো না আইসে বদনে ॥ ৪২
প্রভু দেখি' ভক্ত-মোহ স্বভাবেই হয়। বিনা অনুভবেও দাসের চিত্তে লয় ॥ ৪৩

১(৯ম-১৩শ) হবে গোসাঞি শুনিয়া বড় ডাক [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ২(৪র্থ) জন [ঙ], (৬ষ্ঠ, ৭ম) কৃষ্ণ বলি' কান্দে [ঙ]; ৩ (৪র্থ) লোক [খ]; ৫ (২য়—৪র্থ) -রস যে জন [খ]; ৬ (৪র্থ, ৫ম) অধ্যাপক মরে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (১০ম) সকল- [চ]; ৮ (৪র্থ—৬ষ্ঠ) গুণে মনে মনে [ক, খ, ঘ, ঙ, চ] ভাবে মনে মনে [জ] (৯ম) -দুঃখে [জ], (১০ম, ১১শ) চলিবাঙ [খ, গ, জ, ঝ], চলিবহুঁ [ঙ]; ১১ (৪র্থ, ৫ম) করিলেন [ক, খ, ঙ, চ], (৯ম) গণ [খ, গ, ছ, জ]; ১৩ (১০ম) আপনে মন্দিরে [চ]; ১৫ (৭ম) ল'বার [ঝ]; ১৬ (৩য়) সব [খ], (৬ষ্ঠ) কহেন [চ]; ১৭ (৬ষ্ঠ) কৃপা- [ঙ]; ১৮ (১ম) সর্ব- [ঙ], (২য়) মনোরম [ক], (৩য়, ৪র্থ) লাবণ্য -মহিমা [গ], (৯ম) মুখের [জ]; ২১(১ম) দেখিঞা [ক, খ], (৬ষ্ঠ, ৭ম) সচকিত হঞা [খ] চমকিত হৈয়া [ঞ] ২২ (৩য়, ৪র্থ) সভে চায় [খ, ঙ], যেন চাহে [চ], (৮ম) কিছু [ঘ], আর [চ]; ২৩ (৯ম, ১০ম) চিত্তে বলয়', চিত্তের লয়, চিত্তে লয় [কচিৎ পাঠ]।

প্রভুও সে আপন-ভক্তের চিত্ত হরে'। এ কথা বুঝিতে অন্য-জনে নাহি পারে' ॥ ৪৪
এ রহস্য বিদিত কৈলেন ভাগবতে। শ্রীশুক কহেন, শুনে রাজা পরীক্ষিতে ॥ ৪৫
প্রসঙ্গে শুনহ ভাগবতের আখ্যান। শুক-পরীক্ষিতের সংবাদ অনুপাম ॥ ৪৬
এই গৌরচন্দ্র যবে জন্মিলা গোকুলে। শিশু-সঙ্গে গৃহেগৃহে ক্রীড়া করি' বুলে ॥ ৪৭
জন্ম হৈতে প্রভুরে সকল গোপীগণে। নিজ-পুত্র হইতেহ স্নেহ করে' মনে ॥ ৪৮
যদ্যপি ঈশ্বর-বুদ্ধ্যে না জানে' কৃষ্ণেরে। স্বভাবেই পুত্র হৈতে বড় স্নেহ করে' ॥ ৪৯
শুনিয়া বিস্মিত বড় রাজা পরীক্ষিত। শুক-স্থানে জিজ্ঞাসেন হঞা পুলকিত ॥ ৫০
"পরম-অদ্ভুত কথা কহিলা, গোসাঞি! ত্রিভুবনে এমত কোথাহ শুনি নাঞি ॥ ৫১
নিজ-পুত্র হৈতে পর-তনয় কৃষ্ণেরে। কহ দেখি,—স্নেহ হৈল কেমত-প্রকারে?" ৫২
শ্রীশুক কহেন, "শুন, রাজা পরীক্ষিত! পরমাত্মা—সর্ব-দেহে বল্লভ, বিদিত ॥ ৫৩
আত্মা-বিনে পুত্র বা কলত্র বন্ধুগণ। গৃহ হৈতে বাহির করয়ে ততক্ষণ ॥ ৫৪
অতএব, পরমাত্মা—সভার জীবন। সেই পরমাত্মা—এই শ্রীনন্দনন্দন ॥ ৫৫
অতএব পরমাত্ম-স্বভাব-কারণে। কৃষ্ণেতে অধিক স্নেহ করে' গোপীগণে ॥" ৫৬
এহো কথা ভক্ত-প্রতি, অন্য-প্রতি নয়। অন্যথা জগতে কেহো স্নেহ না করয়! ৫৭
'কংসাদিরো আত্মা কৃষ্ণ, তবে তানে হিংসে' কেনে? পূর্বঅপরাধ আছে তাহার কারণে ॥
সহজে শর্করা মিষ্ট,—সর্বজনে জানে। কেহো তিক্ত বাসে জিহ্বাদোষের কারণে ॥ ৫৯
জিহ্বার সে দোষ, শর্করার দোষ নাঞি। এইমত সর্বমিষ্ট চৈতন্য-গোসাঞি ॥ ৬০
এই নবদ্বীপে দেখিল যে সর্বজনে। তথাপিহ কেহো না জানিল ভক্তি বিনে ॥ ৬১
ভক্তের সে চিত্ত প্রভু হরে' সর্বথায়। বিহরয়ে নবদ্বীপে বৈকুণ্ঠের রায় ॥ ৬২
মোহিয়া সভার চিত্ত প্রভু বিশ্বম্ভর। অগ্রজ লইয়া চলিলেন নিজ-ঘর ॥ ৬৩
মনে মনে চিন্তয়ে অদ্বৈত-মহাশয়। "প্রাকৃত মানুষ কভু এ বালক নয় ॥" ৬৪
সর্ব্ব-বৈষ্ণবের প্রতি বলিলা অদ্বৈতে। "কোন্ বস্তু এইবালক—জানিহ নিশ্চিতে ॥" ৬৫
প্রশংসিতে লাগিলেন সর্ব-ভক্তগণ। অপূর্ব্ব শিশুর রূপ-লাবণ্য-কথন ॥ ৬৬
নাম-মাত্র বিশ্বরূপ চলিলেন ঘরে। পুন সেই আইলেন অদ্বৈত-মন্দিরে ॥ ৬৭

---

১ (৩য়)-দাসের [ঙ], ভক্তিরসে [কচিৎ পাঠ], (৯ম—১১শ) কি অন্যের শক্তি ধরে [খ, ছ]; ২ (৬ষ্ঠ-১০ম) "পরীক্ষিত শুনিলেন শুকদেব হৈতে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৩ "শুক-পরীক্ষিতের সংবাব অনুপম। বেদ-পুরান-গুহ্য ভাগবত-নাম ॥" [ঙ]; ৫ (৪র্থ) যতেক [ঙ]; ৬ (৮ম)-ভাবে [ঙ], হেন [চ]; ৮ (৭ম) কথা কভু [ক]; ৯ (৩য়) কেনে বাৎসল্য [ঘ]; ১০ (২য়, ৩য়) কহে, শুনে [ক], (৭ম)-দেবের [জ]; ১২ (৮ম) শ্রীশচীর নন্দন [খ], শ্রীশচীনন্দন [ঙ]; ১৩ (৭ম) ধরে [ঙ]; ১৪ (১ম—৩য়) একথা ভক্তেন প্রতি [ঙ]; ১৫ (৮ম) ছিল [খ]; ১৬ (৭ম) নিন্ন [চ]; ১৭ (৭ম) অতএব [ঞ]; ১৯ (১ম, ২য়) ভক্তগণ- [চ], (৬ষ্ঠ) সর্বদায় [গ]; ২০ (৮ম, ৯ম) প্রভু চলিলা সত্বর [ঙ, ছ]; ২১ (৬ষ্ঠ) বালক [ক, জ, ঞ]; ২২ (৪র্থ) অদ্বৈত [ঞ], (৯ম, ১০ম)না জানি নিশ্চিত [ঞ]।

না ভায় সংসার-সুখ বিশ্বরূপ-মনে। নিরবধি থাকে কৃষ্ণ-আনন্দ-কীর্তনে ॥ ৬৮
গৃহে আইলেহ গৃহ-ব্যভার না করে'। নিরবধি থাকে বিষ্ণু-গৃহের ভিতরে ॥ ৬৯
বিবাহের উদ্‌যোগ করেন পিতা-মাতা। শুনি' বিশ্বরূপ বড় মনে পায় ব্যথা ॥ ৭০
"ছাড়িমু সংসার"—বিশ্বরূপ মনে ভাবে'। 'চলি যাঙ বনে'—নিত্য এই মনে জাগে ॥ ৭১
ঈশ্বরের চিত্তবৃত্তি ঈশ্বর সে জানে। বিশ্বরূপ সন্ন্যাস করিলা কথোদিনে ॥ ৭২
জগতে বিদিত নাম—'শ্রীশঙ্করারণ্য'। চলিলা অনন্ত-পথে বৈষ্ণবাগ্রগণ্য ॥ ৭৩
চলিলেন যদি বিশ্বরূপ-মহাশয়। শচী-জগন্নাথের দগ্ধ হৈল হৃদয় ॥ ৭৪
গোষ্ঠী-সহ ক্রন্দন করেন উচ্চরা'য়। ভাইর বিরহে মূর্চ্ছা গেলা গৌর-রায় ॥ ৭৫
সে বিরহ বর্ণিতে বদনে নাহি পারি। হইল ক্রন্দনময় জগন্নাথের-পুরী ॥ ৭৬
বিশ্বরূপ-সন্ন্যাস শুনিঞা ভক্তগণ। অদ্বৈতাদি সভে বহু করিলা ক্রন্দন ॥ ৭৭
উত্তম, মধ্যম, যে শুনিল নদীয়ায়। হেন নাহি,—যে শুনিঞা দুঃখ নাহি পায় ॥ ৭৮
জগন্নাথ-শচীর বিদীর্ণ হয় বুক। নিরন্তর ডাকে—'বিশ্বরূপ! বিশ্বরূপ!' ॥ ৭৯
পুত্রশোকে মিশ্র-শচী হৈলাত বিহ্বল। প্রবোধয়ে যত বন্ধু- বান্ধব সকল ॥ ৮০
"স্থির হও মিশ্র! কেনে দুঃখ ভাব মনে? সর্ব-গোষ্ঠী উদ্ধারিলা এই মহাজনে ॥ ৮১
গোষ্ঠীতে জনেক যদি করয়ে সন্ন্যাস। ত্রিকোটি-কুলের হয় শ্রীবৈকুণ্ঠে বাস ॥ ৮২
হেন কর্ম করিলেন নন্দন তোমার। সফল হইল বিদ্যা সম্বন্ধ তাঁহার ॥ ৮৩
বিশেষে আনন্দ আরো করিতে যুয়ায়। এত বলি' সকলে ধরয়ে হাথে-পা'য় ॥ ৮৪
"এই কুলভুষণ তোমার বিশ্বম্ভর। এই পুত্র হইব তোমার বংশধর ॥ ৮৫
ইঁহা হৈতে সর্ব-দুঃখ ঘুচিব তোমার। কোটি-পুত্রে কি করিব, এই পুত্র যাঁ'র ॥" ৮৬
এইমত সভে বুঝায়েন বন্ধুগণ। তথাপি মিশ্রের দুঃখ না হয় খণ্ডন ॥ ৮৭
যে-তে-মতে ধৈর্য ধরে' মিশ্র-মহাশয়। বিশ্বম্ভর-গুণ স্মরি সব পাসরয় ॥ ৮৮
মিশ্র বোলে, "এই পুত্র রহিবেক ঘরে। ইহাতে প্রত্যয় মোর না লয় অন্তরে ॥ ৮৯
দিলেন কৃষ্ণ সে পুত্র, নিলেন কৃষ্ণ সে। যে কৃষ্ণচন্দ্রের ইচ্ছা, হইব সেই সে ॥ ৯০

---

১ (৭ম) -মঙ্গল- [ঙ], -কথনে [চ]; ২ (৩য়) -ব্যপার [ঙ], (৭ম—৯ম) বসি' থাকে বিষ্ণুর মন্দিরে [ঙ]; (৮ম) কৃষ্ণ-[ক, খ, চ, জ] ৪ (৬ষ্ঠ) চলিবহুঁ [ঙ], (৮ম) মাত্র [ঞ]; ৭ (২য়) বনে [ঙ]; ৮ (৪র্থ) উর্দ্ধরায় [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], ৯ (৭ম, ৮ম) ক্রন্দনের রোল ভেল [ঙ], (৭ম—৯ম) ক্রন্দন হইল সব নবদ্বীপ [খ]; ১০ (২য়) দেখিয়া [ঝ], (৫ম, ৬ষ্ঠ) ভক্ত বহু [খ], ঘরে বড়, সভে মেলি [ক্বচিৎ পাঠ]; ১২ (৫ম) নিরবধি [ক, খ]; ১৩ (২য়) মিশ্রচন্দ্র [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৪র্থ) বিকল [ঘ], (৬ষ্ঠ) বড় [ক্বচিৎ পাঠ]; ১৪ (৯ম) উদ্ধারিব [চ]; ১৫ (২য়, ৩য়) এক পুরুষ [ঘ, ছ], পুরুষ যার [ক, খ, গ, জ, ঝ, ঞ], (৬ষ্ঠ) তিন কোটি পুরুষ [ক]; ১৬ (৮ম) বিদ্যা সম্পূর্ণ [ঘ], বিদ্যা সকল [ঞ]; ১৭ (৮ম—১০ম) সভেই ধরেন মিশ্র-[ক, ছ]; ২১ (১ম) যত মতে [ক, গ, ঘ, ঙ, চ], (৫ম) বিশ্বরূপ-গুণ স্মরি ধৈর্য [গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম, ৮ম) ধৈর্য নাহি হয় [ঘ], ধৈর্য না রহয় [ছ] ২২ (৮ম) প্রমাণ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ,] (১১শ) হয় [খ চ, ছ, ঞ]; ২৩ (৭ম) শেষে [ছ]।

স্বতন্ত্র জীবের তিলার্ধেক শক্তি নাঞি। দেহেন্দ্রিয়, কৃষ্ণ ! সমর্পিলুঁ তোমা'ঠাঞি॥"৯১
এইমত জ্ঞান যোগে মিশ্র মহাধীর। অল্পে অল্পে চিত্তবৃত্তি করিলেন স্থির॥ ৯২
হেনমতে বিশ্বরূপ হইলা বাহির। নিত্যানন্দ-স্বরূপের অভেদ শরীর॥ ৯৩
যে শুনয়ে বিশ্বরূপ-প্রভুর সন্ন্যাস। কৃষ্ণভক্তি হয় তা'র, ছিণ্ডে কর্ম-ফাঁস॥ ৯৪
বিশ্বরূপ-সন্ন্যাস শুনিঞা ভক্তগণ। হরিষে বিষাদ সভে ভাবে' অনুক্ষণ॥ ৯৫
"যে বা ছিল স্থান কৃষ্ণকথা কহিবার। তাহাও হরিল কৃষ্ণ আমা'সভাকার॥ ৯৬
আমরাহ না রহিমু, চলিবাঙ বনে। এ পাপিষ্ঠ-লোক-মুখ না দেখি যেখানে॥ ৯৭
পাষণ্ডীর বাক্য-জ্বালা সহিমু বা কত। নিরন্তর অসৎপথে সর্ব-লোক রত॥ ৯৮
'কৃষ্ণ' হেন নাম নাহি শুনি কারো মুখে। সকল সংসার ডুবি মরে মিথ্যা-সুখে॥ ৯৯
বুঝাইলে কেহো কৃষ্ণ-পথ নাহি লয়। উলটিয়া আরো উপহাস সে করয়॥ ১০০
'কৃষ্ণ ভজি' তোমার হইল কোন্ সুখ ? মাগিয়া সে খাও, আরো বাঢ়ে যত দুঃখ। ১০১
যোগ্য নহে এ-সব লোকের সনে বাস। বনে চলিবাঙ বলি' সভে ছাড়ে শ্বাস॥ ১০২
প্রবোধেন সভারে অদ্বৈত-মহাশয়। "পাইবা পরমানন্দ সভেই নিশ্চয়॥ ১০৩
এবে বড় বাসোঁ মুই হৃদয়ে উল্লাস। হেন বুঝি, 'কৃষ্ণচন্দ্র করিলা প্রকাশ'॥ ১০৪
সভে 'কৃষ্ণ' গাও গিয়া পরম-হরিষে। এথাই দেখিবা কৃষ্ণ কথোক দিবসে॥ ১০৫
তোমা'সভা' লঞা হৈব কৃষ্ণের বিলাস। তবে সে 'অদ্বৈত' হঙ শুদ্ধ কৃষ্ণদাস॥ ১০৬
কদাচিত যাহা পায় শুক বা প্রহ্লাদ। তোমা'সভার ভৃত্যেহ পাইব সে প্রসাদ॥"১০৭
শুনি' অদ্বৈতের অতি মধুর বচন। পরানন্দে 'হরি' বোলে সর্ব-ভক্তগণ॥ ১০৮
'হরি' বলি' ভক্তগণ করেন হুঙ্কার। সুখময় চিত্তবৃত্তি হইল সভার॥ ১০৯
শিশুসঙ্গে ক্রীড়া করে' শ্রীগৌরসুন্দর। হরিধ্বনি শুনি' যায় বাড়ীর ভিতর॥ ১১০
"কি কার্যে আইলা বাপ্ ?"বোলে ভক্তগণে। প্রভু বোলে,"তোমরা ডাকিলা মোরে কেনে
এত বলি' প্রভু শিশু-সঙ্গে ধাঞা যায়। তথাপি না চিনে কেহো তাহান মায়ায়॥ ১১২
যে-অবধি বিশ্বরূপ হইলা বাহির। তদবধি প্রভু কিছু হইলা সুস্থির॥ ১১৩
নিরবধি থাকে পিতা-মাতার সম্মুখে। দুঃখ পাসরয়ে যেন জননী-জনকে॥ ১১৪

---

৩ (৫ম)-স্বরূপে তান [ছ]; ৪ (৯ম)-পাশ [ঘ, ঙ, চ, ঞ]; ৫ (৭ম) করে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ]; ৬ (৮ম) হরি' নিল [ক]; ৭ (২য়, ৩য়) সভে সঙ্গে [ঙ]; ৮ (৩য়, ৪র্থ) শুনিব যে [ক], সহিবাঙ [ছ]; ৯ (৩য়) বোল [কচিৎ পাঠ], (১২শ) মিছা শোকে [চ],-দুঃখে [ছ]; ১০ (৩য়)-নাম [ঞ]; ১১ (১২শ) মহা- [ঘ, ছ, জ,]; ১২ (১০ম) দীর্ঘ [চ]; ১৩ (৭ম) নির্ভয় [খ]; ১৫ (৩য়, ৪র্থ) গাওসিয়া [ঝ]; ১৬ (৩য়, ৪র্থ) কৃষ্ণ করিব [ঙ], (৭ম—১১শ) কৃষ্ণ প্রভ মোর, মুঞি তার দাস [ঙ]; ১৭ (৪র্থ) ধ্রুব [জ]; ১৮ (১ম—৩য়) "শুনিয়া অদ্বৈত-মুখে অদ্ভুত।" [ঙ], (৩য়)-অমৃত [ক, খ, গ, ঘ, চ, ঝ, ঞ] (৪র্থ) শ্রবণ [ক], (৫ম-৭ম) পরানন্দ করি বুলে [ছ], (৮ম) ভাগবতগণ [ঙ]; ২১ (৬ষ্ঠ) ভক্তগণ, (১১শ,১২শ) কি কারণ [খ, ঙ]; ২২ (৫ম) চলি [ক, খ, চ], (৯ম) জানে[ক, ঝ], বুঝে [খ, ছ]; ২৩ (৭ম)-চিত্ত [ক, খ, চ,]; ২৪ (৪র্থ) সমীক্ষ [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) সদা [কচিৎ পাঠ]।

খেলা সম্বরিয়া প্রভু যত্ন করি' পড়ে। তিলার্দ্ধেকো পুস্তক ছাড়িয়া নাহি নড়ে ॥ ১১৫

একবার যে-সূত্র পড়িয়া প্রভু যায়। আরবার উলটিয়া সভারে ঠেকায় ॥ ১১৬

দেখিয়া অপূর্ব বুদ্ধি সভেই প্রশংসে। সভে বোলে, "ধন্য পিতা-মাতা হেন বংশে ॥" ১১৭

সন্তোষে কহেন সভে জগন্নাথ-স্থানে। "তুমি ত কৃতার্থ, মিশ্র! এ-হেন নন্দনে ॥ ১১৮

এমত সুবুদ্ধি শিশু নাহি ত্রিভুবনে। বৃহস্পতি জিনি' হইব অধ্যয়নে ॥ ১১৯

শুনিলেই সর্ব অর্থ আপনে বাখানে। তান ফাঁকি বাখানিতে নারে কোন জনে ॥ ১২০

শুনিঞা পুত্রের গুণ জননী হরিষ। মিশ্র শুনি' চিত্তে বড় হয় বিমরিষ ॥ ১২১

শচী-প্রতি বোলে জগন্নাথ মিশ্রবর। "এহো পুত্র না রহিব সংসার-ভিতর ॥ ১২২

এইমত বিশ্বরূপ পড়ি' সর্ব-শাস্ত্র। জানিল,—'সংসার সত্য নহে তিল মাত্র' ॥ ১২৩

সর্ব-শাস্ত্র-মর্ম জানি' বিশ্বরূপ ধীর। অনিত্য সংসার হৈতে হইলা বাহির ॥ ১২৪

এহো যদি সর্ব শাস্ত্রে হইব জ্ঞানবান্। ছাড়িয়া সংসার-সুখ করিব পয়ান ॥ ১২৫

এই পুত্র—সবে দুইজনের জীবন। ইহারে না দেখিলে দুই জনের মরণ ॥ ১২৬

অতএব ইহার পড়িয়া কায নাঞি। মূর্খ হঞা ঘরে মোর রহুক নিমাঞি" ॥ ১২৭

শচী বোলে, "মূর্খ হৈলে জীবেক কেমনে? মূর্খেরে ত কন্যাও না দিবে কোন জনে"

মিশ্র বোলে, "তুমি ত' অবোধ বিপ্র-সুতা। হর্তা, কর্তা, ভর্তা কৃষ্ণ—সভার রক্ষিতা ॥ ১২৯

জগত পোষণ করে' জগতের নাথ। 'পাণ্ডিত্যে পোষয়ে' কেবা কহিল তোমাত? ১৩০

কিবা মূর্খ, কি পণ্ডিত, যাহার যেখানে। কন্যা লিখিয়াছে কৃষ্ণ, সে হৈব আপনে ॥ ১৩১

কুল-বিদ্যা-আদি সব উপলক্ষ হয়। সভারে পোষয়ে কৃষ্ণ সর্ব জনাশ্রয় ॥ ১৩২

সাক্ষাতেই এই কেনে না দেখ আমাত। পড়িয়াও আমার ঘরে কেনে নাহি ভাত? ১৩৩

ভালমতে বর্ণ উচ্চারিতেও যে নারে। সহস্র পণ্ডিত দেখ গিয়া তা'র দ্বারে ॥ ১৩৪

অতএব বিদ্যা-আদি না করে' পোষণ। কৃষ্ণ সে সভারে করে' পোষণ পালন ॥" ১৩৫

তথাহি—'অনায়াসেন-মরণং বিনা দৈন্যেন জীবনম্। অনারাধিত-গোবিন্দচরণস্য কথং ভবেৎ ॥'১৩৬

---

১ (৯ম) এড়িয়া [চ], (৮ম—১১শ) প্রভুরে পড়ুয়া নাহি ছাড়ে [ক]; ২ (৬ষ্ঠ) পুনর্বার [ঙ, জ]; ৪ (৪র্থ) প্রভু-পিতৃ- [খ]; ৫ (৯ম) বিদ্যাবানে [খ, ঙ, ঞ]; ৬ (৩য়) -শাস্ত্র [ঘ], (৮ম) প্রবেশিতে [ক], প্রবোধিতে [খ, গ, ঘ, ছ, জ], (১০ম) অন্য [ঙ]; ৭ (৭ম) পুনঃ [ঝ], (১০ম) করে [খ, গ, ঙ, চ, ছ, জ]; ৮ (৯ম) কুলের ভিতর [ঙ]; ৯ (৭ম) নিত্য [ছ]; ১০ (১ম—৩য়) সর্ব শাস্ত্রে বিশ্বরূপ যবে হইলা [ঙ, ছ, জ]; ১১ (৫ম) বিদ্যাবান্ [খ, ছ], গুণবান্ [ঞ]; ১২ (৫ম) পরাণ [ঙ]; ১৩ (২য়, ৩য়) ইহারে পড়াইয়া [ছ], (৭ম—১০ম) হইলে ঘরে তবে রহিব [ক]; ১৪ (৫ম) জীবে' বা [ঙ], (৭ম, ৮ম) মূর্খ হইলে [চ]; ১৫ (৯ম) পিতা [ক, খ, গ, ছ, ঝ, ঞ] (১২শ) পালিতা [ক, খ]; ১৬ (২য়—৫ম) পোষেণ কৃষ্ণ প্রভু জগন্নাথ [ঙ]; ১৮ (১ম, ২য়)-বিদ্যা-ধন-জন-লক্ষণ [খ], (৩য়) যত লক্ষণ [ক], উপলক্ষণ [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (৪র্থ) সকল [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ] (৭ম, ৮ম) কৃষ্ণচন্দ্র মহাশয় [ক], কৃষ্ণচন্দ্র মহাবল [খ, ছ], সভাকার বল [ঘ], কৃষ্ণ কৃষ্ণ সর্ব বল [গ, জ, ঝ, ঞ]; ১৯ (৭ম, ৮ম) পড়িয়া শুনিতাও [চ]; ২০ (৩য়—৫ম) উচ্চারিতে নাহি পারে [ক]; ২১ (২য়) বিদ্যা দেখ [চ], (১০ম, ১১শ) ভরণ পোষণ [চ]।

শ্লোকার্থঃ—

'অনায়াসে মরণ, জীবন দৈন্য বিনে। কৃষ্ণে সেবিলে সে হয়, নহে বিদ্যা-ধনে॥' ১৩৭
কৃষ্ণ-কৃপা বিনে নহে দুঃখের মোচন। থাকিল বা বিদ্যা, কুল, কোটি-কোটি ধন॥ ১৩৮
যা'র গৃহে আছয়ে সকল উপভোগ। তা'রে কৃষ্ণ দিয়াছেন কোন মহা-রোগ॥ ১৩৯
কিছু বিলসিতে নারে দুঃখ পুড়ি মরে। যার নাহি তাহা হৈতে 'দুঃখী' বলি তা'রে॥ ১৪০
এতেকে জানিহ থাকিলেহ কিছু নয়। যা'রে যেন কৃষ্ণ আজ্ঞা সেই সত্য হয়॥ ১৪১
এতেকে না কর' চিন্তা পুত্র-প্রতি তুমি। 'কৃষ্ণ পুষিবেন পুত্রে' কহিলাঙ, আমি॥ ১৪২
যাবত শরীরে প্রাণ আছয়ে আমার। তাবত তিলেক দুঃখ নাহিক উহার॥ ১৪৩
আমা-সভাকার কৃষ্ণ আছেন রক্ষিতা। কিবা চিন্তা, তুমি যা'র মাতা পতিব্রতা? ১৪৪
পড়িয়া নাহিক কায কহিলুঁ তোমারে। মূর্খ হঞা পুত্র মোর রহু মাত্র ঘরে॥" ১৪৫
এত বলি' পুত্রেরে ডাকিলা মিশ্রবর। মিশ্র বোলে, "শুন, বাপ্! আমার উত্তর॥ ১৪৬
আজি হৈতে আর পাঠ নাহিক তোমার। ইহাতে অন্যথা কর',—শপথ আমার॥ ১৪৭
যে তোমার ইচ্ছা, বাপ্! তাই দিমু আমি। গৃহে বসি' পরম-মঙ্গলে থাক তুমি॥" ১৪৮
এত বলি' মিশ্র চলিলেন কার্যান্তর। পড়িতে না পায় আর প্রভু বিশ্বম্ভর॥ ১৪৯
নিত্যধর্ম সনাতন শ্রীগৌরাঙ্গ-রায়। না লঙ্ঘে' জনক-বাক্য, পড়িতে না যায়॥ ১৫০
অন্তরে দুঃখিত প্রভু বিদ্যারস-ভঙ্গে। পুন প্রভু উদ্ধত হইলা শিশু-সঙ্গে॥ ১৫১
কিবা নিজ-গৃহে প্রভু কিবা পর-ঘরে। যাহা পায়, তাহা ভাঙ্গে, অপচয় করে'॥ ১৫২
নিশা হইলেহ প্রভু না আইসে ঘরে। সব রাত্রি শিশু-সঙ্গে নানা ক্রীড়া করে'॥ ১৫৩
কম্বলে ঢাকিয়া অঙ্গ, দুই শিশু মিলি'। বৃষ-প্রায় হইয়া চলেন কুতুহলী॥ ১৫৪
যা'র বাড়ী কলা-বন দেখি' থাকে দিনে। রাত্রি হৈলে বৃষ-রূপে ভাঙ্গয়ে আপনে॥ ১৫৫
গরু-জ্ঞানে গৃহস্থ করয়ে 'হায় হায়'! জাগিলে গৃহস্থ, শিশু সংহতি পলায়॥ ১৫৬
কারো ঘরে দ্বার দিয়া বান্ধয়ে বাহিরে। লঘ্বী-গুর্বী গৃহস্থ করিতে নাহি পারে'॥ ১৫৭
'কে বান্ধিলেক দ্বার?—করয়ে 'হায় হায়'! জাগিলে গৃহস্থ, প্রভু উঠিয়া পলায়॥ ১৫৮
এইমত দিন-রাত্রি ত্রিদশের রায়। শিশুগণ-সঙ্গে ক্রীড়া করে' সর্বদায়। ১৫৯
এতেক চাপল্য করে' প্রভু বিশ্বম্ভর। তথাপিহ মিশ্র কিছু না করে' উত্তর॥ ১৬০

---

২ (২য়, ৩য়) করিলে সে [ক], (১০ম) কোটি মহা- [ঙ]; ৩ (৪র্থ) উত্তম [কচিৎ পাঠ], (১০ম) এক- [ঝ]; ৪ (৪র্থ) দেখি' [ক, ঘ, ঙ, ছ, জ], জ্বলি' [গ], (৮ম—১০ম) ভক্তিধন নাহি [কচিৎ পাঠ]; ৫ (১০ম, ১১শ) সুনিশ্চয় [ঙ]; ৭ (৪র্থ) বসয়ে [ঘ], থাকিব [ঙ], (৮ম) চিন্তা [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ৮ (১ম) আমার অভাবে [ক, খ], আমার সভারে [ঝ]; ১০ (২য়) ডাবি' [চ]; ১১ (৭ম, ৮ম) এই কথা রক্ষা [ক]; ১২ (৫ম) সব [খ, ঙ]; ১৩ (৯ম—১১শ) প্রভু চিন্তয়ে অন্তর [ঞ]; ১৪ (১ম) -ব্রহ্ম [ঙ]; ১৯ (২য়) ঘরে [ক, ঙ, জ] (৩য়) -ফল [ছ], (৫ম) যায় [গ], (৯ম) বৃষ হৈয়া [ঞ]; ২০ (৬ষ্ঠ) জানিলে [চ] (৮ম) প্রভু উলটি' [খ]; ২২ (৭ম) ডাকিলে [গ, ছ], (৯ম, ১০ম) শিশু-সংহতি [ঙ, জ]; ২৩ (৮ম) সর্বথায় [ছ, ঞ;] ২৪ (১ম) যতেক [কচিৎ পাঠ], (২য়) চাঞ্চল্য [ঞ]।

একদিন মিশ্র চলিলেন কার্যান্তর। পড়িতে না পায় প্রভু-ক্রোধিত-অন্তর ॥ ১৬১
বিষ্ণু-নৈবেদ্যের যত বর্য্য হাণ্ডিগণ। বসিলেন প্রভু হাণ্ডি করিয়া আসন ॥ ১৬২
এ বড় নিগূঢ় কথা, শুন এক-মনে। কৃষ্ণভক্তি সিদ্ধ হয় ইহার শ্রবণে ॥ ১৬৩
বর্য্য- হাঁড়ীগণ সব করি' নিজাসন। তথি বসি' হাসে প্রভু শচীর নন্দন ॥ ১৬৪
লাগিল হাণ্ডির কালি সর্ব গৌর-অঙ্গে। কনক-পুতলি যেন বেড়িয়াছে ভৃঙ্গে ॥১৬৫
শিশুগণ জানাইল গিয়া শচী-স্থানে। "নিমাঞি বসিয়া আছে হাণ্ডির আসনে ॥"১৬৬
মা'য়ে আসি' দেখিয়া করেন 'হায় হায়'! "এ স্থানেতে বাপ্ বসিবারে না যুয়ায় ॥ ১৬৭
বর্য্য-হাণ্ডি ইহো সব পরশিলে স্নান। এতদিনে তোমার এনা জন্মিল জ্ঞান ?" ১৬৮
প্রভু বোলে, "তোরা মোরে না দিস্ পড়িতে। ভদ্রাভদ্র মূর্খ মুঞি জানিমু কেমতে ?১৬৯
মূর্খ আমি না জানিয়ে ভাল-মন্দ-স্থান। সর্বত্র আমার এক অদ্বিতীয়-জ্ঞান ॥" ১৭০
এত বলি' হাসে বর্য্য-হাণ্ডির আসনে। 'দত্তাত্রেয়'-ভাব প্রভু হইলা তখনে ॥ ১৭১
মা'য়ে বোলে, "তুমি যে বসিলা মন্দ স্থানে। এবে তুমি পবিত্র বা হইবা কেমনে ?"১৭২
প্রভু বোলে, "মাতা ! তুমি বড় শিশুমতি। অপবিত্র স্থানে মোর কভু নহে স্থিতি ॥ ১৭৩
যথা মোর স্থিতি, সেই সর্ব-পুণ্য-স্থান। গঙ্গা-আদি সর্ব-তীর্থ তথি অধিষ্ঠান ॥ ১৭৪
আমার কল্পনা সে—যে শুচি বা অশুচি। স্রষ্টার কি দোষ আছে—মনে ভাব' বুঝি' ॥১৭৫
লোক-বেদ-মতে যদি অশুদ্ধ বা হয়। আমি পরশিলেহ কি অশুদ্ধতা রয় ? ১৭৬
এ সব হাণ্ডিতে মূলে নাহিক দূষণ—। তুমি যা'তে বিষ্ণু লাগি' করিলা রন্ধন ॥ ১৭৭
বিষ্ণুর রন্ধন-স্থালী কভু দুষ্ট নয়। সে হাণ্ডি পরশে আর-স্থান শুদ্ধ হয় ॥ ১৭৮
এতেকে আমার বাস নহে মন্দ-স্থানে। সভে শুদ্ধ হয় মোর পরশ-কারণে ॥" ১৭৯
বাল্যভাবে সর্বতত্ত্ব কহি' প্রভু হাসে। তথাপি না বুঝে কেহো তান মায়া-বশে ॥ ১৮০
সভেই হাসেন শুনি' শিশুর বচন। 'স্নান আসি' কর'—শচী বোলেন তখন ॥ ১৮১
না আইসে প্রভু সেইখানে বসি' আছে। শচী বোলে—"ঝাট আয় বাপে জানে পাছে ॥
প্রভু বোলে, "যদি মোরে না দেহ' পড়িতে। তবে মুঞি না যাইমু—কহিলুঁ তোমাতে ॥"
সভেই ভৎর্সেন ঠাকুরের জননীরে। সভে বোলে, "কেনে নাহি দেহ' পড়িবারে ? ১৮৪

---

২ (৪র্থ) হাড়িগণ, (১ম) হাড়ি [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ]; ৩ (৬ষ্ঠ) সাবধানে [খ], (৮ম) শুদ্ধ [ক]; ৪ (৪র্থ) সিংহাসন [খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ], (৮ম—১০ম) গৌর সুন্দর-বদন [ক, গ, ঘ, ছ, জ, ঝ,]; ৫ (৮ম, ৯ম) লেপিয়াছে গন্ধে [ক, খ, গ, ঘ, ছ] লিপিয়াছে অঙ্গে [ঝ]; ৭ (১ম, ২য়) শচীদেবী [ঙ]; ৯ (৯ম) মূর্খ বিপ্র [ক, গ, ঘ, চ, জ, ঝ, ঞ]; ১০ (৮ম) হয় [ঝ]; ১১ (৪র্থ) প্রভু হাঁড়ীর [ঘ, জ]; ১২ (১৩শ) কেন মনে [খ, ছ]; ১৪ (৫ম)-তীর্থস্থান [ঞ]; ১৫ (২য়—৪র্থ) সে কাল্পনিক [ঝ]; ১৬ (১ম) -রীতে [ঞ], (৩য়, ৪র্থ) অশুদ্ধতা [চ, ছ], অশুচি বা [জ]; ১৭(৪র্থ) কিছু [ঙ] যেন [চ]; ১৮ (৮ম, ৯ম) পরশ-মাত্র স্থান [ছ]; ২১ (৪র্থ) প্রভুর [ঙ, জ], (৯ম, ১১শ) সভে করেন যতন [ক, খ]; ২২ (৫ষ্ঠ) হাসে [ক, ঘ, ঞ], (৯ম, ১০ম) শীঘ্র আইস [ঘ]; ২৩ (১০ম, ১১শ) না আসিমু [চ], (১৩শ) সাক্ষাতে [জ]; ২৪ (৩য়) প্রভুর [ঘ], (৫ম) কেহো [ঙ]।

যত্ন করি' কেহো নিজ-বালকে পড়ায়। কত ভাগ্যে আপনে পড়িতে পুত্র চায়॥ ১৮৫
কোন্ শত্রু হেন-বুদ্ধি দিল বা তোমারে? ঘরে মুর্খ করি' পুত্রে রাখিবার তরে? ১৮৬
ইহাতে শিশুর দোষ তিলার্ধেক নাঞি।" সভেই বোলয়ে, "বাপ্! আইস, নিমাঞি! ১৮৭
আজি হৈতে তুমি যদি না পাও পড়িতে। তবে অপচয় তুমি করিহ ভালমতে॥" ১৮৮
না আইসে প্রভু, সেইখানে বসি' হাসে। সুকৃতি সকল সুখ—সিন্ধু-মাঝে ভাসে॥ ১৮৯
আপনে ধরিয়া শিশু আনিলা জননী। হাসে গৌরচন্দ্র—যেন ইন্দ্রনীলমণি॥ ১৯০
'তত্ত্ব' কহিলেন প্রভু দত্তাত্রেয়-ভাবে। না বুঝিল কেহো তান মায়ার প্রভাবে॥ ১৯১
স্নান করাইলা পুত্রে শচী পুণ্যবতী। হেন-কালে আইলেন মিশ্র মহামতি॥ ১৯২
মিশ্র-স্থানে শচী সব কহিলেন কথা। "পড়িতে না পায়ে পুত্র, মনে পায় ব্যথা॥" ১৯৩
সভেই বোলেন, "মিশ্র, তুমি ত' উদার। কা'র বোলে পুত্র নাহি দেহ' পড়িবার? ১৯৪
যে করিব কৃষ্ণচন্দ্র সেই সত্য হয়ে। চিন্তা পরিহরি' দেহ' পড়িতে তনয়ে॥ ১৯৫
ভাগ্যে সে বালক চাহে আপনে পড়িতে। ভাল-দিনে যজ্ঞসূত্র দেহ' ভালমতে॥" ১৯৬
মিশ্র বোলে, "তোমরা পরম-বন্ধুগণ। তোমরা যে বোল', সেই আমার বচন॥" ১৯৭
অলৌকিক দেখিয়া শিশুর সর্বকর্ম। বিস্ময় ভাবেন, কেহো নাহি জানে মর্ম॥ ১৯৮
মধ্যে মধ্যে কোন জন অতি-ভাগ্যবানে। পূর্বে কহি' রাখিয়াছে জগন্নাথ স্থানে ১৯৯
"প্রাকৃত মনুষ্য কভু এ বালক নয়ে। যত্ন করি' এ বালকে রাখিহ হৃদয়ে॥" ২০০
নিরবধি গুপ্ত ভাবে প্রভু ক্রীড়া করে'। বৈকুণ্ঠ-নায়ক দ্বিজ-অঙ্গনে বিহরে'॥ ২০১
পড়িতে পাইলা প্রভু বাপের আদেশে। হইলেন মহাপ্রভু আনন্দ-বিশেষে॥ ২০২
শ্রীচৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ২০৩

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীবিশ্বরূপ-সন্ন্যাসাদি-বর্ণনং

নাম পঞ্চমোঽধ্যায়ঃ॥ ৫॥

---

১ (৪র্থ)-পুত্রকে [ঘ, ঞ], (১১শ) শিশু [ঝ, ঞ]; ৫ (৮ম) দেখি সুখ-মাঝে [ক, খ, ঙ, চ, ছ, জ] ৮ (৩য়) লঞা, নিমাঞি [কচিত পাঠ], (৫ম) ভাগ্যবতী [ক, চ]; ৯ (১১শ) ভাবে [ক, গ, ঙ, ঝ, ঞ]; ১১ (১১শ) নিশ্চয় [গ, ঘ], নির্ভয় [ঝ]; ১৪ (৬ষ্ঠ) হইল [ঙ], (৭ম) সভে [ক, খ, চ], (৮ম, ৯ম) না জানিয়ে [কচিৎ পাঠ]; ১৬ (২য়) বালক [ঝ]; ১৭ (২য়) বালা-ভাবে [গ], (৪র্থ) কেলি [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৭ম) নিজ-[খ. ঙ], কৃষ্ণ অঙ্গনে [কচিৎ পাঠ]; ১৮ (২য়) আইলা [ক, ঙ, ঞ], (৪র্থ) পিতার [ঘ, চ]; ১৯ শ্রীচৈতন্য-নিত্যানন্দের চরণ-যুগলে। বৃন্দাবনদাস গায় চৈতন্যমঙ্গলে॥" [কচিৎ পাঠ], (১ম) শ্রীচৈতন্য-[খ, ঞ], শ্রীচৈতন্যচন্দ্র শ্রীনিত্যানন্দ [ঙ], (২য়) ভাল জান [খ], পঁহু [ঞ]; (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য-, (২য়, ৩য়) জান [ক, গ, ঘ, চ ছ, জ, ঝ]।

ষষ্ঠ অধ্যায়

জয় জয় কৃপাসিন্ধু শ্রীগৌরসুন্দর। জয় শচী-জগন্নাথ-গৃহ-শশধর ॥ ১
জয় জয় নিত্যানন্দ-স্বরূপের প্রাণ। জয় জয় সংকীর্তন-ধর্মের নিধান ॥ ২
ভক্তগোষ্ঠী-সহ গৌরাঙ্গের জয় জয়। শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয় ॥ ৩
হেনমতে মহাপ্রভু জগন্নাথ-ঘরে। নিগূঢ়ে আছেন, কেহো চিনিতে না পারে ॥ ৪
বাল্য-ক্রীড়া-নাম যত আছে পৃথিবীতে। সকলি খেলায় প্রভু, কে পারে কহিতে ? ৫
বেদদ্বারে ব্যক্ত হৈব সকল-পুরাণে। কিছু শেষে শুনিব সকল ভাগ্যবানে ॥ ৬
এইমত গৌরচন্দ্র বাল্যরসে ভোলা। যজ্ঞোপবীতের কাল আসিয়া মিলিলা ॥ ৭
যজ্ঞসূত্র পুত্রের দিবারে মিশ্রবর। বন্ধুবর্গ ডাকিয়া আনিলা নিজ-ঘর ॥ ৮
পরম-হরিষে সভে আসিয়া মিলিলা। যাঁ'র যেন যোগ্য কায করিতে লাগিলা ॥ ৯
স্ত্রীগণেতে 'জয়' দিয়া কৃষ্ণগুণ গায়। নটগণে মৃদঙ্গ, সানাই, বংশী বা'য় ॥ ১০
বিপ্রগণ বেদ পড়ে, ভাট রায়বার। শচীগৃহে হইল আনন্দ-অবতার ॥ ১১
যজ্ঞসূত্র ধরিবেন শ্রীগৌরসুন্দর। শুভযোগ-সকল আইল শচী-ঘর ॥ ১২
শুভমাসে শুভদিনে শুভক্ষণ হেরি'। ধরিলেন যজ্ঞসূত্র গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ১৩
শোভিল শ্রীঅঙ্গে যজ্ঞসূত্র মনোহর। সূক্ষ্মরূপে 'শেষ' বা বেঢ়িলা কলেবর ॥
হইলা বামনরূপ প্রভু গৌরচন্দ্র। দেখিতে সভার বাঢ়ে পরম আনন্দ ॥ ১৫
অপূর্ব সে ব্রহ্মতেজ দেখি' সর্বগণে। নর-জ্ঞান আর কেহো না করয়ে মনে ॥ ১৬
হাথে দণ্ড, কান্ধে ঝুলি, শ্রীগৌরসুন্দর। ভিক্ষা করে' প্রভু সর্ব-সেবকের ঘর ॥ ১৭
যা'র যেন শক্তি, ভিক্ষা সভেই সন্তোষে। প্রভুর ঝুলিতে দিয়া নারীগণ হাসে ॥ ১৮
দ্বিজপত্নী-রূপ ধরি' ব্রহ্মাণী, রুদ্রাণী। যত পতিব্রতা মুনিবর্গের গৃহিণী ॥ ১৯
শ্রীবামনরূপ প্রভুর দেখিয়া সন্তোষে। সভেই ঝুলিতে ভিক্ষা দিয়া দিয়া হাসে ॥ ২০

---

১ (৩য়) কৃপাম্বুধি [ক, গ, জ,]; ৪ (১ম, ২য়) নবদ্বীপে, আছে প্রভু [কচিৎ পাঠ]; (৭ম) লখিতে [ক, খ]; ৫ (১ম) -লীলা- [ঙ], (১০ম) বুঝিতে [ছ]; ৬ "কিছু সে জানিব সকল ভাগ্যবানে। অন্যের শকতি ইহা কিছু নাহি জানে ॥" [গ], (৭ম) জানিব [ঘ, চ, ঞ]; ৭ (৩য়) বাল্যভাবে [চ], (৪র্থ) ভোরা [ক]; ৯ (৬ষ্ঠ) যেই [ক]; ১১ (৫ম) কায়বার [খ, গ, ঘ, ঙ, চ, ছ,] (৮ম)-অপার [চ]; ১৩ (৩য়) শুভপক্ষ [ছ], (৭ম) শ্রীগৌরাঙ্গ-হরি [জ]; ১৪ (৫ম—৮ম) সুমেরুতে শেষ যেন বেঢ়ি [ক], (৬ষ্ঠ, ৭ম) সে শোভা [ছ, ঞ]; ১৫ (৭ম) চিত্তে [ছ], (৮ম) অতুল [খ] নয়ান [গ, চ, ছ]; ১৬ (২য়, ৩য়) ব্রাহ্মণ- [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ], বামনরূপ [কচিৎ পাঠ], (৭ম—৯ম) প্রভুরে নাহিক কারো [ঘ, ঙ], কেহো কেহো নাহি করে [ঝ], (৮ম, ৯ম) নাহি করে [চ, ঞ] ১৮ (২য়) যথা [খ, গ, ঙ, জ, ঝ, ঞ]; ১৯ (৮ম) রমণী [ঙ]; ২০ "সভেই ঝুলিতে ভিক্ষা দিয়া দিয়া হাসে। সভার মুখ দেখি' প্রভু পায় মহাসুখে ॥" [ক]।

প্রভুহ করেন শ্রীবামন-রূপ-লীলা। জীবের উদ্ধার লাগি' এ-সকল খেলা ॥ ২১
জয় জয় শ্রীবামন-রূপ গৌরচন্দ্র। দান দেহ' হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব ॥ ২২
যে শুনে প্রভুর যজ্ঞসূত্রের গ্রহণ। সে পায় চৈতন্যচন্দ্র-চরণে শরণ ॥ ২৩
হেনমতে বৈকুণ্ঠ-নায়ক শচী-ঘরে। বেদের নিগূঢ় নানামত ক্রীড়া করে' ॥ ২৪
ঘরে সর্বশাস্ত্রের বুঝিয়া সমীহিত। গোষ্ঠী-মধ্যে প্রভুর পড়িতে হৈল চিত ॥ ২৫
নবদ্বীপে আছে অধ্যাপক-শিরোমণি। গঙ্গাদাস-পণ্ডিত যে হেন সান্দীপনি ॥ ২৬
ব্যাকরণ-শাস্ত্রের একান্ত তত্ত্ববিত। তাঁ'র ঠাঞি পড়িতে প্রভুর হৈল চিত ॥ ২৭
বুঝিলেন পুত্রের ইঙ্গিত মিশ্রবর। পুত্র-সঙ্গে গেলা গঙ্গাদাস-বিপ্র-ঘর ॥ ২৮
মিশ্রে দেখি' গঙ্গাদাস সম্ভ্রমে উঠিলা। আলিঙ্গিয়া বসিতে আসন এক দিলা ॥ ২৯
মিশ্র বোলে, "পুত্র আমি দিলুঁ তোমা'-স্থানে। পড়াইবা, শুনাইবা সকল আপনে ॥" ৩০
গঙ্গাদাস বোলে, "বড় ভাগ্য সে আমার। পড়ামু শুনামু যত শক্তি আপনার ॥" ৩১
শিষ্য দেখি' পরম-আনন্দে গঙ্গাদাস। পুত্র-প্রায় করিয়া রাখিলা নিজ-পাশ ॥ ৩২
যত ব্যাখ্যা গঙ্গাদাস-পণ্ডিত করেন। সকৃত শুনিলে মাত্র ঠাকুর ধরেন ॥ ৩৩
গুরুর যতেক ব্যাখ্যা করিয়া খণ্ডন। পুনর্বার সেই ব্যাখ্যা করেন স্থাপন ॥ ৩৪
সহস্র সহস্র শিষ্য পড়ে যত জন। হেন কারো শক্তি নাহি দিবেক দূষণ ॥ ৩৫
দেখিয়া অদ্ভুত বুদ্ধি গুরু হরষিত। সর্ব-গোষ্ঠী-শ্রেষ্ঠ করি' করিলা পূজিত ॥ ৩৬
যত পড়ে গঙ্গাদাস—পণ্ডিতের স্থানে। সভারেই ঠাকুর চালেন অনুক্ষণে ॥ ৩৭
শ্রীমুরারিগুপ্ত শ্রীকমলাকান্ত-নাম। কৃষ্ণানন্দ-আদি যত গোষ্ঠীর প্রধান ॥ ৩৮
সভারে চালয়ে প্রভু ফাঁকি জিজ্ঞাসিয়া। শিশু-জ্ঞানে কেহো কিছু না বোলে হাসিয়া ॥ ৩৯
এইমত প্রতিদিন পড়িঞা শুনিঞা। গঙ্গাস্নানে চলে নিজ-বয়স্য লইয়া ॥ ৪০
পড়ুয়ার অন্ত নাহি নবদ্বীপ-পুরে। পড়িঞা মধ্যাহ্নে সভে গঙ্গাস্নান করে' ॥ ৪১
একো অধ্যাপকের সহস্র-শিষ্যগণ। অন্যোহন্যে কলহ করয়ে অনুক্ষণ ॥ ৪২
কেহো বোলে, "তোর গুরু কোন্ বুদ্ধি ধরে! কোন্ শাস্ত্রে পারগ সে কি পড়ায় তোরে ?"
এইমত অল্পে-অল্পে হয় গালাগালি। তবে জল ফেলাফেলি, তবে দেয় বালি ॥ ৪৪
তবে হয় মারামারি, যে যাহারে পারে। কর্দম ফেলিয়া কা'রো গা'য়ে কেহ মারে ॥ ৪৫

---

৩ (৮ম, ৯ম) চৈতন্যপ্রভুর অভয়-চরণ [গ]; ৪ (৬ষ্ঠ) লীলারস [ক্বচিৎ পাঠ]; ৫ (৫ম) -মাঝে [ঝ, ঞ]; ৭ (৮ম, ৯ম) সমীহিত [ঝ]; ১০ (৮ম) জানাইবে [ছ]; ১১ (৭ম, ৮ম) পড়াইমু (১১শ) আছয়ে আমার [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১২ (১ম) শিশু [ঘ, ঙ, চ, ছ], (৩য়) -আনন্দ [ক, গ, ঘ, চ, ছ, জ]; ১৩ (৫ম) সঙ্কেত [ছ]; ১৪ (২য়) সকল [ঙ]; ১৫ (১১শ) দিবারে [খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ১৬ (৩য়) ব্যাখ্যা [ঙ], (৬ষ্ঠ) -শিষ্য [ঞ]; ১৭ (৭ম) বলেন [ঙ]; ১৮ (২য়) শ্রীকমলাকর- [ক্বচিৎ পাঠ]; ১৯ (২য়) চাহেন [ঞ]; ২১ (৮ম, ৯ম) গঙ্গাস্নানে চলে [গ]; ২২ (৭ম) সর্বজন [খ]; ২৩ এই পংক্তির পর অধিক পাঠ—"কেহো বোলে "তোর গুরু কোন্ বুদ্ধি তাঁর। কেহো বোলে "এই দেখ আমি শিষ্য যাঁর ॥" [ক, খ, গ, ঘ, চ, ছ, ঞ]; ২৫ (২য়, ৩য়) অন্যোহন্যে পাড়ে [ক, খ]।

রাজার দোহাই দিয়া কেহো কা'রে ধরে'। মারিয়া পলায় কেহো গঙ্গার ওপারে ॥ ৪৬
এত হুড়াহুড়ি করে' পঢ়ুয়া-সকল। বালি-কাদাময় সব হয় গঙ্গাজল ॥ ৪৭
জল ভরিবারে নাহি পারে নারীগণ। না পারে করিতে স্নান ব্রাহ্মণ-সজ্জন ॥ ৪৮
পরম-চঞ্চল প্রভু বিশ্বম্ভর-রায়। এইমত প্রভু সব ঘাটে ঘাটে যায় ॥ ৪৯
প্রতি-ঘাটে পঢ়ুয়ার অন্ত নাহি পাই। ঠাকুর কলহ করে' প্রতি-ঠাঞি-ঠাঞি ॥ ৫০
প্রথম-বয়স প্রভু স্বভাবে চঞ্চল। পঢ়ুয়াগণের সনে করেন কোন্দল ॥ ৫১
ঘাটে ঘাটে যায় প্রভু গঙ্গায় সাঁতারি'। একো ঘাটে দণ্ড দুই থাকে ক্রীড়া করি'। ৫২
যত যত প্রামাণিক পঢ়ুয়ার গণ। তা'রা, "বোলে "কলহ করহ কি কারণ ? ৫৩
জিজ্ঞাসা করহ, বুঝি—কা'র কোন্ বুদ্ধি। বৃত্তি-পঞ্জী-টীকার কে জানে দেখি, শুদ্ধি ?"৫৪
প্রভু বোলে, "ভাল ভাল, এই কথা হয়। জিজ্ঞাসুক আমারে যা'র যে' চিত্তে লয় ॥"৫৫
কেহো বোলে, "এত কেনে কর' অহঙ্কার ?" প্রভু বোলে, "জিজ্ঞাসহ যে চিত্তে তোমার ॥"
"ধাতুসূত্র বাখানহ" বোলে সে পঢ়ুয়া। প্রভু বোলে, "বাখানিয়ে, শুন মন দিয়া ॥" ৭৭
সর্বশক্তি-সমন্বিত প্রভু ভগবান্। করিলেন সূত্র-ব্যাখ্যা যে হয় প্রমাণ ॥ ৫৮
ব্যাখ্যা শুনি' সভে বোলে প্রশংসা-বচন। প্রভু বোলে, "এবে শুন, করিয়ে খণ্ডন ॥" ৫৯
যত বাখানিলা, তাহা দূষিলা সকল। প্রভু বোলে, "স্থাপ' এবে কা'র আছে বল ?" ৬০
চমৎকার সভেই ভাবেন মনে মনে। প্রভু বোলে, "শুন এবে করিয়ে স্থাপনে ॥" ৬১
পুন হেন ব্যাখ্যা করিলেন গৌরচন্দ্র। সর্ব-মতে সুন্দর, কোথাহ নাহি ধন্দ ॥ ৬২
যত সব প্রামাণিক পঢ়ুয়ার গণ। সন্তোষ সভেই করিলেন আলিঙ্গন ॥ ৬৩
পঢ়ুয়া-সকল বোলে, "আজি ঘরে যাহ। কালি যে জিজ্ঞাসি, তাহা বলিবারে চাহ ॥"৬৪
এইমত প্রতিদিন জাহ্নবীর জলে। বৈকুণ্ঠ-নায়ক বিদ্যারসে খেলা খেলে ॥ ৬৫
এই ক্রীড়া লাগিয়া সর্বজ্ঞ বৃহস্পতি। শিষ্য-সহ নবদ্বীপে হইলা উৎপত্তি ॥ ৬৬
জল-ক্রীড়া করে' প্রভু শিশুগণ-সঙ্গে। ক্ষণে ক্ষণে গঙ্গার ওপারে যায় রঙ্গে ॥ ৬৭
বহু মনোরথ পূর্বে আছিল গঙ্গার। যমুনায় দেখি' কৃষ্ণচন্দ্রের বিহার ॥ ৬৮
"কবে হইবেক মোর যমুনার ভাগ্য।" নিরবধি গঙ্গা এই বলিলেন বাক্য ॥ ৬৯
যদ্যপিহ গঙ্গা অজ-ভবাদি-বন্দিতা। তথাপিহ যমুনার পদ সে বাঞ্ছিতা ॥ ৭০

---

১ (১১শ) উপরে [ঙ, চ, জ]; ৪ (৬ষ্ঠ) প্রতি [ঝ]; ৫ (৬ষ্ঠ—৮ম) ঠাকুর-সহ কলহ [ক্বচিৎ পাঠ]; ৭ (১ম—৪র্থ) প্রতি ঘাটে ঘাটে যায় [ক, গ, ঝ]; ৮ (৮ম) কন্দল [ক, খ, ঘ, চ]; ৯ (৩য়—৫ম) জানি কার কত [গ], দেখি কার কত [ঙ]; ১১ (১১শ, ১২শ) ইৎসা যাহার [চ]; ১৩ (৭ম) হেন [গ, ঘ, চ, ছ, জ]; ১৫ (৩য়) সূত্র [ছ]; ১৬ (৩য়) চিন্তেন [ক, খ, ছ, জ, ঞ]; ১৭ (৪র্থ) করি' গেলেন [ক], (১০ম) দ্বন্দ্ব [খ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) প্রভু বিদ্যারসে [ঘ, ঙ]; ২১ (৪র্থ) সর্বাস্থ [গ, ঘ, চ, জ], সর্বারাধ্য [ঙ], সর্বার্থে [ক্বচিৎ পাঠ]; ২২ (৪র্থ) জাহ্নবী-তরঙ্গে [ক, খ, ঘ, চ], জাহ্নবীর সঙ্গে [গ]; ২৩ (৭ম, ৮ম) কৃষ্ণ যবে করিলা [ঘ]; ২৫ (৭ম, ৮ম) -সেবা চিন্তা [ঘ]॥

বাঞ্ছাকল্পতরু প্রভু শ্রীগৌরসুন্দর। জাহ্নবীর বাঞ্ছা পূর্ণ করে' নিরন্তর ॥ ৭১
বহুবিধ ক্রীড়া করি' জাহ্নবীর জলে। গৃহে আইলেন গৌরচন্দ্র কুতুহলে ॥ ৭২
যথাবিধি করি' প্রভু শ্রীবিষ্ণু-পূজন। তুলসীরে জল দিয়া করেন ভোজন ॥ ৭৩
ভোজন করিয়া মাত্র প্রভু সেইক্ষণে। পুস্তক লইয়া গিয়া বসেন নির্জনে ॥ ৭৪
আপনে করেন প্রভু সূত্রের টিপ্পনী। ভুলিলা পুস্তক-রসে সর্বদেব-মণি ॥ ৭৫
দেখিয়া আনন্দে ভাসে মিশ্র-মহাশয়। রাত্রি-দিনে হরিষে কিছুই না জানয় ॥ ৭৬
দেখিতে দেখিতে জগন্নাথ পুত্র-মুখ। নিতি-নিতি পায় অনির্বচনীয় সুখ ॥ ৭৭
যেমতে পুত্রেররূপ করে' মিশ্র পান। সশরীরে সাযুজ্য হইল কিবা তান ? ৭৮
সাযুজ্য বা কোন্ ঔপাধিক সুখ তানে। সাযুজ্যাদি-সুখ মিশ্র অল্প করি' মানে ॥ ৭৯
জগন্নাথ-মিশ্র-পা'য় মোর নমস্কার। অনন্ত-ব্রহ্মাণ্ড-নাথ পুত্র-রূপে যাঁ'র ॥ ৮০
এইমত মিশ্রচন্দ্র দেখিতে পুত্রেরে। নিরবধি ভাসে বিপ্র আনন্দ-সাগরে ॥ ৮১
কামদেব জিনিঞা প্রভু সে রূপবান্। প্রতি-অঙ্গে-অঙ্গে সে লাবণ্য অনুপাম ॥ ৮২
ইহা দেখি' মিশ্রচন্দ্র চিন্তিত অন্তরে। ডাকিনী যোগিনী পাছে পুত্রে বল করে' ॥ ৮৩
ভয়ে মিশ্র পুত্রে সমর্পয়ে কৃষ্ণ-স্থানে। হাসে প্রভু গৌরচন্দ্র, আড়ে থাকি' শুনে ॥ ৮৪
মিশ্র বোলে, "কৃষ্ণ ! তুমি রক্ষিতা সভার। পুত্র-প্রতি শুভ-দৃষ্টি করিবা আমার ॥ ৮৫
যে তোমার চরণ-কমল স্মৃতি করে'। কভু বিঘ্ন না আইসে তাহার মন্দিরে ॥ ৮৬
তোমার স্মরণ-হীন যে যে পাপ-স্থান। তথায় ডাকিনী-ভূত-প্রেত-অধিষ্ঠান ॥ ৮৭

তথা হি— শ্রীমদ্ভাগবতে (১০।৬।৩)—

"ন যত্র শ্রবণাদীনি রক্ষোঘ্নানি স্বকর্মসু। কুর্বন্তি স্বাত্বতাং ভর্তুর্যাতুধান্যশ্চ তত্র হি"॥৮৮

আমি তোর দাস, প্রভু ! যতেক আমার। রাখিবা আপনে তুমি, সকল তোমার ॥ ৮৯
অতএব যত আছে বিঘ্ন বা সঙ্কট। না আসুক কভু মোর পুত্রের নিকট ॥" ৯০
এই মতে নিরবধি মিশ্র জগন্নাথ। একচিত্তে বর মাগে' জুড়ি' দুই হাথ ॥ ৯১
দৈবে একদিন স্বপ্ন দেখি' মিশ্রবর। হরিষে বিষাদ বড় হইলা অন্তর ॥ ৯২
স্বপ্ন দেখি' স্তব পড়ি' দণ্ডবত করে। "হে গোবিন্দ ! নিমাঞি রহুক মোর ঘরে ॥ ৯৩

২ (১ম—৩য়) করিয়া অশেষ লীলা [ঙ], (৮ম) প্রভু বড় [ঘ]; ৩ এই পংক্তির পর ঙ-পুঁথিতে অধিক পাঠ—"বিষ্ণু-গৃহে প্রদক্ষিণ নমস্কার করি'। ভোজনে বসিলা গিয়া শ্রীগৌরাঙ্গ-হরি ॥"; ৪ (৮ম) প্রভু [ক, খ, ঘ]; ৫ (৮ম) সর্বজ্ঞের মণি [খ]; ৭ (৫ম) তিলে তিলে [ঝ]; ৯ (৪র্থ) ঔপাধিক [খ, গ, ঙ], (৬ষ্ঠ) তান [খ], (৭ম—১১শ) "সাযুজ্যাদি-মোক্ষ নহে সে সুখ সমান ॥" [খ], (৯ম) তুচ্ছ [ঞ], (৯ম, ১০ম) সুখ নাহি [চ]; ১০ (২য়) বহু [ক, খ, গ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১১ (৭ম) মিশ্র [ঞ]; ১২ (১ম) কন্দর্প [ক], (২য়—৫ম) জিনি রূপ প্রভুর সে ঠাম [চ], (৬ষ্ঠ, ৭ম) -প্রভুর [ঘ], প্রতি অঙ্গে-অনঙ্গ-[ঙ, জ], প্রতি-অঙ্গে সুললিত [চ]; ১৩ (৬ষ্ঠ) দানব [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৪ (১ম) তবে [খ]; ১৬ (৪র্থ) স্তুতি [খ, ছ]; ১৭ (২য়) চরণ-[খ, ঙ, চ],-বিন্দু [ছ]; ২০ "আমি তোমার দাস, সকল তোমার। রাখিবা সর্বার্থে প্রভু সকল আমার ॥" [ঙ], (৫ম, ৬ষ্ঠ) সকলই তোমার [ঘ], (১০ম, ১১শ) কি বলিব আর [ঘ]; ২১ (৯ম), প্রভু [ঞ]; ২২(৮ম) তুমি [ক,খ,গ,ঘ,ছ,জ,ঝ,ঞ]; ২৪ (৩য়) স্তুতি [চ] ।

সবে এই বর কৃষ্ণ ! মাগোঁ। তোর ঠাঞি। গৃহস্থ হইয়া ঘরে রহুক নিমাঞি ॥” ৯৪
শচী জিজ্ঞাসয়ে বড় হইঞা বিস্মিত। “এ সকল বর কেনে মাগ' আচম্বিত ?”৯৫
মিশ্র বোলে, “আজি মুই দেখিলুঁ স্বপন। নিমাঞি কর্য়াছে যেন শিখার মুণ্ডণ ॥ ৯৬
অদ্ভুত সন্ন্যাসি-বেশ কহনে না যায়। হাসে, নাচে, কান্দে ‘কৃষ্ণ’ বলি' সর্বদায় ॥ ৯৭
অদ্বৈত-আচার্য-আদি যত ভক্তগণ। নিমাঞিরে বেঢ়ি' সভে করেন কীর্তন ॥ ৯৮
কখনো নিমাঞি বৈসে বিষ্ণুর খট্টায়। চরণ তুলিয়া দেয় সভার মাথায় ॥ ৯৯
চতুর্মুখ, পঞ্চমুখ, সহস্রবদন। সভেই গায়েন,—জয় শ্রীশচীনন্দন' ॥ ১০০
মহাভয়ে চতুর্দিগে সভে স্তুতি করে'। দেখিয়া আমার মুখে বাক্য নাহি স্ফুরে ॥ ১০১
কথোক্ষণে দেখি,—লক্ষ লক্ষ লোক লঞা। নিমাঞি বুলিছে প্রতি-নগরে নাচিয়া ॥ ১০২
লক্ষ কোটি লোক নিমাঞির পাছে ধায়। ব্রহ্মাণ্ড পূরিয়া সভে হরিধ্বনি গায় ॥১০৩
চতুর্দিগে শুনি মাত্র নিমাঞির স্তুতি। নীলাচলে যায় সর্ব-ভক্তের সংহতি ॥ ১০৪
এই স্বপ্ন দেখি' চিন্তা পাঙ সর্বথায়। বৈরাগ্য করিয়া পাছে পুত্র বাহিরায় ॥ ” ১০৫
শচী বোলে, “স্বপ্ন তুমি দেখিলা গোসাঞি ! চিন্তা না করিহ, ঘরে রহিব নিমাঞি ॥ ১০৬
পুঁথি ছাড়ি' নিমাঞি না জানে কোন কর্ম। বিদ্যারস তা'র হইয়াছে সর্বধর্ম ॥” ১০৭
এইমত পরম উদার দুইজন। নানা-কথা কহে পুত্র-স্নেহের কারণ ॥ ১০৮
হেনমতে কথোদিন থাকি' মিশ্র বর। অন্তর্ধান হৈলা নিত্যসিদ্ধ-কলেবর ॥ ১০৯
মিশ্রের বিরহে প্রভু কান্দিলা বিস্তর। দশরথ-বিজয়ে যে-হেন রঘুবর ॥ ১১০
দুর্নিবার শ্রীগৌরচন্দ্রের আকর্ষণ। অতএব রক্ষা হৈল আইর জীবন ॥ ১১১
দুঃখ-রস এসকল বিস্তারি' কহিতে। দুঃখ হয় অতএব কহিলুঁ সংক্ষেপে ॥ ১১২
হেনমতে জননীর সঙ্গে গৌরহরি। আছেন নিগূঢ়রূপে আপনা' সম্বরি' ॥ ১১৩
পিতৃহীন বালকেরে দেখি' শচী আই। সেই পুত্র-সেবা বিনা আর কায নাই ॥ ১১৪
দণ্ডেক না দেখে যদি আই গৌরচন্দ্র। মূর্ছা পায় আই, দুই চক্ষে হয় অন্ধ ॥ ১১৫
প্রভুও মায়েরে প্রীতি করেন নিরন্তর। প্রবোধেন তাঁ'রে বলি' আশ্বাস-উত্তর ॥ ১১৬
“শুন মাতা, মনে কিছু না চিন্তিহ তুমি। সকল তোমার আছে যদি আছি আমি ॥ ১১৭

---

১ (১ম) এবে [ক], (২য়) এক [ঙ, ঞ], (১০ম) মোর [জ]; ২ (৩য়) অতি [ঘ]; ৪ (২য়) -রূপ [ঙ], (১১শ) সর্বথায় [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ]; ৬ (৩য়) উঠে [ঙ, চ]; ৭ (৪র্থ, ৫ম) সভে গায় জয় [ঙ]; ৮ (১ম) মহানন্দে [ক্বচিৎ পাঠ], (৩য়) ভক্ত [ঙ], (৮ম) ভয়ে [ক, ছ, জ], কিছু [চ]; ৯ (১০ম) ভ্রমিয়া [খ]; ১০ (২য়) লক্ষ [চ], (৮ম) পরশি [ক, চ], স্পর্শিয়া [গ, ঘ, জ, ঝ, ঞ], ভেদিয়া [ঙ]; ১১ (৮ম) সর্ব-বৈষ্ণব [ঙ]; ১২(৭ম, ৮ম) বিরক্ত হইয়া [গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৩ (১০ম) মনে [ক, খ, ঙ]; ১৪ (৯ম) ভাব [খ]; ১৬ (৬ষ্ঠ) কৈল [ক, খ], (৭ম) -শুদ্ধ [ক্বচিৎ পাঠ]; ১৭ (২য়) বিয়োগে [গ]; ১৮ (৬ষ্ঠ) পাইল [ঙ, চ], (৭ম) শচীর [ঙ, চ, ঞ]; ১৯ (১ম) দুখ বড় [ক্বচিৎ পাঠ]; ২০ (৩য়) প্রাণ [ক], (৮ম) পাসরি [চ]; ২২ (১ম) তিলেক [ঙ, চ] ২৩ (৫ম) অনুক্ষণ [চ], (৯ম) মধুর- [খ, ঙ, ছ], প্রবোধ- [জ], -বচন [চ]।

ব্রহ্মা-মহেশ্বরেরো যে দুর্লভ লোকে বোলে। তাহা আমি তোমারে আনিঞা দিমু হেলে ॥"
শচীও দেখিতে গৌরচন্দ্রের শ্রীমুখ। দেহ-স্মৃতি-মাত্র নাঞি, আর কিসে দুঃখ ? ১১৯
যাঁ'র স্মৃতিমাত্র সভে হয় পূর্ণকাম। সেই প্রভু যাঁ'র পুত্ররূপে বিদ্যমান ॥ ১২০
তাহান কেমতে দুঃখ রহিব শরীরে ? আনন্দ-স্বরূপ প্রভু কৈলা জননীরে ॥ ১২১
হেনমতে নবদ্বীপে বিপ্র-শিশুরূপে। আছেন বৈকুণ্ঠনাথ স্বানুভব-সুখে ॥ ১২২
ঘরের মাত্র হয় দরিদ্রতার প্রকাশ। আজ্ঞা—যেন মহামহেশ্বর-বিলাস ॥ ১২৩
কি থাকুক, না থাকুক,—নাহিক বিচার। চাহিলেই না পাইলে রক্ষা নাহি আর ॥ ১২৪
ঘর দ্বার সকল ভাঙ্গেন সেইক্ষণে। আপনারি অপচয়, তাহা নাহি মানে' ॥ ১২৫
তথাপিহ শচী যাহা চাহেন সেইক্ষণে। নানা-যত্নে দেন পুত্র-স্নেহের কারণে ॥ ১২৬
একদিন প্রভু চলিলেন গঙ্গাস্নানে। তৈল আমলকী চাহে জননীর স্থানে ॥ ১২৭
"দিব্য মালা সুগন্ধি চন্দন দেহ' মোরে। গঙ্গাস্নান করি' চাঙ গঙ্গা পূজিবারে ॥" ১২৮
জননী কহেন, "বাপ্ ! শুন মন দিয়া। ক্ষণেক অপেক্ষা কর', মালা আনি গিয়া ॥" ১২৯
'আনি গিয়া' যেই মাত্র শুনিলা বচন। ক্রোধে যেন রুদ্র হৈলা শচীর নন্দন ॥ ১৩০
"এখনে যাইবা তুমি মালা আনিবারে ?" এত বলি' ক্রুদ্ধ হঞা প্রবেশিলা ঘরে ॥ ১৩১
যতেক আছিল ঘরে জলের কলস। আগে সব ভাঙ্গিলেন হঞা ক্রোধবশ ॥ ১৩২
তৈল, ঘৃত, লবণ আছিল যাতে যাতে। সব চূর্ণ করিলেন ঠেঙ্গা লই হাথে ॥ ১৩৩
ঘরে যত ছিল ছোট বড় 'ঘট' নাম। সব ভাঙ্গিলেন ইচ্ছাময় ভগবান্ ॥ ১৩৪
গড়াগড়ি যায় ঘরে তৈল, ঘৃত, দুগ্ধ। তণ্ডুল, কার্পাস, ধান্য, লোণ, বড়ী, মুদ্গ ॥ ১৩৫
যতেক আছিল সিকা টানিঞা টানিঞা। ক্রোধাবেশে ফেলে প্রভু ছিণ্ডিঞা ছিণ্ডিঞা ॥
বস্ত্র-আদি যত কিছু পাইলেন ঘরে। খান্ খান্ করি' চিরি' ফেল দুই-করে ॥ ১৩৭
সকল ভাঙ্গিঞা যদি নৈল অবশেষ। তবে শেষে গৃহ-প্রতি হৈল ক্রোধাবেশ ॥ ১৩৮
দোহাথিয়া ঠেঙ্গা পাড়ে গৃহের উপরে। হেন প্রাণী নাহি তথা—যে নিরোধ করে' ॥ ১৩৯
ঘর-দ্বার ভাঙ্গি' শেষে বৃক্ষেরে দেখিয়া। তা'র উপরেহ ঠেঙ্গা পাড়ে দোহাথিয়া ॥ ১৪০
তথাপিহ ক্রোধাবেশে ক্ষমা নাহি হয়। শেষে ঠেঙ্গা পৃথিবীরে—নাহিক নির্ণয় ॥ ১৪১

---

১ (৪র্থ) বেদে [চ]; ৪ (৭ম) করিলেন [ক, গ ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ৫ (২য়,৩য়) বিশ্বম্ভর বৈসে নবদ্বীপে [ঘ], জননী সহিত নবদ্বীপে [চ], (৬ষ্ঠ) আত্মভাব- [ক], স্বানুভব-রূপে [ঙ]; ৭ (১০ম—১২শ) নাহিক নিস্তার [ঙ, চ]; ৮ (৩য়, ৪র্থ) ভাঙ্গিয়া ফেলেন [ঝ], (৯ম) জানে [গ, ঙ, ছ, ঞ]; ৯(৬ষ্ঠ) -দ্রব্য [থ]; ১০ (৬ষ্ঠ, ৭ম) মালা চাহিলেন [ক, থ, ছ, জ]; ১১ (১০ম) বিষ্ণু [ঞ]; ১২ (৮ম) বিলম্ব [ক, জ], (১০ম) পুষ্প [ঙ]; ১৩ (৮ম—১০ম) রুদ্র-রূপ হইলা [ঘ]; ১৪ (১ম—৩য়) এখনে কি যাইবা [ক, জ], (৮ম—১১শ) প্রবেশিলা ঘরের ভিতরে [ঞ]; ১৫ (৩য়, ৪র্থ) গঙ্গা-জলের [ঝ], (৭ম) তাহা [থ]; ১৬ (৩য়) নবনী [চ]; ১৮ (৩য়—৫ম) সব ঘৃত, দধি, [থ, চ]; ২০ (৮ম, ৯ম) চিরিলেন [জ]; ২২ (৭ম—১১শ) প্রাণী নাহি কেহো প্রভু প্রবোধ [ক্বচিৎ পাঠ], (১১শ) নিষেধ [ঘ, ছ, ঞ], বিরোধ [জ]; ২৪ (৩য়) রক্ষা [ক, থ]।

গৃহের একান্তে আই সঙ্কোচিত হঞা। মহাভয়ে আছেন যে-হেন লুকাইয়া ॥ ১৪২
ধর্ম-সংস্থাপক প্রভু-ধর্ম সনাতন। জননীরে হস্ত নাহি তোলেন কখন ॥ ১৪৩
এতাদৃশ ক্রোধ আরো আছেন ব্যঞ্জিয়া। তথাপিহ জননীরে না মারিলা গিয়া ॥ ১৪৪
সকল ভাঙ্গিয়া শেষে আসিয়া অঙ্গনে। গড়াগড়ি যাইতে লাগিলা ক্রোধমনে ॥ ১৪৫
শ্রীকনক-অঙ্গ হৈল বালুকা-বেষ্টিত। সেই হৈল মহাশোভা অকথ্য-চরিত ॥ ১৪৬
কথোক্ষণে মহাপ্রভু গড়াগড়ি দিঞা। স্থির হঞা রহিলেন শয়ন করিঞা ॥ ১৪৭
সেইভাবে দৃষ্টি কৈলা যোগনিদ্রা-প্রতি। পৃথিবীতে শুই' আছেন বৈকুণ্ঠের পতি ॥ ১৪৮
অনন্তের শ্রীবিগ্রহে যাঁহার শয়ন। লক্ষ্মী যাঁ'র পাদ-পদ্ম করেন সেবন ॥ ১৪৯
চারি-বেদে যে-প্রভুরে করে' অন্বেষণে। সে-প্রভু যায়েন নিদ্রা শচীর অঙ্গনে ॥ ১৫০
অনন্ত-ব্রহ্মাণ্ড যাঁ'র লোম কূপে ভাসে। সৃষ্টি-স্থিতি-প্রলয় করয়ে যাঁ'র দাসে ॥ ১৫১
ব্রহ্মা-শিব-আদি মত্ত যাঁ'র গুণ-ধ্যানে। সে-প্রভু যায়েন নিদ্রা শচীর অঙ্গনে ॥ ১৫২
এইমত মহাপ্রভু স্বানুভব-রসে। নিদ্রা যায়,—দেখি' সর্বদেবে কান্দে হাসে ॥ ১৫৩
কথোক্ষণে শচীদেবী মালা আনাইঞা। গঙ্গা পূজিবার সজ্জ প্রত্যক্ষ করিঞা ॥ ১৫৪
ধীরে ধীরে পুত্রের শ্রীঅঙ্গে হস্ত দিয়া। ধূলা ঝাড়ি' তুলিতে লাগিলা দেবী গিয়া ॥ ১৫৫
"উঠ উঠ, বাপ্! মোর, হের', মালা ধর'। আপন- ইচ্ছায় গিয়া গঙ্গা পূজা কর' ॥ ১৫৬
ভাল হৈল, বাপ্! যত ফেলিলা ভাঙ্গিঞা। যাউক তোমার সব বালাই লইঞা ॥ ১৫৭
জননীর বাক্য শুনি' শ্রীগৌরসুন্দর। চলিলা করিতে স্নান লজ্জিত-অন্তর ॥ ১৫৮
এথা আই সর্বগৃহ করি' উপস্কার। রন্ধনের উদ্‌যোগ লাগিলা করিবার ॥ ১৫৯
যদ্যপিহ প্রভু এত করে অপচয়। তথাপি আইর চিত্তে দুঃখ নাহি হয় ॥ ১৬০
কৃষ্ণের চাপল্য যেন অশেষ-প্রকারে। যশোমতী সহিলেন গোকুল-নগরে ॥ ১৬১
এইমত গৌরাঙ্গের যত চঞ্চলতা। সহিলেন অনুক্ষণ শচী জগন্মাতা ॥ ১৬২
ঈশ্বরের ক্রীড়া জানি' কহিতে কতেক। এইমত চঞ্চলতা করেন যতেক ॥ ১৬৩
সকল সহেন আই কায়-বাক্য-মনে। হইলেন শচী যেন পৃথিবী আপনে ॥ ১৬৪
কথোক্ষণে মহাপ্রভু করি' গঙ্গাস্নান। আইলেন গৃহে ইচ্ছাময় ভগবান্ ॥ ১৬৫

---

১ (২য়) উপান্তে [ঘ, ঝ], (৩য়, ৪র্থ) শচী সশঙ্কিত [ঝ, ঞ], (৭ম, ৮ম) শচী দেবী আছে [চ]; ৬ (৮ম) আলস [খ]; ৭ (৩য়) হৈল [খ, ঙ, ছ]; ৮ (১ম, ২য়) অনন্ত-বিগ্রহোপরে [ক্বচিৎ পাঠ], (৮ম, ৯ম) সেবে অনুক্ষণ [ক, গ, ঘ, ঙ, ছ, ঝ, ঞ]; ১০ (৪র্থ) বৈসে [ক, খ, চ]; ১১ (৩য়, ৪র্থ) যাঁহার ধেয়ানে [ক, ঙ], যে প্রভুর ধ্যানে [ছ]; ১২ (৩য়) আত্মভাব-[খ], স্বানুভাবাবেশে [ঙ, ছ, জ,], (৭ম) সর্ব-লোক [জ]; ১৩ (৫ম) বিষ্ণু [ঞ]; ১৪ (৯ম-১১শ) শচীদেবী তুলিলেন [ঘ], (১১শ) মাতা [ঞ]; ১৫ (৪র্থ) তুমি [চ], (১০ম) বিষ্ণু [ঞ]; ১৬ (১০ম) নিছনি [ঞ]; ১৭ (৪র্থ) পরম-সুন্দর [ক, খ]; ১৮ (৫ম) পরিস্কার [ক্বচিৎ পাঠ], (৭ম) উপযোগ [গ]; ২০ (৫ম) যশো-দায়ে [ক, খ, ঘ, চ, ছ, ঝ]; ২২ (৩য়, ৪র্থ) কহিতে শক্তি [জ]; ২৩ (৩য়) দেবী [জ], শচী [ঝ], (৬ষ্ঠ) আই [ঝ], (৯ম) সমানে [খ, গ, ঙ]; ২৪ (৭ম) ক্রীড়াময় [গ, ঘ, ছ, জ, ঝ, ঞ]।

বিষ্ণুপূজা করি' তুলসীরে জল দিয়া। ভোজন করিতে প্রভু বসিলেন গিয়া॥ ১৬৬
ভোজন করিয়া প্রভু হৈলা হর্য-মন। আচমন করি' করেন তাম্বূল চর্বণ॥ ১৬৭
ধীরে-ধীরে আই তবে বলিতে লাগিলা। "এত অপচয়, বাপ্‌! কি কাযে করিলা? ১৬৮
ঘর-দ্বার দ্রব্য যত, সকলি তোমার। অপচয় তোমার সে, কি দায় আমার? ১৬৯
পঢ়িবারে তুমি বোল এখনি যাইবা। ঘরে ত' সম্বল নাহি, কালি কি খাইবা?" ১৭০
হাসে প্রভু জননীর শুনিঞা বচন। প্রভু বোলে, "কৃষ্ণ পোষ্টা, করিব পোষণ॥" ১৭১
এত বলি' পুস্তক লইয়া প্রভু করে। সরস্বতীপতি চলে পঢ়িবার তরে॥ ১৭২
কথোক্ষণ বিদ্যারস করি' আস্বাদন। জাহ্নবীর তীরে আইল শচীর নন্দন॥ ১৭৩
কথোক্ষণ থাকি' প্রভু জাহ্নবীর তীরে। তবে পুন আইলেন আপন-মন্দিরে॥ ১৭৪
জননীরে ডাক দিয়া আনিঞা নিভৃতে। দিব্য স্বর্ণ তোলা দুই দিলা তান হাথে॥ ১৭৫
"দেখ, মাতা! কৃষ্ণ এই দিলেন সম্বল। ইহা ভাঙ্গাইয়া ব্যয় করহ সকল॥" ১৭৬
এত বলি' মহাপ্রভু চলিলা শয়নে। পরম বিস্মিতা হঞা আই মনে গণে'॥ ১৭৭
'কোথা হইতে সুবর্ণ আনয়ে বারেবার। পাছে কোন প্রমাদ জন্মায় আসি' আর॥ ১৭৮
যেই-মাত্র সম্বল সঙ্কোচ হয় ঘরে। এইমত সোনা আনি' দেয় বারেবারে॥ ১৭৯
কিবা ধার করে', কিবা কোন সিদ্ধি জানে! কোন্‌রূপে কা'র সোনা কেমনে বা আনে?
মহা-অকৈতব আই পরম-উদার। ভাঙ্গাইতে দিতেও ডরায় বারেবার॥ ১৮১
দশ-ঠাঞি পাঁচ-ঠাঞি দেখাইয়া আগে। লোকেরে শিখায় আই ভাঙ্গাইবা তবে॥" ১৮২
হেনমতে মহাপ্রভু সর্ব-সিদ্ধেশ্বর। গূঢ়ভাবে আছে নবদ্বীপের ভিতর॥ ১৮৩
না ছাড়েন শ্রীহস্তে পুস্তক একক্ষণ। পঢ়েন গোষ্ঠীতে যেন প্রত্যক্ষ মদন॥ ১৮৪
ললাটে শোভয়ে ঊর্দ্ধ-তিলক সুন্দর। শিরে শ্রীচাঁচর-কেশ সর্ব-মনোহর॥ ১৮৫
স্কন্ধে উপবীত, ব্রহ্মতেজ মূর্তিমন্ত। হাস্যময় শ্রীমুখ, প্রসন্ন দিব্য-দন্ত॥ ১৮৬

---

১ (২য়) কৈলা [চ], (৭ম—১০ম) করিলা প্রভু গৃহেতে আসিয়া [চ]; ২ (৬ষ্ঠ—৮ম) হাসিয়া করেন প্রভু [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], বসিয়া করেন প্রভু [ঙ]. (৯ম) -ভক্ষণ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ,]; ৪ (১০ম) দোষ [ক্বচিৎ পাঠ]; ৫ (৫ম) চলিবা [ক, খ, চ], (৬ষ্ঠ, ৭ম) ঘরেতে [ঙ, চ, জ, ঝ, ঞ], (১০ম, ১১শ) কি আসি [ঙ]; ৬ (২য়—৪র্থ) মহাপ্রভু শুনি' মায়ের [ঙ], (৯ম) অবশ্য [ঙ], (১১শ) পালন [ঞ]; ৭ (৫ম, ৬ষ্ঠ) শ্রীকরে [ক] আত্ম-করে [ঙ]; ৮ (৪র্থ) কুতূহলে [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ], (৭ম—৯ম) আইলেন সন্ধ্যাবোলে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ৯ (৭ম) প্রভু [গ]; ১০ (২য়, ৩য়) ডাকি' প্রভু [ঙ], (৭ম, ৯ম) -মুদ্রা কিছু [চ]; ১১ (৭ম—১১শ) বিস্ময় হইল শচীদেবী মনে [চ], (৮ম—১১শ) আই শুনে মনে মনে [খ]; ১৩ (৭ম) জানি [ঙ], (৯ম, ১০ম) ঘটায় জানি [ঞ], (১১শ) মা'র [ক্বচিৎ পাঠ]; ১৪ (৬ষ্ঠ—৯ম) সেই এইমত সোনা আনে [ঝ]; ১৫ (৫ম, ৬ষ্ঠ) সিদ্ধ-মন্ত্র [চ], (৬ষ্ঠ) বুদ্ধি [ঙ], (১১শ—১৩শ) বারবার আনে [ক, চ]; ১৬ (৩য়) সর্ব-লোকে-মাতা [খ] (৫ম) নিতেও [জ], (৫ম, ৬ষ্ঠ) চিত্ত দাঢ়ায়েন [ঙ], (৬ষ্ঠ, ৭ম) দঢ়ায় মনে কথা [খ]; ১৭ (১ম, ২য়) দশ-পাঁচ-ঠাঞি শচী [চ], (২য়) বিশ- [গ], (৫ম—৯ম) লোকে দেখাইয়া সোনা ভাঙ্গায়েন শেষে॥ [চ]; ১৮ (৩য়) সর্ব-সিদ্ধেশ্বর [ক, ঘ, চ, ঝ, ঞ], (৪র্থ) ভাবে [ক, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ]; ১৯ (৫ম) অনুক্ষণ [ক, গ, ঙ, চ, জ], (৬ষ্ঠ) পঢ়ুয়া- [ঘ, চ], (৯ম) সাক্ষাৎ [ক]; ২১ (২য়) যজ্ঞ সূত্র [খ, ঘ, চ]।

কিবা সে অদ্ভুত দুই কমল-নয়ন। কিবা সে অদ্ভুত শোভে ত্রিকচ্ছ-বসন ॥ ১৮৭
যেই দেখে, সেই একদৃষ্ট্যে রূপ চা'য়। হেন নাহি,—ধন্য ধন্য' বলি' যে না যায় ॥ ১৮৮
হেন সে অদ্ভুত ব্যাখ্যা করেন ঠাকুর। শুনিঞা গুরুর হয় সন্তোষ প্রচুর ॥ ১৮৯
সকল-পঢ়ুয়া-মধ্যে আপনে ধরিঞা। বসায়েন গুরু সর্ব-প্রধান করিঞা ॥ ১৯০
গুরু বোলে, "বাপ্! তুমি মন দিয়া পঢ়। ভট্টাচার্য হৈবা তুমি, কহিলাঙ দঢ় ॥" ১৯১
প্রভু বোলে, "তুমি আশীর্বাদ কর' যা'রে। ভট্টাচার্য-পদ কোন দুর্লভ তাহারে?" ১৯২
যাহারে যে জিজ্ঞাসেন শ্রীগৌরসুন্দর। হেন নাহি পঢ়ুয়া—যে দিবেক উত্তর ॥ ১৯৩
আপনি করেন তবে সূত্রের স্থাপন। শেষে আপনার ব্যাখ্যা করেন খণ্ডন ॥ ১৯৪
কেহো যদি কোনমতে না পারে স্থাপিতে। তবে সেই ব্যাখ্যা প্রভু করেন সু-রীতে ॥ ১৯৫
কিবা স্নানে, কি ভোজনে, কিবা পর্যটনে। নাহিক প্রভুর আর শাস্ত্র চিন্তা বিনে ॥ ১৯৬
এইমতে আছেন ঠাকুর বিদ্যারসে। প্রকাশ না করেন জগতের দীন-দোষে ॥ ১৯৭
হরিভক্তি-শূন্য হৈল সকল সংসার। অসৎসঙ্গ, অসৎপথ বিনা নাহি আর ॥ ১৯৮
নানারূপে পুত্রাদির মহোৎসব করে'। দেহ-গেহ-ব্যতিরিক্ত আর নাহি স্ফুরে ॥ ১৯৯
মিথ্যা-সুখে দেখি' সব লোকের আদর। বৈষ্ণবের গণ সব দুঃখিত-অন্তর ॥ ২০০
'কৃষ্ণ' বলি' ভক্তগণ করেন ক্রন্দন। "এসব জীবেরে কৃপা কর' নারায়ণ! ২০১
হেন দেহ পাইয়া না হৈল কৃষ্ণে মতি। কতকাল গিয়া আর ভুঞ্জিব দুর্গতি! ২০২
যে নর-শরীর লাগি' দেবে কাম্য করে'। তাহা ব্যর্থ যায় মিথ্যা-সুখের বিহারে ॥ ২০৩
কৃষ্ণ-যাত্রা-মহোৎসব-পর্ব নাহি করে'। বিবাহাদি কর্ম লাগি' শ্রম করি' মরে ॥ ২০৪
তোমার সর্ব জীব, কৃষ্ণ! তুমি সে রক্ষিতা। কি বলিমু আমরা তুমি সে সর্ব-পিতা ॥"২০৫
এইমত ভক্তগণ সভার কুশল। চিন্তেন, গায়েন কৃষ্ণচন্দ্রের মঙ্গল ॥ ২০৬
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২০৭

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে মহাপ্রভোরুপনয়ন-পাঠাভ্যাস-
মিশ্র-পরলোকগমনং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬

---

১ (৪র্থ) শোভে [ঙ], (৫ম) -নয়ন [ক, জ], -লোচন [গ], (৭ম—৯ম) সেই অপরূপ [ঞ], (৮ম,৯ম) অপূর্ব শোভা [চ]; ২ (১১শ,১২শ) বলিয়া [ঘ, চ, ছ]; ৪ (৭ম) জানিয়া [ঙ]; ৫ (১১শ) জানিলাম [থ], বলি-লাম [চ, ছ]; ৭ (১ম,২য়) যারে ফাঁকি [চ]; ৯ (৪র্থ,৫ম) নারিল [ঙ, চ], (১২শ) তুরিতে [ছ]; ১১ (৯ম) দীন-দোষে [গ, ঞ] ১৩ (৬ষ্ঠ) অস্থ [ক, থ, ঙ]; ১৫ (৩য়) সর্বজনে [ক, থ], সর্বগণে [গ]; ১৬ (৪র্থ—৭ম) কৃষ্ণেতে নহে মতি [ঘ], (৬ষ্ঠ,৭ম) কৃষ্ণভক্তি [থ]; ১৭ (৭ম—১১শ) বৃথা যায় হেন জন্ম দুঃখের সাগরে ॥ [চ], (৮ম) মিথ্যা [ক, থ, ঙ] (১০ম,১১শ) মিছা সুখেতে বিহরে [ক্বচিৎ পাঠ]; ১৮ (১ম)-কর্ম [ঙ, চ), (৪র্থ—৬ষ্ঠ) কর্মে সে আনন্দ [ঝ]; ১৯ (৪র্থ) প্রভু [ক, থ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ২০ (২য়) সর্ব-ভক্ত [চ]; ২১ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- (২য়, ৩য়) জান [ঙ, ঞ]।

সপ্তম অধ্যায়

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য কৃপাসিন্ধু। জয় জয় নিত্যানন্দ অগতির বন্ধু॥ ১
জয়াদ্বৈতচন্দ্রের জীবন-ধন-প্রাণ। জয় শ্রীনিবাস-গদাধরের নিধান॥ ২
জয় জগন্নাথ-শচী-পুত্র বিশ্বম্ভর। জয় জয় ভক্তবৃন্দ প্রিয় অনুচর॥ ৩
বিদ্যারস করে' গৌরচন্দ্র ভগবান্। এখনে শুনহ নিত্যানন্দের আখ্যান॥ ৪
পূর্বে প্রভু শ্রীঅনন্ত চৈতন্য-আজ্ঞায়। রাঢ়ে অবতীর্ণ হঞা আছেন লীলায়॥ ৫
'হাড়োওঝা'-নামে পিতা, মাতা পদ্মাবতী। 'একচাকা'-নামে-গ্রাম—'মৌরেশ্বর' যথি॥ ৬
শিশু হৈতে সুস্থির সুবুদ্ধি গুণবান্। জিনিঞা কন্দর্প-কোটি লাবণ্যের ধাম॥ ৭
সেই হৈতে রাঢ়ে হৈল সর্ব সুমঙ্গল। দুর্ভিক্ষ-দারিদ্র-দুঃখ খণ্ডিল সকল॥ ৮
যে-দিনে জন্মিলা নবদ্বীপে গৌরচন্দ্র। রাঢ়ে থাকি' হুঙ্কার করিলা নিত্যানন্দ॥ ৯
অনন্ত-ব্রহ্মাণ্ডে ব্যাপ্ত হইল হুঙ্কার। মূর্ছাগত হৈল যেন সকল-সংসার॥ ১০
কথো লোক বলিলেক, "হৈল বজ্রাঘাত।' কথো লোক মানিলেক পরম উৎপাত॥ ১১
কথো লোক বলিলেক, 'জানিলুঁ কারণ। মৌরেশ্বর গোসাঞির হইল গর্জন॥ ১২
এইমত সর্বলোক নানা-কথা কয় নিত্যানন্দে কেহো নাহি চিনিল মায়ায়॥ ১৩
হেনমতে আপনা লুকাঞা নিত্যানন্দ। শিশুগণ-সঙ্গে খেলা করেন আনন্দ॥ ১৪
শিশুগণ-সঙ্গে প্রভু যত ক্রীড়া করে'। শ্রীকৃষ্ণের কর্ম বিনা আর নাহি স্ফুরে॥ ১৫
দেব-সভা করেন মিলিঞা' শিশুগণে। পৃথিবীর রূপে কেহ করে' নিবেদনে॥ ১৬
তবে পৃথ্বী লঞা সভে নদী-তীরে যায়। শিশুগণ মিলি' স্তুতি করে' উর্ধ্বরা'য়॥ ১৭
কোন শিশু লুকাইয়া উর্ধ্ব করি' বোলে। "জন্মিবাও গিয়া আমি মথুরা-গোকুলে॥" ১৮
কোনদিন নিশাভাগে শিশুগণে লঞা। বসুদেব-দেবকীর বিভা দেন গিঞা॥ ১৯
বন্দি-ঘর করিয়া অত্যন্ত নিশাভাগে। কৃষ্ণ-জন্ম করায়েন, কেহ নাহি জাগে॥ ২০

---

৪ "এখন শুনহ নিত্যানন্দের আখ্যান। সূত্ররূপে কহি কিছু মহিমা তাহান॥" [ক্বচিৎ পাঠ]; ৬ (১ম) হাড়াই [চ], (৮ম) গৌড়েশ্বর [ঙ, চ, ঞ], (৯ম) ক্ষিতি [ঙ], তথি [ক্বচিৎ পাঠ]; ৭ (৫ম) ভগবান্ [খ]; ৮ (৬ষ্ঠ) দোষ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১০ (৭ম) সে [খ], লোক [চ], সাথে [ছ]; ১১ (৩য়) বুঝিলেন [খ], মানিলেক [জ], (৫ম) বজ্রপাত [ক, খ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; (১০ম) প্রমাদ [গ], উল্কাপাত [ঙ, চ]; ১২ (৩য়) বুঝিলেন [খ], (৬ষ্ঠ) গৌরড়েশ্বর [ঙ, চ, ঞ]; ১৩ (৪র্থ) গায় [ক, খ, গ, ঙ, জ, ঝ, ঞ], (৮ম) জানেন [ক]; ১৪ (২য়—৪র্থ) লুকাইয়া নিত্যানন্দ-রায় [ক, খ, চ,], (৫ম—৮ম) "কে তারে জানিতে পারে, যদি না জানায়॥" [ক], (৭ম, ৮ম) খেলান সদায় [খ, চ]; ১৫ (৭ম) কার্য [ক], বাকা [ঞ]; ১৬ (৯ম) নিরীক্ষণ [চ]; ১৭ (১ম—৩য়) শিশুগণ-সঙ্গে [গ], (৮ম) লই [ক, গ]; ১৮ (৫ম) স্বরে [জ], (৭ম—৯ম) জন্মিলা জগৎস্বামী [জ], (৭ম—১০ম) "জন্মহ তোমারা গিয়া গোকুল-নগরে॥" [চ] (১০ম) -নগরে [ঙ]; ১৯ (৬ষ্ঠ—৮ম) করায়েন বিয়া [ক, খ, গ, ঙ, ঝ, ঞ]; ২০ (৫ম) প্রভু- [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ]।

গোকুল সৃজিয়া তথি আনেন কৃষ্ণেরে। মহামায়া আনি' দিয়া ভাণ্ডিলা কংসেরে ॥ ২১
কোন শিশু সাজে তবে পূতনার রূপে। কেহো স্তন পান করে' উঠি' তা'র বুকে ॥ ২২
কোনদিনে শিশু-সঙ্গে নল-খড়ি দিয়া। শকট গড়িয়া তাহা ফেলেন ভাঙ্গিয়া ॥ ২৩
নিকটে বসয়ে যত গোয়ালার ঘরে। অলক্ষিতে শিশু-সঙ্গে গিয়া চুরি করে' ॥ ২৪
তানে ছাড়ি' শিশুগণ নাহি যায় ঘরে। রাত্রিদিন নিত্যানন্দ-সংহতি বিহরে' ॥ ২৫
যাদের বালক, তা'রা কিছু নাহি বোলে। সভে স্নেহ করিয়া' রাখয়ে লঞা কোলে ॥ ২৬
সভে বোলে, "নাহি দেখি হেনমত খেলা। কেমনে জানিলা শিশু এত কৃষ্ণ-লীলা ?" ২৭
কোনদিন পত্রের গড়িয়া নাগগণ। জল-মধ্যে যায় লঞা সব শিশুগণ ॥ ২৮
ঝাঁপ্ দিয়া পড়ে কেহো অচেষ্ট হইয়া। চৈতন্য করায় পাছে আপনে আসিয়া ॥ ২৯
কোনদিন শিশু-সঙ্গে তালবনে গিয়া। শিশু-সঙ্গে তাল খায় ধেনুকে মারিয়া ॥ ৩০
শিশু-সঙ্গে গোষ্ঠে গিয়া নানা-ক্রীড়া করে'। অঘ, বক, বৎসাসুর করি তাহা মারে ॥ ৩১
বিকালে আইসে ঘরে গোষ্ঠীর সহিতে। শিশু-সঙ্গে দল-শিঙ্গা বাইতে বাইতে ॥ ৩২
কোনদিন করে' গোবর্ধন-ধর-লীলা। বৃন্দাবন রচি' কোনদিন করে' খেলা ॥ ৩৩
কোনদিন করে' গোপীর বসন হরণ। কোনদিন করে' যজ্ঞপত্নী-দরশন ॥ ৩৪
কোনো শিশু নারদ কাচয়ে দাড়ি দিয়া। কংস-স্থানে মন্ত্র কহে নিভৃতে বসিয়া ॥ ৩৫
কোনদিন কোনো শিশু অক্রূরের বেশে। লঞা যায় রাম-কৃষ্ণে কংসের নিদেশে ॥ ৩৬
আপনি যে গোপীভাবে করেন রোদন। অশ্রুজলে বহে নদী দেখে শিশুগণ ॥ ৩৭
বিষ্ণুমায়া-বশে কেহো লখিতে না পারে। নিত্যানন্দ-সঙ্গে সব বালক বিহরে' ॥ ৩৮
মধুপুরী রচিয়া ভ্রময়ে শিশু-সঙ্গে। কাহারে করিয়া' মালী, মালা পরে' অঙ্গে ॥ ৩৯
কুবজার বেশ ধরি' কেহো গন্ধ আনে। আপনে বসিয়া গন্ধ পরে তার স্থানে ॥ ৪০
কোন কোন শিশুগণ বিপ্ররূপ ধরে। ধনুক গড়াঞা ধনুর্ময় যজ্ঞ করে ॥ ৪১
কুবলয়, চানূর, মুষ্টিক-মল্ল মারি'। কংস করি' কাহারে পাড়য়ে চুলে ধরি' ॥ ৪২

---

১ (৩য়) তহি [চ, জ,], (৫ম) শিশুরে [জ], (৭ম, ৮ম) দিয়া নিয়া [গ], দিলা লঞা [ঝ, ঞ], (১০ম) কংসাসুরে [ক, ঙ, ছ]; ২ (১১শ) রহি' [ছ]; ৩ (৩য়) তৃণ- [চ], (৭ম) পুন [ক, খ,]; ৪ (৪র্থ) বন্ধুবর্গের [ঙ, চ]; ৬ (১১শ) নিজ [ক, খ, ঘ, ঙ, চ, ছ]; ৭ (১০ম, ১১শ) কৃষ্ণ-গুণ- [ক, খ, চ]; ৯ (৫ম) অচেতন [চ], ১০ (২য়) ধেনু- [ক, খ]; ১১ (৮ম, ৯ম) বৎসক করিয়া [জ; ঝ]; ১২ (৭ম) শিঙ্গা-বিণু [চ], তাল-শৃঙ্গ [ক, খ], ১৩ (৩য়)-ধরি লীলা [ক]; ১৪—এই পংক্তির পর ঙ-পুঁথির অধিক পাঠ—"কোন কোন দিন বেদ কহায়ে দাণ্ডিয়া। কোনস্থানে মন্ত্র পড়ে নিভৃতে বসিয়া ॥"; ১৫ (৮ম, ৯ম) মন্ত্রণা করে [ঘ]; ১৬ (১০ম) নিজ-দেশে [ক, খ], আদেশে [চ, ছ, জ, ঞ]; ১৭ (৬ষ্ঠ—৯ম) নদী বহে হেন দেখে সর্ব [খ, গ, ঝ, ঞ], (৮ম—১০ম) নয়নে দেখয়ে [ঘ]; ১৮ "বিষ্ণুমায়া- বশে কেহ তত্ত্ব নাহি জানে। বিহরে বালক-সব নিত্যানন্দ-সনে ॥" [খ], (১ম)-মোহে [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ], (৩য়) চিনিতে [ঙ]; ১৯ (১০ম) রঙ্গে [খ, গ, ঙ, জ, ঝ, ঞ]; ২০ (২য়) রূপ [ঙ]; ২১ এই পঙক্তির 'চ' পুঁথির অধিক পাঠ "আপনে যায়েন যজ্ঞ দেখিবার মনে। ধনুক ভাঙ্গিয়া ফেলে করিয়া গর্জনে ॥" (৮ম) মারয়ে [ক, খ, ঙ]।

কংস-বধ করিয়া' চলয়ে শিশু-সঙ্গে। সর্বলোক দেখি' হাসে বালকের রঙ্গে ॥ ৪৩
এইমত যত যত অবতার-লীলা। সব অনুকরণ করিয়া করেন খেলা ॥ ৪৪
কোনদিন নিত্যানন্দ হইয়া বামন। বলি-রাজা করি' ছলে' তাহার ভুবন ॥ ৪৫
বৃদ্ধ-কাচে শুক্র-রূপে কেহো মানা করে'। ভিক্ষা লঞা শেষে প্রভু চড়ে বলি-শিরে ॥ ৪৬
কোনদিন নিত্যানন্দ সেতুবন্ধ করে'। বানরের রূপ সব শিশুগণ ধরে' ॥ ৪৭
ভেরেণ্ডার গাছ কাটি' ফেলায়েন জলে। শিশুগণ মিলি' 'জয় রঘুনাথ' বোলে ॥ ৪৮
শ্রীলক্ষ্মণ-রূপ প্রভু ধরিলা আপনে। ধনু ধরি' কোপে চলে সুগ্রীবের স্থানে ॥ ৪৯
"আরেরে বানরা! মোর প্রভু দুঃখ পায়। প্রাণ না লইমু যদি, তবে ঝাট আয় ॥ ৫০
সুবেল-পর্বতে মোর প্রভু পায় দুঃখ। নারীগণ লঞা বেটা! তুমি কর' সুখ?" ৫১
কোনদিন ক্রোধে বোলে পরশুরামেরে। "মোর দোষ নাহি, বিপ্র! পলাহ সত্বরে ॥" ৫২
লক্ষ্মণের ভাবে প্রভু হয় সেইরূপ। বুঝিতে না পারে শিশু মানয়ে কৌতুক ॥ ৫৩
পঞ্চ-বানরের রূপে বুলে শিশুগণ। বার্তা জিজ্ঞাসয়ে প্রভু হইয়া লক্ষ্মণ ॥ ৫৪
"কে তোরা বানরা-সব, বুল' বনে বনে? আমি—রঘুনাথ-ভৃত্য, বোল মোর স্থানে ॥" ৫৫
তা'রা বোলে, "আমরা বালির ভয়ে বুলি। দেখাহ শ্রীরঘুনাথে, লই পদধূলি ॥" ৫৬
তা' সভারে কোলে করি' আইসে লইয়া। শ্রীরাম-চরণে পড়ে' দণ্ডবত হৈয়া ॥ ৫৭
ইন্দ্রজিত-বধ-লীলা কোনদিন করে'। কোনদিন আপনে লক্ষ্মণ-ভাবে হারে' ॥ ৫৮
বিভীষণ করি' কা'রে আনে রাম-স্থানে। লঙ্কেশ্বর করি' অভিষেক করে' তানে ॥ ৫৯
কোনা শিশু বোলে, 'মুঞি আইলুঁ রাবণ। শক্তিশেল হানি এই, সম্বর' লক্ষ্মণ!' ৬০
এত বলি' পদ্মপুষ্প মারিল ফেলিয়া। লক্ষ্মণের ভাবে প্রভু পড়িলা ঢলিয়া ॥ ৬১
মুর্ছিত হইলা প্রভু লক্ষ্মণের ভাবে। জাগায় ছাওয়াল সব, তভু নাহি জাগে ॥ ৬২
পরমার্থে ধাতু নাহি সকল-শরীরে। কান্দয়ে সকল শিশু হাথ দিয়া শিরে ॥ ৬৩
শুনি' পিতা-মাতা ধাঞা আইলা সত্বরে। দেখয়ে, পুত্রের ধাতু নাহিক শরীরে ॥ ৬৪
মুর্ছিত হইয়া দোঁহে পড়িলা ভূমিতে। সর্ব-লোক আসি' দেখি' হইল বিস্মিতে ॥ ৬৫

---

১ (৩য়) নাচয়ে [খ, ঙ, চ, জ, ঝ]; ৩ (৭ম—৯ম) চলে তাঁহার ভবন [ক, খ, ঘ, ঙ, ছ, জ, ঞ]; ৪ (১ম) -রূপে [ঙ], বিপ্র হইয়া [চ], (২য়) শুক্র হই [ঙ], তথি [চ], (১১শ) তার শিরে [গ, চ, ঝ]; ৫ (৬ষ্ঠ) বেশ [ক, খ]; ৬ (১ম) এরণ্ডের [কচিৎ পাঠ], (৭ম) লই [ক, খ, ঘ, ঙ, জ]; ৭ (৮ম) উঠে [ক]; ৮ (১১শ, ১২শ) ঝাট উঠি [ক]; ৯ (১ম) সুমেরু- [ক, খ, ঙ], মাল্যবান [চ], ঋষভ [ঞ], (৮ম—১০ম) বেটা ভুঞ্জি কর [খ] তুমি ভুঞ্জ নানা [ঙ]; ১১ (১০ম) বাঢ়য়ে [খ]; ১২ (২য়, ৩য়) রূপধরে [চ], (৭ম) কেহো [চ]; ১৩ (১০ম) আমা [ক, খ, গ, ঘ, ঙ, জ]; ১৪ (৮ম) শ্রীরামচন্দ্রে [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (২য়) সঙ্গে [ঞ]; ১৬ (৪র্থ—৭ম) "আপনে লক্ষ্মণ হৈয়া মারেন তাহারে ॥" [চ], (৬ষ্ঠ) রূপে [ক, খ, ঙ, ছ, জ]; ১৮ "কোনদিন কোন শিশু হইয়া রাবণ। বোলে "শক্তিশেলে আজি বধিব লক্ষ্মণ ॥" [চ]; ১৯ (৯ম, ১০ম) পড়ে লোটাইয়া [চ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) জাগায়েন শিশু [গ, ঘ], চিয়ায় বালক [চ]; ২১ (৪র্থ) প্রভুর শরীরে [চ]; ২২ (৩য়) তারা [ক], (৯ম, ১০ম) নাহি কলেবরে [খ]; ২৩ (৩য়) ক্ষণে [খ], দেহ [ঘ]।

সকল বৃত্তান্ত কহিলেন শিশুগণ। কেহো বোলে, "বুঝিলাঙ ভাবের কারণ ॥ ৬৬
পূর্বে দশরথ-ভাবে এক নটবর। রাম বনবাসে এড়িলেক কলেবর ॥" ৬৭
কেহো বোলে, "কাচ কাচি' আছয়ে ছাওয়াল। হনূমান ঔষধ দিলে হইবেক ভাল ॥" ৬৮
পূর্বে প্রভু শিখাইয়াছিলেন সভারে। "পড়িলে কান্দিহ বেড়ি' তোমরা আমারে ॥ ৬৯
ক্ষণেক বিলম্বে পাঠাইহ হনূমান। নাকে দিলে ঔষধ আসিবে মোর প্রাণ ॥ ৭০
নিজ-ভাবে প্রভু মাত্র হৈলা অচেতন। দেখি' বড় বিকল হৈলা শিশুগণ ॥ ৭১
ছন্ন হইলেন সভে শিক্ষা নাহি স্ফুরে। "উঠ, ভাই বলি' মাত্র কান্দে উচ্চস্বরে ॥ ৭২
লোকমুখে শুনি' কথা হইল স্মরণ। হনূমান-কাচে শিশু চলিল তখন ॥ ৭৩
আর এক শিশু পথে তপস্বীর বেশে। ফল-মূল দিয়া হনূমানেরে আশংসে ॥ ৭৪
"রহ বাপ্! ধন্য কর' আমার আশ্রম। বড় ভাগ্যে আসি' মিলে তোমা' হেন জন ॥" ৭৫
হনূমান বোলে, "কার্য-গৌরবে চলিব। আসিবারে চাহি, রহিবারে না পারিব ॥ ৭৬
শুনিয়াছ, রামচন্দ্র-অনুজ লক্ষ্মণ। শক্তিশেলে তাঁ'রে মূর্ছা করিল রাবণ ? ৭৭
অতএব যাই আমি গন্ধমাদন। ঔষধ আনিলে রহে তাহান জীবন ॥" ৭৮
তপস্বী বোলয়ে, "যদি যাইবা নিশ্চয়। স্নান করি' কিছু খাঞা করহ বিজয় ॥" ৭৯
নিত্যানন্দ-শিক্ষায় বালকে কথা কহে। বিস্মিত হইয়া সর্বলোকে চাহি' রহে ॥ ৮০
তপস্বীর বোলে সরোবরে গেল স্নানে। জলে থাকি' আর শিশু ধরিল চরণে ॥ ৮১
কুম্ভীরের বেশ ধরি যায় জলে লঞা। হনূমান শিশু আনে কূলেতে টানিঞা ॥ ৮২
কথোক্ষণে রণ করি' জিনিঞা কুম্ভীর। আসি' দেখে হনূমান আর মহাবীর ॥ ৮৩
আর এক শিশু ধরি' রাক্ষসের কাচে। হনূমানে খাইবারে যায় তাঁ'র পাছে ॥ ৮৪
"কুম্ভীর জিনিলা, মোরে জিনিবা কেমনে? তোমা' খাও এবে কেবা জীয়াবে লক্ষ্মণে?" ৮৫
হনূমান বোলে, "তোর রাবণা কুক্কুর। তারে নাহি বস্তু জ্ঞান তুই পালা দূর ॥" ৮৬
এইমত দুইজনে হয় গালাগালি। শেষে হয় চুলাচুলি, তবে কিলাকিলি ॥ ৮৭
কথোক্ষণে সে কৌতুকে জিনিঞা রাক্ষসে। গন্ধমাদনে আসি' হইলা প্রবেশে ॥ ৮৮
তঁহি গন্ধর্বের বেশ ধরে শিশুগণ। তা'সভার সঙ্গে যুদ্ধ হয় কথোক্ষণ ॥ ৮৯

---

২ (৪র্থ) নৃপবর [ঙ, চ], নরবর [ঞ], (৫ম, ৬ষ্ঠ) রাম বনবাসা শুনি ত্যজে [ঞ]; ৪ (৪র্থ) শিশুরে [ঘ, ঙ]; বালকেরে [চ]; ৫ (১ম) খানিক [ক, গ, ঘ, ছ, জ], (৮ম) বাঁচিব [ঘ]; ৬ (৩য়) সেই [চ]; (৮ম) বিস্মিত [ক, চ]; ৭ (১২শ) উচ্চৈঃ স্বরে [খ, ঙ]; ৮ (৩য়) মাত্র [চ], (৬ষ্ঠ—৮ম)-কাচ শিশু রচিল [ক, খ, ছ]; ৯ (৪র্থ) তথি [ক], ধরি [খ], (১০ম) প্রশংসে [ঘ, ঙ, চ], আশ্বাসে [ছ, ঞ]; ১০ (১১শ) ধন [ক, ছ]; ১৩ (২য়, ৩য়) যাইতে চাহি [খ]; ১৫ (৩য়, ৪র্থ) যত কয় [ঙ], (৯ম) রয় [ঙ]; ১৬ (২য়) বাক্যে [ঙ], (৭ম-৯ম) রহি কুম্ভীরিণী [ক, খ, চ]; ১৭ (১ম-৬ষ্ঠ) "অগাধ জলেতে যায় চরণ ধরিয়া।" (৯ম, ১০ম) তোলে কুম্ভীর [ঞ]; ১৮ (২য়) বশ [ক, ছ]; রস [খ, গ, জ], যুদ্ধ [ঞ], রঙ্গ [ক্বচিৎ পাঠ]; ১৯ (৪র্থ) তবে [ক, খ]; ২০ (৮ম) তবে [ক, ঘ, জ, ঝ]; ২১ (৮ম) বুদ্ধি [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ] (১০ম) পাপী [ঞ]; ২২ (৩য়) করে [ক, খ], (৯ম) পেলাপেলি [চ]; ২৩ (২য়, ৩য়) রণ করি' [খ], যুদ্ধ করি' [ঘ, ঙ], (৮ম) করিলা [খ]; ২৪ (৯ম) করি' [জ]।

যুদ্ধে পরাজয় করি' গন্ধর্বের গণে। শিরে করি' আনিলেন গন্ধমাদনে॥ ৯০
আর এক শিশু তঁহি বৈদ্যরূপ ধরি'। ঔষধ দিলেন নাকে 'শ্রীরাম' স্মঙরি॥ ৯১
নিত্যানন্দ মহাপ্রভু উঠিলা তখনে। দেখি' মাতা-পিতা-আদি হাসে সর্বজনে॥ ৯২
কোলে করিলেন গিয়া হাড়াই পণ্ডিত। সকল বালক হইলেন হরষিত॥ ৯৩
রাবণের বেশ ধরি' কোন শিশুগণ। রাম-রূপে কেহ তান বধয়ে পরাণ॥ ৯৪
রাবণে বধিয়া বিভীষণে রাজ্য দিয়া। দেশেরে চলিলা রাম সীতা উদ্ধারিয়া॥ ৯৫
বহুদিনে চারি ভাইর হইল মিলন। অভিষেক কৈল রামে যত দেবগণ॥ ৯৬
এইমত লীলা করে' প্রভু নিত্যানন্দ। শিশুগণ-সঙ্গে লঞা পরম-আনন্দ॥ ৯৭
সভে বোলে, "বাপ্ ! ইহা কোথায় শিখিলা ?" হাসি বোলে প্রভু, "মোর এ সকল লীলা"
প্রথম-বয়স প্রভু অতি সুকুমার। কোল হৈতে কারো চিত্তে নাহি এড়িবার॥ ৯৯
সর্বলোক পুত্র হৈতে বড় স্নেহ বাসে'। চিনিতে না পারে কেহো বিষ্ণু-মায়া-বশে॥ ১০০
হেনমতে শিশুকাল হৈতে নিত্যানন্দ। কৃষ্ণলীলা বিনা আর না করে' আনন্দ॥ ১০১
পিতা-মাতা, গৃহ ছাড়ি' সর্ব-শিশুগণ। নিত্যানন্দ-সংহতি বিহরে' অনুক্ষণ॥ ১০২
সে সব শিশুর পা'য়ে বহু নমস্কার। নিত্যানন্দ-সঙ্গে যাঁ'র এমত বিহার॥ ১০৩
এইমত ক্রীড়া করে' নিত্যানন্দ-রায়। শিশু হৈতে কৃষ্ণলীলা বিনা নাহি ভায়॥ ১০৪
অনন্তের লীলা কেবা পারে' কহিবারে ? তাহান কৃপায় যেন-মত স্ফুরে' যা'রে॥
হেনমতে দ্বাদশ-বৎসর থাকি' ঘরে। নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে॥ ১০৬
তীর্থযাত্রা করিলেন বিংশতি বৎসর। তবে শেষে আইলেন চৈতন্য-গোচর॥ ১০৭
নিত্যানন্দ-তীর্থযাত্রা শুন আদিখণ্ডে। যে প্রভুরে নিন্দে' দুষ্ট পাপিষ্ঠ পাষণ্ডে॥ ১০৮
যে প্রভু করিলা মূর্খ নীচের উদ্ধার। করুণা-সমুদ্র যাঁহা বই নাহি আর॥ ১০৯
যাহান কৃপায় জানি চৈতন্যের তত্ত্ব। যে-প্রভুর দ্বারে ব্যক্ত চৈতন্য-মহত্ত্ব॥ ১১০
শুন শ্রীচৈতন্য-প্রিয়তমের কথন। যেমতে করিলা তীর্থ-মণ্ডল ভ্রমণ॥* ১১১

---

১ "শিরে করি' আইসেন গন্ধমাদন। উপনীত হইলা যথা পড়িয়া লক্ষ্মণ॥ [গ], শিরে করি' আনিলেন গন্ধমাদন। হেন খেলা খেলেন নিত্যানন্দ ভগবান্॥ [চ] (১ম—৫ম) কৌতুকে গন্ধর্ব জিনি' রহি কতক্ষণ। [ক, খ, ঘ, ছ, ঞ]; ৪ নিত্যানন্দ কোলে নিল ঠাকুর-পণ্ডিত। দেখিয়া সকল লোক হইলা বিস্মিত॥ [চ] (৫ম—৭ম) দেখিয়া সকল শিশু হইলা [ঙ]; ৯ (৫ম) কেমতে [ছ]; ১০ (৭ম—১০ম) এড়ি চিত্তে না হয় কাহার [খ], কার ইচ্ছা নাহি রাখিবার [ছ]; ১২ হেনমতে নিত্যানন্দ শিশুকালে হইতে। কৃষ্ণলীলা বিনু আর না করে অনমতে॥" [ঙ]; ১৩ (৭ম) সর্বক্ষণ [খ, গ, ঘ ঞ]; ১৪ (৫ম) মোর [জ], রহ [ঝ]; (৯ম) অশেষ [ছ] ১৫(৮ম) আর [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ], বহি [ঞ]; ১৬ (৫ম) বুঝিবারে [চ], (৯ম, ১০ম) যত স্ফুরে [চ]; ১৮ (৩য়) অনেক [ক, খ], দ্বাদশ [চ],(৫ম, ৬ষ্ঠ)অবশেষে [ছ]; ১৯ (২য়) কহি [খ]; ২০ (৪র্থ, ৫ম) সর্ব জগৎ [গ, ঘ, ছ জ, ঝ, ঞ], মূর্খ-বনিক [চ], (৭ম)-হৃদয় [ঙ]; ২১ (২য়) প্রসাদে [ক], ২২ (১ম, ২য়) শুনহ চৈতন্যপ্রীতে এ-সব [চ]।

* মধ্যখণ্ডে ৩য় অঃ ১০৭তম—১১৪তম পয়ারে সংক্ষেপে শ্রীনিত্যানন্দ প্রভুর তীর্থভ্রমণ পুনর্বর্ণন দ্রষ্টব্য।

প্রথমে চলিলা প্রভু তীর্থ বক্রেশ্বর। তবে বৈদ্যনাথ-বনে গেলা একেশ্বর ॥ ১১২
গয়া গিয়া কাশী গেলা শিব-রাজধানী। যঁহি ধারা বহে' গঙ্গা উত্তর-বাহিনী ॥ ১১৩
গঙ্গা দেখি' বড় সুখী নিত্যানন্দ-রায়। স্নান করে', পান করে' আর্তি নাহি পায় ॥ ১১৪
প্রয়াগে করিলা মাঘমাসে প্রাতঃস্নান। তবে মথুরায় গেলা পূর্ব-জন্ম-স্থান ॥ ১১৫
যমুনা-বিশ্রাম-ঘাটে করি' জল কেলি। গোবর্ধন-পর্বতে বুলেন কুতূহলী ॥ ১১৬
শ্রীবৃন্দাবন-আদি যত দ্বাদশ বন। একেএকে প্রভু সব করেন ভ্রমণ ॥ ১১৭
গোকুলে নন্দের ঘর-বসতি দেখিঞা। বিস্তর রোদন প্রভু করিলা বসিঞা ॥ ১১৮
তবে প্রভু মদনগোপালে নমস্করি'। চলিলা হস্তিনাপুর—পাণ্ডবের পুরী ॥ ১১৯
ভক্ত-স্থান দেখি' প্রভু করেন রোদন। না বুঝে তৈর্থিক, ভক্তি শূন্যের কারণ ॥ ১২০
বলরাম-কীর্তি দেখি' হস্তিনা-নগরে। "ত্রাহি হলধর!" বলি' নমস্কার করে' ॥ ১২১
তবে দ্বারকায় * আইলেন নিত্যানন্দ। সমুদ্রে করিয়া' স্নান হইলা আনন্দ ॥ ১২২
সিদ্ধপুর * গেলা যথা কপিলের স্থান। মৎস্য-তীর্থে মৎস্যেরে করিলা অন্নদান ॥ ১২৩
শিবকাঞ্চী, বিষ্ণুকাঞ্চী গেলা নিত্যানন্দ। দেখি' হাসে দুই গণে মহা-মহা দ্বন্দ্ব ॥ ১২৪
কুরুক্ষেত্র, পৃথূদক, বিন্দু-সরোবর। প্রভাসে গেলের সুদর্শন-তীর্থবর ॥ ১২৫
ত্রিতকূপ মহাতীর্থ গেলেন বিশালা। তবে ব্রহ্মতীর্থ চক্রতীর্থেরে চলিলা ॥ ১২৬
প্রতিস্রোতা গেলা যথা প্রাচী সরস্বতী। নৈমিষারণ্যে তবে আইলা মহামতি ॥ ১২৭
তবে গেলা নিত্যানন্দ অযোধ্যা-নগর। রাম-জন্মভূমি দেখি' কান্দিলা বিস্তর ॥ ১২৮
তবে গেলা গুহক-চণ্ডাল-রাজ্য যথা। মহামূর্ছা নিত্যানন্দ পাইলেন তথা ॥ ১২৯
গুহক-চণ্ডালে মাত্র হইল স্মরণ। তিন দিন আছিলা আনন্দে অচেতন ॥ ১৩০
যে-যে-বনে আছিলা ঠাকুর রামচন্দ্র। দেখিয়া বিরহে গড়ি' যায় নিত্যানন্দ ॥ ১৩১
তবে গেলা সরযূ কৌশিকী করি' স্নান। তবে গেলা পুলহ-আশ্রম পুণ্য-স্থান ॥ ১৩২
গোমতী, গণ্ডকী, শোণ-তীর্থে স্নান করি'। তবে গেলা মহেন্দ্র-পর্বত-চূড়োপরি ॥ ১৩৩
পরশুরামেরে তঁহি করি' নমস্কার। তবে গেলা গঙ্গা-জন্মভূমি হরিদ্বার ॥ ১৩৪

---

২ (২য়) দিয়া [ক, খ, ঘ, ঙ, চ]; ৩ (৮ম) দান [ক]; ৪ (৪র্থ) গঙ্গাস্নান [খ, ঘ, ছ]; ৫ (১ম—৩য়) যমুনায় করি স্নান ঘাটে কৈল কেলি। [চ]; ৬ (২য়) করি [ঘ, ঙ]; ১০ (১ম) -মূর্তি [ঙ], (৭ম) দণ্ডবৎ [ক, খ] ১২ (১ম) সিন্ধুপুর [খ, ঘ, ঙ, চ, ঞ], (৭ম) মহোৎসবে [খ, ঝ], (৭ম—৯ম) মৎস্য-রূপ দেখি' অনুপাম [ঙ]; ১৪ (২য়) পৃথুপুরী [খ, ছ], পুণ্যোদক, পৃথুদর [ক্বচিৎ পাঠ]; ১৫ (১ম) কৃতকূপ [ক, ঘ, চ]; ১৬ (৩য়) প্রভু [ক, খ, গ, ঘ, ঙ, চ, ঞ], (৪র্থ) প্রাচ্য- [চ]; ১৮ (৩য়) -চণ্ডাল-বর্য [ক], -চণ্ডাল-রাজ [জ]; ২০ (৬ষ্ঠ) আনন্দে [ঘ]; ২১ (৪র্থ—৬ষ্ঠ) কৌশিক-মুনি-স্থান [ঞ], (৯ম) পোলস্ত্য আশ্রম [ঘ, ঙ, ছ, জ]; ২২ (৩য়) শৈলে তীর্থ [ক্বচিৎ পাঠ]

* প্রাচীন কালে ভূতপূর্ব বি বি সি আই' রেল, বর্তমানে ওয়েষ্টার্ণ রেল লাইনে শ্রীকপিলদেবের আবির্ভাব স্থান সিদ্ধপুর নামক স্থান হইতে রেলপথে প্রায় ৪০ মাইল উত্তরে শ্রীঅম্বিকাদেবীর দর্শনের জন্য যাওয়া হইত। কিন্তু ভূতপূর্ব বি বি সি আই রেল লাইনে বর্তমানে ওয়েষ্টার্ণ রেল্‌ওয়ে লাইনে মাউণ্ট আবু রোড—ষ্টেশন হইতে প্রায় ২০ মাইল দূরে মাতৃগয়া নামক স্থানে সপরিবারে শ্রীনন্দ মহারাজ শ্রীঅম্বিকাদেবীর দর্শনের জন্য গিয়াছিলেন।

পম্পা ভীমা নদী গেলা সপ্ত-গোদাবরী। বেণ্বাতীর্থে বিপাশায় মজ্জন আচরি'॥ ১৩৫
কার্তিক দেখিয়া নিত্যানন্দ মহামতি। শ্রীপর্বত গেলা যথা মহেশ-পার্বতী॥ ১৩৬
ব্রাহ্মণ-ব্রাহ্মণী-রূপে মহেশ-পার্বতী। সেই শ্রীপর্বতে দোঁহে করেন বসতি॥ ১৩৭
নিজ-ইষ্টদেবে চিনিলেন দুইজনে। অবধূতরূপে করে' তীর্থ-পর্যটনে॥ ১৩৮
পরম-সন্তোষ দোঁহার অতিথি দেখিঞা। পাক করিলেন দেবী হরষিত হঞা॥ ১৩৯
পরম-আদরে ভিক্ষা দিলেন প্রভুরে। হাসি' নিত্যানন্দ দোঁহাকারে নমস্করে॥ ১৪০
কি অন্তর-কথা হৈল, কৃষ্ণ সে জানেন। তবে নিত্যানন্দ-প্রভু দ্রাবিড়ে গেলেন॥ ১৪১
দেখিয়া-ব্যেঙ্কটনাথ কামকোষ্ঠী পুরী। কাঞ্চী সরিদ্বরা গিয়া গেলেন কাবেরী॥ ১৪২
তবে গেলা শ্রীরঙ্গনাথের পুণ্য-স্থান। তবে করিলেন হরিক্ষেত্রেরে পয়ান॥ ১৪৩
ঋষভ-পর্বত গেলা দক্ষিণ-মথুরা। কৃতমালা, তাম্রপর্ণী যমুনা-উত্তরা॥ ১৪৪
মলয়-পর্বতে গেলা—অগস্ত্য-আলয়ে। তাহারাও হৃষ্ট হৈলা দেখি' মহাশয়ে॥ ১৪৫
তাঁ সভার অতিথি হইলা নিত্যানন্দ। বদরিকাশ্রমে গেলা পরম-আনন্দ॥ ১৪৬
কথোদিন নরনারায়ণের আশ্রমে। আছিলেন নিত্যানন্দ পরম-নির্জনে॥ ১৪৭
তবে নিত্যানন্দ গেলা ব্যাসের আলয়ে। ব্যাস চিনিলেন বলরাম-মহাশয়॥ ১৪৮
পরম আদরে ব্যাস আতিথ্য করিলা। প্রভুহ ব্যাসেরে দণ্ড-প্রণত হইলা॥ ১৪৯
তবে নিত্যানন্দ গেলা বৌদ্ধের ভবন। দেখিলেন প্রভু, বসি' আছে বৌদ্ধগণ॥ ১৫০
জিজ্ঞাসেন প্রভু, কেহো উত্তর না করে'। ক্রুদ্ধ হঞা প্রভু লাথি মারিলেন শিরে॥ ১৫১
পলাইল বৌদ্ধগণ মহাত্রাস পাঞা। বনে ভ্রমে' নিত্যানন্দ নির্ভয় হইয়া॥ ১৫২
তবে প্রভু আইলেন কন্যকা-নগরে। দুর্গাদেবী দেখি' গেলা দক্ষিণ-সাগরে॥ ১৫৩
তবে নিত্যানন্দ গেলা শ্রীঅনন্ত-পুরে। তবে গেলা পঞ্চ অপ্সরার সরোবরে॥ ১৫৪
তবে গেলা গোকর্ণাখ্য শিবের মন্দিরে। কেরল ত্রিগর্ত দেশে বুলে' ঘরে-ঘরে॥ ১৫৫
দ্বৈপায়নী-আর্যা দেখি' নিত্যানন্দ-রায়। নির্বিন্ধ্যা পয়োঞ্চী তাপী ভ্রমেণ লীলায়॥ ১৫৬
রেবা মাহিষ্মতী পুরী মল্লতীর্থে গেলা। সূর্পারক দিয়া প্রভু প্রতীচী চলিলা॥ ১৫৭

---

১ (২য়) তীর্থ বর্তা [ক, খ, ছ,], (৫ম) রেমাতীর্থে [ক, চ], বেণীতীর্থ [গ, ঞ], বেণুতীর্থ [ঘ], রেবাতীর্থ [ছ]; ২ (১ম) কর্ণকা [গ], কর্ণিকা [ঘ]; ৩ (১ম)-বেশে [চ]; ৪ (৫ম, ৬ষ্ঠ) তীর্থ করেন ভ্রমণে [ক, খ, গ, ঘ, ছ, জ]; ৫ (১ম—৩য়) পরম-সম্ভ্রমে দুই উঠিলা [ক]; ৭ (২য়) অনন্তের কথা [ক্বচিৎ পাঠ]; ৮ (২য়) বৈকুণ্ঠনাথ [গ, ঘ, ঞ], (৪র্থ—৬ষ্ঠ) কাঞ্চীপুরী দেখি' পুন [ঞ] (৫ম) হরিদ্বার [গ, ঘ, ছ]; ১০ (২য়, ৩য়) আদর লইয়া [গ, ঘ, ঞ]; ১৪ (২য়) বদরিকাশ্রমে [ক], নন্দীগ্রাম [গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ১৫ (১ম, ২য়) সাক্ষাৎ হইয়া [গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৭ (১২শ) তারে [ক, ছ]; ১৮ (৫ম—৭ম) ভ্রমে নিত্যানন্দ প্রভু [ক, ঙ, ছ], (৮ম) হরিষ [জ]; ২১ (৬ষ্ঠ) কুলাচল [ক, খ, গ, ঙ], (৭ম) ত্রিগর্ভকে [ক, ঘ, ছ, জ]; ২৩ (১ম) রেমা [ক, ঘ, চ, ছ, জ] বেণা [খ], এই পংক্তির পর ঘ-পুঁথিতে অধিক পাঠ—"নীলকণ্ঠ দেখি' তবে করিলা গমনে। পর্বত-শিখরে গেলা বরাহ-দর্শনে॥ জল্পী নারায়ণে তবে দেখি' সিদ্ধেশ্বরী। কামরূপ-কামাখ্যা দেখি' মাধব, হরগিরি॥"।

এইমত অভয় পরমানন্দ-রায়। ভ্রমে' নিত্যানন্দ, ভয় নাহিক কোথায় ॥ ১৫৮
নিরন্তর কৃষ্ণাবেশে শরীর অবশ। ক্ষণে কান্দে, ক্ষণে হাসে, কে বুঝে সে রস ॥ ১৫৯
হেনমত নিত্যানন্দপ্রভু ভ্রমে' বন। দৈবে মাধবেন্দ্র-সহ হৈল দরশন ॥ ১৬০
মাধবেন্দ্রপুরী প্রেমময়-কলেবর। প্রেমময় যত সব সঙ্গে অনুচর ॥ ১৬১
কৃষ্ণরস বিনা আর নাহিক আহার। মাধবেন্দ্রপুরী-দেহে কৃষ্ণের বিহার ॥ ১৬২
যাঁর শিষ্য শ্রীঅদ্বৈত-আচার্য-গোসাঞি। কি কহিমু আর তাঁ'র প্রেমের বড়াই ॥ ১৬৩
মাধবপুরীরে দেখিলেন নিত্যানন্দ। ততক্ষণে প্রেমে মূর্ছা হইলা নিস্পন্দ ॥ ১৬৪
নিত্যানন্দে দেখি' মাত্র শ্রীমাধবপুরী। পড়িলা মূর্ছিত হঞা আপনা' পাসরি' ॥ ১৬৫
'ভক্তিরসে মাধবেন্দ্র আদি-সূত্রধার।' গৌরচন্দ্র ইহা কহিয়াছেন বারবার ॥ ১৬৬
দোঁহে মূর্ছা হইলেন দোঁহা-দরশনে। কান্দয়ে ঈশ্বরপুরী-আদি শিষ্যগণে ॥ ১৬৭
ক্ষণেকে হইলা বাহ্য-দৃষ্টি দুইজন। অন্যোহন্যে গলা ধরি' করেন ক্রন্দন ॥ ১৬৮
বনে গড়ি' যায় দুই প্রভু প্রেমরসে। হুঙ্কার করেন কৃষ্ণ-প্রেমের আবেশে ॥ ১৬৯
প্রেমনদী বহে দুই-প্রভুর নয়ানে। পৃথিবী হইলা সিক্ত, ধন্য হেন মানে' ॥ ১৭০
কম্প, অশ্রু, পুলক, ভাবের অন্ত নাঞি। দুই-দেহে বিহরয়ে চৈতন্য-গোসাঞি ॥ ১৭১
নিত্যানন্দ বোলে, "যত তীর্থ করিলাঙ। সম্যক্ তাহার ফল আজি পাইলাঙ ॥ ১৭২
নয়নে দেখিলুঁ মাধবেন্দ্রের চরণ। এ প্রেম দেখিয়া ধন্য হইল জীবন ॥" ১৭৩
মাধবেন্দ্রপুরী নিত্যানন্দে করি' কোলে। উত্তর না স্ফুরে, রুদ্ধকণ্ঠ প্রেমজলে ॥ ১৭৪
হেন প্রীত হইলেন মাধবেন্দ্র-পুরী। বক্ষ হৈতে নিত্যানন্দে বাহির না করি ॥ ১৭৫
ঈশ্বরপুরী-ব্রহ্মানন্দপুরী-আদি যত। সর্ব-শিষ্য হইলেন নিত্যানন্দে রত ॥ ১৭৬
সভে যত মহাজনে সম্ভাষা করেন। কৃষ্ণপ্রেম কাহারো শরীরে না দেখেন ॥ ১৭৭
সভেই পায়েন দুঃখ জন সম্ভাষিয়া। অতএব বন সভে ভ্রমেণ দেখিয়া ॥ ১৭৮
অন্যোহন্যে সে-সব দুঃখের হৈল নাশ। অন্যোহন্যে দেখি' কৃষ্ণপ্রেমের প্রকাশ ॥ ১৭৯
কথোদিন নিত্যানন্দ মাধবেন্দ্র-সঙ্গে। ভ্রমেণ শ্রীকৃষ্ণকথা-পরানন্দ-রঙ্গে ॥ ১৮০
মাধবেন্দ্র-কথা অতি অদ্ভুত-কথন। মেঘ দেখিলেই মাত্র হ'ন অচেতন ॥ ১৮১
অহর্নিশ কৃষ্ণপ্রেমে মদ্যপের প্রায়। হাসে, কান্দে নাচে, গায়, করে' 'হায় হায়' ॥ ১৮২
নিত্যানন্দ মহামত্ত গোবিন্দের রসে। ঢুলিয়া ঢুলিয়া পড়ে', অট্ট অট্ট হাসে ॥ ১৮৩

---

১ (৮ম) কাচায় [ঝ]; ৩ (২য়—৪র্থ)-প্রভুর ভ্রমণ [ঝ], (৮ম) মিলন [ঞ]; ৪ (৫ম) তার [খ, ঙ, চ], (৭ম) সহচর [চ]; ৫ (১ম) কৃষ্ণনাম [ঙ], (১ম—৩য়) কৃষ্ণের সাধনে যার [ক্বচিৎ পাঠ], (৪র্থ) না করে [ক, ঙ, চ]; ৬ (৩য়) মহাপ্রভু-আচার্য- [ক, গ, ঘ, চ, জ, ঝ]; ৭ (৬ষ্ঠ) মত্ত [ঘ], (৮ম) আনন্দ [ক, ঘ, ঙ]; ১২ (১ম) বালু [ঞ], (৪র্থ. ৫ম) দোঁহে কৃষ্ণ- [ঙ], (৯ম) দুই কৃষ্ণের [খ, ঘ, জ]; ১৩ (৩য়)-জনের [ক, খ, চ, ঞ]; ১৪ (২য়) স্বেদ [খ]; ১৫ (৯ম) একত্রে [চ]; ১৬ (৯ম) মানিল [ক], আমার [গ, ঞ]; ২১ (৯ম, ১০ম) বুলেন ভ্রমিয়া [খ, ছ]; ২২ (৯ম) উল্লাস [গ, চ]; ২৩ (৫ম),-প্রেমানন্দ- [খ]; ২৪ (৩য়) অকথ্য- [ঙ] ২৫ (৭ম-৮ম) হৈ হৈ [ঝ]; ২৬ (২য়) মহাপ্রভু [ক, খ, গ, ঙ, চ, ছ, ঞ], (৮ম-১০ম) প্রেমের আবেশে [ঙ, চ]।

দোঁহার অদ্ভুত ভাব দেখি' শিষ্যগণ। নিরবধি 'হরি' বলি' করেন কীর্তন ॥ ১৮৪
রাত্রিদিন কেহো নাহি জানে প্রেমরসে। কত কাল যায় কেহো ক্ষণ নাহি বাসে ॥ ১৮৫
মাধবেন্দ্র-সঙ্গে যত হইল আখ্যান। কে জানয়ে তাহা, কৃষ্ণচন্দ্র সে প্রমাণ ॥ ১৮৬
মাধবেন্দ্র নিত্যানন্দে ছাড়িতে না পারে'। নিরবধি নিত্যানন্দ-সংহতি বিহরে' ॥ ১৮৭
মাধবেন্দ্র বোলে, "প্রেম না দেখিলুঁ কোথা। সেই মোর সর্বতীর্থ-হেন প্রেম যথা ॥ ১৮৮
জানিলুঁ-কৃষ্ণের কৃপা আছে মোর প্রতি। নিত্যানন্দ-হেন বন্ধু পাইলুঁ সম্প্রতি ॥ ১৮৯
যে-সে-স্থানে যদি নিত্যানন্দ-সঙ্গ হয়। সেই স্থান সর্বতীর্থ-বৈকুণ্ঠাদি-ময় ॥ ১৯০
নিত্যানন্দ-হেন শুনিলে শ্রবণে। অবশ্য পাইব কৃষ্ণচন্দ্র সেই জনে ॥ ১৯১
নিত্যানন্দ-প্রতি যা'র তিলেক দ্বেষ রহে। ভক্ত হইলেহ সে কৃষ্ণের প্রিয় নহে ॥" ১৯২
এইমত মাধবেন্দ্র নিত্যানন্দ-প্রতি। অহর্নিশ বোলেন, করেন রতি-মতি ॥ ১৯৩
মাধবেন্দ্র-প্রতি নিত্যানন্দ মহাশয়। গুরুবুদ্ধি ব্যতিরিক্ত আর না করয় ॥ ১৯৪
এইমত অন্যোহন্যে দুই মহামতি। কৃষ্ণ-প্রেমে না জানেন কোথা দিবা-রাতি ॥ ১৯৫
কথোদিন মাধবেন্দ্র-সঙ্গে নিত্যানন্দ। থাকিয়া চলিলা শেষে যথা সেতুবন্ধ ॥ ১৯৬
মাধবেন্দ্র চলিলা সরযূ দেখিবারে। কৃষ্ণাবেশে কেহো নিজ-দেহ নাহি স্মরে' ॥ ১৯৭
হৈলা মৃতপ্রায় দোঁহে দোঁহার বিরহে। এক কৃষ্ণপ্রেমাবেশে রক্ষা পাইলা দোঁহে ॥১৯৮
কোনমতে জীবনের রক্ষা সে-বিরহে। বাহ্য থাকিলে কি সে বিরহে প্রাণ রহে ? ১৯৯
নিত্যানন্দ-মাধবেন্দ্র—দুইর দরশন। যে শুনয়ে, তা'রে মিলে কৃষ্ণ-প্রেম-ধন ॥ ২০০
হেনমতে নিত্যানন্দ ভ্রমে' প্রেমরসে। সেতুবন্ধে আইলেন কথোক দিবসে ॥ ২০১
ধনুতীর্থে স্নান করি' গেলা রামেশ্বর। তবে প্রভু আইলেন বিজয়নগর ॥ ২০২
মায়াপুরী, অবন্তী দেখিয়া গোদাবরী। আইলেন জিওর-নৃসিংহদেব-পুরী ॥ ২০৩
ত্রিমল্ল দেখিয়া কূর্মনাথ পুণ্যস্থান। শেষে নীলাচলচন্দ্রে দেখিতে পয়ান ॥ ২০৪
আইলেন নীলাচলচন্দ্রের মন্দিরে। ধ্বজা দেখি' মাত্র মূর্ছা হইল শরীরে ॥ ২০৫

---

১ (৩য়) প্রেম [ক]; ২ (১০ম, ১১শ) তিল হেন [ক], ক্ষণ হেন [খ, ঙ]; ৫ (৯ম) মহাতীর্থ [গ, ঘ], (১১শ) প্রভু [ঙ, জ]; ৭ (৭ম) শ্রীবৈকুণ্ঠ-ময় [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঞ]; ৮ (২য়) ভক্ত [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ] (৭ম) কৃষ্ণভক্তি [জ]; ৯ (৩য়) তিলার্ধ [চ, জ], (৯ম) কভু [চ]; ১২ (৫ম)-রসে [খ], কৃষ্ণাবেশে [ক, খ, ঙ], (৬ষ্ঠ—৯ম) কেহো নিজ-দেহে নাহি স্মৃতি [ক, খ, ঘ, ঙ], এই পংক্তির পর অধিক পাঠ—"কৃষ্ণপ্রেমে না জানয়ে কোথা দিন রাতি। কথোদিন মাধবেন্দ্র-সঙ্গে বিহরন্তি ॥" [খ] "কৃষ্ণাবেশে না জানেন কিবা দিবারাতি ॥ কথোদিন নিত্যানন্দ-সংহতি বসতি ॥" [ঙ], ১২শ পংক্তির স্থলে চ-পুথির পাঠ—এইমত নিত্যানন্দ মধেবেন্দ্র-প্রতি। অন্যোহন্যে দুহে দুহার করেন ভকতি। কৃষ্ণাবেশে কারো নিজ-দেহে নাহি স্মৃতি। কৃষ্ণারসে না জানেন কোথা দিনরাতি ॥ কথোদিন নিত্যানন্দ-সঙ্গে বিহরন্তি। মহানন্দে সভেই বিহরে দিবারাতি ॥ [চ]; ১৩(৬ষ্ঠ) প্রভু [ঙ, চ]; ১৪ (৯ম, ১০ম) না সম্বরে [চ, ছ]; ১৭ শ পংক্তির স্থলে চ-পুথির পাঠ—শ্রদ্ধাযুক্ত হইয়া যে করয়ে স্মরণ। অবশ্য তাহরে মিলে কৃষ্ণ-প্রেমধন ॥ [চ]; ১৮ (৩য়) ফিরে [চ]; ১৯ (৯ম) বিজয়-[খ, ঙ]; ২০ (৬ষ্ঠ) বন-নরসিংহদেব-[খ], বিজয়-নরসিংহদেব-[জ]; ২১ (৮ম) প্রয়াণ [জ]; ২২ (৫ম-৭ম) দেখিতেই কম্প [কচিৎ পাঠ], (৯ম) ঈশ্বর [চ]।

দেখিলেন চতুর্ব্যূহ-রূপ জগন্নাথ। প্রকট পরমানন্দ ভক্তবর্গ-সাথ ॥ ২০৬
দেখি' মাত্র হইলেন আনন্দে মূর্ছিতে। পুন বাহ্য হয়, পুন পড়ে' পৃথিবীতে ॥ ২০৭
কম্প, স্বেদ, পুলকাশ্রু, আছাড়, হুঙ্কার। কে কহিতে পারে' নিত্যানন্দের বিকার ? ২০৮
এইমত কথোদিন বসি' নীলাচলে। গঙ্গাসাগর দেখিবারে চলে কুতূহলে ॥ ২০৯
তান তীর্থযাত্রা সব কে পারে' কহিতে ? কিছু লিখিলাঙ মাত্র তান কৃপা হৈতে ॥ ২১০
এইমত তীর্থ ভ্রমি' নিত্যানন্দ-রায়। পুনর্বার আসিয়া মিলিলা মথুরায় ॥ ২১১
দেখিয়া সকল বন আসি' বৃন্দাবনে। খেলয়ে অদ্ভুত খেলা যমুনাপুলিনে ॥ ২১২
নিরবধি বৃন্দাবনে করেন বসতি। কৃষ্ণের আবেশে না জানেন দিবা-রাতি ॥ ২১৩
আহার নাহিক, কদাচিত দুগ্ধ-পান। সেহো যদি অযাচিত কেহো করে' দান ॥ ২১৪
নবদ্বীপে গৌরচন্দ্র আছে গুপ্তরূপে। নিরবধি ভাবে' শ্রীনিতানন্দ-স্বরূপে ॥ ২১৫
'আপন ঐশ্বর্য প্রভু প্রকাশিব যবে। আমি গিয়া করিমু আপন-সেবা তবে ॥' ২১৬
এই মানসিক করি' নিত্যানন্দ-রায়। মথুরা ছাড়িয়া নবদ্বীপে নাহি যায় ॥ ২১৭
নিরবধি বিহরয়ে কালিন্দীর জলে। শিশু-সঙ্গে বৃন্দাবনে ধূলা-খেলা খেলে ॥ ২১৮
যদ্যপিহ নিত্যানন্দ ধরে' সর্ব-শক্তি। তথাপিহ কা'রেও না দিলেন বিষ্ণুভক্তি ॥ ২১৯
যবে গৌরচন্দ্র প্রভু করিব প্রকাশ। তাঁ'র সে আজ্ঞায় ভক্তি-দানের বিলাস ॥ ২২০
কেহ কিছু না করে' চৈতন্য-আজ্ঞাবিনে। ইহাতে অল্পতা নাহি পায় প্রভুগণে ২২১
কি অনন্ত, কিবা শিব, অজাদি দেবতা। চৈতন্য-আজ্ঞায় হর্তা, কর্তা, পালয়িতা ॥ ২২২
ইহাতে যে পাপিগণ মনে দুঃখ পায়। বৈষ্ণবের অদৃশ্য সে পাপী সর্বথায় ॥ ২২৩
সাক্ষাতেই দেখ,—সভে এই ত্রিভুনে। নিত্যানন্দ-দ্বারে পাইলেন প্রেমধনে ॥ ২২৪
চৈতন্যের আদি-ভক্ত নিত্যানন্দ-রায়। চৈতন্যের যশ বৈসে যাঁহার জিহ্বায় ॥ ২২৫
অহর্নিশ চৈতন্যের কথা প্রভু কয়। তানে ভজিলে সে চৈতন্য-ভক্তি হয় ॥ ২২৬
আদিদেব জয় জয় নিত্যানন্দ-রায়। চৈতন্য-মহিমা স্ফুরে যাহান কৃপায় ॥ ২২৭
চৈতন্য-কৃপায় হয় নিত্যানন্দে রতি। নিত্যানন্দে জানিলে আপদ্ নাহি কতি ॥ ২২৮
সংসারের পার হঞা ভক্তির সাগরে। যে ডুবিব, সে ভজুক নিতাইচান্দের ॥ ২২৯

---

১ (৬ষ্ঠ) সুভদ্রাদি- [ঞ]; ২ (৪র্থ) পুলকে [ঞ]; ৩(৪র্থ, ৫ম) মূর্ছা হুহুঙ্কার [চ]; ৪ (২য়, ৩য়) নিত্যানন্দ থাকি [ছ, জ], (৫ম—৭ম) দেখি গঙ্গাসাগর আইলা [ক, গ, ঘ, জ, ঝ]; ৮(৫ম, ৬ষ্ঠ)কৃষ্ণরসে অবশ [চ]; ১০ (৪র্থ) গূঢ়ভাবে [চ]; ১১ এই পংক্তির পর ঘ-পুথির অধিক পাঠ—"তবে নিত্যানন্দ-নাম সফল আমার। ত্রিজগতে'হরেকৃষ্ণ' নামের প্রচার ॥" ১৫ (৯ম) প্রেমভক্তির [থ]; ১৬ (১১শ) ভক্তগণে [গ, ঘ, ঙ, ছ]; ১৯ (৪র্থ, ৫ম) যতেক ভুবন [ক, থ, চ], এবে ত্রিভুবনে [গ], এ তিন ভুবন [ঙ, ছ, জ], (৮ম) প্রেমধন [ক, থ, ঙ, চ, ছ, জ]; ২০ (৪র্থ-৮ম) "চৈতন্য-মহিমা স্ফুরে যাঁহার কৃপায় ॥" [চ]; ২১ (৬ষ্ঠ—৯ম) নিত্যানন্দ ভজিলে চৈতন্যে ভক্তি [ঘ]; ২২ (৫ম-৮ম) "চৈতন্যের সব রস যাঁহার জিহ্বায় ॥" [চ], (৮ম) জিহ্বায় [ক]; ২৩ (৪র্থ) মতি [ঞ], (৫ম—৯ম) "হেন নিত্যানন্দ ভজ, ঘুচিবে দুর্গতি ॥" [ছ]; ২৪ (১০ম) ঠাকুরে [জ]।

কেহো বোলে, "নিত্যানন্দ যেন বলরাম।" কেহো বোলে, "চৈতন্যের বড় প্রিয়-ধাম॥"
কিবা যোগী নিত্যানন্দ, কিবা ভক্ত, জ্ঞানী। যা'র যেন-মত ইচ্ছা, না বোলয়ে কেনি ॥২৩১
যে-সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নয়। তভু সেই পাদ-পদ্ম রহুক হৃদয় ॥ ২৩২
এত পরিহারেও যে পাপী নিন্দা করে'। তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে ॥ ২৩৩
কোন চৈতন্যের লোক নিত্যানন্দ-প্রতি। মন্দ বোলে,—হেন দেখ, সে কেবল স্তুতি ॥২৩৪
নিত্যশুদ্ধ জ্ঞানবন্ত বৈষ্ণবসকল। তবে যে কলহ দেখ, সব কুতূহল ॥ ২৩৫
ইথে একজনের হইয়া পক্ষ যেই। অন্য-জনে নিন্দা করে', ক্ষয় যায় সেই ॥ ২৩৬
নিত্যানন্দ-স্বরূপে সে নিন্দা না লওয়ায়। তান পথে থাকিলে সে গৌরচন্দ্র পায় ॥ ২৩৭
হেন দিন হৈব কি চৈতন্য-নিত্যানন্দ। দেখিমু বেষ্টিত চতুর্দিশে ভক্তবৃন্দ ॥ ২৩৮
সর্ব ভাবে স্বামী যেন হয় নিত্যানন্দ। তান হঞা ভজি যেন প্রভু-গৌরচন্দ্র ॥ ২৩৯
নিত্যানন্দ-স্বরূপের স্থানে ভাগবত। জন্মে-জন্মে পঢ়িবাঙ,—এই মনোরথ ॥ ২৪০
জয় জয় জয় মহাপ্রভু গৌরচন্দ্র। দিলাও নিলাও তুমি প্রভু-নিত্যানন্দ ॥ ২৪১
তথাপিহ এই কৃপা কর' মহাশয়! তোমাতে তাঁহাতে যেন চিত্তবৃত্তি রয় ॥ ২৪২
তোমার পরম-ভক্ত নিত্যানন্দ-রায়। বিনা তুমি দিলে তাঁরে কেহ নাহি পায় ॥ ২৪৩
বৃন্দাবন-আদি করি' ভ্রমে' নিত্যানন্দ। যাবত না আপনা' প্রকাশে' গৌরচন্দ্র ॥ ২৪৪
নিত্যানন্দ-স্বরূপের তীর্থ-পর্যটন। যেই ইহা শুনে, তা'রে মিলে' প্রেমধন ॥ ২৪৫
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দ চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২৪৬

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীনিত্যানন্দস্য বাল্যলীলা-
তীর্থযাত্রাকথন-শ্রীমাধবেন্দ্রপুরীপাদমিলনং
নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

---

১ (৪র্থ) প্রভু [ক, খ,], (৯ম, ১০ম) প্রিয়-গুণধাম [চ]; ২ (২য়) যতি [গ, ঝ], জীব [ছ, জ]; ৩ (৬ষ্ঠ—৮ম) সে চরণ-ধন মোর [ক, খ, চ] সেই পাদপদ্ম মোর [ক, গ, ঝ], তোমার সেই পাদপদ্ম [কচিৎ পাঠ]; ৪ (১১শ) মাথার [খ, ঙ]; ৫ (১০ম) সকল [ঙ], ৬ (১ম) নিত্যসিদ্ধ (৪র্থ—৯ম) "অগাধ চরিত্র সভের বুঝিতে বিরল॥" [ঙ]; ৭ (৩য়—৫ম) যে পক্ষ লৈয়া হাসে, (১১শ) শেষে [কচিৎ পাঠ]; ৮ (২য়—৫ম) তেঁহো নিন্দা নাহি লয় [চ], (৮ম, ৯ম) থাকি' শেষে [ক]; ১১ (৭ম) অভিমত [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১২ (৬ষ্ঠ, ৭ম) দিঞাও না দিলা [খ], মিলাও মিলাত্ত [ঙ]; ১৩ (৯ম) চিত্ত-বিত্ত [জ, ঞ], (১০ম) হয় [ক, খ, গ, ঘ]; ১৫শ পংক্তির স্থলে ঙ-পুথির পাঠ—"বৃন্দাবন-আদি করি' দ্বাদশ-বন। ভ্রমিলেন সর্ব পদ্মাবতীর নন্দন॥ যাবৎ আপনা না প্রকাশে গৌরচন্দ্র। তাবৎ মথুরাতে রহিলা নিত্যানন্দ॥"; ১৬ (১ম);-প্রভুর এই [চ]; ১৭ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য……; (২য়, ৩য়) জান [ঘ, চ, জ ঝ, ঞ]।

অষ্টম অধ্যায়

জয় জয় গৌরচন্দ্র মহামহেশ্বর। জয় নিত্যানন্দ-প্রিয় নিত্য-কলেবর ॥ ১
জয় শ্রীগোবিন্দ-দ্বারপালকের নাথ। জীব প্রতি কর', প্রভু শুভ দৃষ্টি-পাত ॥ ২
জয় জয় জগন্নাথ-পুত্র দ্বিজরাজ। জয় হউ তোর যত ভকত-সমাজ ॥ ৩
জয় জয় কৃপাসিন্ধু কমললোচন। হেন কৃপা কর',—তোর যশে রহু মন ॥ ৪
আদিখণ্ডে শুন, ভাই! চৈতন্যের কথা। বিদ্যার বিলাস প্রভু করিলেন যথা ॥ ৫
হেনমতে নবদ্বীপে শ্রীগৌরসুন্দর। রাত্রিদিন বিদ্যারসে নাহি অবসর ॥ ৬
উষ কালে সন্ধ্যা করি' ত্রিদশের নাথ। পড়িতে চলেন সর্ব শিষ্যগণ-সাথ ॥ ৭
আসিয়া বৈসেন গঙ্গাদাসের সভায়। পক্ষ-প্রতিপক্ষ প্রভু করেন সদায় ॥ ৮
প্রভু-স্থানে পুঁথি নাহি চিন্তে' যে যে জন। তাহারে সে প্রভু কদর্থেন অনুক্ষণ ॥৯
পড়িয়া বৈসেন প্রভু পুথি চিন্তাইতে। যা'র যত গণ লঞা বৈসে নানা-ভিতে ॥ ১০
না চিন্তে' মুরারিগুপ্ত পুঁথি প্রভু স্থানে। অতএব প্রভু কিছু চালেন তাহানে ॥ ১১
যোগপট্ট-ছান্দে বস্ত্র করিয়া বন্ধন। বৈসেন সভার মধ্যে করি' বীরাসন ॥ ১২
চন্দনের শোভে উর্ধ্ব-তিলক সুভাতি। মুকুতা গঞ্জয়ে দিব্য-দশনের জ্যোতি ॥ ১৩
গৌরাঙ্গসুন্দর-বেশ মদনমোহন। ষোড়শ-বৎসর প্রভু প্রথম-যৌবন ॥ ১৪
বৃহস্পতি জিনিয়া পাণ্ডিত্য পরকাশে। স্বতন্ত্র যে পুঁথি চিন্তে', তা'রে পরিহাসে ॥ ১৫
প্রভু বোলে, "হেথা আছে কোন্ বড় জন? আসিয়া খণ্ডুক দেখি আমার বচন ॥ ১৬
সন্ধিকার্য না জানিয়া কোন কোন জনা। আপনে চিন্তয়ে পুঁথি, প্রবোধে' অপনা ॥ ১৭
অহঙ্কার করি' লোক ভাল মুর্খ হয়। যেবা জানে, তাঁ'র ঠাঞি পুঁথি না চিন্তয় ॥ ১৮
শুনয়ে মুরারিগুপ্ত আটোপাহঙ্কার। না বোলয়ে কিছু, কার্য করে' আপনার ॥ ১৯
তথাপিহ প্রভু তাঁ'রে চালেন সদায়। সেবক দেখিয়া বড় সুখী গৌররায় ॥ ২০

---

১ (৩য়, ৪র্থ) শ্রীগৌরসুন্দর মহেশ্বর [ক, গ, ঘ, ছ], শ্রীগৌরসুন্দর মনোহর [চ]; ২ (২য়) জয় দ্বারপাল গোবিন্দের [ছ]; ৩ (৪র্থ) বিপ্ররাজ [ক, খ, গ, ঘ, চ, ছ, ঝ], (৯ম) শ্রীভক্ত [গ, ঘ, ঙ, ছ, ঝ]; ৫ (৩য়) প্রভু [ঙ, চ], (৬ষ্ঠ) বিদ্যারাসে [ঞ]; ৭ (৬ষ্ঠ—৮ম) "আসিয়া মিলিলা গঙ্গাদাসের সভাত ॥" [চ]; ৮ (২য়—৪র্থ) বসিলা মহাপ্রভু গৌররায় [চ]; ৯ (৮ম—১১শ) তাহা সভাকারে প্রভু চালেন [খ]; ১০ (৬ষ্ঠ) আর [ক্বচিৎ পাঠ], (১১শ) চারি- [ঙ, চ, ছ]; ১১ (১ম—১০ম) ঢোলে প্রভু তারে অনুক্ষণে [ঙ]; ১২ (৮ম, ৯ম) করিয়া আসন [ছ]; ১৩ (১ম—৪র্থ) "চন্দনে শোভিত সে তিলক চারু ভাতি।" [চ], (৩য়) ভাল-[ক], (৪র্থ) কপালে [খ], (৫ম—৮ম) "মুকুতার পাঁতি যেন দশন উজ্জ্বলে ॥" [খ], (৬ষ্ঠ—৮ম) জিনিয়া দশনের পাঁতি [চ], (৭ম) শ্রী- [ঝ]; ১৪ (৫ম) অতি সুশোভন [খ]; ১৫ (১২শ) স্থান [ক, খ, গ, ঘ, ছ, ঝ, ঞ]; ১৮ (২য়) হইলে [চ], (৪র্থ) ভালে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১৯ (৩য়) আটোপ টঙ্কার [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ২০ (১০ম) দ্বিজরায় [ক, গ, ঘ, ছ, জ, ঝ]।

প্রভু বোলে, "বৈদ্য ! তুমি ইহা কেনে পড় ? লতা-পাতা দিয়া গিয়া রোগী কর' দঢ় ॥ ২১
ব্যাকরণ-শাস্ত্র এই—বিষম অবধি। কফ-পিত্ত-অজীর্ণ-ব্যবস্থা নাহি ইথি ॥ ২২
মনে মনে চিন্তি' তুমি কি বুঝিবে ইহা ? ঘরে চল তুমি, রোগী দঢ় কর' গিয়া ॥ ২৩
রুদ্র-অংশ মুরারি পরম খরতর। তথাপিহ নৈল ক্রোধ দেখি' বিশ্বম্ভর ॥ ২৪
প্রত্যুত্তর দিল, "কেনে বড় ত ঠাকুর ! সভারেই চাল' দেখি ? গর্ব হৈব চূর ॥ ২৫
সূত্র, বৃত্তি, পাঁজী, টীকা, যত হেন কর'। আমা' জিজ্ঞাসিয়া কি না পাইলা উত্তর ? ২৬
বিনা জিজ্ঞাসিয়া বোল, 'কি জানিস্ তুই ? ঠাকুর ব্রাহ্মণ তুমি, কি বলিমু মুই ॥" ২৭
প্রভু বোলে, "ব্যাখ্যা কর' আজি যে পড়িলা।" ব্যাখ্যা করে' গুপ্ত, প্রভু খণ্ডিতে লাগিলা
গুপ্ত বোলে এক অর্থ, প্রভু বোলে আর। প্রভু-ভৃত্যে কেহো কারে নারে জিনিবার ॥ ২৯
প্রভুর প্রভাবে গুপ্ত পরম-পণ্ডিত। মুরারির ব্যাখ্যা শুনি' প্রভু হরষিত ॥ ৩০
সন্তোষে দিলেন তাঁ'র অঙ্গে পদ্মহস্ত। মুরারির দেহ হৈল আনন্দ সমস্ত ॥ ৩১
চিন্তয়ে মুরারিগুপ্ত আপন-হৃদয়ে। "প্রাকৃত মনুষ্য কভু এ পুরুষ নহে ॥ ৩২
এমত পাণ্ডিত্য কিবা মনুষ্যের হয় ? হস্তস্পর্শে দেহ হৈল পরানন্দময় ॥ ৩৩
চিন্তিলে ইহান স্থানে কিছু লাজ নাই। এমত সুবুদ্ধি সর্ব-নবদ্বীপে নাই ॥" ৩৪
সন্তোষিত হইয়া বোলেন বৈদ্যবর। "চিন্তিব তোমার স্থানে, শুন, বিশ্বম্ভর ॥" ৩৫
ঠাকুরে-সেবকে হেনমতে করি' রঙ্গে। গঙ্গাস্নানে চলিলেন লঞা শিষ্য-সঙ্গে ॥ ৩৬
গঙ্গাস্নান করি' তবে চলে প্রভু ঘরে। এইমত বিদ্যারসে ঈশ্বর বিহরে ॥ ৩৭
মুকুন্দসঞ্জয় বড় মহাভাগ্যবান্। যাঁহার মন্দিরে বিদ্যা-বিলাসের স্থান ॥ ৩৮
তাঁহার পুত্রেরে প্রভু আপনে পড়ায়। তাঁহারও প্রভু প্রতি ভক্তি সর্বথায় ॥ ৩৯
বড় চণ্ডীমণ্ডপ আছয়ে তাঁ'র ঘরে। চতুর্দিগে বিস্তর পড়ুয়া তথি ধরে' ॥ ৪০
গোষ্ঠী করি' তাহাঁই পড়ান দ্বিজরাজ। সেই স্থানে চৈতন্যের বিদ্যার সমাজ ॥ ৪১
কতরূপে ব্যাখ্যা করে', কত বা খণ্ডন। অধ্যাপক-প্রতি সে আক্ষেপ সর্বক্ষণ ॥ ৪২
প্রভু কহে, "সন্ধিকার্য-জ্ঞান নাহি যা'র। কলিযুগে 'ভট্টাচার্য'-পদবী তাহার ॥ ৪৩
হেন জন, দেখি ফাঁকি বুঝুক আমার ! তবে জানি 'ভট্ট'-'মিশ্র'-পদবী তাহার ॥" ৪৪
এইমত বৈকুণ্ঠনায়ক বিদ্যারসে। ক্রীড়া করে', চিনিতে না পারে' কোন দাসে ॥ ৪৫
কিছুমাত্র দেখি' আই পুত্রের যৌবন। বিবাহের কার্য মনে চিন্তে' অনুক্ষণ ॥ ৪৬

---

১ (৪র্থ) হৈয়া [ঙ], (৭ম) কর [ক্বচিৎ পাঠ], (৯ম) নিয়া [খ, ঞ]; ৪ (৬ষ্ঠ) দুঃখ [ছ]; ৫ (১০ম—১২শ) গর্বহ প্রচুর [খ, ঘ], গর্ব ত প্রচুর [ঙ, চ]; ৬ (৫ম—৭ম) যে সূত্র দুষ্কর [ঞ]; ৭ (৫ম) বুজিস্ [খ, গ, ঞ]; ৯ (৪র্থ) ব্যাখ্যা [গ, ছ], (৮ম) -ভক্তে [ছ]; ১০ (৮ম) হন [ঝ, ঞ]; ১২ (৩য়) আনন্দ- [ক্বচিৎ পাঠ] ১৪ (৫ম) দোষ [জ], (৯ম) আর নবদ্বীপে [ক]; ১৬ (৪র্থ) দ্বন্দ্ব [জ]; ১৮ (২য়, ৩য়)-ভাগ্য না যায় বর্ণন [চ], (৫ম) আলয়ে [খ, ঞ]; ১৯ (৬ষ্ঠ—৯ম) তাহারাও প্রভু প্রতি ভক্ত [ক, ঘ, ঙ, চ, ছ]; ২০ (১০ম) পড়ে [গ]; ২৪ (৫ম) বলুক [চ, ছ, জ, ঝ], (১০ম) সভার [গ, ছ, জ, ঝ, ঞ]।

দৈবে সেই নবদ্বীপে এক সুব্রাহ্মণ। 'বল্লভ-আচার্য' নাম—জনকের সম ॥ ৪৭
তাঁ'র কন্যা আছে,—যেন লক্ষ্মী মূর্তিমতী। নিরবধি বিপ্র তা'র চিন্তে যোগ্য পতি ॥ ৪৮
দৈবে লক্ষ্মী একদিন গেলা গঙ্গাস্নানে। গৌরচন্দ্র হেনই সময়ে সেই স্থানে ॥ ৪৯
নিজ-লক্ষ্মী চিনিয়া হাসিলা গৌরচন্দ্র। লক্ষ্মীও বন্দিলা মনে প্রভুপদদ্বন্দ্ব ॥ ৫০
হেনমতে দোঁহে দোঁহা চিনি' ঘরে গেলা। কে বুঝিতে পারে' গৌরসুন্দরের খেলা? ৫১
ঈশ্বর-ইচ্ছায় 'বিপ্র বনমালী'- নাম। সেই দিন গেলা তেঁহো শচীদেবী-স্থান ॥ ৫২
নমস্করি' আইরে বসিলা দ্বিজবর। আসন দিলেন আই করিয়া আদর ॥ ৫৩
আইরে বোলেন তবে বনমালী আচার্য।"পুত্র-বিবাহের কেনে না চিন্তহ কার্য? ৫৪
বল্লভ-আচার্য কুলে-শীলে-সদাচারে। নির্দোষ বৈসেন নবদ্বীপের ভিতরে ॥ ৫৫
তাঁর কন্যা—লক্ষ্মীপ্রায় রূপে-শীলে-নামে। সে সম্বন্ধ কর', যদি ইচ্ছা হয় মনে ॥" ৫৬
আই বোলে, "পিতৃহীন বালক আমার। জীউক, পঢ়ুক আগে, তবে কার্য আর ॥" ৫৭
আইর কথায় বিপ্র 'রস' না পাইয়া। চলিলেন বিপ্র কিছু দুঃখিত হইয়া ॥ ৫৮
দৈবে পথে দেখা হৈল গৌরচন্দ্র-সঙ্গে। তাঁ'রে দেখি' আলিঙ্গন কৈলা প্রভু রঙ্গে ॥ ৫৯
প্রভু বোলে, "কহ, গিয়াছিলা কোন্ ভিতে?" বিপ্র বোলে, "তোমার জননী সম্ভাষিতে
তোমার বিবাহ লাগি' বলিলাঙ তানে। না জানি, শুনিয়া শ্রদ্ধা না কৈলেন কেনে ॥" ৬১
শুনি' তান বচন ঈশ্বর মৌন হৈলা। হাসি' তাঁ'রে সম্ভাষিয়া মন্দিরে আইলা ॥ ৬২
জননীরে হাসিয়া বোলেন সেইক্ষণে। "আচার্যেরে সম্ভাষা না কৈলা কি কারণে?" ৬৩
পুত্রের ইঙ্গিত পাঞা শচী হরষিতা। আরদিনে বিপ্রে আনি' কহিলেন কথা ॥ ৬৪
শচী বোলে, "বিপ্র! কালি যে কহিলা তুমি। শীঘ্র তাহা করাহ—কহিলুঁ এই আমি ॥
আইর চরণ-ধূলি লইয়া ব্রাহ্মণ। সেইক্ষণে চলিলেন বল্লভ-ভবন ॥ ৬৬
বল্লভ-আচার্যে দেখি' সম্ভ্রমে তাহানে। বহুমান্য করি' বসাইলেন আসনে ॥ ৬৭
আচার্য বোলেন, "শুন আমার বচন। কন্যা-বিবাহের এবে কর' সুলগন ॥ ৬৮
মিশ্রপুরন্দর-পুত্র—নাম 'বিশ্বম্ভর'। পরম-পণ্ডিত, সর্বগুণের সাগর ॥ ৬৯
তোমার কন্যার যোগ্য সেই মহাশয়। কহিলাঙ এই, কর' যদি চিত্তে লয় ॥" ৭০
শুনিয়া বল্লভাচার্য বোলেন হরিষে। "কন্যার সে-হেন পতি মিলে ভাগ্যবশে ॥ ৭১

---

২ (৪র্থ—৬ষ্ঠ) শ্রীলক্ষ্মী রূপবতী [চ]; ৪ (৭ম, ৮ম) তাঁর পাদপদ্মদ্বন্দ্ব [ক]; ৫ (২য়—৪র্থ) দোঁহা চিনি দোঁহা [ঝ], (১১শ) লীলা [ক, খ, গ, জ, ঝ]; ৮ (৮ম, ৯ম) নাহি কর [ঘ, জ]; ১০ (৪র্থ) -মানে [খ, ঝ], (১০ম) লয় [গ, জ], থাকে [ঘ]; ১২ (১ম, ২য়) শচীর বচনে [ঞ], (৯ম) তবে [খ]; ১৭ (২য়, ৩য়) আসি বলিলেন [ক্বচিৎ পাঠ], (৯ম, ১০ম) ভাল কেনে [খ, গ, ঘ, ছ, ঝ]; ১৮ (২য়, ৩য়) বচন শুনি' [ঙ]; ১৯ (৩য়) বাপ্ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], ২০ (১ম—৩য়) শচীর বচন শুনি' চলিলা [চ], (৬ষ্ঠ, ৭ম) গেলা বিপ্র আচার্য- [চ]; ২১ (৪র্থ) তাহারে [ক, ছ], (৮ম) আদরে [ছ]; ২২ (৬ষ্ঠ—৯ম) "অবিলম্বে কর, বিচারিয়া নাহি ক্ষণ ॥" [ক,খ,গ,ঘ,ঙ,জ]; ২৩(৪র্থ—৬ষ্ঠ) "নির্দোষে বৈসন নবদ্বীপের ভিতর ॥" [ঙ] ২৫(২য়) বল্লভমিশ্র[খ,গ,ঙ,চ,ছ,]।

কৃষ্ণ যদি সুপ্রসন্ন হয়েন আমারে। অথবা কমলা-গৌরী সন্তুষ্টা কন্যারে ॥ ৭২
তবে ত সে-হেন আসি' মিলিব জামাতা। অবিলম্বে তুমি ইহা করাহ সর্বথা ॥ ৭৩
সবে এক বচন বলিতে লজ্জা পাই। আমি সে নির্ধন, কিছু দিতে শক্তি নাই ৭৪
কন্যা-মাত্র দিব পঞ্চ-হরিতকী দিয়া। এই আজ্ঞা সবে তুমি আনিবে মাগিয়া ॥" ৭৫
বল্লভমিশ্রের বাক্য শুনিয়া আচার্য। সন্তোষে আইলা সিদ্ধ করি' সর্বকার্য ॥ ৭৬
সিদ্ধি-কথা আসিয়া কহিলা আই-স্থানে। "সফল হইল কার্য, কর' শুভক্ষণে ॥" ৭৭
আপ্ত-লোক শুনি' সভে হরষিত হইল। সভেই উদ্‌যোগ আসি' করিতে লাগিল ॥ ৭৮
অধিবাস-লগ্ন করিলেন শুভদিনে। নৃত্য, গীত, নানা বাদ্য বা'য় নটগণে ॥ ৭৯
চতুর্দিগে বিপ্রগণ করে' বেদধ্বনি। মধ্যে চন্দ্রপ্রায় বসিয়াছে দ্বিজমণি ॥ ৮০
ঈশ্বরেরে গন্ধমাল্য দিয়া শুভক্ষণে। অধিবাস করিলেন আপ্ত-বিপ্রগণে ॥ ৮১
দিব্য গন্ধ, চন্দন, তাম্বূল মালা দিয়া। ব্রাহ্মণগণেরে তুষিলেন হর্ষ হঞা ॥ ৮২
বল্লভ-আচার্য আসি' যথাবিধিরূপে। অধিবাস করাইয়া গেলেন কৌতুকে ॥ ৮৩
প্রভাতে উঠিয়া প্রভু করি' স্নান-দান। পিতৃগণে পূজিলেন করিয়া সম্মান ॥ ৮৪
নৃত্য-গীত-বাদ্যে মহা উঠিল মঙ্গল। চতুর্দিগে 'লেহ দেহ' শুনি কোলাহল ॥ ৮৫
কত বা মিলিল আসি' পতিব্রতাগণ। কতেক বা ইষ্ট, মিত্র, ব্রাহ্মণ, সজ্জন ॥ ৮৬
খই, কলা, সিন্দূর, তাম্বূল, তৈল দিয়া। নারীগণে আই তুষিলা হরষিত হঞা ॥ ৮৭
দেব দেববধূ যত নররূপ লঞা। প্রভুর বিবাহে মিলে কৌতুকে আসিঞা ॥ ৮৮
বল্লভ-আচার্য এইমত বিধিক্রমে। করিলেন দেব-পিতৃ-কার্য হর্ষ-মনে ॥ ৮৯
তবে প্রভু শুভলগ্নে গোধূলি-সময়ে। যাত্রা করি' আইলা আচার্য-আলয়ে ॥ ৯০
প্রভু আইলে মাত্র, আচার্য গোষ্ঠী-সনে। আনন্দ-সাগরে মগ্ন হৈলা সভে মনে ॥ ৯১
সম্ভ্রমে আসন দিয়া যথাবিধিরূপে। জামাতারে বরিলেন পরম-কৌতুকে ॥ ৯২
শেষে সর্ব-অলঙ্কারে করিয়া ভূষিত। লক্ষ্মী-কন্যা আনিলেন প্রভুর সমীপ ॥ ৯৩
হরিধ্বনি সর্বলোকে লাগিল করিতে। তুলিলেন সভে লক্ষ্মীরে পৃথ্বী হইতে ॥ ৯৪
তবে লক্ষ্মী প্রদক্ষিণ করি' সপ্তবার। জোড়-হস্তে রহিলেন করি' নমস্কার ॥ ৯৫
তবেশেষে হৈল পুষ্পমালা-ফেলাফেলি। লক্ষ্মী-নারায়ণে দোঁহে মহা-কুতূহলী ॥ ৯৬

---

১ (৭ম, ৮ম) বিধাতা তুষ্ট থাকেন [চ]; ২ (৪র্থ) মোরে [ক্বচিৎ পাঠ], (১০ম) করহ [খ, ঘ, ঙ, চ, জ, ঞ] ৬ (১ম) শুভ- [ঘ], (২য়) সফল [ঙ]; ৭ (৩য়, ৪র্থ) বড় সন্তোষ [ঙ, চ]; ৮ (৩য়) শুভক্ষণে [ক, ঘ, ঙ, ছ], (৪র্থ—৯ম) "হরিধ্বনি করিয়া উঠিল সব জনে ॥" [ঙ];৯ (৬ষ্ঠ, ৭ম) চন্দ্রসম বসিলেন [ঝ, ঞ]; ১০ (৭ম) যত-[খ, ছ]; ১১ (৭ম—১০ম) "ব্রাহ্মণে দিলেন সব হরষিত হৈয়া ॥" [ঙ]; ১৩ (৫ম) গঙ্গাস্নান [খ, ঙ, চ]; ১৪ (৬ষ্ঠ-৮ম) শুনিয়ে আনন্দ [চ]; ১৬ (৩য়) সন্দেশ [চ]; ১৯ (৩য়) শুভক্ষণে [ক, ঞ]; ২১ (৬ষ্ঠ) বসাইল [ঞ]; ২২ (৪র্থ) ভূষিতে [ক, চ], (৭ম) পাত্রের [কচিৎ পাঠ], (৮ম) অগ্রেতে [ক, চ]; ২৩ (৭ম) প্রভুরে [ক, গ, ঘ, জ, ঝ, ঞ]; ২৫ (১ম) তার শেষে [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]।

দিব্য-মালা দিয়া লক্ষ্মী প্রভুর চরণে। নমস্করি' করিলেন আত্ম-সমর্পণে ॥ ৯৭
সর্বদিগে মহা জয়-জয়-হরিধ্বনি। উঠিল পরমানন্দ, আর নাহি শুনি ॥ ৯৮
হেনমতে শ্রীমুখ-চন্দ্রিকা করি' রসে। বসিলা লক্ষ্মীরে প্রভু লঞা বাম-পাশে ॥ ৯৯
প্রথম-বয়স প্রভু জিনিয়া মদন। বাম-পাশে লক্ষ্মী বসিলেন সেইক্ষণ ॥ ১০০
কি শোভা, কি সুখ হৈল শ্রীবল্লভ-ঘরে। কোন্ জন তাহা বর্ণিবারে শক্তি ধরে' ? ১০১
তবে শেষে বল্লভ করিতে কন্যা দান। বসিলেন যে-হেন ভীষ্মক বিদ্যমান ॥ ১০২
যে-চরণে পাদ্য দিয়া শঙ্কর-ব্রহ্মার। জগত সৃজিতে শক্তি হইল সভার ॥ ১০৩
হেন পাদপদ্মে পাদ্য দিলা বিপ্রবর। বস্ত্র-মাল্য-চন্দনে ভূষিয়া কলেবর ॥ ১০৪
যথাবিধিরূপে কন্যা করি' সমর্পণ। আনন্দ-সাগরে মগ্ন হইলা ব্রাহ্মণ ॥ ১০৫
তবে যত কিছু কুল-ব্যবহার আছে। পতিব্রতাগণ তাহা করিলেন পাছে ॥ ১০৬
সে রাত্রি তথায় থাকি' তবে আর দিনে। গৃহে আইলেন মহাপ্রভু লক্ষ্মী-সনে ॥ ১০৭
লক্ষ্মীর সহিত প্রভু চড়িয়া দোলায়। আইসেন, দেখিতে সকল লোক ধায় ॥ ১০৮
গন্ধ, মাল্য, অলঙ্কার, মুকুট, চন্দন। কজ্জ্বলে উজ্জ্বল দুই লক্ষ্মী-নারায়ণ ॥ ১০৯
সর্বলোক দেখি' মাত্র 'ধন্য ধন্য' বোলে। বিশেষে স্ত্রীগণ অতি পড়িলেন ভোলে ॥ ১১০
"কতকাল এই ভাগ্যবতী হর-গৌরী। নিষ্কপটে সেবিলেন কত ভক্তি করি' ॥ ১১১
অল্পভাগ্যে কন্যারে কি হেন স্বামী মিলে ? এই হর-গৌরী হেন বুঝি" কেহো বোলে ॥১১২
কেহো বোলে, "ইন্দ্র-শচী, রতি বা মদন।" কোন নারী বোলে, "এই লক্ষ্মী-নারায়ণ ॥"
কোন কোন নারী বোলে, "যেন সীতা-রাম। দোলায় শোভিয়া-আছে অতি-অনুপাম১১৪
এইমত নানারূপে বোলে নারীগণ। শুভদৃষ্ট্যে সভে দেখে লক্ষ্মী-নারায়ণ ॥ ১১৫
হেন মতে নৃত্য-গীত-বাদ্য-কোলাহলে। নিজ-গৃহে প্রভু আইলেন সন্ধ্যাকালে ॥ ১১৬
তবে শচীদেবী বিপ্রপত্নীগণে লঞা। পুত্রবধূ ঘরে আনিলেন হর্ষ হঞা ॥ ১১৭
বিপ্র-আদি যত জাতি নট বাজনিয়া। সভারে তুষিলা ধন, বস্ত্র, বাক্য দিয়া ॥ ১১৮
যে শুনয়ে প্রভুর বিবাহ-পুণ্য-কথা। তাহার সংসার-বন্ধ না হয় সর্বথা ॥ ১১৯
প্রভু-পার্শ্বে লক্ষ্মী হইলেন বিদ্যমান। শচী-গৃহ হইল পরম-জ্যোতির্ধাম ॥ ১২০
নিরবধি দেখে শচী কি ঘরে, বাহিরে। পরম অদ্ভুত জ্যোতি, লখিতে না পারে' ॥ ১২১
কখনো পুত্রের পাশে দেখে অগ্নিশিখা। উলটিয়া চাহিতে না পায় আর দেখা ॥ ১২২

---

২ (১ম—৩য়) "চতুর্দিগে হৈল মহা-জয়-জয়-ধ্বনি।" [চ]; ৩ (২য়—৪র্থ) মহাপ্রভু পরম হরিষে [চ], (৬ষ্ঠ—৮ম) লক্ষ্মীরে করিয়া [চ]; ৪ (১ম) পরম-সৌন্দর্য [চ], (৬ষ্ঠ—৮ম) লক্ষ্মীদেবী করিছে শোভন [চ]; ৬ (১ম, ২য়) অবশেষে [জ]; ৭ (৪র্থ) ব্রহ্মাদি শঙ্কর [চ], (৫ম—৯ম) "হইলেন জগত-পূজিত শক্তিধর [চ], (৬ষ্ঠ) জিনিতে [ঝ]; ৮ (৩য়) অর্ঘ্য [খ]; ১০ (৪র্থ) -ধর্ম তার [চ], (৬ষ্ঠ—৯ম) "সব করি কন্যা-বর ঘর নিল পাছে।" [চ]; ১৪ (৯ম) দেখি [খ, চ]; ২০ (৬ষ্ঠ) কুতূহলে [ঙ], আনন্দ-বিহ্বলে [চ]; ২১ (৭ম, ৮ম) নিল হরষিত [চ]; ২২ (১ম) দ্বিজ- [ঞ], (৩য়) ভট্ট [চ]; ২৪ (৪র্থ) শোভমান [ঘ], মূর্তিমান্ [জ]; ২৫ (৯ম) তেজ [খ]।

কমল-পুষ্পের গন্ধ ক্ষণে-ক্ষণে পায়। পরম বিস্মিতা আই চিন্তেন সদায়॥ ১২৩
আই চিন্তে', "বুঝিলাঙ কারণ ইহার। এ-কন্যায় অধিষ্ঠান আছে কমলার॥ ১২৪
অতএব জ্যোতি দেখি, পদ্মগন্ধ পাই। পূর্বপ্রায় দরিদ্রতা-দুঃখ এবে নাই॥ ১২৫
এই লক্ষ্মী-বধূ গৃহে আসি' প্রবেশিলে। কোথা হৈতে না জানি আসিয়া সব মিলে!" ১২৬
এইমত নানা-মনঃকথা আই কয়। ব্যক্ত হইয়াও প্রভু ব্যক্ত নাহি হয়॥ ১২৭
ঈশ্বরের ইচ্ছা বুঝিবার শক্তি কা'র? কিরূপে করেন কোন্ কালে কী বিহার? ১২৮
ঈশ্বরে সে আপনারে না জানায়েন যবে। লক্ষ্মীহ জানিতে শক্তি না ধরেন তবে॥ ১২৯
এই সব শাস্ত্রে, বেদে, পুরাণে বাখানে। 'যা'রে তাঁ'র কৃপা হয়' সেই জানে তানে'॥ ১৩০
এইমত গুপ্তভাবে আছে বিপ্ররাজ। অধ্যয়ন বিনা আর নাহি কোন কাজ॥ ১৩১
জিনিয়া কন্দর্পকোটি রূপ মনোহর। প্রতি-অঙ্গে নিরুপম লাবণ্য-সুন্দর॥ ১৩২
আজানুলম্বিত ভুজ, কমল-নয়ান। অধরে তাম্বূল, দিব্য-বাস-পরিধান॥ ১৩৩
সর্বদায় পরিহাস-মূর্তি বিদ্যা-বলে। সহস্র পড়ুয়া সঙ্গে, যবে প্রভু চলে॥ ১৩৪
সর্ব-নবদ্বীপে 'ভ্রমে' ত্রিভুবন-পতি। পুস্তকের রূপে করে প্রিয়া সরস্বতী॥ ১৩৫
নবদ্বীপে হেন নাহি পণ্ডিতের নাম। যে আসিয়া বুঝিবেন প্রভুর ব্যাখ্যান॥ ১৩৬
সবে এক গঙ্গাদাস মহাভাগ্যবান্। যাঁ'র ঠাঞি করেন প্রভু বিদ্যার আদান॥ ১৩৭
সকল সংসারী লোকে বোলে ধন্য ধন্য। এ হেন নন্দন যাঁ'র, তাঁ'র কোন্ দৈন্য?' ১৩৮
যতেক 'প্রকৃতি' দেখে মদন-সমান। 'পাষণ্ডী' দেখয়ে যেন যম বিদ্যমান॥ ১৩৯
'পণ্ডিত'-সকল দেখে যেন বৃহস্পতি। এইমত দেখে সভে, যা'র যেন মতি॥ ১৪০
দেখি' বিশ্বম্ভর-রূপ সকল বৈষ্ণব। হরিষ-বিষাদ হঞা মনে ভাবে' সব॥ ১৪১
"হেন দিব্য-শরীরে না হয় কৃষ্ণরস। কি করিব বিদ্যায়, হইলে কালবশ?" ১৪২
মোহিত বৈষ্ণব সব প্রভুর মায়ায়। দেখিয়াও তভু কেহো দেখিতে না পায়॥ ১৪৩
সাক্ষাতেহ প্রভু দেখি' কেহো কেহো বোলে। "কি কার্যে গোঙাও কাল তুমি বিদ্যাভোলে
শুনিয়া হাসেন প্রভু সেবকের বাক্য। প্রভু বোলে, "তোমরা শিখাও—মোর ভাগ্য"॥১৪৫
হেনমতে প্রভু গোঙায়েন বিদ্যারসে। সেবকে চিনিতে নারে, অন্য জন কিসে? ১৪৬
চতুর্দিগ হৈতে লোক নবদ্বীপে যায়। নবদ্বীপে পড়িলে সে বিদ্যারস পায়॥ ১৪৭
চাটিগ্রাম-নিবাসী অনেকই তথায়। পড়েন বৈষ্ণব-গণ, রহেন গঙ্গায়॥ ১৪৮

---

১ (৩য়) ঘন-ঘন [খ], (৭ম—৮ম) হৈয়া চাহেন [চ]; ৩ (৬ষ্ঠ—৮ম) সর্বতাপ হরিল, দারিদ্র্যদুঃখ [চ]; ৬ (৯ম, ১১শ) কার্য-ব্যবহার [ঘ]; ১১ (৩য়)-লোচন [চ]; ১২ (৬ষ্ঠ—৮ম) প্রভুর সঙ্গে সঙ্গে [ঘ]; ১৪ (১০ম) আখ্যান [খ, গ, ঙ, চ, ঞ]; ১৫ (৬ষ্ঠ) স্থানে [চ]; ১৬ (৩য়) দোখ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ]; ১৭ (৬ষ্ঠ, ৭ম) সকল দেখে [চ]; ১৮ (৬ষ্ঠ, ৭ম) রূপ দেখেন [ঘ], (১০ম) রীতি [ঙ]; ১৭, ১৮ এই পংক্তিদ্বয়ের পয়ার দুইটি পরবর্তী নবম অধ্যায়ের ১৩, ১৪ ও ১৫ পংক্তিত্রয়ের পয়ারগুলির অনুরূপ; ১৯ (৬ষ্ঠ) দুই [গ, ঘ]; ২১ (৪র্থ) কৃষ্ণের [জ], (৭ম) কেহো [ক, খ], তত্ত্ব [ঘ, ঙ, ছ]; ২৬ (৪র্থ-৭ম) "পড়িয়া বৈষ্ণব-সব মহাসুখ পায়॥" [ঞ], (৬ষ্ঠ) মজ্জেন [চ]।

সভেই জন্মিয়াছেন প্রভুর আজ্ঞায়। সভেই বিরক্ত, কৃষ্ণভক্ত সর্বথায়॥ ১৪৯
অন্যোঽন্যে মিলি' সভে পঢ়িয়া শুনিয়া। করেন গোবিন্দ-চর্চা নিভৃতে বসিয়া॥ ১৫০
সর্ব-বৈষ্ণবের প্রিয় মুকুন্দ একান্ত। মুকুন্দের গানে দ্রবে' সকল মহান্ত॥ ১৫১
বিকাল হইলে আসে ভাগবতগণ। অদ্বৈত-সভায় সভার হয় যে মিলন॥ ১৫২
যেই-মাত্র মুকুন্দ গায়েন কৃষ্ণগীত। হেন নাহি জানি,—কেবা পড়ে কোন্ ভিত॥ ১৫৩
কেহো কান্দে, কেহো হাসে, কেহো নৃত্য করে'। গড়াগড়ি যায় কেহো বস্ত্র না সম্বরে'॥
হুঙ্কার করয়ে কেহো, মালসাট্ মারে'। কেহো গিয়া মুকুন্দের দুই পা'য়ে ধরে'॥ ১৫৫
এইমত উঠয়ে পরমানন্দ-সুখ। না জানে বৈষ্ণব-সব আর কোন দুঃখ॥ ১৫৬
প্রভুও মুকুন্দ-প্রতি বড় সুখী মনে। দেখিলেই মুকুন্দেরে ধরেন আপনে॥ ১৫৭
প্রভু জিজ্ঞাসেন ফাঁকি, বাখানে মুকুন্দ। প্রভু বোলে, "কিছু নহে", আর লাগে দ্বন্দ্ব॥১৫৮
মুকুন্দ পণ্ডিত বড় প্রভুর প্রভাবে। পক্ষ-প্রতিপক্ষ করি' প্রভু-সনে লাগে॥ ১৫৯
এইমত প্রভু নিজ-সেবক চিনিয়া। জিজ্ঞাসেন ফাঁকি, সভে যায়েন হারিয়া॥ ১৬০
শ্রীবাসাদি দেখিলেহ ফাঁকি জিজ্ঞাসেন। মিথ্যা-বাক্য-ব্যয়-ভয়ে সভে পলায়েন॥ ১৬১
সহজে বিরক্ত সভে শ্রীকৃষ্ণের রসে। কৃষ্ণ-ব্যাখ্যা বিনা আর কিছু নাহি বাসে'॥ ১৬২
দেখিলেই মাত্র প্রভু ফাঁকি সে জিজ্ঞাসে। প্রবোধিতে নারে কেহো, শেষে পরিহাসে'॥
যদি কেহো দেখে,—প্রভু আইসেন দূরে। সভে পলায়েন ফাঁকি-জিজ্ঞাসার ডরে॥ ১৬৪
কৃষ্ণকথা শুনিতেই সভে ভালবাসে। ফাঁকি বিনা প্রভু কৃষ্ণকথা না জিজ্ঞাসে॥ ১৬৫
রাজপথ দিয়া প্রভু আইসে একদিন। পঢ়ুয়ার সঙ্গে,—মহা-ঔদ্ধত্যের চিন॥ ১৬৬
মুকুন্দ যায়েন গঙ্গাস্নান করিবারে। প্রভু দেখি' আড়ে পলাইলা কথোদূরে॥ ১৬৭
দেখি' জিজ্ঞাসেন প্রভু গোবিন্দের স্থানে। "এ বেটা আমারে দেখি' পলাইল কেনে?"
গোবিন্দ বোলেন, "আমি না জানি পণ্ডিত! আর কোনো কার্যে বা চলিলা কোন-ভিত"
প্রভু বোলে, "বুঝিলাঙ যে লাগি' পলায়। বহির্মুখ-সম্ভাষা করিতে না যুয়ায়॥ ১৭০
এ বেটা পঢ়য়ে যত বৈষ্ণবের শাস্ত্র। পাঁজি, বৃত্তি, টীকা আমি বাখানিয়ে মাত্র॥ ১৭১
আমার সম্ভাষে নাহি কৃষ্ণের কথন। অতএব আমা' দেখি' করে' পলায়ন॥" ১৭২
সন্তোষে পাড়েন গালি প্রভু মুকুন্দেরে। ব্যপদেশে প্রকাশ করেন আপনারে॥ ১৭৩
প্রভু বোলে, "আরে বেটা! কথোদিন থাক। পলাইলে কোথা মোর এড়াইবে পাক?"১৭৪
হাসি' বোলে প্রভু, "আগে পঢ়োঁ কথোদিন। তবে সে দেখিবা মোর বৈষ্ণবের চিন॥

২ (৭ম) -চর্যা [ঘ], -চিন্তা [চ]; ৪ (১ম, ২য়) উষঃকাল হৈলে [কচিৎ পাঠ]; ৯ (৯ম) তথনে [ঙ, চ]; ১০ (১০ম) বড় [ঞ]; ১৪ (৪র্থ) কৃষ্ণপ্রেম [চ], (১১শ) ভাষে [ছ]; ১৫ (১১শ) উপহাসে [ক, ঙ, চ]; (১০ম, ১১শ) পলায়েন শেষে [ঞ]; ২০ (৪র্থ) গোবিন্দের [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ২১ (১ম) গোবিন্দ [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ], ২৫ (৬ষ্ঠ—৮ম) অন্য উপদেশে প্রকাশয়ে [ছ]।

এমত বৈষ্ণব মুঞি হইমু সংসারে। অজ, ভব আসিবেক আমার দুয়ারে ॥ ১৭৬
শুন, ভাই-সব! এই আমার বচন। বৈষ্ণব হইমু মুঞি সর্ব-বিলক্ষণ ॥ ১৭৭
আমারে দেখিয়া এবে যে-সব পলায়। তাহারাও যেন মোর গুণ-কীর্তি গায় ॥" ১৭৮
এতেক বলিয়া প্রভু লাগিলা হাসিতে। ঘরে গেলা নিজ শিষ্যগণের সহিতে ॥ ১৭৯
এইমত রঙ্গ করে' বিশ্বম্ভর-রায়। কে তানে জানিতে পারে', যদি না জানায়? ১৮০
হেনমতে ভক্তগণ নদীয়ায় বৈসে। সকল নদীয়া মত্ত ধন-পুত্র-রসে ॥ ১৮১
শুনিলেই কীর্ত্তন, করয়ে উপহাস। কেহো বোলে, "সব, পেট, পুষিবার আশ"॥ ১৮২
কেহো বোলে, "জ্ঞান-যোগ এড়িয়া বিচার। উদ্ধতের প্রায়নৃত্য—এ কোন্ ব্যভার?"১৮৩
কেহো বোলে, "কত বা পড়িলুঁ ভাগবত। নাচিব, কাঁদিব—হেন না দেখিলুঁ পথ ॥ ১৮৪
শ্রীবাসপণ্ডিত-চারিভাইর লাগিয়া। নিদ্রা নাহি যাই, ভাই! ভোজন করিয়া ॥ ১৮৫
ধীরে ধীরে 'কৃষ্ণ' বলিলে কি পুণ্য নয়? নাচিলে, কান্দিলে, ডাক ছাড়িলে কি হয়?"১৮৬
এইমত যত পাপি-পাষণ্ডীর গণ। দেখিলেই বৈষ্ণবমাত্র করয়ে নিন্দন ॥ ১৮৭
শুনিঞা বৈষ্ণব-সব মহাদুঃখ পায়। 'কৃষ্ণ বলি' সভেই কাঁদেন উভরায় ॥ ১৮৮
"কতদিনে এ-সব দুঃখের হৈব নাশ। জগতেরে কৃষ্ণচন্দ্র! করহ প্রকাশ ॥" ১৮৯
সকল বৈষ্ণব মিলি' অদ্বৈতের স্থানে। পাষণ্ডীর বচন করেন নিবেদনে ॥ ১৯০
শুনিয়া অদ্বৈত হ'ন ক্রোধ অবতার। "সংহারিমু সব" বলি' করেন হুঙ্কার ॥ ১৯১
"আসিতেছে এই মোর প্রভু চক্রধর। দেখিবা—কি হয় এই নদীয়া-ভিতর ॥ ১৯২
করাইমু কৃষ্ণ সর্ব-নয়নগোচর। তবে সে 'অদ্বৈত'-নাম কৃষ্ণের কিঙ্কর ॥ ১৯৩
আর দিন-কথো গিয়া থাক', ভাই সব! এথাই দেখিবা সব কৃষ্ণ-অনুভব ॥" ১৯৪
অদ্বৈতের বাক্য শুনি' ভাগবতগণ। দুঃখ পাসরিয়া সভে করেন কীর্তন ॥ ১৯৫
উঠিল কৃষ্ণের নাম পরম-মঙ্গল। অদ্বৈত-সহিত সভে হইল বিহ্বল ॥ ১৯৬
পাষণ্ডীর বাক্য-জ্বালা সব গেল দূর। এইমত আনন্দিত নবদ্বীপপুর ॥ ১৯৭
অধ্যয়ন সুখে প্রভু বিশ্বম্ভর-রায়। নিরবধি জননীর আনন্দ বাড়ায় ॥ ১৯৮
হেনকালে নবদ্বীপে শ্রীঈশ্বরপুরী। আইলেন অতি-অলক্ষিত-বেশ ধরি' ॥ ১৯৯
কৃষ্ণরসে পরম বিহ্বল মহাশয়। একান্ত কৃষ্ণের প্রিয় অতি-দয়াময় ॥ ২০০

---

১ (৯ম) মোহর [গ, চ]; ২ (৯ম) -সুলক্ষণ [চ]; ৩ (১ম) মোহরে [খ. গ, চ], (৯ম) পুণ্য- [খ]; ৪ (৪র্থ) চলিলা [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৮ম) -শিষ্যবর্গের [ক, খ, গ, চ, ছ, জ, ঝ]; ৫ (৪র্থ) বৈকুণ্ঠের রায় [ঞ]; ৬ (৩য়) নবদ্বীপে [ঘ, চ, জ, ঞ]; ৭ (৪র্থ) পরিহাস [ক, খ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], (৯ম) ভরিবার [ক, জ, ঞ]; ১১ (৯ম) পাইলে [ক, খ, ঞ], ১২ (৭ম, ৮ম) করে সংকথন [ক, খ, গ, চ, ছ, জ, ঝ, ঞ], কয় অসৎ কথন [ঙ]; ১৩ (৯ম) উর্ধ্বরায় [গ, ঘ, ঙ, ছ, জ, ঝ]; ১৬ (৪র্থ) রুদ্র- [ঞ]; ২০ (২য়, ৩য়) বাক্যে সব [ক, গ, ঘ, জ, ঞ]; ২১ (৫ম) অদ্বৈত দেখিয়া [ছ]; ২২ (৭ম) পুলকিত [ঞ]; ২৩ (১ম) অধ্যাপন- [ঙ] ২৫ (১ম) কৃষ্ণবেশে [ঙ, চ], (৬ষ্ঠ—৯ম) বৈষ্ণব ভক্ত অতি তেজোময় [চ], (৭ম) ভক্ত [ঞ]।

তান বেশে তানে কেহো চিনিতে না পারে। দৈবে গিয়া উঠিলেন অদ্বৈত-মন্দিরে ॥ ২০১
যেখানে অদ্বৈত সেবা করেন বসিয়া। সম্মুখে বসিলা বড় সঙ্কুচিত হঞা ॥ ২০২
বৈষ্ণবের তেজ বৈষ্ণবেতে না লুকায়। পুনঃপুন অদ্বৈত তাহান পানে চায় ॥ ২০৩
অদ্বৈত বোলেন, "বাপ! তুমি কোন্ জন? বৈষ্ণব-সন্ন্যাসী তুমি—হেন লয় মন ॥" ২০৪
বোলেন ঈশ্বরপুরী "আমি শূদ্রাধম। দেখিবারে আইলাঙ তোমার চরণ ॥" ২০৫
বুঝিয়া মুকুন্দ এক কৃষ্ণের চরিত। গাইতে লাগিলা অতি প্রেমের সহিত ॥ ২০৬
যেইমাত্র শুনিলেন মুকুন্দের গীতে। পড়িলা ঈশ্বরপুরী ঢলি' পৃথিবীতে ॥ ২০৭
নয়নের জলে অন্ত নাহিক তাহান। পুনঃপুন বাঢ়ে প্রেম ধারার পয়ান ॥ ২০৮
আথে-ব্যথে অদ্বৈত তুলিলা নিজ-কোলে। সিঞ্চিত হইল অঙ্গ নয়নের জলে ॥ ২০৯
সম্বরণ নহে প্রেম পুনঃপুন বাঢ়ে। সন্তোষে মুকুন্দ উচ্চ করি' শ্লোক পঢ়ে ॥ ২১০
দেখিয়া বৈষ্ণব-সব প্রেমের বিকার। অতুল আনন্দ মনে জন্মিল সভার ॥ ২১১
পাছে সভে চিনিলেন শ্রীঈশ্বর-পুরী। প্রেম দেখি' সভেই বোলেন 'হরি হরি' ॥ ২১২
এইমত ঈশ্বরপুরী নবদ্বীপ-পুরে। অলক্ষিতে বুলেন চিনিতে কেহো নারে ॥ ২১৩
দৈবে একদিন প্রভু শ্রীগৌরসুন্দর। পঢ়াইয়া আইসেন আপনার ঘর ॥ ২১৪
পথে দেখা হইল ঈশ্বরপুরী-সনে। ভৃত্যে দেখি' প্রভু নমস্করিলা আপনে ॥ ২১৫
অতি অনির্বচনীয় ঠাকুর সুন্দর। সর্বমতে সর্ব-বিলক্ষণ গুণধর ॥ ২১৬
যদ্যপি তাহান মর্ম কেহো নাহি জানে। তথাপি সাধ্বস করে' দেখি' সর্বজনে ॥ ২১৭
চাহেন ঈশ্বরপুরী প্রভুর শরীর। সিদ্ধপুরুষের প্রায় পরম গম্ভীর ॥ ২১৮
জিজ্ঞাসেন, "তোমার কি নাম বিপ্রবর! কি পুঁথি পঢ়াও, পঢ়, কোন্ স্থানে ঘর?" ২১৯
শিষ্য সব বলিলেন, "নিমাঞি-পণ্ডিত"। 'তুমিই সে!' বলি' বড় হৈলা হরষিত ॥ ২২০
ভিক্ষা-নিমন্ত্রণ প্রভু করিয়া তাহানে। মহাদরে গৃহে লঞা চলিলা আপনে ॥ ২২১
কৃষ্ণের নৈবেদ্য আই করিলেন গিয়া। ভিক্ষা করি' বিষ্ণুগৃহে বসিলা আসিয়া ॥ ২২২
শ্রীকৃষ্ণ-প্রসঙ্গ তবে কহিতে লাগিলা। কহিতে কৃষ্ণের কথা বিহ্বল হইলা ॥ ২২৩
দেখিয়া প্রেমের ধারা প্রভুর সন্তোষ। না প্রকাশে' আপনা',—লোকের দিন-দোষ ॥ ২২৪

---

১ (৯ম, ১০ম) আসি উত্তরিলা [ঙ, চ]; ২ (৮ম) আসি [খ], গিয়া [ছ], ৩ (৮ম, ৯ম) তাহার ভিতে [গ, ঙ, ছ, জ]; ৪ (৩য়—৬ষ্ঠ) তুমি কোন্ মহাজন [ঙ]; ৫ (৪র্থ) ক্ষুদ্রাধম [চ, জ, ঝ]; ৬ (৫ম—৮ম) "পুনঃপুন বাঢ়ে প্রেম ধারার সহিত ॥" [চ]; ৮ (৯ম) প্রমাণ [জ]; ৯ (১ম) আস্তে ব্যস্তে [ঘ, ঙ, চ, ছ, ঞ], (৩য়, ৪র্থ) ধরিয়া নিল কোলে [চ], (৫ম) শীতল [ক]; ১০ (৯ম) স্বরে [খ, গ, ঘ, ছ]; ১১ (৮ম) বাঢ়িল [ঘ]; ১২ (৩য়) জানিলেন [ক, ঞ], (৮ম) স্মরেণ [গ, ঘ, ঝ], সঙরে [ঙ, চ, ছ, জ]; ১৩ (১ম) আনন্দে [জ]; ১৬ (১ম, ২য়) অনির্বচনীয়রূপ [ঘ], (১ম-৪র্থ) "মদনমোহন-রূপ গৌরাঙ্গসুন্দর।" [চ]; ২০ (১ম,২য়) শেষে সভে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ], (৫ম—৭ম) পুরী যে শুনিয়া [ঙ]; ২১ (৪র্থ) তাহারে [ঙ], (৭ম—৯ম) লঞা চলিলা সত্বরে [ঙ]; ২২ (৩য়) শচী [ঝ]; ২৩ (১ম) কৃষ্ণের প্রস্তাব [ঞ]।

মাস-কথো গোপীনাথ-আচার্যের ঘরে। রহিলা ঈশ্বরপুরী নবদ্বীপপুরে ॥ ২২৫
সভে বড় উল্লসিত দেখিয়া তাহানে। প্রভুও দেখিতে নিত্য চলেন আপনে ॥ ২২৬
গদাধর-পণ্ডিতের দেখি' প্রেমজল। বড়প্রীত বাসে তানে বৈষ্ণব-সকল ॥ ২২৭
শিশু হৈতে সংসারে বিরক্ত বড় মনে। ঈশ্বরপুরীহ স্নেহ করেন তাহানে ॥ ২২৮
গদাধর-পণ্ডিতেরে আপনার কৃত। পুঁথি পঢ়ায়েন, নাম—'কৃষ্ণলীলামৃত' ॥ ২২৯
পঢ়াইয়া, পঢ়িঞা ঠাকুর সন্ধ্যাকালে। ঈশ্বরপুরীরে নমস্করিবারে চলে ॥ ২৩০
প্রভু দেখি' ঈশ্বরপুরীহ হরষিত। 'প্রভু' হেন না জানেন, তভু বড় প্রীত ॥ ২৩১
হাসিয়া বোলেন, "তুমি পরম-পণ্ডিত। আমি পুঁথি করিয়াছি কৃষ্ণের চরিত ॥ ২৩২
সকল বলিবা,—কোথা থাকে কোন দোষ। ইহাতে আমার বড় পরম-সন্তোষ ॥" ২৩৩
প্রভু বোলে, "ভক্তবাক্য কৃষ্ণের বর্ণন। ইহাতে যে দেখে দোষ, পাপী সেই জন ॥ ২৩৪
ভক্তের কবিত্ব যে-তে-মতে কেনে নয়। সর্বথা কৃষ্ণের প্রীত তাহাতে নিশ্চয় ॥ ২৩৫
মূর্খ বোলে 'বিষ্ণায়', 'বিষ্ণবে' বোলে ধীর। দুই বাক্য পরিগ্রহ করে' কৃষ্ণ বীর ॥ ২৩৬

তথা হি (পাদ্মে ক্রিয়াযোগসারখণ্ডে ষাষ্ঠাধ্যায়ে *)—

"মূর্খো বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে। উভয়োস্তু সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দনঃ ॥ " ২৩৭

ইহাতে যে দোষ দেখে, তাহার সে দোষ। ভক্তের বর্ণনমাত্রে কৃষ্ণের সন্তোষ ॥ ২৩৮
অতএব তোমার যে প্রেমের বর্ণন। ইহা দূষিবেক কোন্ সাহসিক জন ?" ২৩৯
শুনিয়া ঈশ্বরপুরী প্রভুর উত্তর। অমৃত-সিঞ্চিত হৈল সর্ব-কলেবর ॥ ২৪০
পুন হাসি' বোলেন, "তোমার দোষ নাঞি। অবশ্য বলিবা, দোষ থাকে যেই-ঠাঞি ॥"
এইমত প্রতিদিন প্রভু তান সঙ্গে। বিচার করেন দুই-চারি-দণ্ড রঙ্গে ॥ ২৪২
একদিন প্রভু তান কবিত্ব শুনিয়া। হাসি' দূষিলেন "ধাতু না লাগে" বলিয়া ॥ ২৪৩
প্রভু বোলে, "এ ধাতু আত্মনেপদী নয়"। বলিয়া চলিলা প্রভু আপন-আলয় ॥ ২৪৪
ঈশ্বরপুরীহ সর্ব-শাস্ত্রেতে পণ্ডিত। বিদ্যারস-বিচারেহ বড় হরষিত ॥ ২৪৫
প্রভু গেলে সেই 'ধাতু' করেন বিচার। সিদ্ধান্ত কল্লেন তেঁহি অশেষ-প্রকার ॥ ২৪৬
সেই 'ধাতু' করেন 'আত্মনেপদী' নাম। আর দিনে প্রভু গেলে করেন ব্যাখ্যান ॥ ২৪৭
"যে ধাতু 'পরস্মৈপদী' বলি' গেলা তুমি। তাহা এই সাধিলুঁ 'আত্মনেপদী' আমি ॥" ২৪৮

---

৩ (৪র্থ)-প্রিয় [ক, চ]; ৪ (১০ম) আপনে [চ]; ৬ (৩য়) গৌরচন্দ্র, বিশ্বম্ভর [ক্বচিৎ পাঠ], (৬ষ্ঠ) প্রভু দেখিবারে [ক], সভে দেখিবারে [খ], নিত্য নমস্কারে [ঞ]; ১১ (৬ষ্ঠ, ৭ম) ঈশ্বর সর্বথা [ঞ]; ১৫ (৫ম) তাহাতে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ]; ১৭ (৫ম) পুলকে পূরিত [চ], (৭ম) তাঁর কলেবর [ঞ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) হাসি হাসি বোলেন [ক], হাসিয়া বলিল [চ]; ২২ (২য়) -পুস্তকে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ], (৫ম) মহা- [ঙ]; ২৩ (৮ম) করেন [ক, খ, ঙ, চ, ছ, ঞ]; ২৫ (৮ম) পুন [ঙ]।

* শ্রীল ঠাকুর-ভক্তিবিনোদ-সং, ৪১৫ শ্রীচৈতন্যাব্দ, ৪৯০ পৃঃ,

ব্যাখ্যান শুনিয়া প্রভু পরম-সন্তোষ। ভৃত্য-জয়-নিমিত্ত না দেন আর দোষ ॥ ২৪৯
'সর্ব্বকাল প্রভু বাঢ়ায়েন ভৃত্য-জয়'। এই তান স্বভাব—সকল বেদে কয় ॥ ২৫০
এইমত কথোদিন বিদ্যারস-রঙ্গে। আছিলা ঈশ্বরপুরী গৌরচন্দ্র-সঙ্গে ॥ ২৫১
ভক্তিরসে চঞ্চল—একত্র নহে স্থিতি। পর্য্যটনে চলিলা পবিত্র করি' ক্ষিতি ॥ ২৫২
যে শুনয়ে ঈশ্বরপুরীর পুণ্যকথা। কৃষ্ণপদে প্রেমভক্তি পাইব সর্ব্বথা ॥ ২৫৩
যত প্রেম মাধবেন্দ্রপুরীর শরীরে। সন্তোষে দিলেন সব ঈশ্বরপুরীরে ॥ ২৫৪
পাইয়া কৃষ্ণের প্রেম গুরুর প্রসাদে। আনন্দে ভ্রমণে পুরী কিছু নাহি বাধে ॥ ২৫৫
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২৫৬

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীলক্ষ্মীপ্রিয়া পরিণয় বর্ণনং
তথা শ্রীমদীশ্বর-পুরী-মিলনং নাম
অষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮

---

১ (৫ম—৮ম) -লাগি' তার না দিল কোন [ঞ]; ২ (৩য়) বাথানেন [ঙ, চ], (৭ম, ৮ম) সকল শাস্ত্রে [ঘ], বেদে ভাগবতে [ঙ, চ,]; ৩ (৩য়) বিগ্যার প্রসঙ্গে [ঘ], (৪র্থ) রহিলা [চ]; ৫ (৫ম—৮ম) তার বাস হয় কৃষ্ণপাদপদ্ম যথা [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ৭ (২য়) গুরুর [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ], (৪র্থ) কৃষ্ণের [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ], (৫ম) প্রসাদ [চ], (৬ষ্ঠ—১১শ) ভ্রমেন ঈশ্বরপুরী অতি নির্বিরোধো [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঞ], (৯ম ১১শ) অতি অবিরোধে [ঙ]; ৮ (১ম) শ্রীকৃষ্ণচেতন্য-, (২য়, ৩য়) জান [গ, চ, জ, ঝ, ঞ]।

নবম অধ্যায়

জয় জয় মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। জয় হউক প্রভুর যতেক অনুচর ॥ ১
হেনমতে নবদ্বীপে শ্রীগৌরসুন্দর। পুস্তক লইয়া ক্রীড়া করে নিরন্তর ॥ ২
যত অধ্যাপক, প্রভু চালেন সভারে। প্রবোধিতে শক্তি কোন জনে নাহি ধরে' ॥ ৩
ব্যাকরণশাস্ত্রে সবে বিদ্যার আদান। ভট্টাচার্য্য-প্রতিও নাহিক বস্তু-জ্ঞান ॥ ৪
স্বানুভবানন্দে করে নগর ভ্রমণ। সংহতি পরমভাগ্যবন্ত শিষ্যগণ ॥ ৫
দৈবে পথে মুকুন্দের সঙ্গে দরশন। হস্তে ধরি' প্রভু তানে বোলেন বচন ॥ ৬

---

১ (৭ম) তোমার [খ], (৭ম, ৮ম) যতেক প্রেমের [ঙ]; ২ (৪র্থ) পঢ়ুয়া [চ]; ৪ (৭ম) তৃণ [ক—ঙ জ—ঞ], ভৃত্য- [ছ]।

“আমারে দেখিয়া তুমি কি কার্যে পলাও ? আজি আমা' প্রবোধিয়া বিনা দেখি যাও ?” ৭
মনে ভাবে মুকুন্দ, “আজি জিনিমু কেমনে ? ইহান অভ্যাস সবেমাত্র ব্যাকরণে ॥ ৮
ঠেকাইমু আজি জিজ্ঞাসিয়া অলঙ্কার। মোর সনে যেন গর্ব না করেন আর ॥” ৯
লাগিল জিজ্ঞাসা মুকুন্দের প্রভু-সনে। প্রভু খণ্ডে—যত অর্থ মুকুন্দ বাখানে ॥ ১০
মুকুন্দ বোলেন, “ব্যাকরণ শিশুশাস্ত্র। বালকে সে ইহার বিচার করে' মাত্র ॥ ১১
অলঙ্কার বিচার করিমু তোমা' সনে।” প্রভু কহে, “বুঝ তোর যেবা লয় মনে ॥” ১২
বিষম বিষম যত কবিত্ব-প্রচার। পঢ়িয়া মুকুন্দ জিজ্ঞাসয়ে 'অলঙ্কার' ॥ ১৩
সর্বশক্তিময় গৌরচন্দ্র অবতার। খণ্ড খণ্ড করি' দোষে' সব 'অলঙ্কার' ॥ ১৪
মুকুন্দ স্থাপিতে নারে প্রভুর খণ্ডন। হাসিয়া হাসিয়া প্রভু বোলেন বচন ॥ ১৫
“আজি ঘরে গিয়া ভালমতে পুঁথি চাহ। কালি বুঝিবাঙ ঝাঠ আসিবারে চাহ ॥” ১৬
চলিলা মুকুন্দ লঞা চরণের ধূলি। মনে মনে চিন্তয়ে মুকুন্দ কুতূহলী ॥ ১৭
“মনুষ্যের এমত পাণ্ডিত্য আছে কোথা ! হেন শাস্ত্র নাহিক, অভ্যাস নাহি যথা ॥ ১৮
এমত সুবুদ্ধি—কৃষ্ণভক্ত হয় যবে। তিলেকো ইহান সঙ্গ না ছাড়িয়ে তবে ॥” ১৯
এইমত বিদ্যারসে বৈকুণ্ঠ-ঈশ্বর। ভ্রমিতে দেখেন আরদিনে গদাধর ॥ ২০
হাসি' দুই হাথে প্রভু রাখিলা ধরিয়া। “ন্যায় পঢ়, তুমি আমা' যাও প্রবোধিয়া ॥” ২১
“জিজ্ঞাসহ”—গদাধর বোলয়ে বচন। প্রভু বোলে, “কহ দেখি মুক্তির লক্ষণ ?” ২২
শাস্ত্র-অর্থ যেন গদাধর বাখানিলা। প্রভু বোলে, “ব্যাখ্যান করিতে না পারিলা ॥” ২৩
গদাধর বোলে, “আত্যন্তিক-দুঃখ-নাশ। ইহারেই শাস্ত্রে কহে মুক্তির প্রকাশ ॥” ২৪
নানারূপে দোষে' প্রভু সরস্বতী-পতি। হেন নাহি তার্কিক,—যে করিবেক স্থিতি ॥ ২৫
হেন জন নাহিক, যে প্রভু-সনে বোলে। গদাধর ভাবে', “আজি বর্তি পলাইলে ॥” ২৬
প্রভু বোলে, “গদাধর, ! আজি যাহ ঘর। কালি বুঝিবাঙ, তুমি আসিহ সত্বর ॥” ২৭
নমস্করি' গদাধর চলিলেন ঘরে। ঠাকুর ভ্রমেন সর্ব-নগরে-নগরে ॥ ২৮
পরম-পণ্ডিত-জ্ঞান হইল সভার। সভেই করয়ে দেখি' সম্ভ্রম অপার ॥ ২৯
বিকালে ঠাকুর সর্ব-পঢ়ুয়ার সঙ্গে। গঙ্গাতীরে আসিয়া বৈসেন মহারঙ্গে ॥ ৩০
সিন্ধু-সুতা-সেবিত প্রভুর কলেবর। ত্রিভুবনে অদ্বিতীয় মদন-সুন্দর ॥ ৩১
চতুর্দিগে বেঢ়িয়া বৈসেন শিষ্যগণ। মধ্যে শাস্ত্র বাখানেন শ্রীশচীনন্দন ॥ ৩২
বৈষ্ণব-সকলো মিলি' সন্ধ্যাকাল হৈলে। আসিয়া বৈসেন গঙ্গাতীরে কুতুহলে ॥ ৩৩

---

২ (৪র্থ) এবে [ঞ]; ৪ (৮ম) ব্যাখ্যা [খ]; ৬ (১০ম) যাহা [খ] যত [ঙ], যেবা [ঞ]; ৭ (৪র্থ) -বিচার [খ, ঙ, চ, ছ]; ১৩ (৮ম) স্থান [ছ]; ১৭ (১০ম) জানিলা [খ, ঘ—ঞ]; ২০ (৮ম) বোলে [খ, গ, ঘ, চ, ছ], (১০ম) বাঁচি [চ]; ২২ (৭ম) -নদীয়া- [খ, গ]; ২৫ (৬ষ্ঠ) পরম- [জ], ২৬ (২য়) আসিয়া [ছ]; ২৭ (২য়) তবে [ঝ], যথা [ঞ]।

দূরে থাকি' প্রভুর ব্যাখ্যান সভে শুনে। হরিষ-বিষাদে সভে ভাবে' মনে মনে ॥ ৩৪
কেহো বোলে, "হেন রূপ, হেন বিদ্যা যা'র। না ভজিলে কৃষ্ণ, নহে কিছু উপকার ॥ ৩৫
সভেই বোলেন, "ভাই! উহানে দেখিয়া। ফাঁকি-জিজ্ঞাসার ভয়ে যাই পলাইয়া ।।" ৩৬
কেহো বোলে, "দেখা হৈলে না দেন এড়িয়া। মহাদানী-প্রায় যেন রাখেন ধরিয়া ।।" ৩৭
কেহো বোলে, "ব্রাহ্মণের শক্তি অমানুষী। কোনো মহাপুরুষ বা হয়—হেন বাসি ।।" ৩৮
যদ্যপিহ নিরন্তর বাখানেন ফাঁকি। তথাপি সন্তোষ বড় পাঙ উঁহা দেখি' ॥ ৩৯
মনুষ্যের এমত পাণ্ডিত্য দেখি নাই। কৃষ্ণ না ভজেন,—সভে এই দুঃখ পাই ।।" ৪০
অন্যোহন্যে সভেই সাধেন সভা প্রতি। "সভে বোল, 'ইহান হউক কৃষ্ণে রতি ।।" ৪১
দণ্ডবত হঞা সভে পড়িলা গঙ্গাতীরে। সর্বভাগবত মিলি' আশীর্বাদ করে' ॥ ৪২
"হেন কর' কৃষ্ণ! জগন্নাথের নন্দন। তোর রসে মত্ত হউ, ছাড়ি' অন্য-মন ॥ ৪৩
নিরবধি প্রেমভাবে ভজুক তোমারে। হেন সঙ্গী কৃষ্ণ! দেহ' আমা' সভাকারে ॥" ৪৪
অন্তর্যামি প্রভু—চিত্ত জানেন সভার। শ্রীবাসাদি দেখিলেই করেন নমস্কার ॥ ৪৫
ভক্ত-আশীর্বাদ প্রভু শিরে করি' লয়। ভক্ত-আশীর্ব্বাদে সে কৃষ্ণেতে ভক্তি হয় ॥ ৪৬
কেহো কেহো সাক্ষাতেই প্রভু দেখি' বোলে। "কি কার্যে গোঙাও কাল তুমি বিদ্যা-ভোলে
কেহো বোলে, "হের শুন নিমাঞি পণ্ডিত! বিদ্যায় কি লাভ,—কৃষ্ণ ভজহ ত্বরিত ॥ ৪৮
পড়ে কেনে লোক?—কৃষ্ণভক্তি জানিবারে। সে যদি নহিল, তবে বিদ্যায় কি করে'?"৪৯
হাসি' বোলে প্রভু,—"বড় ভাগ্য সে আমার। তোমরা শিখাও মোরে কৃষ্ণভক্তিসার ॥ ৫০
তুমি-সব যা'র কর' শুভানুসন্ধান। মোর চিত্তে হেন লয়,—সেই ভাগ্যবান্ ॥ ৫১
কথোদিন পঢ়াইয়া মোর চিত্তে আছে। চলিমু বুঝিয়া ভাল-বৈষ্ণবের কাছে ।।" ৫২
এত বলি' হাসে প্রভু সেবকের সনে। প্রভুর মায়ায় কেহো প্রভুরে না চিনে ॥ ৫৩
এইমত ঠাকুর সভার চিত্ত হরে'। হেন নাহি,—যে জনে অপেক্ষা নাহি করে' ॥ ৫৪
হেনমতে ক্ষণে প্রভু বৈসে গঙ্গাতীরে। কখন ভ্রমেন প্রতি-নগরে-নগরে ॥ ৫৫
প্রভু দেখিলেই মাত্র নগরিয়াগণ। পরম আদর করি' বন্দে শ্রীচরণ ॥ ৫৬
নারীগণ দেখি' বোলে, "এই ত মদন। স্ত্রীলোকে পাউক জন্মে জন্মে হেন ধন ।।" ৫৭
পণ্ডিত দেখয়ে বৃহস্পতি সমান। বৃদ্ধ-আদি পাদপদ্মে করয়ে প্রণাম ॥ ৫৮

---

১ (৯ম—১১শ) মনে মনে গণে [ছ, জ]; ৬ (৬ষ্ঠ) সাধ্বস [ক, গ, ঙ, চ, ছ, জ]; ৮ (১০ম) মতি [ঙ, চ, ছ] ৯ (৫ম) গঙ্গারে [ক—ঙ, ছ—ঞ]; ১০ (৭ম) যশে [খ], (১১শ) অধ্যয়ন [খ, ঘ, ছ, জ]; ১১ (৬ষ্ঠ) সঙ্গ [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ]; ১২ "শ্রীবাসাদি দেখিলেই করয়ে নমস্কারে। সভে বোলে, "কৃষ্ণভক্তি হউক তোমারে ॥" [খ], (৮ম) হয়েন [ঙ, ছ]; ১৩ (৮ম, ৯ম) কৃষ্ণের রতি [ঞ]; ১৫ (৩য়, ৪র্থ) হের দেখ [ঝ], হেন শুন [ঘ, ঞ], (৮ম) কাজ [ঞ]; ১৭ (১১শ) কৃষ্ণ-ভজিবার [ঙ, চ, জ, ঞ]; ২০ (৫ম, ৬ষ্ঠ) সেবক-বচনে [গ, ঘ], বৈষ্ণবের স্থানে ঙ], সেবকের স্থানে [জ]; ২১ (২য়) মহাপ্রভু [ঙ-]; ২৩ (৬ষ্ঠ) সানন্দ [ঙ, চ] ২৫ (৫ম) বৃদ্ধ আসি' [ক, গ, ঞ]।

যোগীগণে দেখে,—যেন সিদ্ধ-কলেবর। দুষ্টগণে দেখে,—যেন মহাভয়ঙ্কর ॥ ৫৯
দিবসেকো যা'রে প্রভু করেন সম্ভাষ। বন্দি-প্রায় হয় যেন, পরে' প্রেম-ফাঁস ॥ ৬০
বিদ্যারসে করে' প্রভু যত অহঙ্কার। শুনেন তথাপি প্রীত প্রভুরে সভার ॥ ৬১
যবনে প্রভুরে দেখি' করে' বড় প্রীত। সর্বভূত-কৃপালু তা প্রভুর চরিত ॥ ৬২
পড়ায় বৈকুণ্ঠনাথ নবদ্বীপপুরে। মুকুন্দ-সঞ্জয় ভাগ্যবন্তের মন্দিরে ॥ ৬৩
পক্ষ-প্রতিপক্ষ সূত্র-খণ্ডন-স্থাপন। বাখানে অশেষরূপে শ্রীশচীনন্দন ॥ ৬৪
গোষ্ঠী-সহ মুকুন্দ-সঞ্জয় ভাগ্যবান্। ভাসয়ে আনন্দে, মর্ম না জানয়ে তান ॥ ৬৫
বিদ্যা জয় করিয়া ঠাকুর চলে ঘরে। বিদ্যারসে বৈকুণ্ঠের নায়ক বিহরে' ॥ ৬৬
একদিন বায়ু-দেহ-মান্দ্য করি' ছল। প্রকাশেন প্রেমভক্তি-বিকার সকল ॥ ৬৭
আচম্বিতে প্রভু অলৌকিক শব্দ বোলে। গড়াগড়ি যায়, হাসে, ঘর ভাঙ্গি' ফেলে ॥ ৬৮
হুঙ্কার গর্জন করে, মালসাট্ পূরে। সম্মুখে দেখয়ে যারে, তাহারেই মারে ॥ ৬৯
ক্ষণে ক্ষণে সর্ব-অঙ্গ স্তম্ভাকৃতি হয়। হেন মূর্ছা হয়,—লোক দেখি' পায় ভয় ॥ ৭০
শুনিলেন বন্ধুগণ বায়ুর বিকার। ধাইয়া আসিয়া সভে করেন প্রতিকার ॥ ৭১
বুদ্ধিমন্ত-খান আর মুকুন্দ-সঞ্জয়। গোষ্ঠী-সহ আইলেন প্রভুর আলয় ॥ ৭২
বিষ্ণুতৈল, নারায়ণ-তৈল দেন শিরে। সভে করে' প্রতিকার, যা'র যেন স্ফুরে ॥ ৭৩
আপন-ইচ্ছায় প্রভু নানা-কর্ম করে'। সে কেমনে সুস্থ হইবেক প্রতিকারে? ৭৪
সর্ব-অঙ্গে কম্প, প্রভু করে' আস্ফালন। হুঙ্কার শুনিয়া ভয় পায় সর্ব-জন ॥ ৭৫
প্রভু বোলে, "মুঞি সর্বলোকের ঈশ্বর। মুঞি বিশ্ব ধরোঁ, মোর নাম 'বিশ্বম্ভর' ॥ ৭৬
মুই সেই, মোরে ত না চিনে কোন জনে।" এত বলি' রড় দিয়া ধরে সর্ব জনে ॥ ৭৭
আপনা' প্রকাশ প্রভু করে' বায়ু-ছলে। তথাপি না বুঝে কেহো তান মায়াবলে ॥ ৭৮
কেহো বোলে, "হৈল যে দানব-অধিষ্ঠান।" কেহো বোলে, "হেন বুঝি ডাকিনীর কাম ॥"
কেহো বোলে, "সদাই করেন বাক্য-ব্যয়। অতএব হৈল 'বায়ু', জানিহ নিশ্চয় ॥" ৮০
এইমত সর্বজনে করয়ে বিচার। বিষ্ণুমায়া-মোহে তত্ত্ব না জানিয়া তাঁ'র ॥ ৮১
বহুবিধ পাক-তৈল সভে দেয় শিরে। তৈল-দ্রোণে থুই' তৈল দেয় কলেবরে ॥ ৮২
তৈল-দ্রোণে ভাসে প্রভু, হাসে খল-খল। সত্য যেন মহাবায়ু করিয়াছে বল ॥ ৮৩
এইমত আপন-ইচ্ছায় লীলা করি'। স্বাভাবিক হৈলা প্রভু বায়ু পরিহরি' ॥ ৮৪

---

১ (৫ম) দুষ্টজনে [ছ, ঞ]; ৫৭—৫৯ নং পয়ার গুলি পূর্ববর্তী অষ্টম অধ্যায়ের ১৩৯ ও ১৪০ নং পয়ারগুলির অনুরূপ। ২ (১০ম) -পাশ [গ]; ৩ (১ম) বিদ্যাবলে [ঘ], (৮ম) প্রীতি [গ, ঙ]; ৪ (৭ম) সর্বভূতে কৃপা করে [চ]; ৭ (৩য়) পুণ্যবান্ [চ]; ৮ (৭ম) এইমত [থ], (৯ম) ঠাকুর [চ]; ১০ (৮ম) হাসি' [ক, জ, ঞ], (৯ম) সব [ছ]; ১১(৫ম) মারে [ক, থ, চ, ছ ঞ]; ১৪ (৭ম) নিলয় [ঙ]; ১৫ (৮ম, ৯ম) যারে যেই [গ]; যাহারে যে [ঘ] ১৭ (৭ম) করিলে [ছ, জ]; ১৮ (৪র্থ) সর্বদেবের [চ]; ১৯(১৪শ) সর্বগণে [ঘ]; ২০(১০ম) বিষ্ণু- [চ]।

সর্ব্বগণে উঠিল আনন্দ-হরি-ধ্বনি। কেবা কা'রে বস্ত্র দেয়,—হেন নাহি জানি ॥ ৮৫
সর্বলোক শুনি' হৈল বড় হরষিত। সভে বোলে, "জীউ জীউ নিমাঞি-পণ্ডিত ॥" ৮৬
এইমত রঙ্গ করে' বৈকুণ্ঠের রায়। কে তানে জানিতে পারে, যদি না জানায় ? ৮৭
প্রভুরে দেখিয়া সর্ব্ব-বৈষ্ণবের গণ। সভে বোলে, "ভজ বাপ্! কৃষ্ণের চরণ ॥ ৮৮
ক্ষণেকে না থাকে বাপ্! অনিত্য শরীর। তোমারে কি শিখাইমু, তুমি মহাধীর ॥" ৮৯
হাসি' প্রভু সভারে করিয়া নমস্কার। পঢ়াইতে চলে শিষ্য-সংহতি অপার ॥ ৯০
মুকুন্দ-সঞ্জয় ভাগ্যবন্তের মন্দিরে। পঢ়ায়েন প্রভু চণ্ডী-মণ্ডপ ভিতরে ॥ ৯১
পরম-সুগন্ধি পাক-তৈল প্রভু-শিরে। কোন পুণ্যবন্ত দেয়, যবে ব্যাখ্যা করে' ॥ ৯২
চতুর্দিগে মহাপুণ্যবন্ত শিষ্যগণ। মাঝে প্রভু ব্যাখ্যা করে' শচীর নন্দন ॥ ৯৩
সে শোভার মহিমা ত কহিতে না পারি। উপমা কি দিমু, কিছু না পাই বিচারি' ॥ ৯৪
হেন বুঝি, যেন সনকাদি শিষ্যগণে। নারায়ণে বেঢ়ি' বৈসে বদরিকাশ্রমে ॥ ৯৫
তাঁ'সভা' লঞা যেন সে প্রভু পঢ়ায়। হেন বুঝি, সেই লীলা করে' গৌররায় ॥ ৯৬
সেই বদরিকাশ্রমবাসী নারায়ণ। নিশ্চয় জানিহ এই শ্রীশচীনন্দন ॥ ৯৭
অতএব শিষ্য-সঙ্গে সেই লীলা করে'। বিদ্যারসে বৈকুণ্ঠের নায়ক বিহরে' ॥ ৯৮
পঢ়াইয়া প্রভু দুই প্রহর হইলে। তবে শিষ্যগণ লঞা গঙ্গাস্নানে চলে ॥ ৯৯
গঙ্গাজলে বিহার করিয়া কথোক্ষণ। গৃহে আসি' করে' প্রভু শ্রীবিষ্ণু-পূজন ॥ ১০০
তুলসীরে জল দিয়া প্রদক্ষিণ করি'। ভোজনে বসেন গিয়া বলি' 'হরি হরি' ॥ ১০১
লক্ষ্মী দেন অন্ন, খা'ন বৈকুণ্ঠের পতি। নয়ন ভরিয়া দেখে আই পুণ্যবতী ॥ ১০২
ভোজন-অন্তরে করি' তাম্বূল-ভক্ষণ। শয়ন করেন, লক্ষ্মী সেবেন চরণ ॥ ১০৩
কথোক্ষণ যোগনিদ্রা-প্রতি দৃষ্টি দিয়া। পুন প্রভু চলিলেন পুস্তক লইয়া ॥ ১০৪
নগরে আসিয়া করে' অশেষ বিলাস। সভার সহিত করে' হাসিয়া সম্ভাস ॥ ১০৫
যদ্যপি প্রভুর কেহো তত্ত্ব নাহি জানে। তথাপি সাধ্বস করে' দেখি' সর্ব-জনে ॥ ১০৬
নগরে ভ্রমণ করে' শ্রীশচীনন্দন। দেবের দুর্লভ বস্তু দেখে সর্ব-জন ॥ ১০৭
উঠিলেন প্রভু তন্তুবায়ের দুয়ারে। দেখিয়া সম্ভ্রমে তন্তুবায় নমস্করে ॥ ১০৮

---

১ (৪র্থ, ৫ম) কে কাহারে [ক, খ, জ, ঞ]; ২ (৪র্থ) আনন্দিত [ছ], (৯ম) এহেন পণ্ডিত [ক, খ, গ, ঘ, চ, ছ, ঝ, ঞ]; ৩ (৪র্থ) ত্রিদশের [ক—ঝ]; ৪ (৮ম) গিয়া [চ]; ৫ (৭ম, ৮ম) কি বুঝাইব [ঙ; চ], কে শিখাইব [ক]; ৭ (২য়) পুণ্যবন্তের [ক, গ—ঞ]; ৯ (২য়) শোভে পুণ্যবন্ত [খ], (৮ম) জগতজীবন [ক, গ- ঘ, চ—ঞ], যে-হেন মদন [ঙ]; ১০ (৯ম—১৪শ) দিবারে কোন শক্তি নাহি ধরি [খ]; ১৪ (২য়) ভক্ত- [জ]; ১৫ (৪র্থ, ৫ম) প্রহরেক বেলে [চ], (৯ম, ১০ম) জলখেলা খেলে [চ]; ১৬ (৯ম) শ্রীকৃষ্ণ- [ঙ]; ১৭ (৯ম—১১শ) গৌরাঙ্গ শ্রীহরি [খ], শ্রীগৌরাঙ্গ হরি [ঙ]; ১৮ (১০ম, ১১শ) শচী ভাগ্যবতী [ঙ, চ, ছ]; ১৯ (৩য়) -চর্বণ [ঞ] (৮ম) শয়েন [ক, খ, গ, ছ]; ২১ (২য়) উঠিয়া [ক, খ, গ; ছ, জ, ঝ], (৪র্থ) বিবিধ [ছ, ঞ]; ২২ (৮ম, ৯ম) আনন্দে ভাসে [ঘ]; ২৩ (৫ম) বেদের [ক, গ]; ২৪ (৩য়) তন্তুবায়ের [ঘ,চ,ছ,জ,ঝ], (৪র্থ) নগরে [খ, ঞ]।

“ভাল বস্ত্র আন” প্রভু বোলয়ে বচন। তন্তুবায় বস্ত্র আনিলেন সেইক্ষণ ॥ ১০৯
প্রভু বোলে, “এ বস্ত্রের কি মুল্য লইবা”? তন্তুবায় বোলে, “তুমি আপনে যে দিবা”॥১১০
মুল্য করি’বোলে প্রভু, ‘এবে কড়ি নাঞি’। তাঁতি বোলে, “দশে পক্ষে দিও যে গোসাঞি
বস্ত্র লঞা পর’ তুমি পরম সন্তোষে। পাছে তুমি কড়ি মোরে দিও সমাবেশে ॥” ১১২
তন্তুবায়-প্রতি প্রভু শুভ-দৃষ্টি করি’। উঠিলেন গিয়া প্রভু গোয়ালার পুরী ॥ ১১৩
বসিলেন মহাপ্রভু গোপের দুয়ারে। ব্রাহ্মণ-সম্বন্ধে প্রভু পরিহাস করে’ ॥ ১১৪
প্রভু বোলে, “আরে বেটা ! দধি দুগ্ধ আন’। আজি তোর ঘরের লইমু মহাদান” ॥ ১১৫
গোপবৃন্দ দেখে,—যেন সাক্ষাৎ মদন। সম্ভ্রমে ত দিল আনি’ সুন্দর আসন ॥ ১১৬
প্রভু-সঙ্গে গোপগণ করে’ পরিহাস। ‘মামা মামা’ বলি’ সভে করয়ে সম্ভাষ ॥ ১১৭
কেহো বোলে, “চল মামা ভাত খাই গিয়া”। কোন গোপ কান্ধে করি’ যায় ঘরে লৈয়া ॥
কেহো বোলে, “আমার ঘরের যত ভাত। পূর্বে যে খাইলা, মনে নাহিক তোমা’ত ?”১১৯
সরস্বতী সত্য কহে, গোপ নাহি জানে। হাসে মহাপ্রভু গোপগণের বচনে ॥ ১২০
দুগ্ধ, ঘৃত, দধি, সর, সুন্দর নবনী। সন্তোষে প্রভুরে সব গোপ দেয় আনি’ ॥ ১২১
গোয়ালা-কুলেরে প্রভু প্রসন্ন হইয়া। গন্ধবনিকের ঘরে উঠিলেন গিয়া ॥ ১২২
সম্ভ্রমে বনিক্ করে চরণে প্রণাম। প্রভু বোলে, “আরে ভাই ! ভাল গন্ধ আন’ ॥” ১২৩
দিব্য-গন্ধ বনিক্ আনিল ততক্ষণ। “কি মুল্য লইবা ?” বোলে শ্রীশচীনন্দন ॥ ১২৪
বনিক্ বোলয়ে, “তুমি জান মহাশয় ! তোমা’স্থানে মুল্য কি বলিতে যুক্ত হয় ? ১২৫
আজি গন্ধ পরি’ঘরে যাহ ত’ ঠাকুর ! কালি যদি গা’য়ে গন্ধ থাকয়ে প্রচুর ॥ ১২৫
ধুইলেও গা’য়ে গন্ধ যদি নাহি যায়। তবে কড়ি দিও মোরে— যেই চিত্তে লয় ॥ ১২৭
এত বলি’ আপনে প্রভুর সর্ব-অঙ্গে। গন্ধ দেয় বনিক্ না জানি কোন্ রঙ্গে ? ১২৮
সর্ব্বভূত-হৃদয় আকর্ষয়ে সর্ব্বমন। সেরূপ দেখিয়া মুগ্ধ নহে কোন্ জন ? ১২৯
বনিকেরে অনুগ্রহ করি’ বিশ্বম্ভর। উঠিলেন গিয়া প্রভু মালাকার-ঘর ॥ ১৩০
পরম-অদ্ভুত রূপ দেখি’ মালাকার। সাদরে আসন দিয়া করে নমস্কার ॥ ১৩১
প্রভু বোলে, “ভাল মাল দেহ’ মালাকার। কড়ি-পাতি সঙ্গে কিছু নাহিক আমার”॥ ১৩২
সিদ্ধ-পুরুষের প্রায় দেখে মালাকার। মালি বোলে, “কিছু দায় নাহিক তোমার” ॥ ১৩৩
এত বলি’ মালা দিল প্রভুর শ্রীঅঙ্গে। হাসে মহাপ্রভু সর্ব-পঢ়ুয়ার সঙ্গে ॥ ১৩৪

---

৩ (১২শ, ১৩শ) দেহ’ ত’ [খ], দিও বা [ঘ]; ৪ (৬ষ্ঠ) হরিষে [ক]; ৬ (৩য়, ৪র্থ) গোয়ালার ঘরে [ক্বচিৎ পাঠ]; ৭ (৯ম,১১শ) তোমার ঘরেতে সাধিব [ঙ]; ৮ (১০ম) উত্তম [খ, ঙ, ঞ]; ১১ (১ম—৬ষ্ঠ) “প্রভু বোলে, “তোর ঘরের ভাত বার বার।” [চ], (৭ম—১২শ) “যে কিছু খাইলাঙ, মনে নাহিক তোমার ॥” [চ], (১২শ) তোমার [ঞ]; ১২ (৯ম) গোপগোপী [খ], সর্বগোপের [চ]; ১৪ (১ম) -সভারে [চ], (৭ম) উত্তরিলা [খ, ঙ, চ]; ১৫ (৪র্থ, ৫ম) চরণ-বন্দন [ঞ] ১৭ (৮ম—১১শ) বলিবারে যুক্ত নয় [খ]; (৮ম) লগে [ক, খ, ঝ] লাগে [গ, জ, ঞ]; ২৪ (৮ম) দাম [ক]; ২৫ (৯ম) -পারিষদ [ঙ]।

মালাকার-প্রতি প্রভু শুভ-দৃষ্টি করি'। উঠিলা তাম্বূলি-ঘরে গৌরাঙ্গ শ্রীহরি ॥ ১৩৫
তাম্বূলী দেখয়ে রূপ মদন-মোহন। চরণের ধূলি লঞা দিল সে আসন ॥ ১৩৬
সম্ভ্রমে তাম্বূলী বোলে, "কী ভাগ্য আমার। কোন্ ভাগ্য আইলা আমা' ছারের দুয়ার ॥"
এত বলি' আপনেই পরম-সন্তোষে। দিল ত তাম্বূল আনি', প্রভু দেখি' হাসে ॥ ১৩৮
প্রভু বোলে, "কড়ি বিনা কেনে গুয়া দিলা ?" তাম্বূলী বোলয়ে, "চিত্তে হেনই লইলা ॥"
হাসে প্রভু তাম্বূলীর শুনিয়া বচন। পরম সন্তোষে করে' তাম্বূল চর্বণ ॥ ১৪০
দিব্য পর্ণ, কর্পূরাদি যত অনুকূল। শ্রদ্ধা করি' দিল, তা'র নাহি নিল মূল ॥ ১৪১
তাম্বূলীরে অনুগ্রহ করি' গৌররায়। হাসিয়া হাসিয়া সর্ব-নগরে বেড়ায় ॥ ১৪২
মধুপুরী-প্রায় যেন নবদ্বীপ-পুরী। একো জাতি লক্ষ লক্ষ কহিতে না পারি ॥ ১৪৩
প্রভুর বিহার লাগি' পূর্বেই বিধাতা। সকল সম্পূর্ণ করি' থুঞাছেন তথা ॥ ১৪৪
পূর্বে যেন মধুপুরী করিলা ভ্রমণ। সেই লীলা করে' এবে শ্রীশচীনন্দন ॥ ১৪৫
তবে প্রভু গেলা শঙ্খ-বণিকের ঘরে। দেখি' শঙ্খ-বণিক্ সম্ভ্রমে নমস্করে ॥ ১৪৬
প্রভু বোলে, "দিব্য শঙ্খ আন' দেখি ভাই ! কেমনে বা নিব শঙ্খ, কড়ি-পাতি নাই ॥"১৪৭
দিব্য শঙ্খ শাঁখারি আনিয়া সেইক্ষণে। প্রভুর শ্রীহস্ত দিয়া বোলে প্রীতমনে ॥ ১৪৮
"শঙ্খ লঞা ঘরে তুমি চলহ, গোসাঞি ! পাছে কড়ি দিও, না দিলেও দায় নাঞি ॥"১৪৯
তুষ্ট হৈলা প্রভু শঙ্খ-বণিক্-বচনে। চলিলেন হাসি' শুভ-দৃষ্টি করি' তানে ॥ ১৫০
এইমত নবদ্বীপে যত নগরিয়া। সভার মন্দিরে প্রভু বুলেন ভ্রমিয়া ॥ ১৫২
সেই ভাগ্যে অদ্যাপিহ নগরিয়াগণ। পায় শ্রীচৈতন্য-নিত্যানন্দের চরণ ॥ ১৫২
তবে ইচ্ছাময় গৌরচন্দ্র ভগবান্। সর্বজ্ঞের ঘরে প্রভু করিলা পয়ান ॥ ১৫৩
দেখিয়া প্রভুর তেজ সেই সর্বজান। বিনয়-সম্ভ্রম করি' করিলা প্রণাম ॥ ১৫৪
প্রভু বোলে, "তুমি সর্বজান ভাল শুনি। বোল দেখি,-অন্য-জন্মে কি ছিলাঙ আমি ?"
"ভাল" বলি' সুকৃতি সর্বজ্ঞ চিন্তে' মনে। জপিতে গোপাল-মন্ত্র দেখে সেইক্ষণে ॥ ১৫৬
শঙ্খ, চক্র, গদা, পদ্ম, চতুর্ভুজ শ্যাম। শ্রীবৎস-কৌস্তুভ বক্ষে মহাজ্যোতির্ধাম ॥ ১৫৭
নিশাভাগে দেখে অবতীর্ণ বন্দি-ঘরে। পিতা-মাতা, সম্মুখে দেখয়ে, স্তুতি করে ॥ ১৫৮

---

১ (২য়, ৩য়) শুভদৃষ্টিপাত [গ, চ]; ২ "উত্তরিলা গিয়া প্রভু তাম্বূলীর ঘরে। উত্তম আসন দিল বসিবার তরে ॥" [চ], (৪র্থ) নয়ন-[ক, গ, জ]; ৩ (১ম—৫ম) তাম্বূলী বোলয়ে বড় ভাগ্যে সে [খ—ঙ, ছ—ঞ]; ৪ (১০ম) মনে [খ, ঙ, চ]; ৬ (১০ম) ভোজন [ক, খ, গ, ছ], ভক্ষণ [ঘ, ঙ, চ, জ, ঝ]; ৭ (২য়) চূর্ণ [ঙ, ছ, জ], (৬ষ্ঠ—১১শ) সকল আনিয়া দেন নাহি চাহে [চ]; ১০ (৪র্থ) আপনে [ঙ], (৯ম) থুইলেন [খ, চ, ঞ]; ১২ (২য়) গৌর [ঝ, ঞ], (৫ম) দ্বারে [ক]; ১৩ (১২শ) কড়িপাতি [খ, ঙ, ঝ]; ১৪ (৯ম, ১০ম) করিল প্রণামে [গ, ছ, জ, ঝ]; ১৫ (১২শ) দোষ [ছ]; ১৬ (৬ষ্ঠ) প্রভু [খ], তারে [চ], গৃহে [জ], (৯ম) দানে [চ]; ১৮ (৫ম, ৬ষ্ঠ) গায়েন শ্রীচৈতন্য- [ঘ, ঞ]; ১৯ (৭ম—৯ম) আসি হইল উপস্থান [খ]; ২১ (৩য়—৬ষ্ঠ) সর্বজান ভালমতে তুমি [খ], (১০ম) কে [খ, জ,]; ২৩ (৯ম) শোভে অনুপাম [খ]; ২৪(১ম-৪র্থ) "নিশাকালে দেখয়ে জনম নন্দ-ঘরে।" [জ]।

সেইক্ষণে দেখে—পিতা পুত্রে লঞা কোলে। সেইরাত্রে থুইলেন আনিয়া গোকুলে ॥ ১৫৯
পুন দেখে—মোহন দ্বিভুজ দিগম্বরে। কটিতে কিঙ্কিনী, নবনীত দুই-করে ॥ ১৬০
নিজ-ইষ্ট-মূর্তি যাহা চিন্তে' অনুক্ষণ। সর্বজ্ঞ দেখয়ে সেই-সকল লক্ষণ ॥ ১৬১
পুন দেখে—ত্রিভঙ্গিম মুরলীবদন। চতুর্দিগে যন্ত্র-গীতে গায় গোপীগণ ॥ ১৬২
দেখিয়া অদ্ভুত, চক্ষু মেলে সর্বজান। প্রভুরে চাহিয়া পুনঃপুন করে' ধ্যান ॥ ১৬৩

সর্বজ্ঞ কহয়ে "শুন শ্রীবালগোপাল! কে আছিলা দ্বিজ এই, দেখাহ সকাল ॥" ১৬৪
তবে দেখে,—ধনুর্ধর দুর্বাদল-শ্যাম। বীরাসনে প্রভুরে দেখয়ে সর্বজান ॥ ১৬৫
পুন দেখে,—প্রভুরে প্রলয়-জল-মাঝে। অদ্ভুত বরাহ-মূর্তি দন্তেপৃথ্বী সাজে ॥ ১৬৬
পুন দেখে,—প্রভুরে নৃসিংহ-অবতার। মহা-উগ্র-রূপ, ভক্ত-বৎসল অপার ॥ ১৬৭
পুন দেখে,—প্রভুরে বামন-রূপ ধরি'। বলি-যজ্ঞ ছলিতে আছেন মায়া করি' ॥ ১৬৮

পুন দেখে,—মৎস্যরূপে প্রলয়ের জলে। করিতে আছেন জলক্রীড়া কুতুহলে ॥ ১৬৯
সুকৃতি সর্বজ্ঞ পুন দেখয়ে প্রভুরে। মত্ত-হলধর-রূপ, শ্রীমুষল করে ॥ ১৭০
পুন দেখে,—জগন্নাথ-মূর্তি সর্বজান। মধ্যে শোভে সুভদ্রা, দক্ষিণে বলরাম ॥ ১৭১
এইমত ঈশ্বর-তত্ত্ব দেখে সর্বজান। তথাপি না বুঝে কিছু,—হেন মায়া তান ॥ ১৭২
চিন্তয়ে সর্বজ্ঞ মনে হঞা সুবিস্মিত। "হেন বুঝি,—এ ব্রাহ্মণ মহামন্ত্রবিত ॥ ১৭৩

অথবা দেবতা কোন আসিয়া কৌতুকে। পরীক্ষিতে আমারে বা ছলে' বিপ্ররূপে ॥ ১৭৪
অমানুষি-তেজ দেখি বিপ্রের শরীরে। সর্বজ্ঞ করিয়া কিবা কদর্থে আমারে?" ১৭৫
এতেক চিন্তিতে প্রভু বলিলা হাসিয়া। "কে আমি, কি দেখ, কেনে না কহ ভাঙ্গিয়া?"
সর্বজ্ঞ বোলয়ে 'তুমি চলহ এখনে। বিকালে বলিমু মন্ত্র জপি' ভাল-মনে ॥" ১৭৭
"ভাল, ভাল" বলি' প্রভু হাসিয়া চলিলা। তবে প্রিয় শ্রীধরের মন্দিরে আইলা ॥ ১৭৮

শ্রীধরেরে বড় প্রভু সন্তুষ্ট অন্তরে। নানা-ছলে আইসেন প্রভু তান ঘরে ॥ ১৭৯
বাকোবাক্য, পরিহাস শ্রীধরের সঙ্গে। দুই-চারি দণ্ড করি' চলে প্রভু রঙ্গে ॥ ১৮০
প্রভু দেখি' শ্রীধর করিয়া নমস্কার। শ্রদ্ধা করি' আসন দিলেন বসিবার ॥ ১৮১

---

২ "যোগমায়া আনি' তবে বঞ্চিল কংসেরে। পুন দেখে মোহন দ্বিভুজ-পীতাম্বরে ॥ কটিতে কিঙ্কিণী বাজে, নবনীত করে। নবঘন জিনি' রূপ জগ-মনোহরে ॥" [খ]; ৩ (১ম) -মন্ত্র [চ, ঞ], (৫ম) সর্বাঙ্গে [ক্বচিৎ পাঠ]; ৪ (৩য়) ত্রিভঙ্গী শ্রী- [গ, ঘ, ঙ]; ৫ (৩য়-৪র্থ) মূর্তি বোলে [চ], (৪র্থ) মেলি' [ক, খ, ঘ], (৬ষ্ঠ) গৌরাঙ্গে [ক, ঞ]; ৬ (৩য়) প্রভু [ক, গ, ঘ, ঙ, ছ, জ], (৭ম, ৮ম) এ বিপ্র [ক], এ ব্রাহ্মণ [ঙ]; ৭ (১ম) পংক্তির পর 'চ'-পুঁথির অধিক পাঠ—"বিনয় সম্ভ্রম করি' করিল প্রণাম। বৃন্দাবন দেখে তঁহি অতি অনুপাম ॥ শুক- ভৃঙ্গ-শিখি নিত্য কোকিল করে গান।" ৮ (৩য়) সর্বজ্ঞ [চ]; ৯ (৬ষ্ঠ)-বাৎসল্য [ক, চ, জ]; ১০ (৫ম) -ধারী [ঞ], (৮ম) আইলা [চ]; ১১ (৮ম) যেন ক্রীড়া [গ]; ১২ (৬ষ্ঠ) মহা- [চ, জ]; ১৪ (২য়)-তনু [ক], (৮ম) কেহো [গ, ঘ]; ১৬ (৯ম) বলে [ক], (৯ম—১০শ) আছে গূঢ়রূপে [চ]; ১৭ (১ম) অদ্ভুত- [চ]; ১৮ (১০ম— ১২শ) তুমি কহ না [ঞ]; ২০ (৮ম) প্রভু [ক, খ, ঞ], বিপ্র [গ]; ২২ (৯ম) মহা- [চ]; ২৩ (১ম) তাঁরে [ঞ]।

পরম সুশান্ত শ্রীধরের ব্যবসায়। প্রভু বিহরেন যেন উদ্ধতের প্রায়॥ ১৮২
প্রভু বোলে, "শ্রীধর! তুমি যে অনুক্ষণ। 'হরি হরি' বোল, তবে দুঃখ কি কারণ? ১৮৩
লক্ষ্মীকান্ত সেবা করিয়াও কেনে তুমি। অন্ন-বস্ত্রে দুঃখ পাও, কহ দেখি শুনি?" ১৮৪
শ্রীধর বোলেন, "উপবাস ত না করি। ছোট হউ, বড় হউ, বস্ত্র দেখ পরি॥" ১৮৫
প্রভু বোলে, "দেখিতেছি গাঁট্ দশ-ঠাঞি। ঘরে কিন্তু দেখিতেছি খড়্গাছি নাঞি॥১৮৬
দেখ, এই চণ্ডী-বিষহরিরে পূজিয়া। খায় পরে' উত্তম সকল নগরিয়া॥ ১৮৭
শ্রীধর বোলেন "বিপ্র! বলিলা উত্তম। তথাপি সভার কাল যায় এক-সম॥ ১৮৮
রত্ন-ঘরে থাকে রাজা, দিব্য খায় পরে'। পক্ষিগণ থাকে দেখ বৃক্ষের উপরে॥ ১৮৯
কাল পুন সভার সমান হই যায়। সভে নিজ-কর্ম ভুঞ্জে ঈশ্বর-ইচ্ছায়॥" ১৯০
প্রভু বোলে, "তোমার বিস্তর আছে ধন। তাহা তুমি লুকাইয়া করহ ভোজন॥ ১৯১
তাহা মুই বিদিত করিমু কথোদিনে। তবে দেখি, তুমি লোক ভাণ্ডিবা কেমনে?" ১৯২
শ্রীধর বোলেন, "ঘরে চলহ পণ্ডিত! তোমায় আমায় দ্বন্দ্ব না হয় উচিত॥" ১৯৩
প্রভু বোলে, "আমি তোমা' না ছাড়ি এমনে। কি আমারে দিবা, তাহা বোল এইক্ষণে॥"
শ্রীধর বোলে, "আমি খোলা বেচি' খাই। ইহাতে কি দিমু, তাহা বলহ গোসাঞি!"১৯৫
প্রভু বোলে, "যে তোমার পোঁতা ধন আছে। সে থাকুক এখনে, পাইমু তাহা পাছে॥
এবে কলা, মুলা, থোড় দেহ' কড়ি বিনে। দিলে, আমি কোন্দল না করি তোমা' সনে॥"
মনে গণে' শ্রীধর, "উদ্ধত বিপ্র বড়। কোন্ দিন আমারে কিলায় পাছে দঢ়॥ ১৯৮
মারিলেও ব্রাহ্মণেরে কি করিতে পারি? কড়ি বিনা প্রতিদিন দিবারেও নারি॥ ১৯৯
তথাপিহ ছলে-বলে যে লয় ব্রাহ্মণে সে আমার ভাগ্য বটে, দিমু প্রতিদিনে॥" ২০০
চিন্তিয়া শ্রীধর বোলে, "শুনহ গোসাঞি! কড়ি-পাতি তোমার কিছুই দায় নাঞি॥ ২০১
থোড়, কলা, মুলা, খোলা, দিমু প্রতিদিনে। তবে আর কন্দল না কর' আমা' সনে॥" ২০২
প্রভু বোলে, "ভাল ভাল, আর দ্বন্দ্ব নাই। সবে থোড়, কলা, মুলা ভাল যেন পাই॥" ২০১
যাহার খোলায় নিত্য করেন ভোজন। যার থোড়, কলা, মুলায় হয় শ্রীব্যঞ্জন॥ ২০৪
শ্রীধরের গাছে যেই লাউ ফলে' চালে। তাহা খায় প্রভু দুগ্ধ মারিচের ঝালে॥ ২০৫
প্রভু বোলে, "আমারে কি বাসহ শ্রীধর! তাহা কহিলেই আমি চলি' যাই ঘর॥ ২০৬

---

১ (২য়) সুদান্ত [ক], (৫ম—৭ম) কৃষ্ণের বিরহে তেঁহো [চ]; ৪ (৪র্থ, ৫ম) নাহি [চ, জ,]; ৫ (৩য়) তোমার বস্ত্র [চ]; ৬ (৫ম—৮ম) কেনা ঘরে খায় পরে সব [গ, ঘ, ছ—ঞ]; ৮ (৭ম) পক্ষগণ [ঙ, চ, ছ, জ]; ৯ (২য়) পূর্ণ [চ, ছ, ঞ], (৫ম) এক [ঙ, ছ, জ]; ১১ (১০ম) ভাড়াহ [ক], ভাণ্ডাও [গ, ঞ]; ১২ (৬ষ্ঠ, ৭ম) তোমার আমার [ক, গ, ঘ, ছ, জ]; ১৬ (৪র্থ) পাত [ক, ঞ], (৭ম—১১শ) তবে আর কন্দল নাহিক [চ]; ১৭ (২য়) গুণে [গ, ঙ, চ, ছ, জ], ভাবে [ঞ]; ১৯ (৬ষ্ঠ—১১শ) "মোর ভাগ্য সে হয়, করিব সমর্পণে॥" [চ], (৯ম, ১০ম) সে দিবাঙ [ঝ]; ২১ (৬ষ্ঠ) এই মনে [ক—ঘ, জ, ঝ], ভাল মনে [কচিৎ পাঠ]; ২২ (৬ষ্ঠ) দুঃখ [খ], দায় [ঙ], (৯ম—১১শ) কলা মোচা থোড় [চ]; ২৪ (৫ম) ধরে [খ, ঙ, ঝ, ঞ]।

শ্রীধর বোলেন, "তুমি বিপ্র—বিষ্ণু-অংশ।" প্রভু বোলে, "না জানিলা, আমি গোপ-বংশ
তুমি আমা' দেখ,—যেন ব্রাহ্মণ-ছাওয়াল। আমি আপনারে বাসি যে-হেন গোয়াল॥"২০৮
হাসেন শ্রীধর শুনি' প্রভুর বচন। না চিনিল নিজ-প্রভু মায়ার কারণ॥ ২০৯
প্রভু বোলে, "শ্রীধর! তোমারে কহি তত্ত্ব। আমা' হৈতে হয় তোর সব গঙ্গার মহত্ত্ব॥"২১০
শ্রীধর বোলেন, "ওহে পণ্ডিত নিমাঞি! গঙ্গা করিয়াও কি তোমার ভয় নাঞি!! ২১১
বয়স বাড়িলে লোক কোথা স্থির হয়। তোমার চাপল্য আরো দ্বিগুণ বাঢ়য়?" ২১২
এইমত শ্রীধরের সঙ্গে রঙ্গ করি'। আইলেন নিজ-গৃহে গৌরাঙ্গ শ্রীহরি॥ ২১৩
বিষ্ণুদ্বারে বসিলেন গৌরাঙ্গসুন্দর। চলিলা পঢ়ুয়াবর্গ—যা'র যথা ঘর॥ ২১৪
দেখি' প্রভু পৌর্ণমাসী-চন্দ্রের উদয়। বৃন্দাবনচন্দ্র-ভাব হইল হৃদয়॥ ২১৫
অপূর্ব মুরলী-ধ্বনি লাগিলা করিতে। আই বিনা আর কেহো না পায় শুনিতে॥ ২১৬
ত্রিভুবন-মোহন মুরলী শুনি' আই। পরম-আনন্দে মূর্ছা গেলা সেই ঠাঁই॥ ২১৭
ক্ষণেকে চৈতন্য পাই স্থির করি' মন। অপূর্ব মুরলী-ধ্বনি করেন শ্রবণ॥ ২১৮
যেখানে বসিয়া আছেন গৌরাঙ্গসুন্দর। সেই দিগে শুনেন মুরলী মনোহর॥ ২১৯
অদ্ভুত শুনিয়া আই আইলা বাহিরে। দেখে,—পুত্র বসিয়াছে বিষ্ণু-ঘর-দ্বারে॥ ২২০
আর নাহি পায়েন শুনিতে বংশীনাদ। পুত্রের হৃদয়ে দেখে আকাশের চাঁদ॥ ২২১
পুত্র-বক্ষে দেখে চন্দ্রমণ্ডল সাক্ষাতে। বিস্মিত হইয়া আই চায় চারিভিতে॥ ২২২
গৃহে গিয়া বসি' আই লাগিলা চিন্তিতে। কি হেতু নিশ্চয় কিছু না পারে' করিতে॥ ২২৩
এইমত কত ভাগ্যবতী শচী-আই। যত দেখে প্রকাশ, তাহা'র অন্ত নাই॥ ২২৪
কোন-দিন নিশাভাগে শচী-আই শুনে। গীত, বাদ্য-যন্ত্র বা'য় কতশত জনে॥ ২২৫
বহুবিধি মুখবাদ্য, নৃত্য, পদতাল। যেন মহা-রাসক্রীড়া শুনয়ে বিশাল॥ ২২৬
কোনদিন দেখে সর্ব-বাড়ী ঘর-দ্বার। জ্যোতির্ময় বহি কিছু না দেখেন আর॥ ২২৭
কোনদিন দেখে অতিদিব্য নারীগণ। লক্ষ্মীপ্রায় সভে, হস্তে পদ্ম-বিভূষণ॥ ২২৮
কোনদিন দেখে জ্যোতির্ময় দেবগণ। দেখি' পুন আর নাহি পায় দরশন॥ ২২৯
আইর এ-সব দৃষ্টি কিছু চিত্র নহে। বিষ্ণুভক্তি-স্বরূপিণী বেদে যাঁ'রে কহে॥ ২৩০
আই যা'রে সকৃৎ দেখেন দৃষ্টিপাতে। সেই হয় অধিকারী এ-সব দেখিতে॥ ২৩১
হেনমতে শ্রীগৌরসুন্দর বনমালী। আছে' গূঢ়রূপে নিজানন্দে কুতুহলী॥ ২৩২

---

৪ (৯ম, ১০ম) হয় তোর [ক, গ, ঙ. চ, ছ, ঝ]; ৬ (৮ম) চাঞ্চল্য [চ, ঞ]; ৯ (৭ম) উদয় [গ, ঘ, জ]; ১০ (৪র্থ) পূরিতে [ঙ, চ]; ১১ (৫ম) প্রথমে আনন্দে [ক, গ, ঙ, ছ; জ, ঝ], আনন্দে মগন [ঞ]; ১২ (৪র্থ—৬ষ্ঠ) করেন ক্রন্দন [চ]; ১৭ (৭ম—১৩শ) "বিষ্ণুর মায়ার কিছু না পারে জানিতে॥" [গ]; ২০ "বহুবিধ নৃত্যগীত পদতলে তাল। যেন রাসক্রীড়া আই শুনেন রসাল॥" [চ], (৪র্থ) করতাল [গ]; ২২ (৬ষ্ঠ—৮ম) দীপ্ত করে সর্বাঙ্গে ভূষণ [চ]; ২৩ (৪র্থ) নারীগণ [চ]; ২৫ (৪র্থ) করেন [ছ, ঝ, ঞ]; ২৬ (৫ম) গুপ্তরূপে [ঙ]।

যদ্যপি এতেক প্রভু আপনা' প্রকাশে'। তথাপিহ চিনিতে না পারে' কোন দাসে॥ ২৩৩
হেন সে ঔদ্ধত্য প্রভু করেন কৌতুকে। তেমত ঔদ্ধত্য আর নাহি নবদ্বীপে॥ ২৩৪
যখন যেরূপে লীলা করেন ঈশ্বর। সেই সর্বশ্রেষ্ঠ, তা'র নাহিক সোসর॥ ২৩৫
যুদ্ধলীলা-প্রতি ইচ্ছা উপজে' যখন। অস্ত্র-শিক্ষা-বীর আর না থাকে তেমন॥ ২৩৬
কামলীলা করিতে যখন ইচ্ছা হয়। লক্ষসংখ্যা বণিতা সে করেন বিজয়॥ ২৩৭
ধন বিলাইতে বা যখন ইচ্ছা হয়। প্রজার ঘরেতে হয় কোটি নিধি ময়॥ ২৩৮
এমন উদ্ধত গৌরসুন্দর এখনে। সেই প্রভু বিরক্তি আশ্রয়িলা যখনে॥ ২৩৯
সে বিরক্তি-ভক্তি-কণা নাই ত্রিভুবনে। অন্যে কি সম্ভবে তাহা ? ব্যক্ত সর্বজনে॥ ২৪০
এইমত ঈশ্বরের সর্বশ্রেষ্ঠ কর্ম। সবে সেবকেরে হারে—সে তাহান ধর্ম॥ ২৪১
একদিন প্রভু আইসেন রাজপথে। সাত-পাঁচ পঢ়ুয়া প্রভুর চারিভিতে॥ ২৪২
ব্যবহারে রাজযোগ্য বস্ত্র পরিধান। অঙ্গে পীতবস্ত্র শোভে কৃষ্ণের সমান॥ ২৪৩
অধরে তাম্বূল, কোটিচন্দ্র শ্রীবদন। লোক বোলে, "মূর্তিমন্ত এই কি মদন ?" ২৪৪
ললাটে তিলক-ঊর্ধ্ব, পুস্তক শ্রীকরে। দৃষ্টিমাত্রে পদ্মনেত্রে সর্ব-তাপ হরে'॥ ২৪৫
স্বভাবে চঞ্চল পঢ়ুয়ার বর্গ সঙ্গে। বাহু দোলাইয়া প্রভু আইসেন রঙ্গে॥ ২৪৬
দৈবে পথে আইসেন পণ্ডিত শ্রীবাস। প্রভু দেখি' মাত্র তান হৈল মহা-হাস॥ ২৪৭
তানে দেখি' প্রভু করিলেন নমস্কার। চিরজীবী "হও" বোলে শ্রীবাস উদার॥ ২৪৮
হাসিয়া শ্রীবাস বোলে, "কহ দেখি শুনি। কথি চলিয়াছ ? উদ্ধতের চূড়ামণি ! ২৪৯
কৃষ্ণ না ভজিয়া কাল কি কার্যে গোঙাও ? রাত্রিদিন নিরবধি কেনে বা পঢ়াও ? ২৫০
পঢ়ে কেনে লোক—কৃষ্ণভক্তি জানিবারে। সে যদি নহিল, তবে বিদ্যার কি করে' ?২৫১
এতেকে সর্বথা ব্যর্থ না গোঙাও কাল। পঢ়িলা ত, এবে কৃষ্ণ ভজহ সকাল॥" ২৫২
হাসি' বোলে মহাপ্রভু, "শুনহ পণ্ডিত ! তোমার কৃপায় সেহো হইবে নিশ্চত॥" ২৫৩
এত বলি' মহাপ্রভু হাসিয়া চলিলা। গঙ্গা-তীরে আসি' শিষ্য-সহিতে বসিলা॥ ২৫৪
গঙ্গাতীরে বসিলেন শ্রীশচীনন্দন। চতুর্দিগে বেঢ়িয়া বসিলা শিষ্যগণ॥ ২৫৫
কোটিমুখে সেই শোভা না পারি কহিতে। উপমাও তা'র নাহি দেখি ত্রিজগতে॥ ২৫৬
চন্দ্র-তারাগণ বা বলিমু, সেহো নয়। সকলঙ্ক,—তা'র কলা ক্ষয়-বৃদ্ধি হয়॥ ২৫৭

---

২ (৩য়) ঐশ্বর্য [খ]: ৩ (৯ম) না থাকে [ক, ঘ, চ, জ]; ৪ (৫ম) ত্রিভুবনে বীর [ঙ], (৯ম) তখন [ছ]; ৫ (৬ষ্ঠ) লক্ষার্বুদ [ঝ]; ৬ (২য়) বিলসিতে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (৩য়, ৪র্থ) প্রভুর যবে [চ]; ৭ (৮ম); ধর্ম লইব [খ], আশ্রয়িবেন [ঝ]; ১০ (৫ম) শত শত [চ]; ১১ "ব্যবহার-যোগ্য বস্ত্র মাত্র পরিধান। অঙ্গে পানীতোলা পীত-পট্টের সমান॥" [ঝ]; ১২ (৫ম—১০ম) "লোকে দেখি' বোলে এই সাক্ষাৎ মদন॥" [চ]; ১৩ (৩য়, ৪র্থ) পুঁথি বামকরে [চ], (৭ম) পাপ [ঙ, ছ, ঞ]; ১৪ (১ম) সহজে [চ], (৯ম) যায় বড় [ঘ]; ১৫ (৪র্থ, ৫ম) শ্রীবাস-পণ্ডিত [চ], (৮ম—১১শ) হৈলা তেহো মহা সচকিত [চ]; ১৬(৬ষ্ঠ) চিরঞ্জীবী [ক, ঘ]; ১৯ (৯ম) তার [জ]: ২০ (২য়) সর্বদা [খ, ঙ, ছ' ঞ], (৩য়) বৃথা [ঘ]; ২১ (৩য়) গৌরচন্দ্র [ঞ]; ২৩ (৫ম) বেষ্টিত [চ]॥

সর্বকাল পরিপূর্ণ এ প্রভুর কলা। নিষ্কলঙ্ক, তেঞি সে উপমা দূরে গেলা ॥ ২৫৮
বৃহস্পতি-উপমাও দিতে না যুয়ায়। তেঁহো একপক্ষ—দেবগণের সহায় ॥ ২৫৯
এ প্রভু—সভার পক্ষ, সহায়-সভার। অতএব সে দৃষ্টান্ত না হয় ইহার ॥ ২৬০
কামদেব-উপমা বা দিমু, সেহো নয়। তেঁহো চিত্তে জাগিলে, চিত্তের ক্ষোভ হয় ॥ ২৬১
এ প্রভু জাগিলে চিত্তে, সর্ববন্ধ-ক্ষয়। পরম-নির্মল সুপ্রসন্ন চিত্ত হয় ॥ ২৬২
এইমত সকল দৃষ্টান্ত যোগ্য নয়। সবে এক উপমা দেখিয়ে চিত্তে লয় ॥ ২৬৩
কালিন্দীর তীরে যেন শ্রীনন্দকুমার। গোপবৃন্দ-মধ্যে বসি' করিলা বিহার ॥ ২৬৪
সেইমত গোপবৃন্দ লঞা কৃষ্ণচন্দ্র। বুঝি দ্বিজরূপে গঙ্গাতীরে করে' রঙ্গ ॥ ২৬৫
গঙ্গাতীরে যে যে জন দেখে প্রভু-মুখ। সেই পায় অতি-অনির্বচনীয় সুখ ॥ ২৬৬
দেখিয়া প্রভুর তেজ অতি-বিলক্ষণ। গঙ্গাতীরে কানাকানি করে' সর্বজন ॥ ২৬৭
কেহো বোলে, "এত তেজ মানুষের নয়।" কেহো বোলে, "এ ব্রাহ্মণ বিষ্ণু-অংশ হয় ॥"
কেহো বোলে, "বিপ্র রাজা হইবেক গৌড়ে। সেই এই, বুঝি, হেন—কথন না নড়ে ॥ ২৬৯
রাজচক্রবর্তি-চিহ্ন দেখিয়ে সকল।" এইমত বোলে যা'র যত বুদ্ধি-বল ॥ ২৭০
অধ্যাপক-প্রতি-সব কটাক্ষ করিয়া। ব্যাখ্যা করে' প্রভু গঙ্গা-সমীপে বসিয়া ॥ ২৭১
'হয়' ব্যাখ্যা 'নয়' করে' 'নয়' করে' 'হয়'। সকল খণ্ডিয়া, শেষে সকল স্থাপয় ॥ ২৭২
প্রভু বোলে, "তা'রে আমি বলি যে পণ্ডিত। একবার ব্যাখ্যা করে' আমার সহিত ॥ ২৭৩
সেই ব্যাখ্যা যদি বাখানিয়া আরবার। আমা' প্রবোধিবে,—হেন শক্তি আছে কা'র ?"
এইমত ঈশ্বর ব্যঞ্জেন অহঙ্কার। সর্ব-গর্ব চূর্ণ হয় শুনিয়া সভার ॥ ২৭৫
কত বা প্রভুর শিষ্য, তা'র অন্ত নাঞি। কত বা মণ্ডলী হই পড়ে ঠাঞি ঠাঞি ॥ ২৭৬
প্রতিদিন দশ-বিশ ব্রাহ্মণ-কুমার। আসিয়া প্রভুর পা'য় করে' নমস্কার ॥ ২৭৭
"পণ্ডিত ! আমরা পঢ়িবাঙ তোমা' স্থানে। কিছু জানি,—হেন কৃপা করিবা আপনে ॥"
"ভাল ভাল" হাসি' প্রভু বোলেন বচন। এইমত প্রতিদিন বাঢ়ে শিষ্যগণ ॥ ২৭৯
গঙ্গাতীরে শিষ্য-সঙ্গে মণ্ডলী করিয়া। বৈকুণ্ঠের চূড়ামণি আছেন বসিয়া ॥ ২৮০
চতুর্দিগে দেখে সব ভাগ্যবন্ত লোক। সর্ব-নবদ্বীপ প্রভু-প্রভাবে অশোক ॥ ২৮১
সে আনন্দ যে যে ভাগ্যবন্ত দেখিলেক। কোন্ জনা আছে,—তা'র ভাগ্য বর্ণিবেক ?২৮২

---

৩ (১ম—৬ষ্ঠ) "গৌরচন্দ্র হয়ে পূর্ণব্রহ্ম-অবতার।" [ছ]; ৪ (১ম—৪র্থ) "মদন উপমা দিব সে দৃষ্টান্ত [ঙ], (২য়—৪র্থ) দিবার যোগ্য [ঘ]; ৬ (৯ম) দিবার [থ], মোহর [গ]; ৮ (১ম—৩য়) সেই গোপবৃন্দ লই [ক, খ, গ, ঘ, জ, ঝ]; ৯ (৭ম—১০ম) "সেই জন চিত্তেতে পায়েন মহাসুখ ॥" [চ]; ১৪ (১ম) রাজর্ষি-রাজচিহ্ন [ঙ], রাজ শ্রীরাজ-চিহ্ন [ক, থ, ঘ, চ, ছ, ঝ, ঞ]; ১৭ (১১শ) সমীপ [ক, থ, ঙ, চ, ছ, ঞ]; ১৮ (২য়) বাক্য [ক, ঘ, ঝ], (৯ম—১১শ) দেখে শক্তি কার [ক, থ, ঙ, ঝ, ঞ]; ১৯ (৩য়) করেন [থ]; ২১ (৭ম) হয় [ঘ, ছ, জ]; ২৩ (৮ম) দিনে দিন [ঙ]; ২৫ (৩য়) মহা [থ], যত [চ], (৮ম) আলোক [ঞ]; ২৬ (৭ম, ৮ম) হেন কেবা [চ], (১২শ) লেখিবেক [থ], বলিবেক।

সে আনন্দ দেখিলেক যে সুকৃতি-জন। তানে দেখিলেও খণ্ডে' সংসার-বন্ধন ॥ ২৮৩
হইল পাপিষ্ঠ জন্ম, নহিল তখনে। হইলাঙ বঞ্চিত সে-সুখ-দরশনে! ২৮৪
তথাপিহ এই কৃপা কর' গৌরচন্দ্র! সেইলীলা মোহর স্মৃতি হউ জন্ম জন্ম ॥ ২৮৫
স-পার্ষদে তুমি নিত্যানন্দ যথা যথা। লীলা কর', মুঞি যেন ভৃত্য হঙ তথা ॥ ২৮৬
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২৮৭

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীগৌরাঙ্গস্য ভক্তসঙ্গেন

বাকোবাক্য-কৌশল-নগর-ভ্রমণাদি-বর্ণনং

নাম নবমোঽধ্যায়ঃ ॥ ৯

১ (৩য়—৫ম) দেখিল শুনিল যে-যে- [চ]; ২ (২য়) পাষণ্ডী [ছ], (৯ম) মুখ- [খ, ঞ]; ৩ (৫ম) গৌরহরি [ঙ, চ], (৬ষ্ট—১১শ) "নিত্যানন্দ-সঙ্গে যেন তোমা না পাসরি ॥" [ঙ], (৭ম, ৮ম) স্ফূর্তি মোর [ঞ]; ৫ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- , (২য়, ৩য়) জান [গ, ঘ, চ, জ, ঝ]।

—ঃ*ঃ—

দশম অধ্যায়

জয় জয় দ্বিজকুল-দীপ গৌরচন্দ্র। জয় জয় ভক্তগোষ্ঠী-হৃদয়-আনন্দ ॥ ১
জয় জয় দ্বারপাল-গোবিন্দের নাথ। জীব-প্রতি কর' প্রভু! শুভদৃষ্টিপাত ॥ ২
জয় অধ্যাপক-শিরোমণি দ্বিজরাজ। জয় জয় চৈতন্যের ভকত-সমাজ ॥ ৩
হেনমতে বিদ্যারসে শ্রীবৈকুণ্ঠনাথ। বৈসেন সভার করি' বিদ্যা-গর্বপাত ॥ ৪
যদ্যপিহ নবদ্বীপে পণ্ডিত-সমাজ। কোটি-সংখ্য অধ্যাপক নানা-শাস্ত্র-রাজ ॥ ৫
ভট্টাচার্য, চক্রবর্তী, মিশ্র বা আচার্য। অধ্যাপনা বিনা কা'রো নাহি কোন কার্য ॥ ৬
যদ্যপি স্বতন্ত্র সভে, সভে জয় চাহে। শাস্ত্র-চর্চা হৈলে ব্রহ্মারেও নাহি সহে' ॥ ৭
প্রভু যত নিরবধি আক্ষেপ করেন। পরস্পর, সাক্ষাতেহো সভেই শুনেন ॥ ৮

১৩শ পংক্তির পূর্বে 'ঙ' পুঁথিতে অধিক পাঠ—"নিত্যানন্দমহং বন্দে ঘূর্ণিতায়ত-লোচনম্। রক্তাম্বুজং পদদ্বন্দ্বং মণিনূপুর-শোভিতম্ ॥", (৩য়) -চন্দ্র [ক, ঘ, ঞ]; ১৫ (২য়) -শিরোরত্ন [ক, গ, ছ, জ, ঝ], (৩য়) বিপ্ররাজ [ক, গ, ঝ]; ১৬ (২য়) নবদ্বীপে [ছ], (৫ম) সভায় [খ, চ, ঞ]; ১৭ (৪র্থ) কোট্যর্বুদ [ঝ], (৬ষ্ঠ) -শাস্ত্রজাত [ক, খ, জ, ঙ], শাস্ত্রসাজ [ঞ]; ১৮ (৬ষ্ঠ) অধ্যয়ন [ঘ]; ১৯ (৭ম) -চিন্তা [ঙ, চ]; ২০ (৬ষ্ঠ) পরম্পরা [ঘ, চ, জ, ঞ]॥

তথাপিহ হেন জন নাহি,—প্রভু-প্রতি। দ্বিরুক্তি করিতে কারো কভু নহে মতি ॥ ৯
হেন সে সাধ্বস জন্মে' প্রভুরে দেখিয়া। সভেই যায়েন একদিগে নম্র হৈয়া ॥ ১০
যদি বা কাহারে প্রভু করেন সম্ভাষ। সেই জন হয় যেন অতি-বড় দাস ॥ ১১
প্রভুর পাণ্ডিত্য-বুদ্ধি শিশুকাল হৈতে। সভেই জানেন গঙ্গাতীরে ভালমতে ॥ ১২
কোনরূপে কেহো প্রবোধিতে নাহি পারে'। ইহাও পণ্ডিত সভার জাগয়ে অন্তরে ॥ ১৩
প্রভু দেখি' স্বভাবেই জন্ময়ে সাধ্বস। অতএব প্রভু দেখি' সভে হয় বশ ॥ ১৪
তথাপিহ হেন তান মায়ার বড়াই। চিনিবারে পারে' তানে—হেন জন নাই ॥ ১৫
তেঁহো যদি না করেন আপনা' বিদিত। তবে তানে কেহো নাহি জানে কদাচিত ॥ ১৬
তেঁহো পুন নিত্য সুপ্রসন্ন সর্ব-রীতে। তাহান মায়ায় পুন সভে বিমোহিতে ॥ ১৭
হেনমতে সভারে মোহিয়া শ্রীগৌরাঙ্গ। বিদ্যারসে নবদ্বীপে করে' নানা রঙ্গ ॥ ১৮
হেনকালে তথা এক মহা-দিগ্বিজয়ী। আইলা পরম অহঙ্কার-যুক্ত হই' ॥ ১৯
সরস্বতী-মন্ত্রের একান্ত উপাসক। মন্ত্র জপি' সরস্বতী করিলেক বশ ॥ ২০
বিষ্ণুভক্তি-স্বরূপিনী, বিষ্ণুবক্ষঃ-স্থিতা। মূর্তি-ভেদে রমা— সরস্বতী জগন্মাতা ॥ ২১
ভাগ্যবশে ব্রাহ্মণেরে প্রত্যক্ষ হইলা। ত্রিভুবন-দিগ্বিজয়ী করি' বর দিলা ॥ ২২
যাঁ'র দৃষ্টিপাত-মাত্রে হয় বিষ্ণুভক্তি। 'দিগ্বিজয়ি' বর-দান তাঁ'র কোন্ শক্তি ? ২৩
পাঞা সরস্বতীর সাক্ষাত বর-দান। সংসার জিনিয়া বিপ্র বুলে স্থানে স্থান ॥ ২৪
সর্বশাস্ত্র জিহ্বায় আইসে নিরন্তর। হেন নাহি জগতে,—যে দিবেক উত্তর ॥ ২৫
যাঁ'র কক্ষা-মাত্র নাহি বুঝে কোন জনে। দিগ্বিজয়ী হঞা বুলে সর্ব স্থানে স্থানে ॥ ২৬
শুনিলেন বড় নবদ্বীপের মহিমা। পণ্ডিত-সমাজ যত, তা'র নাহি সীমা ॥ ২৭
পরম-সমৃদ্ধ অশ্ব-গজ-যুক্ত হই'। সভা' জিনি' নবদ্বীপে গেলা দিগ্বিজয়ী ॥ ২৮
প্রতি ঘরে ঘরে, প্রতি পণ্ডিত-সভায়। মহাধ্বনি উপজিল সর্ব-নদীয়ায় ॥ ২৯
'সর্ব রাজ্য-দেশ জিনি' জয়পত্র লই'। নবদ্বীপে আসিয়াছে এক দিগ্বিজয়ী ॥' ৩০
সরস্বতীর বরপুত্র শুনি' সর্ব জনে। পণ্ডিত সভা'র বড় চিন্তা হৈল মনে ॥ ৩১
"জম্বুদ্বীপে যত আছে পণ্ডিতের স্থান। সভা' জিনি' নবদ্বীপ জগতে বাখান ॥ ৩২

---

১ (১১শ) শক্তি [খ, ঘ, চ]; ২ (৯ম) একভিতে [খ, ঙ, চ]; ৩ (৪র্থ) দেখি [ঙ, চ], তিনি [ঞ], (৭ম—১১শ) মহাভাগ্য মানে'—যেন অতি দীন [ক্বচিৎ পাঠ], (১০ম) তাঁর [ঙ]; ৪ (৩য়), (৭ম) সর্বকাল [খ, চ, ঞ]; ৫ (৬ষ্ঠ—৮ম) সভেই জানেন ইহা [চ]; ৬ (৩য়) সভারেই [জ], (৬ষ্ঠ) স্বভাবেই [ক, ঘ], প্রভাবেই [ক্বচিৎ পাঠ]; ৭ (৬ষ্ঠ) বুঝিবারে [ক—ঙ, ছ—ঞ], (১০ম) শক্তি [ঙ, জ]; ১০ (৭ম—৯ম) করেন আনন্দ [ক্বচিৎ পাঠ], (৮ম, ৯ম) মহারঙ্গ [জ]; ১৩ (২য়) বিষ্ণুর বনিতা [খ]; ১৫ (৬ষ্ঠ—৮ম) তারে কোন্ বড় [ঙ]; ১৭ (৯ম, ১০ম) দিবে প্রত্যুত্তর [ছ]; ১৮ (২য়) কথা- [ঘ, ঙ, চ, ঞ], ব্যাখ্যা- [ছ], (৮ম—১১শ) জয় করি' ফিরে নানা- [চ], (৯ম, ১০ম) বিপ্র বুলে [ঙ]; ১৯ (২য়, ৩য়) নবদ্বীপে পরম [ঙ], (৬ষ্ঠ) বড় [ঙ]; ২০ (৭ম) আইলা [খ]; ২১ (৭ম) উঠিল যে [ঘ]; ২২ (৪র্থ) জয়পত্রী [ঞ]।

হেন-স্থান দিগ্বিজয়ী যাইব জিনিয়া। সংসারে এই অপ্রতিষ্ঠা ঘুষিবে শুনিয়া॥ ৩৩
যুঝিতে বা কা'র শক্তি আছে তাঁ'র সনে! সরস্বতী বর যাঁ'রে দিলেন আপনে॥ ৩৪
সরস্বতী বক্তা যাঁ'র জিহ্বায় আপনে। মনুষ্যে কি বাদে কভু পারে' তাঁ'র সনে?" ৩৫
সহস্র সহস্র মহা-মহা-ভট্টাচার্য। সভেই চিন্তেন মনে ছাড়ি' সব-কার্য॥ ৩৬
চতুর্দিগে সভেই করেন কোলাহল। "বুঝিবাঙ এইবার যত বিদ্যা-বল॥" ৩৭
এ সব বৃত্তান্ত যত পঢ়ুয়ার গণে। কহিলেন নিজ-গুরু গৌরাঙ্গের স্থানে॥ ৩৮
"এক দিগ্বিজয়ী সরস্বতী বশ করি'। সর্বত্র জিনিয়া বুলে জয়-পত্র ধরি'॥ ৩৯
হস্তী, ঘোড়া, দোলা, লোক, অনেক সংহতি। সম্প্রতি আসিয়া হৈলা নবদ্বীপে স্থিতি॥ ৪০
নবদ্বীপে আপনার প্রতিদ্বন্দ্বী চায়। নহে জয়পত্র মাগে সকল সভায়॥" ৪১
শুনি' শিষ্যগণের বচন গৌরমণি। হাসিয়া কহিতে লাগিলেন তত্ত্ববাণী॥ ৪২
"শুন ভাই-সব! এই কহি তত্ত্ব-কথা। অহঙ্কার না সহেন ঈশ্বর সর্বথা॥ ৪৩
যে-যে-গুণে মত্ত হঞা করে' অহঙ্কার। অবশ্য ঈশ্বর তাহা করেন সংহার॥ ৪৪
ফলবন্ত বৃক্ষ আর গুণবন্ত জন। নম্রতা সে তাহা'র স্বভাব অনুক্ষণ॥ ৪৫
হৈহয়, নহুষ, বাণ, নরক, রাবণ। মহা-দিগ্বিজয়ী শুনিয়াছে যে যে জন॥ ৪৬
বুঝ দেখি, কা'র গর্ব চূর্ণ নাহি হয়? সর্বথা ঈশ্বর অহঙ্কার না সহয়॥ ৪৭
এতেকে তাহান যত বিদ্যা-অহঙ্কার। দেখিবা,—এথাই সব হইব সংহার॥" ৪৮
এত বলি' হাসি' প্রভু সর্ব-শিষ্যসঙ্গে। সন্ধ্যাকালে গঙ্গাতীরে চলিলেন রঙ্গে॥ ৪৯
গঙ্গাজল স্পর্শ করি' গঙ্গা নমস্করি'। বসিলেন গঙ্গাতীরে গৌরাঙ্গ-শ্রীহরি॥ ৫০
অনেক মণ্ডলী হঞা সর্ব-শিষ্যগণ। বসিলেন চতুর্দিগে পরম-শোভন॥ ৫১
ধর্মকথা, শাস্ত্রকথা অশেষ কৌতুকে। গঙ্গাতীরে বসিয়া আছেন প্রভু সুখে॥ ৫২
কাহারে না কহি' মনে ভাবেন ঈশ্বরে। "দিগ্বিজয়ী জিনিবাঙ কেমন প্রকারে? ৫৩
এ-বিপ্রের হইয়াছে মহা-অহঙ্কার। জগতে মোর প্রতিদ্বন্দ্বী নাহি আর॥" ৫৪
সভা-মধ্যে জয় যদি করিয়ে ইহারে। মৃত-তুল্য হইবেক সংসার-ভিতরে॥ ৫৫
লাঘবও বিপ্রেরে করিবেক সর্ব-লোকে। লুটিবে সর্বস্ব, বিপ্র মরিবেক শোকে॥ ৫৬
দুঃখ না পাইব বিপ্র, গর্ব হৈব ক্ষয়। বিরলে সে করিবাঙ দিগ্বিজয়ি-জয়॥" ৫৭

২ (৫ম) বুঝিতে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ], (৫ম—৭ম) হবে ত্রিভুবনে [ঙ]; ৩ (৬ষ্ঠ—১০ম) মনুষ্যের শক্তিয়ে কি পারি [ঙ], মনুষ্য কি বিবাদে পারিবে [চ]; ৪ (৬ষ্ঠ) বড় [ক্বচিৎ পাঠ]; ৫ (৬ষ্ঠ, ৭ম) যার যত আছে [খ]; ৮ (৭ম—১১শ) "সর্বত্র জিনিয়া আইল নবদ্বীপ-প্রতি॥" [খ], সম্প্রতি আইলা তিহোঁ নবদ্বীপ-প্রতি [ক্বচিৎ পাঠ]; ৯ (৮ম) পণ্ডিত- [চ]; ১০ (২য়, ৩য়) শিষ্যগণ-স্থানে বোলে [ঘ]; ১১ (৫ম) সত্য- [ক, গ, ছ]; ১২ (১ম) -জনে [ঙ], (৮ম) তা'রে [ঙ]; ১৪ (৩য়) বালি [ক] বেণ [ক, গ, ঝ]; ১৫ (১ম) বল [ছ], (৮ম) সর্বদা [ছ, জ, ঞ]; ১৬ (৫ম—৮ম) ঈশ্বরে আপনে তাহা করিব [ঙ]; ১৮ (৭ম) শিষ্য লইয়া [চ]; ২০ (৩য়) অনেক [ঙ, চ, জ,], (৫ম—৯ম) "বসিলেন মহাপ্রভু মহানন্দ-সুখে॥" [চ], (৮ম) মহা- [খ, ছ]; ২৩ (৮ম) সকল সংসারে [ক্বচিৎ পাঠ]; ২৫ (৪র্থ) আর [ঞ], (৯ম, ১০ম) করিব আজি [চ]।

এইমত ঈশ্বর চিন্তিতে সেইক্ষণে। দিগ্বিজয়ী নিশায় আইলা সেইস্থানে॥ ৫৮
পরম-নির্মল নিশা পূর্ণ-চন্দ্রবতী। কিবা শোভা হইয়া আছেন ভাগীরথী॥ ৫৯
শিষ্য-সঙ্গে গঙ্গাতীরে আছেন ঈশ্বর। অনন্ত-ব্রহ্মাণ্ডে রূপ সর্ব-মনোহর॥ ৬০
হাস্যযুক্ত শ্রীচন্দ্রবদন অনুক্ষণ। নিরন্তর দিব্য-দৃষ্টি দুই শ্রীনয়ন॥ ৬১
মুক্তা জিনি' শ্রীদশন, অরুণ অধর। দয়াময় সুকোমল সর্ব-কলেবর॥ ৬২
সুবলিত শ্রীমস্তকে চাঁচর শ্রীকেশ। সিংহগ্রীব, গজ-স্কন্ধ, মনোহর বেশ॥ ৬৩
সুপ্রকাণ্ড শ্রীবিগ্রহ সুন্দর হৃদয়। যজ্ঞ-সূত্ররূপে তঁহি অনন্ত-বিজয়॥ ৬৪
শ্রীললাটে উজ্জ্বল-তিলক মনোহর। আজানু লম্বিত দুই শ্রীভুজ সুন্দর॥ ৬৫
যোগপট্ট-ছান্দে বস্ত্র করিয়া বন্ধন। বাম-উরু-মাঝে থুই দক্ষিণ চরণ॥ ৬৬
করিতে আছেন প্রভু শাস্ত্রের ব্যাখ্যান। 'হয়' 'নয়' করে', 'নয়' করেন প্রমাণ॥ ৬৭
অনেক মণ্ডলী হঞা সর্ব-শিষ্যগণ। চতুর্দিগে বসিয়া আছেন সুশোভন॥ ৬৮
"সর্ব-শিষ্যগণ-সঙ্গে পরম-সুন্দর। নক্ষত্র-বেষ্টিত যেন পূর্ণ-শশধর॥" ৬৯
অপূর্ব দেখিয়া দিগ্বিজয়ী সুবিস্মিত। মনে ভাবে, "এই বুঝি নিমাঞি-পণ্ডিত?" ৭০
অলক্ষিতে সেই স্থানে থাকি' দিগ্বিজয়ী। প্রভুর সৌন্দর্য চাহে একদৃষ্টি হই'॥ ৭১
শিষ্যস্থানে জিজ্ঞাসিলা, "কি নাম ইহান?" শিষ্য বোলে, "নিমাঞি-পণ্ডিত-খ্যাতি যা'ন॥"
তবে গঙ্গা নমস্করি' সেই বিপ্রবর। আইলেন ঈশ্বরের সভার ভিতর॥ ৭৩
তানে দেখি' প্রভু কিছু ঈষৎ হাসিয়া। বসিতে বলিলা অতি আদর করিয়া॥ ৭৪
পরম-নিঃশঙ্ক সেই দিগ্বিজয়ী আর। তভু দেখি' প্রভুরে সাধ্বস হৈল তাঁর॥ ৭৫
ঈশ্বর-স্বভাব-শক্তি এইমত হয়। দণ্ড দেখিতে কি বাহু কখনো উঠয়? ৭৬
সাত পাঁচ কথা প্রভু কহি বিপ্র-সঙ্গে। জিজ্ঞাসিতে তাঁ'রে কিছু আরম্ভিলা রঙ্গে॥ ৭৭
প্রভু কহে, "তোমার কবিত্বের নাহি সীমা। হেন নাহি—যাহা তুমি না কর' বর্ণনা॥ ৭৮
গঙ্গার মহিমা কিছু করহ পঠন। শুনিয়া সভার হউক পাপ-বিমোচন॥" ৭৯
শুনি' সেই দিগ্বিজয়ী প্রভুর বচন। সেইক্ষণে করিবারে লাগিলা বর্ণন॥ ৮০
দ্রুত যে লাগিলা বিপ্র করিতে বর্ণনা। কতরূপে বোলে,—তা'র কে করিবে সীমা? ৮১

৩ (৭ম) অতি- [জ]; ৬ (১ম—৪র্থ) "সুন্দর মস্তকে সে চাঁচর ভাল কেশ।" [চ], (৭ম) বিলক্ষণ [ক, গ, ঘ, ঙ, ছ—ঞ], গোপালের [থ]; ৭ (১ম) সুপ্রকাশ [ঙ, ছ], (২য়) সুবিগ্রহ [থ, ঙ]; ৮ (২য়) উর্ধ্ব-সুতিলক [ক, গ, ঘ, ঝ, ঞ] -পুণ্ড্র-তিলক [থ], (৫ম, ৬ষ্ঠ) বাহু-যুগল [চ]; ১১ (৭ম, ৮ম) বসাইলা প্রভু [ক্বচিৎ পাঠ], (৭ম—১০ম) বলিতে লাগিলা অতি বিনয় [চ]; ১৮ (২য়) দেহ [ঞ], (৪র্থ) তার [ঞ]; ১৯ (৪র্থ—৯ম) "দেখিতেই মাত্র তার সাধ্বস জন্ময়॥" [ ] "দেখি দিগ্বিজয়ী হৈল পরম বিস্ময়॥" [ক্বচিৎ পাঠ]; ২২ (৫ম) বর্ণন [গ]; ২৪ (১ম, ২য়) কত যে [ঞ], কতমতে [চ], (৮ম) বর্ণে [ক্বচিৎ পাঠ]।

১ এই পংক্তির পূর্বে 'ঘ' ও পুঁথি এবং ঝ-মুদ্রিত পুস্তকের বন্ধনী-মধ্যগত অধিক পাঠ—

ধানসী রাগ—

(হরি বলি' গোরা পঁহু নাচে বাহু তুলি'। জগমন বান্ধল রে করুণ বোল বলি' ॥ ধ্রু ॥)

কত মেঘ, শুনি, যেন করয়ে গর্জন। এইমত কবিত্বের গাম্ভীর্য-পঠন ॥ ৮২
জিহ্বায় আপনি সরস্বতী অধিষ্ঠান। যে বোলা'ন, সে-ই হয় অত্যন্ত প্রমাণ ॥ ৮৩
মনুষ্যের শক্ত্যে তাহা দূষিবেক কে ? হেন বিদ্যাবন্ত নাহি,—বুঝিবেক যে ॥ ৮৪
সহস্র সহস্র যত প্রভুর শিষ্যগণ। অবাক্ হইল সভে শুনিঞা বর্ণন ॥ ৮৫
'রাম রাম অদ্ভুত !' স্মরয়ে শিষ্যগণ। 'মনুষ্যের এমত কি স্ফুরয়ে কথন ? ৮৬
জগতে অদ্ভুত যত শব্দ অলঙ্কার। সেই বই কবিত্বের বর্ণন নাহি আর ॥ ৮৭
সর্ব-শাস্ত্রে মহা-বিশারদ যে-যে-জন। হেন শব্দ তানা বুঝিবারেও বিষম ॥' ৮৮
এইমত প্রহর-খানেক দিগ্বিজয়ী। পঢ়ে দ্রুত বর্ণনা তথাপি অন্ত নাই ॥ ৮৯
পঢ়ি' যদি দিগ্বিজয়ী হৈলা অবসর। তবে হাসি' বলিলেন শ্রীগৌরসুন্দর ॥ ৯০
"তোমার যে শব্দের গ্রন্থন-অভিপ্রায়। তুমি বিনে বুঝাইলে, বুঝন না যায় ॥ ৯১
এতেকে আপনে কিছু করহ ব্যাখ্যান। যে-শব্দে যে বোল তুমি, সেই সে প্রমাণ ॥" ৯২
শুনিঞা প্রভুর বাক্য সর্ব-মনোহর। ব্যাখ্যা করিবারে লাগিলেন বিপ্রবর ॥ ৯৩
ব্যাখ্যা করিলেই মাত্র প্রভু সেইক্ষণে। দূষিলেন আদি-মধ্য-অন্তে তিন স্থানে ॥ ৯৪
প্রভু বোলে, "এ সকল শব্দ অলঙ্কার-। শাস্ত্র মতে শুদ্ধ হৈতে বিষম অপার ॥ ৯৫
তুমি বা দিয়াছ কোন্ অভিপ্রায় করি'। বোল দেখি ?" কহিলেন গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ৯৬
সরস্বতী-পুত্র এত বড় দিগ্বিজয়ী। সিদ্ধান্ত না স্ফুরে' কিছু, বুদ্ধি গেল কঁহি ॥ ৯৭
সাত পাঁচ বোলে বিপ্র প্রবোধিতে নারে'। যে বোলে তাহি দোষে' গৌরাঙ্গসুন্দরে ॥৯৮
সকল প্রতিভা পলাইল কোন্ স্থানে। আপনে না বুঝে বিপ্র, কি বোলে আপনে ॥ ৯৯
প্রভু বোলে, "এ থাকুক, পঢ় কিছু আর।" পঢ়িতেও পূর্ববৎ শক্তি নাহি তাঁ'র ॥ ১০০
কোন্ চিত্র তাহান সম্মোহ প্রভু-স্থানে ? বেদেও পায়েন মোহ যাঁ'র বিদ্যমানে ॥ ১০১
আপনে অনন্ত, চতুর্মুখ, পঞ্চানন। যাঁ'সভার দৃষ্ট্যে হয় অনন্ত ভুবন ॥ ১০২
তাঁ'রাও পায়েন মোহ যাঁ'র বিদ্যমানে। কোন্ চিত্র—সে বিপ্রের মোহ প্রভু-স্থানে ? ১০৩
লক্ষ্মী-সরস্বতী-আদি যত যোগমায়া। অনন্ত ব্রহ্মাণ্ড মোহে' যাঁ'-সভার ছায়া ॥ ১০৪
তাঁ'রাহ পায়েন মোহ, যাঁ'র বিদ্যমানে। অতএব পাছে সে থাকেন সর্বক্ষণে ॥ ১০৫
বেদবক্তা শেষ মোহ পায় যাঁ'র স্থানে। কোন্ চিত্র—দিগ্বিজয়ী মোহ বা তাহানে ? ১০৬

১ (৯ম) আশ্চর্য [খ]; ৩ (২য়) সাধ্য [ঞ], (৪র্থ) বুঝিবেক [ঞ], (৭ম) বুদ্ধিমন্ত [চ]; ৪ (১০ম) বচন [খ, ঙ, চ, ছ]; ৫ (৪র্থ) বোলেন সকল [ক্বচিৎ পাঠ]; ৬ (৬ষ্ঠ—১১শ) "সে-সব কবিত্বের বর্ণনা বিস্তার ॥" [চ]; ৭ (১ম) শব্দ- [ক্বচিৎ পাঠ], (৬ষ্ঠ—৯ম) "এ-কবিত্ব তাহারেও বুঝিতে বিষম ॥" [ঙ], (৮ম—১০ম) তারা বুঝিবারে নহে ক্ষম [খ]; ১০ (৪র্থ) কথন- [ঙ]; ১১ (১১শ, ১২শ) সেই ত' প্রমাণ [ঙ, চ], সেই সুপ্রমাণ [ক, খ, গ, জ, ঝ, ঞ]; ১৬ (১১শ) হরি' [গ]; ২০ (৬ষ্ঠ) দেবেহো [ছ]; ২২ "কোন্ চিত্র সে বিপ্রেরমোহ তাঁর স্থানে। কেমতে করিবে বিপ্র তাহাত ব্যাখ্যানে ?" [ছ], (২য়) মানেন [ক, গ, ঘ, জ], (১১শ) তানস্থান [ক, গ, জ]; ২৩ যাঁর পদ- [ঘ]; ২৪ (১০ম) সর্বজনে [গ, ঘ]; ২৫ (১ম,২য়) বেদকর্তা সব [ক, গ, চ, ঝ, ঞ], বেদকর্তা শেষ [খ, ঙ, ছ, জ]; (৯ম—১১শ) সে-বিপ্রের মোহ তান স্থানে [গ]।

মনুষ্যের শক্তিতে এ কার্য অসম্ভব। ঈশ্বর ইচ্ছায় দিগ্বিজয়ি-পরাভব॥ ১০৭
মূলে যত কিছু কর্ম করেন ঈশ্বরে। সকল নিস্তার-হেতু দুঃখিত জীবেরে॥ ১০৮
দিগ্বিজয়ী যদি পরাভবে প্রবেশিলা। শিষ্যগণ হাসিবারে উদ্যত হইলা॥ ১০৯
সভারেই প্রভু করিলেন নিবারণ। বিপ্র-প্রতি বলিলেন মধুর বচন॥ ১১০
"আজি চল তুমি শুভ কর' বাসা-প্রতি। কালি বিচারিমু সব তোমার সংহতি॥ ১১১
চল, আজি ঘরে গিয়া বসি পুঁথি চাহ। কালি যে জিজ্ঞাসি তাহা বলিবারে চাহ॥ ১১২
তুমিও হইলা শ্রান্ত অনেক পড়িয়া। নিশাও অনেক যায়, শুই' থাক' গিয়া॥" ১১৩
এইমত প্রভুর কোমল ব্যবসায়। যাহারে জিনেন সেহো দুঃখ নাহি পায়॥ ১১৪
সেই নবদ্বীপে যত অধ্যাপক আছে। জিনিঞাও সভারে তোষেন প্রভু পাছে॥ ১১৫
জিনিঞাও কা'রো না করেন তেজ-ভঙ্গ। সভেই হয়েন প্রীত,—হেন তান রঙ্গ॥ ১১৬
অতএব নবদ্বীপে যতেক পণ্ডিত। সভেই প্রভুর প্রতি মনে বড় প্রীত॥ ১১৭
শিষ্যগণ-সহিত চলিলা প্রভু ঘর। দিগ্বিজয়ী হৈলা বড় লজ্জিত-অন্তর॥ ১১৮
দুঃখিত হইলা বিপ্র চিন্তে' মনে মনে। "সরস্বতী মোরে বর দিলেন আপনে॥ ১১৯
ন্যায়, সাংখ্য, পাতঞ্জল, মীমাংসা-দর্শন। বৈশেষিক, বেদান্তে নিপুণ যত জন॥ ১২০
হেন জন না দেখিলু সংসার-ভিতরে। জিনিতে কি দায়', মোর সনে কক্ষা করে'॥ ১২১
শিশু-শাস্ত্র ব্যাকরণ পড়ায় ব্রাহ্মণ। সে মোরে জিনিল হেন বিধির ঘটন!! ১২২
সরস্বতীর বরো ত অন্যথা দেখি হয়! এহো মোর চিত্তে বড় লাগিল সংশয়॥ ১২৩
দেবী-স্থানে মোর বা জন্মিল কোন দোষ! অতএব হৈল মোর প্রতিভা সংকোচ॥ ১২৪
অবশ্য ইহার আজি বুঝিমু কারণ।" এত বলি' মন্ত্র-জপে বসিলা ব্রাহ্মণ॥ ১২৫
মন্ত্র জপি' দুঃখে বিপ্র শয়ন করিলা। স্বপ্নে সরস্বতী বিপ্র-সম্মুখে আইলা॥ ১২৬
কৃপা-দৃষ্ট্যে ভাগ্যবন্ত-ব্রাহ্মণের প্রতি। কহিতে লাগিলা অতি-গোপ্য সরস্বতী॥ ১২৭
সরস্বতী বোলেন, "শুনহ বিপ্রবর! বেদ-গোপ্য কহি এই তোমার গোচর॥ ১২৮
কা'রো স্থানে ভাঙ্গ' যদি এসকল কথা। তবে তুমি শীঘ্র হৈবা অল্পায়ু সর্বথা॥ ১২৯
যাঁ'র ঠাঞি তোমার আজি হৈল পরাজয়। অনন্ত-ব্রহ্মাণ্ড-নাথ তিঁহো সুনিশ্চয়॥ ১৩০
আমি যাঁ'র পাদপদ্মে নিরন্তর দাসী। সম্মুখ হৈতে আপনারে লজ্জা বাসি॥ ১৩১

তথা হি শ্রীনারদং প্রতি শ্রীব্রহ্মাবাক্যম্ (ভাঃ ২।৫।১৩)—

"বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষা-পথেঽমুয়া। বিমোহিতা বিকত্থন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ॥" ১৩২

---

৩ (৩য়) পরাজয়ে [ক, খ, গ], (৫ম—৮ম) "প্রভুর যত শিষ্যবর্গ হাসিতে লাগিলা॥" [ঙ]; ৪ (৫ম) -লাগি [চ]; ৬ (৯ম) শুতি [ঙ, চ]; ৭ (৩য়) সকল [ক্বচিৎ পাঠ]; ৮ (৮ম, ৯ম) প্রবোধেন [ঙ]; ১৬ (৫ম—৯ম) সেহ মোরে জিনে —হেন দৈবের [গ, ঘ, ঞ]; ১৭ (২য়) বোলে [ক, ঙ, জ], বচন [ছ]; (১২শ) বিস্ময় [ঙ]; ১৮ (৮ম—১০ম) হইল মোর প্রতি কিছু রোষ [ঞ]; ১৯ (৩য়) মুই [ঙ, চ]; ২২ (৫ম) গুহ্য [চ]; ২৩ (৭ম—১০ম) বিপ্র তুমি সে মরিবে [চ]; ২৪ (২য়) স্থানে [চ]; ২৫ (৪র্থ) নিরবধি [গ]।

"আমি সে বলিয়ে বিপ্র ! তোমার জিহ্বায়। তাহান সম্মুখে শক্তি না বসে আমায় ॥১৩৩
আমার কি দায়, শেষ-দেব ভগবান্। সহস্র-জিহ্বায় বেদ করেন ব্যাখ্যান ॥ ১৩৪
অজ-ভব-আদি যাঁ'র উপাসনা করে'। হেন 'শেষ' মোহ মানে যাঁহার গোচরে ॥ ১৩৫
পরব্রহ্ম, নিত্য, শুদ্ধ, অখণ্ড, অব্যয়। পরিপূর্ণ হঞা বৈসে সভার হৃদয় ॥ ১৩৬
ভক্তি, জ্ঞান, বিদ্যা, শুভ-অশুভাদি যত। দৃশ্যাদৃশ্য—তোমারে বা কহিবাঙ কত ॥ ১৩৭
সকলে প্রবর্ত হয় শুন যাঁহা হৈতে। সেই প্রভু বিপ্র-রূপে দেখিলা সাক্ষাতে ॥ ১৩৮
আ-ব্রহ্মাদি যত, দেখ, সুখ-দুঃখ পায়। সকল, জানিহ বিপ্র ! ইহান আজ্ঞায় ॥ ১৩৯
মৎস্য-কূর্ম-আদি যত, শুন, অবতার। এই প্রভু সব, বিপ্র ! দুই নাহি আর ॥ ১৪০
ইঁহো সে বরাহরূপে ক্ষিতি স্থাপয়িতা। ইঁহো সে নৃসিংহ-রূপে প্রহ্লাদ রক্ষিতা ॥ ১৪১
ইঁহো সে বামন-রূপে বলিরে ছলিলা। যাঁ'র পাদপদ্ম হৈতে গঙ্গা উপাজিলা ॥ ১৪২
ইঁহো সে হইয়া অবতীর্ণ অযোধ্যায়। বধিলা রাবণ দুষ্ট অশেষ-লীলায় ॥ ১৪৩
ইহানে সে নন্দ-বসুদেব-পুত্র বলি। এবে বিপ্র-পুত্র বিদ্যারসে কুতূহলী ॥ ১৪৪
বেদেও কি জানেন ইহান অবতার। জানাইলে জানয়ে, অন্যথা শক্তি কা'র ? ১৪৫
যত কিছু মন্ত্র তুমি জপিলা আমার। দিগ্বিজয়ি-পদ-ফল না হয় তাহার ॥ ১৪৬
মন্ত্রের যে ফল, তাহা এবে সে পাইলা। অনন্ত-ব্রহ্মাণ্ডনাথ সাক্ষাতে দেখিলা ॥ ১৪৭
যাহ শীঘ্র, বিপ্র ! তুমি উহান চরণে। দেহ গিয়া সমর্পণ করহ উহানে ॥ ১৪৮
স্বপ্ন-হেন না মানিহ এ-সব বচন। মন্ত্র-বশে কহিলাঙ বেদ-সংগোপন ॥" ১৪৯
এত বলি' সরস্বতী হৈলা অন্তর্ধান। জাগিলেন বিপ্রবর মহা-ভাগ্যবান্ ॥ ১৫০
জাগিয়াই মাত্র বিপ্রবর সেইক্ষণে। চলিলেন অতি উষঃকালে প্রভু-স্থানে ॥ ১৫১
প্রভুরে আসিয়া বিপ্র দণ্ডবৎ হৈলা। প্রভুও বিপ্রেরে কোলে করিয়া তুলিলা ॥ ১৫২
প্রভু বোলে, "কেনে ভাই ! একি ব্যবহার ?" বিপ্র বোলে, "কৃপা-দৃষ্টি যে-হেন তোমার ॥"
প্রভু বোলে, "দিগ্বিজয়ী হইয়া আপনে। তবে তুমি আমারে এমত কর' কেনে ?" ১৫৪
দিগ্বিজয়ী বোলেন, "শুন বিপ্ররাজ ! তোমা' ভজিলেই সিদ্ধ হয় সর্ব-কাজ ॥ ১৫৫
কলিযুগে বিপ্র-রূপে তুমি নারায়ণ। তোমারে চিনিতে শক্তি ধরে' কোন্ জন ? ১৫৬

---

১ (৩য়) বুলিয়ে [ক, গ, ঘ, ছ, ঞ], (১১শ) আইসে [খ, ঘ, ঙ], এই পংক্তির পর 'চ, পুঁথিতে অধিক পাঠ —"শুন বিপ্রবর আমি বলি যে তোমাকে। আমিই সদাই বিপ্র সেবিয়ে তাঁহাকে ॥"; ৩ (৮ম, ৯ম) পায় তাহান [চ]; ৪ (২য়, ৩য়) শুদ্ধ মুক্ত [ঘ], (১০ম) জিহ্বায় [ঙ]; ৫ (৬ষ্ঠ) দৃষ্টাদৃষ্ট [গ]; ৬ (১ম—২য়) সর্ব-পরিপূর্ণ [খ, চ], (২য়) প্রলয় [ঙ, ছ, জ, ঝ], (৯ম) বিশ্বরূপ [ছ]; ৭ (১০ম) মায়ায় [ঘ]; ৮ (৩য়) অনন্ত [ঙ], (৭ম—৯ম) বিনা, বিপ্র, কিছু [ঞ]; ৯ (৪র্থ) ক্ষিতিকে স্থাপিলা [ঙ], (৮ম) প্রহ্লাদ রক্ষিলা [ঙ]; ১০ (৪র্থ, ৫ম) বলির জীবন [ক—ঘ, ছ—ঞ], (৭ম) পাদনখ [ক, গ, চ, জ, ঝ,], (৯ম, ১০ম) গঙ্গার জনম [ক, খ, ঘ, ঙ, ছ—ঞ], ১৬ (৮ম) গেহ [ঞ]; ১৭ (৬ষ্ঠ)- বলে [চ], (৮ম) এ-সব- [গ]; ১৯ (৬ষ্ঠ—৮ম) উষঃকালে মহাপ্রভুর স্থানে [চ]; ২০ (২য়) হাসিয়া [ক], [১০ম) তুষিলা [চ]; ২১ (৬ষ্ঠ) ব্যবহারে [খ], (১০ম, ১১শ) যে হৈল আমারে [খ]; ২৩ (৪র্থ) দ্বিজরাজ [জ, ঞ], (৬ষ্ঠ) ভজিলে সে [ক, জ, ঞ]।

তখনেই মোর চিত্তে জন্মিল সংশয়। তুমি জিজ্ঞাসিলে মোর বাক্য না স্ফুরয়॥ ১৫৭
তুমি যে অগর্ব ইহা সর্ব বেদে কহে। তাহা সত্য দেখিলুঁ, অন্যথা কভু নহে॥ ১৫৮
তিনবার আমারে করিলা পরাভব। তথাপি আমার তুমি রাখিলা গৌরব॥ ১৫৯
এহো কি ঈশ্বর-শক্তি বহি অন্যে হয়? অতএব তুমি নারায়ণ সুনিশ্চয়॥ ১৬০
গৌড়-ত্রিহুত্-দিল্লী-কাশী-আদি করি'। গুজরাট্, বিজয়নগর, কাঞ্চীপুরী॥ ১৬১
অঙ্গ-বঙ্গ-তৈলঙ্গ-ওড্র -দেশ-আদি কত। পণ্ডিতের সমাজ সংসারে আছে যত॥ ১৬২
দূষিবেক মোর বাক্য—সে থাকুক দূরে। বুঝিতেই কোন জন শক্তি নাহি ধরে'॥ ১৬৩
হেন আমি তোমা' স্থানে সিদ্ধান্ত করিতে। না পারিলুঁ, সর্ব-বুদ্ধি গেল কোন্ ভিতে!১৬৪
এহো কর্ম তোমার আশ্চর্য কিছু নহে। 'সরস্বতী-পতি তুমি'—সেই দেবী কহে॥ ১৬৫
বড়-শুভ-লগ্নে আইলাঙ নবদ্বীপে। তোমা' দেখিলাঙ ডুবিয়াও ভব-কুপে॥ ১৬৬
অবিদ্যা-বাসনা-বন্ধে মোহিত হইয়া। বেড়াঙ পাসরি' তত্ত্ব আপনা' বঞ্চিয়া॥ ১৬৭
দৈব-ভাগ্যে পাইলুঁ তোমার দরশন। এবে শুভ-দৃষ্ট্যে মোরে করহ মোচন॥ ১৬৮
পর-উপকার-ধর্ম—স্বভাব তোমার। তোমা' বিনা শরণ্য দয়ালু নাহি আর॥ ১৬৯
হেন উপদেশ মোরে কর' মহাশয়! আর যেন দুর্বাসনা চিত্তে না জন্ময়॥" ১৭০
এইমত কাকুবাদ অনেক করিয়া। স্তুতি করে' দিগ্বিজয়ী অতি-নম্র হৈয়া॥ ১৭১
শুনিঞা বিপ্রের কাকু শ্রীগৌরসুন্দর। হাসিয়া' তাহানে কিছু করিলা উত্তর॥ ১৭২
"শুন বিপ্রবর! তুমি মহা-ভাগ্যবান্—। সরস্বতী যাহার জিহ্বায় অধিষ্ঠান॥ ১৭৩
'দিগ্বিজয় করিমু'—বিদ্যার কার্য নহে। ঈশ্বর ভজিলে সেই বিদ্যা সত্য হয়ে॥ ১৭৪
মন দিয়া বুঝ,—দেহ ছাড়িয়া চলিলে। ধন বা পৌরুষ সঙ্গে কিছুই না চলে॥ ১৭৫
এতেকে মহান্ত সভে সর্ব পরিহরি'। করেন ঈশ্বর-সেবা চিত্ত দৃঢ় করি'॥ ১৭৬
এতেকে ছাড়িয়া বিপ্র! সকল জঞ্জাল। শ্রীকৃষ্ণ-চরণ গিয়া ভজহ সকাল॥ ১৭৭
যাবত মরণ নাহি উপসন্ন হয়। তাবত সেবহ কৃষ্ণ করিয়া নিশ্চয়॥ ১৭৮
সে-ই সে বিদ্যার ফল জানিহ নিশ্চয়। 'কৃষ্ণপাদপদ্মে যদি চিত্ত-বৃত্তি রয়'॥ ১৭৯

---

১ (৪র্থ) হইল [ছ, জ, ঝ], (৫ম) বিস্ময় [ঙ, চ]; ২ (৪র্থ, ৫ম) সর্ব-ঈশ [ক], (১২শ) কিছু [ছ]; ৩ (২য়, ৩য়) আমার তুমি কৈলে [চ], ৪ (৫ম) কভু [খ]; ৫ (১ম) তিরোত-[ক, ঝ], তিরোট [ঙ], তিরহুত [ঞ] (৪র্থ) বিজয়ানগর [ঝ]; ৬ (১ম) হেলঙ্গ তেলঙ্গ-[ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (১ম)-উড়ু-[গ, ঘ, ছ, জ]; ৭ (৭ম) বুঝিবারে [ঙ]; ৮ (৭ম) জানিল [চ], (৮ম) শব্দ- [ছ]; ১০ (৪র্থ—৬ষ্ঠ) তোমারে দেখিল আমি থাকি [চ], (৬ষ্ঠ) তরিলাঙ [ছ]; ১১ (১ম) বিদ্যা-বাসনায় সে [ঙ], -বাসনায় মুই [চ]; ১২ (৪র্থ) চরণ [ঙ], (৬ষ্ঠ—৯ম) কৃপাদৃষ্টি মোরে কর নারায়ণ॥" [ঙ]; ১৩ (৬ষ্ঠ) বরেণ্য [খ], সংসারে [ঞ]; ১৪ (৫ম) দয়াময় [গ]; ১৭ (২য়) দ্বিজবর [ঞ]; ১৮ (৬ষ্ঠ—১১শ) "ঈশ্বর ভজিতে বিদ্যা— সর্বশাস্ত্রে কহে॥" [ঙ], "ঈশ্বর ভজিয়ে সে বিদ্বান্ সভে কহে॥" [চ], "ঈশ্বরে ভজিলে সে বিদ্যা যশ হয়॥" [ছ]; ১৯ (৩য়) শুন [খ], (৭ম—১৩শ) ধন বিদ্যা কি করিবে আপনি মরিলে॥" [ঞ]; ২০ (১ম) একান্ত [ছ, জ,], (৯ম) ভক্তি [ঙ]; ২১ (৪র্থ) যতেক [ঙ] ২২ (৭ম) ভজহ [গ, ঘ; ঙ], (৯ম) কহিনু [ঞ]; ২৩ (৯ম) -বিত্ত [খ, গ, ঙ, জ], (১০ম) হয় [ক, গ, ঘ, জ, ঝ]।

মহা-উপদেশ এই কহিলু তোমারে। 'সবে কৃষ্ণ ভক্তি সত্য অনিত্য সংসারে' ॥" ১৮০
এত বলি' মহাপ্রভু সন্তোষিত হৈয়া। আলিঙ্গন করিলেন বিপ্রের চাপিয়া ॥ ১৮১
পাইয়া বৈকুণ্ঠনায়কের আলিঙ্গন। বিপ্রের হইল সর্ববন্ধ-বিমোচন ॥ ১৮২
প্রভু বোলে, "বিপ্র ! সর্ব দম্ভ পরিহরি'। ভজ গিয়া কৃষ্ণে, সর্বভূতে দয়া করি' ॥ ১৮৩
যে কিছু তোমারে কহিলেন সরস্বতী। তাহা পাছে বিপ্র ! আর কহ কাহা'-প্রতি ! ১৮৪
বেদ-গুহ্য কহিলে হয় পরমায়ু-ক্ষয়। পরলোকে তা'র মন্দ জানিহ নিশ্চয় ॥" ১৮৫
পাইয়া প্রভুর আজ্ঞা সেই বিপ্রবর। প্রভুরে করিলা দণ্ড-প্রণাম বিস্তর ॥ ১৮৬
পুনঃপুন পাদপদ্ম করিয়া বন্দন। মহা-কৃতকৃত্য হঞা চলিলা ব্রাহ্মণ ॥ ১৮৭
প্রভুর আজ্ঞায় ভক্তি, বিরক্তি, বিজ্ঞান। সেইক্ষণে বিপ্রদেহে হৈল অধিষ্ঠান ॥ ১৮৮
কোথা গেল ব্রাহ্মণের দিগ্বিজয়ি-দম্ভ। তৃণ হৈতে অধিক হইল বিপ্র নম্র ॥ ১৮৯
হস্তী, ঘোড়া, দোলা, ধন, যতেক সম্ভার। পাত্রসাৎ করিয়া সর্বস্ব আপনার ॥ ১৯০
চলিলেন দিগ্বিজয়ী হইয়া অসঙ্গ। হেনমত শ্রীগৌরাঙ্গ-সুন্দরের রঙ্গ ॥ ১৯১
তাহান কৃপার এই স্বাভাবিক ধর্ম। রাজ্য-পদ ছাড়ি' করে' ভিক্ষুকের কর্ম ॥১৯২
কলিযুগে তার সাক্ষী শ্রীদবিরখাস। রাজ্য-সুখ ছাড়ি' যাঁর অরণ্যে বিলাস ॥ ১৯৩
যে-বিভব-নিমিত্ত জগত কাম্য করে। পাইয়াও কৃষ্ণদাস তাহা পরিহরে' ॥ ১৯৪
তাবত রাজ্যাদি-পদ 'সুখ' করি' মানে'। ভক্তি-সুখ-মহিমা যাবত নাহি জানে ॥ ১৯৫
রাজ্যাদি-সুখের কথা, সে থাকুক দূরে। মোক্ষ-সুখও 'অল্প' মানে' কৃষ্ণ-অনুচরে ॥ ১৯৬
ঈশ্বরের শুভ-দৃষ্টি বিনা কিছু নয়। অতএব ঈশ্বর ভজন—বেদে কয় ॥ ১৯৭
হেনমতে দিগ্বিজয়ী পাইলা মোচন। হেন গৌরসুন্দরের অদ্ভুত কথন ॥ ১৯৮
দিগ্বিজয়ী জিনিলেন শ্রীগৌরসুন্দর। শুনিল যে ইহা সর্ব নদীয়া-নগর ॥ ১৯৯
সকল লোকের হৈল মহাশ্চর্য-জ্ঞান। "নিমাঞি-পণ্ডিত হয় মহা-বিদ্যাবান ॥ ২০০
দিগ্বিজয়ী হারিয়া চলিল যাঁর ঠাঞি। এত বড় পণ্ডিত আর কোথা শুনি নাঞি ॥ ২০১
সার্থক করেন গর্ব নিমাঞি-পণ্ডিত। এবে সে তাহান বিদ্যা হইল বিদিত ॥" ২০২
কেহো বোলে, "এ ব্রাহ্মণ যদি ন্যায় পড়ে। ভট্টাচার্য হয় তবে, কখন না নড়ে ॥" ২০৩
কেহো কেহো বোলে,"ভাই ! মিলি' সর্বজনে। 'বাদিসিংহ' বলিয়া পদবী দিমু তানে ॥"

---

১ (৮ম) সকল] ঙ, ঞ], অনন্ত [ক, খ,গ, ছ, জ, ঝ); ২ (৯ম (উঠাইয়া [ঘ], ধরিয়া [ঞ]; ৫ (৬ষ্ঠ—১০ম) সে-সকল কিছু না কহিবা [ঞ]; ৬ (১ম) -গুপ্ত [জ]; ৮ (২য়—৪র্থ) পাদ-পদ্মে করিয়া ক্রন্দন [চ], (৫ম) -হৃষ্টচিত্ত [ঙ]; ১১ (৪র্থ) লোক [ঙ], (৭ম—১০ম) "পাঁচ সাত করিয়া দিলেন সভাকার ॥" [ক্বচিৎ পাঠ] (৯ম) যতেক [চ]; ১২(৩য়, ৪র্থ) ত্যজি সর্ব-সঙ্গ [ঘ], (৬ষ্ঠ) শ্রীগৌরসুন্দর করে [ঙ]; ১৩ (৩য়, ৪র্থ) স্বভাব এই [ক, গ, ঘ, জ]; ১৪ (৫ম) -পদ [ঙ, ঞ,], (৮ম, ৯ম) অরণ্যেতে বাস [ঙ]; ১৫ (২য়) বৈভব [ঞ]; ১৮ (২য়] সুখ- [জ]; ২১ (৬ষ্ঠ, ৭ম) এত বড়- [ক, খ], হয় বড়- [ঝ], হয়েন পরমবিদ্বান্ [ক্বচিৎ পাঠ]; ২৫ (১০ম) দেহ [চ]।

হেন সে তাহান অতি মায়ার বড়াই। এত দেখিয়াও জানিবারে শক্তি নাই॥ ২০৫
এইমত সব-নবদ্বীপে সর্ব্বজনে। প্রভুর সৎকীর্ত্তি সভে ঘোষে' সর্ব্বক্ষণে॥ ২০৬
নবদ্বীপবাসীর চরণে নমস্কার। এ-সকল লীলা দেখিবারে শক্তি যাঁ'র॥ ২০৭
যে শুনয়ে গৌরাঙ্গের দিগ্বিজয়ি-জয়। কোথাও তাহান পরাভব নাহি হয়॥ ২০৮
বিদ্যারস গৌরাঙ্গের অতি-মনোহর। ইহা যেই শুনে, হয় তাঁ'র অনুচর॥ ২০৯
শ্রী(কৃষ্ণ)চৈতন্যনিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান॥ ২১০

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে দিগ্বিজয়ি-সমুদ্ধারো
নাম দশমোঽধ্যায়ঃ॥ ১০

২ (৮ম) সর্বগণে [ঝ], জগজনে [ঙ, ছ]; ৬ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- . (২য়,৩য়) জান [গ, ঘ,চ,জ,ঝ,ঞ] ।

একাদশ অধ্যায়

জয় জয় মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। জয় নিত্যানন্দ-প্রিয় নিত্য-কলেবর॥ ১
জয় জয় শ্রীপ্রদ্যুম্ন-মিশ্রের জীবন। জয় শ্রীপরমানন্দ-পুরী-প্রাণধন॥ ২
জয় জয় সর্ববৈষ্ণবের ধন-প্রাণ। কৃপা-দৃষ্ট্যে কর', প্রভু! সর্বজীবে ত্রাণ॥ ৩
আদিখণ্ড-কথা, ভাই! শুন একমনে। বিপ্ররূপে কৃষ্ণ বিহরিলেন যেমনে॥ ৪
হেনমতে বৈকুণ্ঠনায়ক সর্ব্বক্ষণ। বিদ্যারসে বিহরেন লঞা শিষ্যগণ॥ ৫
সর্ব্ব-নবদ্বীপে প্রতি নগরে নগরে। শিষ্যগণ-সঙ্গে বিদ্যারসে ক্রীড়া করে'॥ ৬
সর্ব্ব-নবদ্বীপে সর্ব্বলোকে হৈল ধ্বনি। 'নিমাঞি-পণ্ডিত অধ্যাপক-শিরোমণি'॥ ৭
বড় বড় বিষয়ি-সকল দোলা হৈতে। নামিয়া করেন নমস্কার ভালমতে॥ ৮
প্রভু দেখি' মাত্র জন্মে সভার সাধ্বস। নবদ্বীপে হেন নাহি—যে না হয় বশ॥ ৯

১১শ পংক্তির পূর্বে 'ঙ' পুঁথিতে অধিক পাঠ ('ঘ'-পুঁথিতে ৪র্থ পংক্তির পরে)— 'শ্রীরাগ—দেখ হে, কৃষ্ণের ঠাকুরালি। কলিযুগ উদ্ধারিতে আপনি ভিখারী॥ ধ্রু॥" এবং 'চ'-পুঁথির অধিক পাঠ—"পূরবী রাগিণী"; ১১শ (৩য়,৪র্থ) গৌরচন্দ্র মহামহেশ্বর [ঙ], (৫ম) জয় জয় [ঙ, ছ, জ], (৬ষ্ঠ) -প্রভু [চ], নিত্যানন্দ [ছ, জ], (৭ম) কলেবর [ঙ]; ১৬(৫ম—৭ম) শিষ্য-সঙ্গে বিদ্যারসে মহাকেলি [চ], -সহ প্রভু নিত্যক্রীড়া [ছ]; ১৮(৯ম) বহুমতে [গ, জ, ঝ]।

নবদ্বীপে যা'রা যত ধর্ম-কর্ম করে'। ভোজ্য-বস্ত্র অবশ্য পাঠায় প্রভু-ঘরে ॥ ১০
প্রভু সে পরম-ব্যয়ী ঈশ্বর-ব্যভার। দুঃখিতেরে নিরবধি দেন পুরস্কার ॥ ১১
দুঃখিরে দেখিলে প্রভু বড় দয়া করি'। অন্ন, বস্ত্র, কপর্দক দেন গৌরহরি ॥ ১২
নিরবধি অতিথি আইসে প্রভু-ঘরে। যা'র যেন যোগ্য, প্রভু দেন সভাকারে ॥ ১৩
কোনদিন সন্ন্যাসী আইসে দশ বিশ। সভারে নিমন্ত্রেণ প্রভু হইয়া হরিষ ॥ ১৪
সেইক্ষণে কহি' পাঠায়েন জননীরে। কুড়ি সন্ন্যাসীর ভিক্ষা ঝাট করিবারে ॥ ১৫
ঘরে কিছু নাই, আই চিন্তে মনে মনে। "কুড়ি সন্ন্যাসীর ভিক্ষা হইব কেমনে?" ১৬
চিন্তিতেই হেন, নাহি জানি—কোন্ জনে। সকল সম্ভার আনি' দেয় সেইক্ষণে ॥ ১৭
তবে লক্ষ্মীদেবী গিয়া পরম-সন্তোষে। রান্ধেন বিবিধ তবে প্রভু-আসি' বৈসে ॥ ১৮
সন্ন্যাসিগণেরে প্রভু আপনে বসিয়া। তুষ্ট করি' পাঠায়েন ভিক্ষা করাইয়া ॥ ১৯
এইমত যতেক অতিথি আসি হয়। সভারেই জিজ্ঞাসা করেন কৃপাময় ॥ ২০
গৃহস্থেরে মহাপ্রভু শিখায়েন ধর্ম। "অতিথির সেবা—গৃহস্থের মূল-কর্ম ২১
গৃহস্থ হঞা ত যদি আতিথ্য না করে'। পশু-পক্ষী হৈতেহ 'অধম' বলি তা'রে ॥ ২২
যা'র বা না থাকে কিছু পূর্বাদৃষ্ট-দোষে। সেহো তৃণ জল ভূমি দিবেক সন্তোষে ॥ ২৩
তথা হি বিঃ পুঃ—
"অতিথির্যস্য ভাগ্নাশো গৃহাৎ প্রতিনিবর্ততে। স তস্য দুস্কৃতিং দত্ত্বা পুণ্যমাদায় গচ্ছতি ॥" ২৪
তথা হি (মনুসং ৩।১০১ বিঃ পুঃ)
"তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থী চ সুনৃতা। এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন ॥"২৫
"সত্যবাক্য কহিবেক করি' পরিহার। তথাপি অতিথি-শূন্য না হয় তাহার ॥ ২৬
অকৈতবে চিত্ত-সুখে যা'র যেন শক্তি। তাহা করিলেই বলি 'অতিথিরে ভক্তি'॥" ২৭
অতএব অতিথিরে আপনে ঈশ্বরে। জিজ্ঞাসা করেন অতি পরম-আদরে ॥ ২৮
সেই সব অতিথি পরম-ভাগ্যবান্। লক্ষ্মী-নারায়ণ যাঁ'রে করে' অন্নদান ॥ ২৯
যাঁ'র অন্নে ব্রহ্মাদির আশা অনুক্ষণ। হেন সে অদ্ভুত,— তাহা খায় যে-তে জন ॥ ৩০
কেহো কেহো ইথি-মধ্যে কহে অন্য-কথা। "সে অন্নের যোগ্য অন্যে না হয় সর্বথা ॥ ৩১
ব্রহ্ম-শিব-শুক-ব্যাস-নারদাদি করি'। সুর-সিদ্ধ-আদি যত স্বচ্ছন্দ-বিহারী ॥ ৩২
লক্ষ্মী-নারায়ণ অবতীর্ণ নবদ্বীপে। জানি' সভে আইসেন ভিক্ষুকের রূপে ॥ ৩৩

১ (৭ম) অলঙ্কার [ছ]; ২ (৪র্থ) -স্বভাব [কচিৎ পাঠ]; ৪ (১ম) নিতিনিতি [চ], (৯ম, ১০ম) দেহেন সভারে [ক, খ]; ৫ (৯ম) পরম [ঙ]; ৯ (৬ষ্ঠ) অশেষ [জ], বিশেষ [ক, খ, গ, ঘ, ছ, ঝ], (৬ষ্ঠ—১০ম) আবেশ করি প্রভুর আদেশে [ঙ]; ১১ (৭ম) সন্তুষ্ট [ঞ], (৯ম) মহাশয় [ঙ, জ]; ১২ (৪র্থ) কর্ম [চ], (৮ম) -ধর্ম [গ, ঘ, চ, জ]; ১৩ (৫ম) অতিথি [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ; ঝ, ঞ], (৮ম) -পক্ষ [ক, খ, ঘ, ঙ, ছ, জ]; ১৪ (৬ষ্ঠ) দুরদৃষ্ট- [ঙ], ১৭ (মনুসংহিতা বঙ্গবাসী-সং, কলিকাতা ১৩৩০ বঙ্গাব্দ); ১৯ (৬ষ্ঠ) আতিথ্য- [ঞ]; ২২ (৩য়) ভিক্ষুক [ক—ঘ, চ—ঝ]।

অন্যথা সে-স্থানে যাইবার শক্তি কা'র ? ব্রহ্মা-আদি বিনা কি সে-অন্ন পায় আর ?" ৩৪
কেহো বোলে, "দুঃখিরে তারিতে অবতার। সর্বমতে দুঃখিতেরে করেন নিস্তার ॥ ৩৫
ব্রহ্মা-আদি দেব তাঁ'র অঙ্গ প্রতি-অঙ্গ। সর্বথা তাঁহারা-ঈশ্বরের নিত্যসঙ্গ ॥ ৩৬
তথাপি প্রতিজ্ঞা তান এই অবতারে। 'ব্রহ্মাদি-দুর্লভো দিমু সকল জীবেরে ॥' ৩৭
অতএব দুঃখিতেরে ঈশ্বর আপনে। নিজগৃহে অন্ন দেন উদ্ধার-কারণে ॥" ৩৮
একেশ্বরী লক্ষ্মীদেবী করেন রন্ধন। তথাপিহ পরম সন্তোষ-যুক্ত মন ॥ ৩৯
লক্ষ্মীর চরিত্র দেখি' শচী-ভাগ্যবতী। দণ্ডে দণ্ডে আনন্দ-বিশেষ বাঢ়ে অতি ॥ ৪০
উষঃকাল হৈতে লক্ষ্মী যত গৃহ কর্ম। আপনে করেন সব,—সে-ই তাঁ'র ধর্ম ॥ ৪১
দেবগৃহে করেন সে স্বস্তিকমণ্ডলী। শঙ্খ-চক্রাদি লিখেন হঞা কুতূহলী ॥ ৪২
গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, সুবাসিত জল। ঈশ্বর-পূজার সজ্জ করেন সকল ॥ ৪৩
নিরবধি তুলসীর করেন সেবন। ততোঽধিক শচীর সেবায় তাঁ'র মন ॥ ৪৪
লক্ষ্মীর চরিত্র দেখি' শ্রীগৌরসুন্দর। মুখে কিছু না বোলয়ে, সন্তোষ অন্তর ॥ ৪৫
কোনদিন লঞা' লক্ষ্মী প্রভুর চরণ। বসিয়া থাকেন পদমূলে অনুক্ষণ ॥ ৪৬
অদ্ভুত দেখেন শচী পুত্রপদতলে। মহা-জ্যোতির্ময় অগ্নি-পুঞ্জ শিখা জ্বলে ॥ ৪৭
কোনদিন মহা-পদ্মগন্ধ শচী-আই। ঘরে দ্বারে সর্বত্র পায়েন, অন্ত নাই ॥ ৪৮
হেনমতে লক্ষ্মীনারায়ণ নবদ্বীপে। কেহো নাহি চিনেন আছেন গূঢ়রূপে ॥ ৪৯
তবে কথোদিন ইচ্ছাময় ভগবান্। বঙ্গদেশ দেখিতে হইল ইচ্ছা তান ॥ ৫০
তবে প্রভু জননীরে বলিলেন বাণী। "কথোদিন প্রবাস করিমু, মাতা ! আমি ॥" ৫১
লক্ষ্মী-প্রতি বলিলেন শ্রীগৌরসুন্দর। আইর সেবন করিবারে নিরন্তর ॥ ৫২
তবে প্রভু কথো আপ্তশিষ্যবর্গ লঞা। চলিলেন বঙ্গদেশে হরষিত হঞা ॥ ৫৩
যে-যে-জন দেখে প্রভু চলিয়া যাইতে। সে-ই আর দৃষ্টি নাহি পারে' ফিরাইতে ৫৪
স্ত্রীলোকে দেখিয়া বোলে "হেন পুত্র যাঁ'র। ধন্য তাঁ'র জন্ম, তাঁ'র পা'য়ে নমস্কার ॥ ৫৫
যেবা ভাগ্যবতী হেন পাইলেন পতি। স্ত্রীজন্ম সার্থক করিলেন সেই সতী ॥" ॥ ৫৬
এইমত পথে যত দেখে স্ত্রী-পুরুষে। পুনঃপুন সভে বস্তু বাখানে সন্তোষে ॥ ৫৭
বেদেহ করেন কাম্য যে প্রভু দেখিতে। যে-তে জনে হেন-প্রভু দেখে কৃপা হৈতে ॥ ৫৮

---

২ (৯ম) উদ্ধার [ঞ]; ৩ (৬ষ্ঠ) সর্বদা [ঞ], (৯ম) অঙ্গ-সঙ্গ [চ]; ৫ (৫ম) নিত্য গৃহে [ঙ], (৮ম) নিস্তার- [ঘ, ঞ], কৃপার-[চ]; ৬ (১ম) একেশ্বরী [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ]; ৯ (৭ম) পরম [ছ]; ১২ (৫ম) সুখে [ঙ], (৯ম) হৃহিষ [ঙ, চ]; ১৩ (৯ম) পদতলে [ঙ, ঞ]; ১৪ (৬ষ্ঠ)- পঙ্ক- [গ, ঘ], -শিখা-হেন [চ], -শিখা-পুঞ্জ [জ]; ১৬ (৮ম) গুপ্ত- [জ]; ১৮ (৫ম) আমি' [ঝ]; ১৯ (৪র্থ—৬ষ্ঠ) মায়ের সেবন তুমি কর [ঞ]; ২০ (৪র্থ) আপ্তবর্গ শিষ্য [ক, চ]; ২১ (১১শ) সম্বরিতে [ক—ঝ]; ২২ (৮ম) ধন্য [ঘ, ঙ], (৯ম, ১০ম) জন্মদাতা [ছ]; ২৩ (৬ষ্ঠ—১০ম) "জন্ম সফল তার পুণ্যবতী সতী ॥" [চ]; ২৪ (১০ম) হরিষে [ছ]; ২৫ (১ম) দেবেও [খ, ঙ]।

হেনমতে শ্রীগৌরসুন্দর ধীরে ধীরে। কথোদিনে আইলেন পদ্মাবতী-তীরে ॥ ৫৯
পদ্মাবতী-নদীর তরঙ্গ-শোভা অতি। উত্তম পুলিন-বন, জল বহু তথি ॥ ৬০
দেখি' পদ্মাবতী প্রভু মহা-কুতূহলে। গণ-সহ স্নান করিলেন তা'র জলে ॥ ৬১
ভাগ্যবতী পদ্মাবতী সেই দিন হৈতে। যোগ্য হৈলা সর্বলোক পবিত্র করিতে ॥ ৬২
পদ্মাবতী-নদী বড় দেখিতে সুন্দর। পুলিন, তরঙ্গ স্রোত অতি-মনোহর ॥ ৬৩
পদ্মাবতী দেখি' প্রভু পরম-হরিষে। সেইস্থানে রহিলেন তা'র ভাগ্য-বশে ॥ ৬৪
যেন ক্রীড়া করিলেন জাহ্নবীর জলে। শিষ্যগণ-সহিতে পরম-কুতূহলে ॥ ৬৫
সেই ভাগ্য এবে পাইলেন পদ্মাবতী। প্রতিদিন প্রভু জল ক্রীড়া করে' তথি ॥ ৬৬
বঙ্গদেশে মহাপ্রভু করিলা প্রবেশ। অদ্যাপিহ সেই ভাগ্যে ধন্য বঙ্গদেশ ॥ ৬৭
পদ্মাবতী-তীরে রহিলেন গৌরচন্দ্র। শুনি' সর্বলোক হৈল পরম আনন্দ ॥ ৬৮
"নিমাঞি-পণ্ডিত অধ্যাপক-শিরোমণি। আসিয়া আছেন"—সর্বদিকে হৈল ধ্বনি ॥ ৬৯
ভাগ্যবন্ত যত আছে—ব্রাহ্মণ-সজ্জন। উপায়ন-হস্তে আইলেন সেইক্ষণ ॥ ৭০
সভে আসি' প্রভুরে করিয়া নমস্কার। বলিতে লাগিলা অতি করি' পরিহার ॥ ৭১
"আমা' সভাকার মহা-ভাগ্যোদয় হৈতে। তোমার বিজয় আসি' হৈল এ-দেশেতে ॥ ৭২
অর্থ-বিত্ত লঞা সর্বগোষ্ঠীর সহিতে। যাঁ'র স্থানে নবদ্বীপে যাইমু পড়িতে ॥ ৭৩
হেন নিধি অনায়াসে আপনে ঈশ্বরে। আনিয়া দিলেন আমা' সভার দুয়ারে ॥ ৭৪
মূর্তিমন্ত তুমি বৃহস্পতি-অবতার। তোমার সদৃশ অধ্যাপক নাহি আর ॥ ৭৫
বৃহস্পতি-দৃষ্টান্ত তোমার যোগ্য নহে। ঈশ্বরের অংশ তুমি,—হেন মনে লয়ে ॥ ৭৬
অন্যথা ঈশ্বর বিনা এমন পাণ্ডিত্য। অন্যের না হয় কভু,—লয় চিত্ত বিত্ত ॥ ৭৭
সবে এক নিবেদন করিয়ে তোমারে। বিদ্যা দান কর' কিছু আমা' সভাকারে ॥ ৭৮
উদ্দেশ্য—আমরা সভে তোমার টিপ্পনী। লঞা পড়ি পড়াই শুনহ, দ্বিজমণি ! ৭৯
সাক্ষাতেহ শিষ্য কর' আমা' সভাকারে। থাকুক তোমার কীর্তি সকল-সংসারে ॥" ৮০
হাসি' প্রভু সভা' প্রতি করিয়া আশ্বাস। কথোদিন বঙ্গদেশে করিলা বিলাস ॥ ৮১
সেই ভাগ্যে অদ্যাপিহ সর্ব-বঙ্গদেশে। শ্রীচৈতন্য-সংকীর্তন করে' স্ত্রী-পুরুষে ॥ ৮২

---

২ (২য়) তরঙ্গ শোভে [চ], (৫ম—৭ম) পুলিন যেন উপবন [ঞ], (৭ম, ৮ম) বহে অতি [চ]; ৩ (৫ম—৯ম) "স্নান করিলেন প্রভু পদ্মাবতী-জলে ॥" [চ]; ৫ (২য়) অতি [ছ, জ, ঝ]; (৭ম) শোভে [ঙ, চ, ছ]; ৬ (২য়) তীরে [খ], (৪র্থ) -সন্তোষ [ঙ, চ,]; ৯ (২য়) গৌরচন্দ্র [ঞ], (৭ম) পুণ্যে [ঙ]; ১০ (৪র্থ) শুনিয়া ত; ১২ (৪র্থ) সকল ব্রাহ্মণ [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ], (৫ম, ৬ষ্ঠ) উপায়েন হস্তে করি' আইলা [চ]; ১৪ (৪র্থ—৮ম) "হেথায় আইলা প্রভু আপন- কৃপাতে ॥" [ছ], (৮ম) হেথাতে [চ]; ১৫ (১ম) -বৃত্তি [ক, খ, গ, ঙ, ঞ]; ১৬ (৮ম, ৯ম) হেথা আমা-সভাকারে [চ], (৯ম) গোচরে [ঞ]; ১৯ (১১শ) বৃত্ত [জ, ঝ]; ২০ (১ম) এবে [চ]; ২৩ (৯ম, ১০ম) করিলেন বাস [ঙ]; ২৪ (৪র্থ) ধন্য বঙ্গদেশ [ঙ], (৫ম, ৬ষ্ঠ)-শ্রীকৃষ্ণকীর্তন করয়ে [গ]।

মধ্যে মধ্যে মাত্র কথো পাপিগণ গিয়া। লোক নষ্ট করে' আপনারে গাওয়াইয়া ॥ ৮৩
উদর-ভরণ লাগি' পাপিষ্ঠ সকলে। 'রঘুনাথ' করি' আপনারে কেহো বোলে ॥ ৮৪
কোন কোন পাপি ছাড়ি' কৃষ্ণসংকীর্তন। আপনারে গাওয়ায় বলি' নারায়ণ ॥ ৮৫
দেখিতেছি দিনে তিন অবস্থা যাহার। কোন্ লাজে আপনারে গাওয়ায় সে ছার? ৮৬
রাঢ়ে আর এক মহা ব্রহ্মদৈত্য আছে। অন্তরে রাক্ষস, বিপ্র-কাচ মাত্র কাচে' ॥ ৮৭
সে পাপিষ্ঠ আপনারে বোলায় 'গোপাল'। অতএব তা'রে সভে বোলয়ে 'শিয়াল'॥ ৮৮
শ্রীচৈতন্যচন্দ্র বিনা অন্যেরে ঈশ্বর। যে অধম বোলে, সেই ছার শোচ্যতর ॥ ৮৯
দুই বাহু তুলি' এই বলি সত্য করি'। "অনন্ত-ব্রহ্মাণ্ডনাথ শ্রীচৈতন্যহরি ॥ ৯০
যাঁ'র নাম-স্মরণে সমস্ত বন্ধ-ক্ষয়। যাঁ'র দাস-স্মরণেহ সর্ব্বত্র বিজয় ॥ ৯১
সকল-ভুবন দেখ যাঁ'র যশ গায়। বিপথ ছাড়িয়া ভজ হেন প্রভু-পা'য় ॥" ৯২
হেনমতে শ্রীবৈকুণ্ঠনাথ গৌরচন্দ্র। বিদ্যারসে করে' প্রভু বঙ্গদেশে রঙ্গ ॥ ৯৩
মহা-বিদ্যাগোষ্ঠী প্রভু করিলেন বঙ্গে। পদ্মাবতী দেখি' প্রভু ভুলিলেন রঙ্গে ॥ ৯৪
সহস্র-সহস্র শিষ্য হইল তথাঞি। হেন নাহি জানি—কে পড়য়ে কোন্ ঠাঞি ॥ ৯৫
শুনি' সব বঙ্গদেশী আইসে ধাইয়া। 'নিমাঞি-পণ্ডিত-স্থানে পড়িবাঙ গিয়া' ॥ ৯৬
হেন কৃপাদৃষ্ট্যে প্রভু করেন ব্যাখ্যান। দুই মাসে সভেই হইল বিদ্যাবান্ ॥ ৯৭
কত শতশত জন পদবী লভিয়া। ঘরে যায়, আর কত আইসে শুনিয়া ॥ ৯৮
এইমতে বিদ্যারসে বৈকুণ্ঠের পতি। বিদ্যারসে বঙ্গদেশে করিলেন স্থিতি ॥ ৯৯
এথা নবদ্বীপে লক্ষ্মী প্রভুর বিরহে। অন্তরে দুঃখিতা দেবী কা'রে নাহি কহে ॥ ১০০
নিরবধি করে দেবী আইর সেবন। প্রভু গিয়াছেন হৈতে নাহিক ভোজন ॥ ১০১
নামে-মাত্র অন্ন লক্ষ্মী পরিগ্রহ করে'। ঈশ্বরবিচ্ছেদে বড় দুঃখিতা অন্তরে ॥ ১০২
একেশ্বরী সর্ব্বরাত্রি করেন ক্রন্দন। চিত্তে স্বস্তি লক্ষ্মী না পায়েন কোনক্ষণ ॥ ১০৩
ঈশ্বরবিচ্ছেদ লক্ষ্মী না পারি' সহিতে। ইচ্ছা করিলেন প্রভুর সমীপে যাইতে ॥ ১০৪
নিজ-প্রতিকৃতি-দেহ থুঞা পৃথিবীতে। চলিলেন প্রভু পাশে অতি-অলক্ষিতে ॥ ১০৫
প্রভু-পাদপদ্ম লক্ষ্মী ধরিয়া হৃদয়। ধ্যানে গঙ্গাতীরে দেবী করিলা বিজয় ॥ ১০৬
এথায় শচীর দুঃখ না পারি কহিতে। কাষ্ঠ দ্রবে' আইর সে ক্রন্দন শুনিতে ॥ ১০৭

---

১ (১০ম, ১১শ) আপনা থাইয়া [চ], আপনারে লওয়াইয়া [ক থ, গ, ঘ, জ, ঝ, ঞ]; ৩ (৮ম, ৯ম) কত বা ভূতগণ [ক, থ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ৭ (১ম—৩য়) শ্রীকৃষ্ণচৈতন্য বিনে আর কে [চ]; ৮ (৮ম) -বৈকুণ্ঠনাথ [ঘ], (৯ম) গৌরাঙ্গ শ্রীহরি [জ, ঞ]; ১০ (৪র্থ) গুণ [ঘ]; ১৬ (৫ম) লইয়া [ক, থ, গ, ঘ, ঙ, চ, ছ]; ১৭ (৩য়, ৪র্থ) বৈকুণ্ঠাধিপতি [ঙ], (৫ম) কতদিনে [ঙ]; ১৯ (৩য়) লক্ষ্মী [চ], (৭ম) গেলে সেই [ছ]; ২০ (১ম—৩য়) নামেরে সে অন্ন মাত্র [জ, ঝ], (১ম—৫ম) "নামাবেশে মাত্র অন্ন-পরিগ্রহ করে।" [থ]; ২১ (৬ষ্ঠ) শান্তি [গ], স্বাস্থ্য [ক, থ, ঘ, ঙ, ঝ, ঞ], (৭ম—১০ম) নাহি, দুঃখ পায় সর্বক্ষণ [ঘ]; ২২ (১০ম) চলিতে [ক, গ, জ]; ২৩ (১ম) -প্রকৃতি- [ক, ছ], (৬ষ্ঠ) লক্ষ্মী অলক্ষিতে [চ]; ২৫ (৬ষ্ঠ) সহিতে [গ]।

সে-সকল দুঃখ-রস না পারি বর্ণিতে। অতএব কিছু কহিলাঙ সূত্রমতে ॥ ১০৮
আপ্তগণ শুনি' বড় হইলা দুঃখিত। সভে আসি' কর্ম করিলেন যথোচিত ॥ ১০৯
ঈশ্বর থাকিয়া কথোদিন বঙ্গদেশে। আসিতে হইল ইচ্ছা নিজ-গৃহাবাসে ॥ ১১০
তবে প্রভু গৃহে আসিবেন হেন শুনি। যা'র যেন শক্তি সভে দিলা ধন আনি'॥ ১১১
সুবর্ণ, রজত, জলপাত্র, দিব্যাসন। সুরঙ্গ কম্বল, বহুপ্রকার বসন ॥ ১১২
উত্তম পদার্থ যত ছিল যা'র ঘরে। সভেই সন্তোষে আনি' দিলেন প্রভুরে ॥ ১১৩
প্রভুও সভার প্রতি কৃপাদৃষ্টি করি'। পরিগ্রহ করিলেন গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ১১৪
সন্তোষে সভার স্থানে হইয়া বিদায়। নিজগৃহে চলিলেন শ্রীগৌরাঙ্গ-রায় ॥ ১১৫
অনেক পঢ়ুয়া সব প্রভুর সহিতে। চলিলেন প্রভু-স্থানে তথাই পঢ়িতে ॥ ১১৬
হেনই সময়ে এক সুকৃতি ব্রাহ্মণ। অতি-সারগ্রাহী, নাম—মিশ্র তপন ॥ ১১৭
সাধ্য-সাধন-তত্ত্ব নিরূপিতে নারে। হেন জনে নাহি তথা—জিজ্ঞাসিবে যারে ॥ ১১৮
নিজ-ইষ্টমন্ত্র সদা জপে' রাত্রি-দিনে। সোয়াস্তি নাহিক চিত্তে সাধনাঙ্গ বিনে ॥ ১১৯
ভাবিতে চিন্তিতে একদিন রাত্রিশেষে। সুস্বপ্ন দেখিলা দ্বিজ নিজ-ভাগ্যবশে ॥ ১২০
সম্মুখে আসিয়া এক দেব মূর্তিমান্। ব্রাহ্মণেরে কহে গুপ্ত চরিত আখ্যান ॥ ১২১
"শুন শুন ওহে দ্বিজ পরম সুধীর! চিন্তা না করিহ আর, মন কর' স্থির ॥ ১২২
নিমাঞি-পণ্ডিত পাশ করহ গমন। তিঁহো কহিবেন তোমা' সাধ্য-সাধন ॥ ১২৩
মনুষ্য নহেন তিঁহো—স্বয়ং-নারায়ণ। নররূপে লীলা তাঁ'র জগত-কারণ ॥ ১২৪
বেদ-গোপ্য এ-সকল না কহিবে কা'রে। কহিলে পাইবে দুঃখ জন্ম-জন্মান্তরে ॥ ১২৫
অন্তর্ধান কৈলা দেব, ব্রাহ্মণ জাগিলা। সুস্বপ্ন দেখিয়া বিপ্র কান্দিতে লাগিলা ॥ ১২৬
'অহো ভাগ্য' মানি' পুন চেতন পাইয়া। সেইক্ষণে চলিলেন প্রভু ধেয়াইয়া ॥ ১২৭

---

১ (২য়) দুঃখ আমি [খ], -কথা [ঙ]; ২ (১ম) সাধুগণ [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ৪ (১০ম) আছে [খ]; ৫ (১ম—৩য়) সুবর্ণের যত যত পাত্র [খ], রতন-কাঞ্চন জল- [ছ], (৭ম) ভোট সুন্দর [ঞ], এই পংক্তির পর 'ঙ'-পুঁথিতে অধিক পাঠ—"আনিয়া দিলেন সভে প্রভুর চরণে। দেখিয়া সন্তোষ প্রভু হইলেন মনে ॥"; ৮ (৭ম) আইলেন [ক, খ, ঙ, চ]; ৯ (৭ম) -সঙ্গে [খ, চ, জ]; ১০—১১৭ হইতে ১৫৫ নং পর্যন্ত পয়ারগুলি (অর্থাৎ শ্রীমন্মহাপ্রভু-তপন মিশ্র'-সংবাদ) মুদ্রিত 'ঝ'-পুস্তকের পাদটীকায় এবং 'ঞ'-পুস্তকের মূলে দৃষ্ট হয়। এই প্রসঙ্গটি শ্রীচৈতন্যচরিতামৃতের সুপ্রাচীন পুঁথি সমূহে ও মুদ্রিত গ্রন্থ সমূহে (আ' লী' ১৬শ—পং) এবং কলিকাতা 'ন্যাশনাল লাইব্রেরী' স্থিত নিম্নলিখিত দশখানি মুদ্রিত শ্রীচৈতন্যভাগবত গ্রন্থের মূলমধ্যে সন্নিবিষ্ট আছে; এ জন্য এই লীলাখ্যানটি মূলমধ্যে সান্নবেশিত হইল। কলিকাতা ন্যাশনাল লাইব্রেরী স্থিত মুদ্রিত শ্রীচৈ° ভা° গ্রন্থ সমূহের পরিচয় যথা—(১—৪) রামেশ্বর-তর্কালঙ্কার-সম্পাদিত —১৮২ জে, বি ৮৫২। ১-(১৮৫২ খৃঃ); ৮৮৬। ৭- (১৮৮৬খৃঃ) ২য় সং; ১৮২ জে, ডি ৮৮৯। ১-(১৮৮৯খৃঃ) ৩য় সং; ১৮২ জে, বি ৮৯৩। ২-(১৮৯৩ খৃঃ); (৫) এস্, কে,। মিত্র-সম্পাদিত—১৮২ জে, বি ৮৯৫। ১—(১৮৯৫ খৃঃ); (৬, ৭) কালীপ্রসন্ন বিদ্যারত্ন- সম্পাদিত—১৮২ জে, সি ৯০৩। ৭—(১৯০৩ খৃঃ); ১৮২ জে, বি ৯০৮। ১০—(১৯০৮ খৃঃ); (৮, ৯) রাসবিহারী ভাগবতভূষণ সম্পাদিত—১৮২ জে, সি ৯১৪। ৩২—(১৯১৪খৃঃ); ১৮২ জে বি ৯২৫। ৪—(১৯২৫ খৃঃ); (১০) রসিকমোহন বিদ্যাভূষণ-সম্পাদিত—১৮২ জে, বি ৯২৫। ১৩—(১৯২৫ খৃঃ)।

১৭(৪র্থ) নর-[ঞ কচিৎ পাঠ];

বসিয়া আছেন যথা শ্রীগৌরসুন্দর। শিষ্যগণ-সহিত পরম মনোহর॥ ১২৮

আসি' শীঘ্র বিপ্র প্রভুর চরণে পড়িলা। দণ্ডবত করি' যোড় হস্তে দাণ্ডাইলা॥ ১২৯

বিপ্র বোলে, "আমি অতি দীন-হীন জন। কৃপাদৃষ্ট্যে কর' মোর সংসার মোচন॥ ১৩০

সাধ্য-সাধন-তত্ত্ব কিছুই না জানি। কৃপা করি' 'আমা' প্রতি কহিবা আপনি॥ ১৩১

বিষয়াদি-সুখ মোর চিত্তে নাহি লয়। কিসে জুড়াইবে প্রাণ, কহ দয়াময়!" ১৩২

প্রভু বোলে "বিপ্র! তোমার ভাগ্যের কি কথা। কৃষ্ণ ভজিবারে চাহ, সেই সে সর্বথা॥১৩৩

ঈশ্বর ভজন অতি দুর্গম অপার। যুগধর্ম স্থাপিয়াছে করি' পরচার॥ ১৩৪

চারি যুগে চারি-ধর্ম রাখি' ক্ষিতিতলে। স্বধর্ম স্থাপিয়া প্রভু নিজ-স্থানে চলে॥ ১৩৫

তথা হি (শ্রীগীতায়াম্ ৪।৮)—

'পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্। ধর্ম-সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥' ১৩৬

তথা হি (ভা০ ১০।৮।১৩)—

'আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥' ১৩৭

কলিযুগ-ধর্ম হয় নাম-সংকীর্তন। চারি-যুগে চারি-ধর্ম জীবের কারণ॥ ১৩৮

তথা হি (ভা০ ১২।৩।৫২)—

'কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ। দ্বাপরে পরিচর্যায়াং কলৌ তদ্ধরিকীর্তনাৎ॥' ১৩৯

অতএব কলিযুগে নামযজ্ঞ সার। আর কোন ধর্ম কৈলে নাহি হয় পার॥ ১৪০

রাত্রিদিন নাম লয় খাইতে শুইতে। তাহান মহিমা বেদে নাহি পারে' দিতে॥ ১৪১

শুন মিশ্র! কলিযুগে নাহি তপ যজ্ঞ। যেই জন ভজে কৃষ্ণ, তা'র মহাভাগ্য॥ ১৪২

অতএব তুমি কৃষ্ণ-ভজ গৃহে গিয়া। কুটিনাটি পরিহরি' একান্ত হইয়া॥ ১৪৩

সাধ্য-সাধন-তত্ত্ব যে-কিছু সকল। হরিনাম সংকীর্তনে মিলিবে সকল॥ ১৪৪

তথা হি (বৃহন্নারদীয়ে)—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥ ১৪৫

'হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥' ১৪৬

এই শ্লোক নাম বলি' লয় মহামন্ত্র। ষোল-নাম বত্রিশ-অক্ষর এই তন্ত্র॥ ১৪৭

সাধিতে সাধিতে যবে প্রেমাঙ্কুর হবে। সাধ্য-সাধন-তত্ত্ব জানিবা সে তবে॥" ১৪৮

প্রভুর শ্রীমুখে শিক্ষা শুনি' বিপ্রবর। পুনঃ পুন প্রণাম করয়ে বহুতর॥ ১৪৯

মিশ্র কহে, "আজ্ঞা হয় আমি সঙ্গে আসি।" প্রভু কহে, "তুমি শীঘ্র যাও বারাণসী॥ ১৫০

তথাঞি আমার সঙ্গে হইব মিলন। কহিমু সকল তত্ত্ব সাধ্য-সাধন॥" ১৫১

এত বলি' প্রভু তা'রে দিলা আলিঙ্গন। প্রেমে পুলকিত-অঙ্গ হইল ব্রাহ্মণ॥ ১৫২

পাইয়া বৈকুণ্ঠনায়কের আলিঙ্গন। পরানন্দ-সুখ হৈল ব্রাহ্মণ তখন॥ ১৫৩

বিদায়-সময়ে প্রভুর চরণে ধরিয়া। সুস্বপ্নবৃত্তান্ত কহে গোপনে বসিয়া ॥ ১৫৪
শুনি' প্রভু কহে, "সত্য যে হয় উচিত। আর কা'রে না কহিবা এ-সব চরিত ॥ ১৫৫
পুন নিষেধিলা প্রভু সযত্ন করিঞা। হাসিয়া উঠিলা শুভক্ষণ লগ্ন পাঞা ॥ ১৫৬
হেন মতে প্রভু বঙ্গদেশ ধন্য করি'। নিজ-গৃহে আইলেন গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ১৫৭
ব্যবহারে অর্থ-বিত্ত অনেক লইয়া। সন্ধ্যাকালে গৃহে প্রভু উত্তরিলা গিয়া ॥ ১৫৮
দণ্ডবত করি' প্রভু জননী-চরণে। অর্থবিত্ত সকল দিলেন তান স্থানে ॥ ১৫৯
সেইক্ষণে প্রভু শিষ্যগণের সহিতে। চলিলেন শীঘ্র গঙ্গা-মজ্জন করিতে ॥ ১৬০
সেইক্ষণে গেলা আই করিতে রন্ধন। অন্তরে দুঃখিতা লঞা সর্ব-পরিজন ॥ ১৬১
শিক্ষাগুরু প্রভু সর্বগণের সহিতে। গঙ্গারে হইলা দণ্ডবত বহুমতে ॥ ১৬২
কথোক্ষণ জাহ্নবীতে করি' জলখেলা। স্নান করি' গঙ্গা দেখি' স্বগৃহে আইলা ॥ ১৬৩
তবে প্রভু যথোচিত নিত্যকর্ম করি'। ভোজনে বসিলা গিয়া গৌরাঙ্গ-শ্রীহরি ॥ ১৬৪
সন্তোষে বৈকুণ্ঠনাথ ভোজন করিয়া। বিষ্ণুগৃহদ্বারে প্রভু বসিলেন গিয়া ॥ ১৬৫
তবে আপ্তবর্গ আইলেন সম্ভাষিতে। সভেই বেড়িয়া বসিলেন চারিভিতে ॥ ১৬৬
সভার সহিত প্রভু হাস্যকথা-রঙ্গে। কহিলেন যেনমত আছিলেন বঙ্গে ॥ ১৬৭
বঙ্গদেশি-বাক্য অনুকরণ করিয়া। বাঙ্গালেরে কদর্থেন হাসিয়া হাসিয়া ॥ ১৬৮
দুঃখরস হইবেক জানি' আপ্তগণ। লক্ষ্মীর বিজয় কেহো না করে কথন ॥ ১৬৯
কথোক্ষণ থাকিয়া সকল আপ্তগণ। বিদায় লঞা ত গেলা যা'র যে ভবন ॥ ১৭০
বসিয়া করেন প্রভু তাম্বূল ভোজন। নানা হাস্য-পরিহাস করেন কথন ॥ ১৭১
শচীদেবী অন্তরে দুঃখিতা হঞা ঘরে। কাছে নাহি আইসেন পুত্রের গোচরে ॥ ১৭২
আপনি চলিলা প্রভু জননী-সম্মুখে। দুঃখিত-বদনা প্রভু জননীরে দেখে ॥ ১৭৩
জননীরে বোলে প্রভু মধুর বচন। "দুঃখিতা তোমারে মাতা! দেখি কি কারণ ? ১৭৪
কুশলে আইলুঁ আমি দূর-দেশ হৈতে। কোথা তুমি মঙ্গল করিবা ভালমতে ॥ ১৭৫
আরো তোমা' দেখি অতিদুঃখিত-বদন। সত্য কহ দেখি, মাতা! ইহার কারণ ॥" ১৭৬
শুনিঞা পুত্রের বাক্য আই অধোমুখে। কান্দে মাত্র, উত্তর না করে' কিছু দুঃখে ॥ ১৭৭
প্রভু বোলে, "মাতা! আমি জানিনু সকল। তোমার বধূর কিছু বুঝি অমঙ্গল ?" ১৭৮
তবে সভে কহিলেন, "শুনহ পণ্ডিত! তোমার ব্রাহ্মাণী গঙ্গা পাইলা নিশ্চিত ॥" ১৭৯

৫ (২য়) -বৃত্তি [খ, গ, ঙ]; ৮ (৮ম) আছে [ঞ]; ৯ (৫ম—৮ম) "গঙ্গা-প্রতি দণ্ডবৎ হৈলা ভালমতে ॥" [চ]; ১০ (৯ম) গৃহেতে [ঘ, ছ, ঝ, ঞ]; ১১ (৮ম) তবে [ঙ], গৃহে [জ]; ১২ (৭ম, ৮ম) বসিলা আসিয়া [গ, ঝ, ঞ]; ১৪ (৬ষ্ঠ—৮ম) যেমনে আছিলা বঙ্গে রঙ্গে [জ]; ১৬ (১ম) দুঃখ বড় [খ, ঘ, চ]; ১৭ (৫ম—১১শ) "নিজ নিজ গৃহে সভে করিলা গমন ॥" [চ]; ১৮ (৫ম) চর্বণ [ঞ]; ২০ (৪র্থ) -সমীপে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ]; ২২ (৪র্থ) পূর্ব- [গ], (১০ম) বহুমতে [গ, ঘ]; ২৩ (৪র্থ) বড়- [খ, গ, ঘ, ঙ, ছ], (৭ম) শুনি [ঙ]; ২৪ (১১শ) মনো-[ঙ]; ২৫ (৪র্থ—৬ষ্ঠ) জানিলাম যে কারণ [খ], (৯ম—১১শ) হৈল বৈকুণ্ঠ-গমন [খ]; ২৬ (৭ম) গৃহিণী [চ]।

পত্নীর বিজয় শুনি' গৌরাঙ্গ-শ্রীহরি। ক্ষণেক রহিলা কিছু হেঁট-মাথা করি' ॥ ১৮০
প্রিয়ার বিরহ-দুঃখ করিয়া স্বীকার। তুষ্ণী হঞা রহিলেন সর্ববেদ-সার ॥ ১৮১
লোকানুকরণ-দুঃখ ক্ষণেক করিয়া। কহিতে লাগিলা কিছু ধৈর্য চিত্ত হৈয়া ॥ ১৮২
তথা হি (শ্রীভাঃ ৮।১৬।১৯) —

"কস্য কে পতিপুত্রাদ্যা মোহ এব হি কারণম্।" ১৮৩

প্রভু বোলে "মাতা! দুঃখ ভাব' কি-কারণে। ভবিতব্য যে আছে, সে ঘুচিব কেমনে? ১৮৪
এইমত কালগতি—কেহো কারো নহে। অতএব 'সংসার অনিত্য' বেদে কহে ॥ ১৮৫
ঈশ্বরের অধীন সে সকল সংসার। সংযোগ-বিয়োগ কে করিতে পারে' আর? ১৮৬
অতএব যে হইল ঈশ্বর-ইচ্ছায়। হইল সে কার্য, আর দুঃখ কেনে তা'য়? ১৮৭
স্বামীর অগ্রেতে গঙ্গা পায় যে সুকৃতি। তা'র বড় আর কেবা আছে ভাগ্যবতী?" ১৮৮
এইমত প্রভু জননীরে প্রবোধিয়া। রহিলেন নিজ-কৃত্যে আপ্তগণ লৈয়া ॥ ১৮৯
শুনিয়া প্রভুর অতি-অমৃত-বচন। সভার হইল সর্বদুঃখ-বিমোচন ॥ ১৯০
হেনমতে বৈকুণ্ঠনায়ক গৌরহরি। কৌতুকে আছেন বিদ্যারসে ক্রীড়া করি' ॥ ১৯১
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৯২

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীগৌরাঙ্গস্য বঙ্গদেশ-বিজয়ো
নাম একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

---

১ (৭ম) মাত্র [ঘ]; ২ (৫ম) দুঃখী [খ, চ], স্তব্ধ [ছ, ঞ]; ৩ (১ম)-শোক [ঙ, চ], (৬ষ্ঠ) নিজ [ক, গ, জ, ঝ]; ৬ (১১শ) খণ্ডিব [ঞ]; ৭ (৮ম) অসার [চ]; ১০ (৬ষ্ঠ) যুবতী [চ]; ১১ (৬ষ্ঠ) -গৃহে [খ, চ], -কার্যে [জ]; ১২ (৩য়) মুখে অমৃত [চ], (৬ষ্ঠ) পূর্ব-দুঃখ [জ]; ১৪ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- (২য়,৩য়) জান [ঞ]।

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ। দান দেহ' হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব॥ ১
গোষ্ঠীর সহিতে শ্রীগৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্যকথা ভক্তি লভ্য হয়॥ ২
হেনমতে মহাপ্রভু বিদ্যার আবেশে। আছে গূঢ়রূপে, কা'রে না করে' প্রকাশে॥ ৩
সন্ধ্যা-বন্দনাদি প্রভু করি' উষঃকালে। নমস্করি' জননীরে পঢ়াইতে চলে॥ ৪
অনেক জন্মের ভৃত্য মুকুন্দ-সঞ্জয়। পুরুষোত্তমদাস হেন যাঁহার তনয়॥ ৫
প্রতিদিন সেই ভাগ্যবন্তের আলয়। পঢ়াইতে গৌরচন্দ্র করেন বিজয়॥ ৬
চণ্ডীগৃহে গিয়া প্রভু বসেন প্রথমে। তবে শেষে শিষ্যগণ আইসেন ক্রমে॥ ৭
ইথিমধ্যে কদাচিত কেহো কোন দিনে। কপালে তিলক না করিয়া থাকে ভ্রমে॥ ৮
ধর্ম-সনাতন প্রভু স্থাপে' সর্বধর্ম। লোক-রক্ষা লাগি' কভু না লঙ্ঘেন ধর্ম॥ ৯
হেন লজ্জা তাহারে দেন সেইক্ষণে। সে আর না আইসে কভু, সন্ধ্যা করি' বিনে॥১০
প্রভু বোলে, "কেনে ভাই! কপালে তোমার। তিলক না দেখি' কেনে কি যুক্তি ইহার॥
তিলক না থাকে যদি বিপ্রের কপালে। সে কপাল 'শ্মশান-সদৃশ' বেদে বোলে॥ ১২
বুঝিলাঙ,—আজি তুমি নাহি কর' সন্ধ্যা। আজি ভাই! তোমার হইল সন্ধ্যা বন্ধ্যা॥ ১৩
চল, সন্ধ্যা কর' গিয়া গৃহে পুনর্বার। সন্ধ্যা করি' তবে সে আসিহ পঢ়িবার॥" ১৪
এইমত প্রভুর যতেক শিষ্যগণ। সভেই অত্যন্ত নিজ-ধর্ম-পরায়ণ॥ ১৫
এতেক ঔদ্ধত্য প্রভু করেন কৌতুকে। হেন নাহি,—যা'রে না চালেন নানারূপে॥ ১৬
সবে পর-স্ত্রীর প্রতি নাহি পরিহাস। স্ত্রী দেখি' দূরে প্রভু হয়েন একপাশ॥ ১৭
বিশেষে চালেন প্রভু দেখি' শ্রীহট্টিয়া। কদর্থেন সেইমত বচন বলিয়া॥ ১৮
ক্রোধে শ্রীহট্টিয়াগণ বোলে, "অয় অয়। তুমি কোন্ দেশী, তাহা কহত নিশ্চয়॥ ১৯
পিতা-মাতা-আদি করি' যতেক তোমার। বোল দেখি,—শ্রীহট্টে না হয় জন্ম কা'র?২০
আপনে হইয়া শ্রীহট্টিয়ার তনয়। তভু ঢোল কর',—কোন্ যুক্তি ইথে হয়॥" ২১
যত যত বোলে, প্রভু প্রবোধ না মানে'। নানামতে কদর্থেন সে-দেশি বচনে॥ ২২
তাবত চালেন শ্রীহট্টিয়ারে ঠাকুর। যাবত তাহার ক্রোধ না হয় প্রচুর॥ ২৩
মহাক্রোধে কেহো লঞা যায় খেদাড়িয়া। লাগালি না পায়, যায় তর্জিয়া গর্জিয়া॥ ২৪

---

৫ (৬ষ্ঠ) হৈল [গ]; ৮ (৬ষ্ঠ) ললাটে [খ]; ৯ (৬ষ্ঠ, ৭ম) হেতু প্রভু [চ]; ১০ (৩য়, ৪র্থ) প্রভু তানে দেন [চ]; ১১ (৩য়) শুন [জ] ১২ (৭ম, ৮ম) তবে তারে [ক—ঝ]: ১৯ (৩য়—৫ম) বোলেন বচন [ঙ],(৪র্থ, ৫ম) হয় হয় [ঝ], (১২শ) কথন [ঙ]; ২১ (৫ম—১১শ] "তবে কেনে উপহাস কর মহাশয়?" [ক্বচিৎ পাঠ], (৬ষ্ঠ) ঢোল [ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (৮ম—১১শ) কেনে উচিত না হয় [ঙ]; ২৩ (৮ম, ৯ম) বাড়য়ে [ঙ], না বাড়ে[চ]।

কেহো বা ধরিয়া কোঁচা শিকৃদার-স্থানে। লঞা যায় মহাক্রোধে ধরি' দেওয়ানে ॥ ২৫
তবে শেষে আসিয়া প্রভুর সখাগণ। সমঞ্জস করাইয়া চলে সেইক্ষণ ॥ ২৬
কোনদিন থাকি' কোন বাঙ্গালের আড়ে। বাওয়াস ভাঙ্গিয়া তা'র পলায়েন রড়ে ॥ ২৭
এইমত চাপল্য করেন সভা'-সনে। সবে স্ত্রী মাত্র নাহি দেখেন দৃষ্টি-কোণে ॥ ২৮
'স্ত্রী' হেন নাম প্রভু এই অবতারে। শ্রবণো না করিলা—বিদিত সংসারে ॥ ২৯
অতএব যত মহামহিম সকলে। 'গৌরাঙ্গ নাগর' হেন স্তব নাহি বোলে ॥ ৩০
যদ্যপি সকল-স্তব সম্ভবে তাহানে। তথাপিহ স্বভাবে সে গায় বুধগণে ॥ ৩১
হেনমতে শ্রীমুকুন্দ-সঞ্জয়-মন্দিরে। বিদ্যারসে শ্রীবৈকুণ্ঠনায়ক বিহরে' ॥ ৩২
চতুর্দিগে শোভে শিষ্যগণের মণ্ডলী। মধ্যে পড়ায়েন প্রভু মহা-কুতূহলী ॥ ৩৩
বিষ্ণুতৈল শিরে দিতে আছে কোন দাসে। অশেষ-প্রকারে ব্যাখ্যা করে' নিজরসে ॥ ৩৪
উষঃকাল হৈতে দুই-প্রহর অবধি। পড়াইয়া গঙ্গাস্নানে চলে গুণবিধি ॥ ৩৫
নিশারো অর্দ্ধেক এইমত প্রতিদিনে। সেই পড়া চিন্তায়েন সভারে আপনে ॥ ৩৬
অতএব প্রভু-স্থানে বর্ষেক পড়িয়া। পণ্ডিত হয়েন সভে সিদ্ধান্ত জানিয়া ॥ ৩৭
হেনমতে বিদ্যারসে আছেন ঈশ্বর। বিবাহের কার্য শচী চিন্তে নিরন্তর ॥ ৩৮
সর্ব-নবদ্বীপে শচী নিরবধি মনে। পুত্রের সদৃশ কন্যা চাহে অনুক্ষণে ॥ ৩৯
সেই নবদ্বীপে বৈসে মহাভাগ্যবান্। দয়াশীল-স্বভাব—শ্রীসনাতন-নাম ॥ ৪০
অকৈতব, পরম-উদার, বিষ্ণুভক্ত। অতিথি-সেবনে পর-উপকারে রত ॥ ৪১
সত্যবাদী, জিতেন্দ্রিয়, মহা-বংশ-জাত। পদবী 'রাজপণ্ডিত' সর্বত্র বিখ্যাত ॥ ৪২
ব্যবহারেহ পরম-সম্পন্ন এক জন। অনায়াসে অনেকেরে করেণ পোষণ ॥ ৪৩
তাঁ'র কন্যা আছেন পরম-সুচরিতা। মূর্তিমতী লক্ষ্মী প্রায় সেই জগন্মাতা ॥ ৪৪
শচীদেবী তানে দেখিলেন যেইক্ষণে। এই কন্যা পুত্রযোগ্যা,—বুঝিলেন মনে ॥ ৪৫
শিশু হৈতে দুই-তিন-বার গঙ্গা-স্নান। পিতৃ-মাতৃ-বিষ্ণু-ভক্তি বিনা নাহি আন ॥ ৪৬
আইরে দেখিয়া ঘাটে প্রতি দিনে দিনে। নম্র হঞা নমস্কার করেন চরণে ॥ ৪৭
আইও করেন মহাপ্রীত্যে আশীর্বাদ। "যোগ্য-পতি কৃষ্ণ তোমার করুন প্রসাদ ॥" ৪৮

---

১ (৪র্থ) ক্রোধে [গ, ঙ], কাছে [ছ], লয় [ঝ]; ২ "হট্টগোল প্রভুর আপ্তগণে নাহি ভায়। শেষে আসি' সমঞ্জস করাঞা দিয়া যায় ॥" [ক্বচিৎ পাঠ], (৩য়) হাসিয়া [ঙ]; ৫ (৭ম—৯ম) শ্রবণেও না শুনে [ঙ]; ৭ (২য়) -গুণ [চ], (৯ম) সাধুজনে [ঘ]; ১০ (৯ম, ১০ম) করেন হরিষে [ঞ], (১০ম) নিজাবেশে [গ, ঘ], নানারসে [চ]; ১২ (৫ম, ৬ষ্ঠ) পড়ায়েন [থ, ঞ], সেই পাঠ [ঙ]; ১৪ (৮ম, ৯ম) চিন্তেন অন্তর [গ, ঙ, জ, ঞ]; ১৫ (৩য়, ৪র্থ) চিন্তে মনে মনে [ঙ, চ]; ১৯ (২য়) -সম্পূর্ণ [থ], (৮ম) ভরণ [ক—গ, ঙ—জ], পালন [ঞ]; ২১ (৮ম) করিলেন [ঘ]; ২২ (৪র্থ) -স্নানে [চ], (৬ষ্ঠ—৮ম) সভার সম্মান [ঘ], (৮ম) জানে [থ, চ]; ২৩ (৩য়—৬ষ্ঠ) গঙ্গাঘাটে প্রতিদিনে [ঘ, চ], গঙ্গাঘাটে গঙ্গাস্নানে [ঙ]; ২৪ (১ম—৩য়) আই প্রীতে মহাসুখে করে [ঘ], শচীও করেন প্রতিদিন [ঙ, চ]।

গঙ্গা-স্থানে আই মনে করেন কামনা। "এ কন্যা আমার পুত্রে হউক ঘটনা॥" ৪৯
রাজপণ্ডিতেরো ইচ্ছা সর্ব-গোষ্ঠী সনে। প্রভুরে করিতে কন্যা দান নিজ-মনে॥ ৫০
দৈবে শচী কাশীনাথ-ঘটকেরে আনি'। বলিলেন তা'রে,—"বাপ! শুন এক বাণী॥ ৫১
রাজপণ্ডিতেরে কহ,—ইচ্ছা থাকে তান। আমার পুত্রেরে তবে করু কন্যা দান॥" ৫২
কাশীনাথ-পণ্ডিত চলিলা সেইক্ষণে॥ 'কৃষ্ণ কৃষ্ণ' বলি' রাজপণ্ডিত-ভবনে॥ ৫৩
কাশীনাথে দেখি' রাজপণ্ডিত আপনে। বসিতে আসন আনি' দিলেন আপনে॥ ৫৪
পরম-গৌরবে বিধি করে' যথোচিত। "কি কার্যে আইলা?" জিজ্ঞাসিলেন পণ্ডিত॥ ৫৫
কাশীনাথ বোলেন, "আছেয়ে এক কথা। চিত্তে লয় যদি তবে করহ সর্বথা॥ ৫৬
বিশ্বম্ভর-পণ্ডিতেরে তোমার দুহিতা। দান কর'—এ সম্বন্ধ উচিত সর্বথা॥ ৫৭
তোমার কন্যার যোগ্য সেই দিব্য-পতি। তাহান উচিত পত্নী এই মহাসতী॥ ৫৮
যেন কৃষ্ণ-রুক্মিণীতে অন্যোঽন্যে উচিত। সেইমত বিষ্ণুপ্রিয়া-নিমাঞি-পণ্ডিত॥" ৫৯
শুনি' বিপ্র পত্নী-আদি আপ্তবর্গ-সহে। লাগিলা করিতে যুক্তি, 'বুঝি কে কি কহে"॥ ৬০
সভে বলিলেন, "আর কি কার্য বিচারে? সর্বথা এ-কর্ম গিয়া করহ সত্বরে॥" ৬১
তবে রাজপণ্ডিত হইয়া হর্ষমতি। বলিলেন কাশীনাথ-পণ্ডিতের প্রতি॥ ৬২
"বিশ্বম্ভর-পণ্ডিতের করে কন্যা দান। করিমু সর্বথা, বিপ্র! ইথে নাহি আন॥ ৬৩
ভাগ্য থাকে যদি সর্ব-বংশের আমার। তবে হেন সুসম্বন্ধ হইব কন্যার॥ ৬৪
চল তুমি, তথা গিয়া, কহ সর্ব-কথা। আমি পুন দঢ়াইলুঁ,—করিমু সর্বথা॥" ৬৫
শুনিঞা সন্তোষে কাশীনাথ-মিশ্রবর। সকল কহিলা আসি' শচীর গোচর॥ ৬৬
কার্যসিদ্ধি শুনি' আই সন্তোষ হইলা। সকল উদ্‌যোগ তবে করিতে লাগিলা॥ ৬৭
প্রভুর বিবাহ শুনি' সর্ব-শিষ্যগণ। সভেই হৈল অতি-পরানন্দ-মন॥ ৬৮
প্রথমে বলিলা বুদ্ধিমন্ত মহাশয়। "মোর ভার—এ বিবাহে যত লাগে ব্যয়॥" ৬৯
মুকুন্দ-সঞ্জয় বোলে, "শুন সখা ভাই! তোমার সকল ভার, মোর কিছু নাই?" ৭০
বুদ্ধিমন্ত-খান বোলে, "শুন সব ভাই! বামনিঞা মত এ বিবাহে কিছু নাই॥ ৭১
এ বিবাহ পণ্ডিতের করাইমু হেন। রাজকুমারের প্রায় লোকে দেখে যেন॥" ৭২
তবে সভে মিলি' শুভদিন শুভক্ষণে। অধিবাস-লগ্ন করিলেন হর্ষ-মনে॥ ৭৩
বড় বড় চন্দ্রাতপ সব টাঙ্গাইয়া। চতুর্দিগে রুইলেন কদলী আনিয়া॥ ৭৪
পূর্ণ-ঘট, দীপ, ধান্য, দধি, আম্রসার। যতেক মঙ্গল-দ্রব্য আছয়ে প্রচার॥ ৭৫

---

১ (১ম) স্নানে [ক, খ, ঘ, ঙ, চ, ঝ, ঞ], (২য়—৩য়) শচীদেবী [খ]; ৩ (৩য়) পণ্ডিতেরে [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ], -মিশ্রে ডাকি' [ঞ]; ৪ (৮ম) তিহো [ঘ]; ৫ (৪র্থ) দুর্গা [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ ঞ]; ৬ (৭ম, ৮ম) দিল বড়ই [ঘ]; ৯ (৪র্থ, ৫ম) মনে লয়, (৮ম) করহ [ঙ]; ১২ (৪র্থ) সর্বগোষ্ঠী- [ঙ], (৮ম) দেখি [খ, ঙ]; ১৪ (৬ষ্ঠ)-ঘটকের [চ]; ১৫ (১ম, ২য়) -পণ্ডিতেরে দিব [ক, গ, ঘ, চ, ঞ], -পণ্ডিতে করিব [ঙ, জ]; ১৭ (৭ম—৯ম) মুঞি দঢ়াইলুঁ ইহা [ঙ]; ১৮ (৩য়)-বিপ্রবর [ছ, ঞ]।

সকল এক এ আনি' করি' সমুচ্চয়। সর্ব ভূমি করিলেন আলিপনা-ময়॥ ৭৬
যতেক বৈষ্ণব, আর যতেক ব্রাহ্মণ। নবদ্বীপে আছয়ে যতেক সুসজ্জন॥ ৭৭
সভারেই নিমন্ত্রণ করিলা সকালে। "অধিবাসে গুয়া আসি' খাইবা বিকালে॥" ৭৮
অপরাহ্ণ-কাল মাত্র হইল আসিয়া। বাদ্য আসি' করিতে লাগিল বাজনিয়া॥ ৭৯
মৃদঙ্গ, সানাঞি, জয়ডাক, করতাল। নানাবিধ বাদ্যধ্বনি উঠিল বিশাল॥ ৮০
ভাটগণে পড়িতে লাগিল রায়বার। পতিব্রতাগণে করে জয়জয়কার॥ ৮১
বিপ্রগণে করিতে লাগিলা বেদধ্বনি। মধ্যে আসি' বসিলা দ্বিজেন্দ্র-কুল-মণি॥ ৮২
চতুর্দিকে বসিলেন ব্রাহ্মণ-মণ্ডলী। সভেই হইলা চিত্তে মহা-কুতূহলী॥ ৮৩
তবে গন্ধ, চন্দন, তাম্বূল, দিব্যমালা। ব্রাহ্মণগণেরে সভে দিবারে লাগিলা॥ ৮৪
গলে মালা, সর্ব-অঙ্গে লেপিয়া চন্দনে। একো বাটা তাম্বূল সে দেন প্রতিজনে॥ ৮৫
বিপ্রকুল নদীয়া—বিপ্রের অন্ত নাই। কত যায়, কত আইসে, অবধি না পাই॥ ৮৬
তথি-মধ্যে লোভিষ্ঠ অনেক জন আছে। একবার লৈয়া পুন আর কাচ কাচে॥ ৮৭
আরবার আসি' মহা-লোকের গহলে। চন্দন, গুবাক, মালা নিয়া নিয়া চলে॥ ৮৮
সভেই আনন্দে মত্ত—কে বা কা'রে চিনে। প্রভুও হাসিয়া আজ্ঞা করিলা আপনে॥ ৮৯
"সভারে তাম্বুল মালা দেহ' তিন বার। চিন্তা নাহি, ব্যয় কর', যে ইচ্ছা যাহার॥" ৯০
একবার নিয়া, যে যে লয় আরবার। এ আজ্ঞায় তাহার কৈলেন প্রতিকার॥ ৯১
"পাছে কেহো চিনিয়া বিপ্রেরে মন্দ বোলে। পরমার্থে দোষ হয় শাঠ্য করি' নিলে॥" ৯২
বিপ্র-প্রিয় প্রভুর চিত্তের এই কথা। 'তিনবার দিলে পূর্ণ হইবে সর্বথা॥' ৯৩
তিনবার পাঞা তবে সভে হর্ষ-মন। শাঠ্য করি' আর নাহি লয় কোন জন॥ ৯৪
এইমত মালায়, চন্দনে, গুয়া-পানে। হইল অনন্ত, মর্ম কেহো নাহি জানে॥ ৯৫
মনুষ্যে পাইল যত, সে থাকুক দূরে। ভূমিতে পড়িল যত দিতে মনুষ্যেরে॥ ৯৬
সেহ যদি প্রাকৃত-লোকের ঘরে হয়। তাহাতেই তা'র পাঁচ বিভা নির্বাহ হয়॥ ৯৭
সকল-লোকের চিত্তে হইল উল্লাস। সভে বোলে, "ধন্য ধন্য এই অধিবাস॥ ৯৮
লক্ষেশ্বর-বিভা দেখিয়াছি নবদ্বীপে। হেন অধিবাস নাহি করে' কা'রো বাপে॥" ৯৯
এইমত চন্দন, মালা, দিব্য গুয়া পান। অকাতরে কেহো কভু নাহি করে' দান॥ ১০০
তবে রাজপণ্ডিত আনন্দ-চিত্ত হৈয়া। আইলেন অধিবাস সামগ্রী লইয়া॥ ১০১

১— "সর্বভূমি করিলেন আলিপনাময়। ঘট পাতি' তথি -মধ্যে আম্রশাখা দেয়॥" [ছ]; ৫ (২য়) সারঙ্গ [চ]; ৬ (৪র্থ) কায়বার [গ, ঘ, চ, ছ, জ]; ৭ (৭ম, ৮ম) বসিলেন বেদ-শিরোমণি [চ]; ৯ (পুষ্প], (৬ষ্ঠ, ৭ম) ব্রাহ্মণ -সজ্জনগণে [ঘ]; ১০ (১ম) শিরে [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ]; ১২ (১০ম) বেশ [ক, ঘ, ঙ, জ, ঞ]; ১৩ (৩য়, ৪র্থ) সর্ব লোকের মিশালে [চ]; ১৭ (৭ম, ৮ম) পরমার্থ-দ্রোহ [ঘ]; ২০ (৬ষ্ঠ, ৭ম) অনন্তময় [ঙ, ছ]; ২১ (৭ম) পৃথ্বীতে [ক, খ, ঙ, জ, ঝ]; ২২ (৭ম) সাত [খ, ঘ, ঙ, ছ], ভাল [ঞ]; ২৩ (৯ম) ধন্য [ক, ঙ, ছ, জ, ঝ, ঞ] ২৪(১ম—৩য়) লক্ষেশ্বরো দেখিয়াছি এই [ক,খ, গ,ঙ,চ,ছ,জ,ঝ,ঞ]; ২৫(৭ম) অকৈতবে [ঙ] ২৬ (৩য়)-যুক্ত[গ,ঙ,চ,ছ]।

বিপ্রবর্গ আপ্তবর্গ করি' নিজ-সঙ্গে। বহুবিধ বাদ্য নৃত্য-গীত-মহারঙ্গে॥ ১০২
বেদ বিধি-পূর্বক পরম হর্ষ-মনে। ঈশ্বরেরে গন্ধ-স্পর্শ কৈলা শুভক্ষণে॥ ১০৩
ততক্ষণে মহা জয়-জয়-হরি-ধ্বনি। করিতে লাগিলা সভে মহা-স্বস্তি-বাণী॥ ১০৪
পতিব্রতাগণে দেয় জয়জয়কার। বাদ্য-গীতে হৈল মহানন্দ-অবতার॥ ১০৫
হেনমতে করি' অধিবাস শুভ-কায। গৃহে চলিলেন সনাতন বিপ্ররাজ॥ ১০৬
এইমত গিয়া ঈশ্বরের আপ্তগণে। লক্ষ্মীরে করিলা অধিবাস শুভক্ষণে॥ ১০৭
আর যত কিছু লোকে 'লোকাচার' বোলে। দোহারাই সব করিলেন কুতূহলে॥ ১০৮
তবে সুপ্রভাতে প্রভু করি' গঙ্গাস্নান। আগে বিষ্ণু পূজি' গৌরচন্দ্র ভগবান্॥ ১০৯
তবে শেষে সর্ব-আপ্তগণের সহিতে। বসিলেন নন্দীমুখ-কর্মাদি করিতে॥ ১১০
বাদ্য-নৃত্য-গীতে হৈল মহা-কোলাহল। চতুর্দিগে জয় জয় উঠিল মঙ্গল॥ ১১১
পূর্ণ-ঘট, ধান্য, দধি, দীপ, আম্রসার। স্থাপিলেন ঘর-দ্বারে অঙ্গনে অপার॥ ১১২
চতুর্দ্দিগে নানা-বর্ণে উড়য়ে পতাকা। কদলক রোপি' বান্ধিলেন আম্রশাখা॥ ১১৩
তবে আই পতিব্রতাগণ করি' সঙ্গে। লোকাচার করিতে লাগিলা মহারঙ্গে॥ ১১৪
আগে গঙ্গা পূজিয়া পরম-হর্ষ মনে। তবে বাদ্য-বাদনে গেলেন ষষ্ঠী-স্থানে॥ ১১৫
ষষ্ঠী পূজি' তবে বন্ধু মন্দিরে-মন্দিরে। লোকাচার করি' আইলা নিজ-ঘরে॥ ১১৬
তবে খই, কলা, দধি, তাম্বূল, সিন্দূরে। দিয়া দিয়া পূর্ণ করিলেন স্ত্রীগণেরে॥ ১১৭
ঈশ্বর-প্রভাবে দ্রব্য হৈল অসংখ্যাত। শচীও সভারে দেন বার পাঁচ-সাত॥ ১১৮
তৈলে স্নান করিলেন সর্ব-নারিগণে। হেন নাহি, পরিপূর্ণ নহিল যে মনে॥ ১১৯
এইমত মহানন্দ লক্ষ্মীরো ভবনে। লক্ষ্মীর জননী করিলেন হর্ষ-মনে॥ ১২০
শ্রীরাজপণ্ডিত অতি চিত্তের উল্লাসে। সর্বস্ব নিক্ষেপ করি' মহানন্দে ভাসে॥ ১২১
সর্ব-বিধি-কর্ম করি' শ্রীগৌরসুন্দর। বসিলেন ক্ষণেক সে হঞা অবসর॥ ১২২
তবে সব ব্রাহ্মণেরে ভোজ্য বস্ত্র দিয়া। করিলেন সন্তোষ পরম-নম্র হৈয়া॥ ১২৩
যে যেমন পাত্র, যা'র যোগ্য যেন দান। সেইমত করিলেন সভারে সম্মান॥ ১২৪
মহাপ্রীতে আশীর্বাদ করি' বিপ্রগণ। গৃহে চলিলেন সভে করিতে ভোজন॥ ১২৫
অপরাহ্ণ-বেলা আসি' লাগিল হইতে। সভাই প্রভুর বেশ লাগিলা করিতে॥ ১২৬
চন্দনে লেপিত করি' সকল-শ্রীঅঙ্গ। মধ্যে মধ্যে বিন্দু বিন্দু দিল তথি গন্ধ॥ ১২৭

---

১ (৭ম) -নানারঙ্গে [ঙ]; ২ (১ম, ২য়) বেদ-ধ্বনি বিপ্রগণ করি' [চ]; ৩ (৭ম) -স্তুতি- [ঘ, ঙ, ঞ]; ৬ (৫ম—৭ম) বিষ্ণুপ্রিয়া-অধিবাস করিলা [খ, ছ]; ৮ (৭ম—৯ম) কৃষ্ণ পূজিলেন গৌরচন্দ্র [ঘ]; ৯ (৬ষ্ঠ)-শ্রাদ্ধ [চ]; ১১ (৪র্থ) দুগ্ধ [চ], দিয়া [ছ]; ১২ (৫ম, ৬ষ্ঠ) কদলী করবী [ঞ]; ১৩ (৩য়) বিপ্রপত্নীগণ [ছ], (৬ষ্ঠ—৮ম) পরমানন্দ করিলেন [ঘ, চ], (৭ম, ৮ম) আনন্দ করেন [চ]; ১৬ (৮ম, ৯ম) হরষিত [ঘ]; ১৮ (১০ম) জনে [গ, ঞ]; ২৩ (৯ম) করিলা প্রভু [ছ]; ২৪ (৮ম) করিয়া [ঘ, চ]: ২৬ (৫ম—১০ম) সর্ব-অঙ্গে বিন্দু বিন্দু তথি দিল গন্ধ॥" [ঘ], (৭ম) তাহাতে [চ]।

অর্ধচন্দ্রাকৃতি করি' ললাটে চন্দন। তথি মধ্যে গন্ধের তিলক সুশোভন॥ ১২৮
অদ্ভুত মুকুট শোভে' শ্রীশির-উপর। সুগন্ধি-মালায় পূর্ণ হৈল কলেবর॥ ১২৯
দিব্য সূক্ষ্ম পীতবস্ত্র ত্রিকচ্ছ-বিধানে। পরাইয়া কজ্জ্বল দিলেন শ্রীনয়নে॥ ১৩০
ধান্য, দূর্বা, সূত্র করে করিয়া বন্ধন। ধরিতে দিলেন রম্ভা-মঞ্জরী দর্পণ॥ ১৩১
সুবর্ণ-কুণ্ডল দুই শ্রুতিমূলে দোলে। নবরত্নহার বান্ধিলেন বাহুমূলে॥ ১৩২
এইমত যে যে শোভা করে' যে যে অঙ্গে। সকল ঘটনা সভে করিলেন রঙ্গে॥ ১৩৩
ঈশ্বরের মূর্তি দেখি' যত নরনারী। মুগ্ধ হইলেন সভে আপনা' পাশরি'॥ ১৩৪
প্রহরেক বেলা আছে হেনই সময়। সভেই বোলেন, "শুভ করাহ বিজয়॥ ১৩৫
প্রহরেক সর্ব-নবদ্বীপে বেড়াইয়া। কন্যা-গৃহে যাইবেন গোধূলি করিয়া॥" ১৩৬
তবে দিব্য দোলা সাজি' বুদ্ধিমন্তখান। হরিষে আনিয়া করিলেন উপস্থান॥ ১৩৭
বাদ্য-গীতে উঠিল পরম-কোলাহল। বিপ্রগণ করে' বেদধ্বনি সুমঙ্গল॥ ১৩৮
ভাটগণে পড়িতে লাগিল রায়বার। সর্ব-দিগে হইল আনন্দ-অবতার॥ ১৩৯
তবে প্রভু জননীরে প্রদক্ষিণ করি'। বিপ্রগণে নমস্করি' বহুমান্য করি'॥ ১৪০
দোলায় বসিলা শ্রীগৌরাঙ্গ মহাশয়। সর্বদিগে উঠিল মঙ্গল জয় জয়॥ ১৪১
নারীগণ দিতে লাগিলেন জয়কার। শুভধ্বনি বিনা কোন-দিগে নাহি আর॥ ১৪২
প্রথমে বিজয় করিলেন গঙ্গাতীরে। স্বর্ণছত্র ধরিলেন শিরের উপরে॥ ১৪৩
সহস্র সহস্র দীপ লাগিল জ্বলিতে। নানাবিধ বাদ্য সব লাগিল বাজিতে॥ ১৪৪
আগে যত পদাতিক বুদ্ধিমন্ত-খাঁর। চলিল হইয়া দুই সারি পাটোয়ার॥ ১৪৫
নানা-বর্ণে পতাকা চলিল তা'র পাছে। বিদূষক-সকল চলিল নানা-কাচে॥ ১৪৬
নর্তক বা না জানি কতেক সম্প্রদায়। পরম-উল্লাসে দিব্য নৃত্য করি' যায়॥ ১৪৭
জয়ডাক, বীরডাক, মৃদঙ্গ, কাহাল। পটহ, দগড়, শঙ্খ, বংশী, করতাল॥ ১৪৮
বরঙ্গ, শিঙ্গা, পঞ্চশব্দী বাদ্য বাজে যত। কে লিখিবে—বাদ্যভাণ্ড বাজি' যায় কত॥ ১৪৯
সহস্রেক শিশু বাদ্যভাণ্ডের ভিতরে। রঙ্গে নাচি' যায়—দেখি' হাসেন ঈশ্বরে॥ ১৫০
সে মহা-কৌতুক দেখি' শিশুর কি দায়। জ্ঞানবান্ সভে লজ্জা ছাড়ি' নাচি' যায়॥ ১৫১
প্রথমে আসিয়া গঙ্গাতীরে কথোক্ষণ। করিলেন নৃত্য, গীত, আনন্দ বাজন॥ ১৫২

---

১ (৬ষ্ঠ, ৭ম) ফাগুগন্ধ-বিন্দু [ঘ]; ৩ (৮ম) দু'নয়ানে [ঘ]; ৪ (৯ম) স্বর্ণ- [ঞ]; ৫ (৪র্থ) সাজে [ক, খ, গ, ঘ, ঞ], (৭ম) বাহুমাঝে [ক, খ, গ, ঘ ঞ]; ১০ (৯ম) বিদ্যমান [ক, খ, ঘ, ঙ, চ, জ, ঞ]; ১১ (৩য়) -কুতূহল [চ], (৫ম, ৬ষ্ঠ) বেদধ্বনি পড়ে [ঙ]; ১২ (৪র্থ) কায়বার [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], (৭ম) -অপার [চ] ১৩ (৭ম—৯ম) প্রণাম করিলা গৌরহরি [ঘ]; ১৪ (৭ম) গৌরাঙ্গ [ক্বচিৎ পাঠ]; ১৫ (৫ম—৭ম) শুভহরিধ্বনি বিনা কিছু [ছ]; ১৬ (৫ম) পূর্ণচন্দ্র [ক, খ, গ, ছ, জ, ঝ, ঞ], পূর্ণছত্র [ঙ]; ১৭ (১০ম) করিতে [ক, গ, জ, ঝ, ঞ]; ২০ (১ম—৫ম) নাটুয়া না জানি হইল কত [ঘ], (২য়—৪র্থ) বাদক যায় [চ]; ২১ (৫ম) দাদামা [ঞ]; ২২ (১ম) বরগোঁ [খ, ঝ], (১০ম, ১১শ) বাজিছে বা [চ]; ২৩(১ম) লক্ষ- লক্ষ [ক, ঘ চ, ছ, জ ঝ,], (৭ম) রড়ে [জ]।

তবে পুষ্পবৃষ্টি করি' গঙ্গা নমস্করি'। চলিলা কৌতুক করি' নবদ্বীপ-পুরী ॥ ১৫৩
দেখি' অতি-অমানুষী বিবাহ-সম্ভার। সর্ব্বলোক চিত্তে মহা পায় চমৎকার ॥ ১৫৪
"বড় বড় বিভা দেখিয়াছি" লোকে বোলে। "এমত সমৃদ্ধি নাহি দেখি কোনকালে ॥"
এইমত স্ত্রী-পুরুষে প্রভুরে দেখিয়া। আনন্দে ভাসয়ে সব সুকৃতি নদীয়া ॥ ১৫৬
সবে যা'র রূপবতী কন্যা আছে ঘরে। সেইসর্ব বিপ্র সবে বিমরিষ করে' ॥ ১৫৭
"হেন বরে কন্যা নাহি পারিলাঙ দিতে। আপনার ভাগ্য নাহি—হইব কেমতে ?" ১৫৮
নবদ্বীপবাসির চরণে নমস্কার। এ মত আনন্দ দেখিবারে শক্তি যা'র ॥ ১৫৯
হেনমতে রঙ্গে প্রভু নগরে নগরে। ভ্রমেণ কৌতুকে সর্ব-নবদ্বীপ-পুরে ॥ ১৬০
গোধূলি-সময় আসি' প্রবেশ হইতে। রাজপণ্ডিতের দ্বারে আইলা হরষিতে ॥ ১৬১
মহা-জয়জয়কার লাগিল হইতে। দুই বাদ্যভাণ্ড বাদে লাগিল বাজিতে ॥ ১৬২
পরম-সম্ভ্রমে রাজপণ্ডিত আসিয়া। দোলা হৈতে কোলে করি' বসাইলা লৈয়া ॥ ১৬৩
পুষ্পবৃষ্টি করিলেন সন্তোষে আপনে। জামাতা দেখিয়া হর্ষে দেহ নাহি জানে ॥ ১৬৪
তবে বরণের সজ্জ-সামগ্রী লইয়া। জামাতা বরিতে বিপ্র বসিলা আসিয়া ॥ ১৬৫
পাদ্য, অর্ঘ্য, আচমনী, বস্ত্র, অলঙ্কার। যথাবিধি দিয়া কৈলা বরণ-ব্যভার ॥ ১৬৬
তবে তান পত্নী নারীগণের সহিতে। মঙ্গল-বিধান আসি' লাগিলা করিতে ॥ ১৬৭
ধান্য, দূর্বা দিলেন প্রভুর শ্রীমস্তকে। আরতি করিলা সপ্ত-ঘৃতের প্রদীপে ॥ ১৬৮
খই কড়ি ফেলি' করিলেন জয়কার। এইমত যত কিছু করি' লোকাচার ॥ ১৬৯
তবে সর্ব-অলঙ্কারে ভূষিত করিয়া। বিষ্ণুপ্রিয়া আনিলেন আসনে ধরিয়া ॥ ১৭০
তবে হর্ষে প্রভুরে সকল আপ্তগণে। প্রভুরেহ তুলিলেন ধরিয়া আসনে ॥ ১৭১
তা'র মধ্যে অন্তঃপট ধরি' লোকাচারে। সপ্ত প্রদক্ষিণ করাইলেন কন্যারে ॥ ১৭২
তবে লক্ষ্মী প্রদক্ষিণ করি' সপ্তবার। রহিলেন সম্মুখে করিয়া নমস্কার ॥ ১৭৩
তবে পুষ্প-ফেলাফেলি লাগিল হইতে। দুই বাদ্যভাণ্ড মহা লাগিল বাজিতে ॥ ২৭৪
চতুর্দিকে স্ত্রী-পুরুষে করে' জয়ধ্বনি। আনন্দ আসিয়া অবতরিলা আপনি ॥ ১৭৫
আগে লক্ষ্মী জগন্মাতা প্রভুর চরণে। মালা দিয়া করিলেন আত্ম-সমর্পণে ॥ ১৭৬

---

১ (৬ষ্ঠ—৮ম) ভ্রমেণ কৌতুকে সর্ব [ক, খ, গ, ঙ, ছ, ঝ, ঞ]; ৩ (৭ম, ৮ম) এইমত বিবাহ [ঙ], এমন সজ্জট্ট [ঞ]; ৫ (৭ম—৯ম) তারা সব মনে বড় [ঙ]; ৮ (১ম—৪র্থ) এইমতে রঙ্গ করি' সকল [ঘ]; ৯ (৫ম—৮ম) "আইলেন রাজপণ্ডিতের মন্দিরেতে ॥" [ক, খ, গ, চ, ছ, জ, ঝ, ঞ], আইলেন প্রভু রাজপণ্ডিত বাড়ীতে [ঙ]; ১০ (১ম) -জয়জয়ধ্বনি [ঘ, ঙ]; ১৩ (৩য়) সব- [খ, ঘ, ঙ, ছ, জ]; ১৪ (৩য়) আচমনীয় [খ, গ, ঙ, ঞ], (৯ম) ব্যবহারে [ক, খ, ঙ, চ]; ১৬ (৮ম, ৯ম) অতি মনের কৌতুকে [ঞ]; ১৭ (২য়) কদলী [জ], (৯ম) ছিল [চ]; ১৮ (২য়) স্বর্ণ- [ছ], (৫ম) লক্ষ্মীদেবী [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ], (৮ম) করিয়া [কচিৎ পাঠ]; ১৯ (৬ষ্ঠ) ভূমি হইতে [ছ]; ২০ (১ম) তবে [ক, ঙ জ], (৫ম) ধরিল কাপড়ে [চ], (৬ষ্ঠ—৯ম) "প্রভু নিরীক্ষণ তবে করিলা লক্ষ্মীরে [চ [; ২৪ (১ম) তবে [ঘ, ঞ], (৯ম) সর্ব- [ছ]।

তবে গৌরচন্দ্র প্রভু ঈষত হাসিয়া। লক্ষ্মীর গলায় মালা দিলেন তুলিয়া॥ ১৭৭
তবে লক্ষ্মী-নারায়ণ পুষ্প-ফেলাফেলি। করিতে লাগিলা হঞা মহা-কুতূহলী॥ ১৭৮
ব্রহ্মাদি-দেবতা সব অলক্ষিত রূপে। পুষ্পবৃষ্টি লাগিলেন করিতে কৌতুকে॥ ১৭৯
আনন্দ-বিবাদে লক্ষ্মীগণে প্রভুগণে। উচ্চ করি' বর কন্যা তোলে হর্ষ-মনে॥ ১৮০
ক্ষণে জিনে প্রভুগণে ক্ষণে লক্ষ্মীগণে। হাসি' হাসি' প্রভুরে বোলয়ে সর্বজনে॥ ১৮১
ঈষত হাসিলা প্রভু সুন্দর শ্রীমুখে। দেখি' সর্বলোকে ভাসে পরানন্দ-সুখে॥ ১৮২
সহস্র সহস্র মহাতাপ-দীপ জ্বলে। কর্ণে কিছু নাহি শুনি বাদ্য-কোলাহলে॥ ১৮৩
মুখচন্দ্রিকার মহাবাদ্য-জয়-ধ্বনি। সকল ব্রহ্মাণ্ড পশিলেক—হেন শুনি॥ ১৮৩
হেনমতে শ্রীমুখচন্দ্রিকা করি' রঙ্গে। বসিলেন শ্রীগৌরসুন্দর লক্ষ্মী-সঙ্গে॥ ১৮৫
তবে রাজপণ্ডিত পরম-হর্ষ-মনে। বসিলেন করিবারে কন্যা-সম্প্রদানে॥ ১৮৬
পাদ্য, অর্ঘ্য, আচমনী যথা বিধি-মতে। ক্রিয়া করি' লাগিলেন সঙ্কল্প করিতে॥ ১৮৭
বিষ্ণু-প্রীতি কাম্য করি' শ্রীলক্ষ্মীর পিতা। প্রভুর শ্রীকরে সমর্পিলেন দুহিতা॥ ১৮৮
তবে দিব্য ধেনু, ভূমি, শয্যা, দাসী, দাস। অনেক যৌতুক দিয়া করিলা উল্লাস॥ ১৮৯
লক্ষ্মীরে বসাইল প্রভুর বাম-পাশে। হোম-কর্ম করিতে লাগিলা তবে শেষে॥ ১৯০
বেদাচার, লোকাচার যত কিছু আছে। সব করি' বর-কন্যা ঘরে নিলা পাছে॥ ১৯১
বৈকুণ্ঠ হইল রাজপণ্ডিত-আবাসে। ভোজন করিতে যাঞা বসিলেন শেষে॥ ১৯২
ভোজন করিয়া সুখ-রাত্রি সুমঙ্গলে। লক্ষ্মী-কৃষ্ণ একত্র রহিলা কুতূহলে॥ ১৯৩
সনাতন-পণ্ডিতের গোষ্ঠীর সহিতে। যত সুখ হৈল, তাহা কে পারে' কহিতে? ১৯৪
ভীষ্মক, জনক, সত্রাজিত, জাম্বুবন্ত। পূর্বে তাঁ'রা যেন হঞাছিলা ভাগ্যবন্ত॥ ১৯৫
সেই ভাগ্য এবে গোষ্ঠী-সহ সনাতন। পাইলেন পূর্ব বিষ্ণুসেবার কারণ॥ ১৯৬
তবে রাত্রি-প্রভাতে যে ছিল লোকাচার। সকল করিলা সর্ব-ভুবনের সার॥ ১৯৭
অপরাহ্নে গৃহে আসিবার হৈল কাল। বাদ্য, নৃত্য, গীত হৈতে লাগিল বিশাল॥ ১৯৮
চতুর্দিগে জয়ধ্বনি লাগিল হইতে। নারীগণে জয়কার লাগিলেন দিতে॥ ১৯৯
বিপ্রগণে আশীর্বাদ লাগিলা করিতে। যাত্রা-যোগ্য শ্লোক সভে লাগিলা পঢ়িতে॥ ২০০
ঢাক, কড়া, সানাঞি, বরঙ্গ, করতাল। অন্যোহন্যে বাদ করি' বাজায়ে বিশাল॥ ২০১

---

২ (৬ষ্ঠ) দুই [ঘ]; ৫ (৬ষ্ঠ, ৭ম) হাসরসে [জ]; ৬ (৮ম) হাসে [ক, খ, গ, জ, ঝ], (৯ম) মহানন্দ-[ঙ] ৭ (৯ম) বাক্য- [ঘ]; ৮ (৫ম) স্পর্শিলেক [ক, খ, গ, ছ]; ১১ (৩য়) আচমনীয় [ক, খ, ঙ, চ]; ১৭ (১ম—৩য়) সভাজন করি সব রাত্রি [ক্বচিৎ পাঠ], (৩য়) শুভ- [খ, ঘ, ঙ, ঞ], (৫ম) প্রভু-লক্ষ্মী [ঘ]; ১৯শ পংক্তির পর 'ঘ' পুঁথিতে অধিক পাঠ—"যার ঘরে বিলসয়ে প্রভু লক্ষ্মীকান্ত। তাঁহার ভাগ্যের সীমা কে কহিব অন্ত॥", (১ম) নগ্নজিত [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৬শ পংক্তি 'ঘ' 'চ' পুঁথি ভিন্ন অন্যত্র নাই, 'ঝ' পুস্তকে মূলে বন্ধনীর মধ্যে আছে। ২০ (৭ম) জন্ম- [ঘ]; ২১ (৯ম) প্রভু ভুবনের [ঙ]; ২৪ (২য়, ৩য়) লাগিলেন আশীষ [ছ]; ২৫ (২য়) পড়া [ক, ছ, জ, ঝ], পটহ [গ, ঞ], (৪র্থ) ভোরঙ্গ [ক্বচিৎ পাঠ]।

তবে প্রভু নমস্করি' সর্ব-মান্যগণ। লক্ষ্মী-সঙ্গে দোলায় করিলা আরোহণ ॥ ২০২
'হরি হরি' বলি' সভে করি' জয়ধ্বনি। চলিলেন লঞা দ্বিজেন্দ্রকুলমণি ॥ ২০৩
পথে যত লোক দেখে চলিয়া আসিতে। 'ধন্য ধন্য' সভেই প্রশংসে বহুমতে ॥ ২০৪
স্ত্রীগণ দেখিয়া বোলে, "এই ভাগ্যবতী। কত জন্ম সেবিলেন কমলা-পার্বতী ॥" ২০৫
কেহো বোলে, "হেন বুঝি এই হর-গৌরী।" কেহো বোলে, "হেন বুঝি কমলা-শ্রীহরি ॥"
কেহো বোলে, "এই দুই—কামদেব-রতি।" কেহো বোলে, "ইন্দ্র-শচী—লয় মোর মতি॥"
কেহো বোলে, "হেন বুঝি রামচন্দ্র-সীতা।" এইমত বোলে যত সুকৃতি বনিতা ॥ ২০৮
হেন ভাগ্যবন্ত স্ত্রী পুরুষ নদীয়ার। এ-সব সম্পত্তি দেখিবার শক্তি যা'র ॥ ২০৯
লক্ষ্মী-নারায়ণের মঙ্গল-দৃষ্টিপাতে। সুখময় সর্ব-লোক হৈল নদীয়াতে ॥ ২১০
নৃত্য, গীত, বাদ্য, পুষ্প বর্ষিতে বর্ষিতে। পরম-আনন্দে আইলেন সর্বপথে ॥ ২১১
তবে শুভক্ষণে প্রভু সকল-মঙ্গলে। আইলেন গৃহে লক্ষ্মী-কৃষ্ণ কুতুহলে ॥ ২১২
তবে আই পতিব্রতাগণ সঙ্গে লঞা। পুত্রবধূ গৃহে আনিলেন হর্ষ হঞা ॥ ২১৩
গৃহে আসি' বসিলেন লক্ষ্মী-নারায়ণ। জয়ধ্বনিময় হৈল সকল ভুবন ॥ ২১৪
কি আনন্দ হৈল যে অকথ্য কথন। সে মহিমা কোন জনে করিব বর্ণন ? ২১৫
যাঁহার শ্রীমূর্তি বিভা দেখিলে নয়নে। পাপমুক্ত হঞা যায় বৈকুণ্ঠ-ভুবনে ॥ ২১৬
সে প্রভুর বিভা লোক দেখয়ে সাক্ষাত। তেঞি তান নাম—'দয়াময় দীননাথ' ॥ ২১৭
তবে যত নট, ভাট, ভিক্ষুকগণেরে। তুষিলেন বস্ত্র-ধন-বচনে সভারে ॥ ২১৮
বিপ্রগণে আপ্তগণে সভারে প্রত্যেকে। আপনে ঈশ্বর বস্ত্র দিলা কৌতুকে ॥ ২১৯
বুদ্ধিমন্ত-খানে প্রভু দিলা অলিঙ্গন। তাঁহার আনন্দ অতি অকথ্য-কথন ॥ ২২০
এ-সব লীলার কভু নাহি পরিচ্ছেদ। 'আবির্ভাব' 'তিরোভাব' মাত্র কহে বেদ ॥ ২২১
দণ্ডেকে এ-সব লীলা যত হইয়াছে। শত-বর্ষে তাহা কে বর্ণিবে হেন আছে ? ২২২
নিত্যানন্দ-স্বরূপের আজ্ঞা ধরি শিরে। সূত্রমাত্র লিখি তান কৃপা-অনুসারে ॥ ২২৩
এ-সব ঈশ্বর-লীলা যে পঢ়ে, যে শুনে। সে অবশ্য বিহরয়ে গৌরচন্দ্র-সনে ॥ ২২৪
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ২২৫

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীবিষ্ণুপ্রিয়া-পরিণয়-বর্ণনং
নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২

---

২ (৭ম—১০ম) চলিলেন নিজগৃহে দ্বিজ [ঞ]; ৫ (৫ম) দেখি [চ]; (১০ম) জানি [ঞ]; ৬(৩য়,৪র্থ) হেন বুঝি [ঙ, ছ], (৯ম,১০ম) হেন লয় [ঞ]; ৭(৮ম) সর্ব [ক,গ,ঙ,ঝ,ঞ]; ৯(৬ষ্ঠ) নবদ্বীপ [গ,চ,ছ,জ,ঞ]; ১১(৪র্থ) সর্ব-সুমঙ্গলে [ক,খ] ১২(৯ম) হৃষ্ট [ঞ]; ১৩(৫ম) জয়জয়-ধ্বনি [ঘ,ছ]; ১৪(৯ম,১১শ) কার শক্তি করিতে [ঘ]; ১৫(২য়) শ্রীমূর্তি সকৃৎ [খ], শ্রীমূর্তি মাত্র [ঞ], (৫ম,৬ষ্ঠ) সর্ব-পাপ-মুক্ত [খ,ঘ,ঙ,ঞ]; ১৮(৪র্থ) প্রত্যক্ষে [গ,চ,ছ,জ], (৯ম) সবাকে [ঞ]; ২১(১ম—৪র্থ) একেক দণ্ডেকে যত লীলা [ঘ], (৮ম—১০ম) বর্ণিবার কেবা [ঘ]; ২২(৩য়,৪র্থ) অনুসারে [ক]; ২৩ (৭ম—৯ম) সর্ব-অপরাধ খণ্ডে [ঘ,চ], (১০ম) শ্রবণে পঠনে [ঘ], ইহার শ্রবণে [চ]; ২৪(১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- , (২য়,৩য়) জান [গ ঘ,জ,ঝ]।

ত্রয়োদশ অধ্যায়

জয় জয় দীনবন্ধু শ্রীগৌরসুন্দর। জয় জয় লক্ষ্মীকান্ত সভার ঈশ্বর॥ ১
জয় জয় জগত-জীবন গৌরচন্দ্র। দান দেহ হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব॥ ২
জয় জয় ভক্তরক্ষা-হেতু অবতার। জয় সর্বকাল-সত্য কীর্তন-বিহার॥ ৩
ভক্তগোষ্ঠী-সহিত গৌরাঙ্গ জয় জয়। শুনিলে চৈতন্য-কথা ভক্তি লভ্য হয়॥ ৪
আদিখণ্ড-কথা অতি অমৃতের ধার। যঁহি গৌরাঙ্গের সর্ব-মোহন বিহার॥ ৫
হেনমতে বৈকুণ্ঠনায়ক নবদ্বীপে। গৃহস্থ হইয়া পঢ়ায়েন বিপ্ররূপে॥ ৬
প্রেমভক্তি-প্রকাশ-নিমিত্ত অবতার। প্রকাশ না করে' কিছু—হেন ইচ্ছা তাঁ'র॥ ৭
অতি-পরমার্থশূন্য সকল সংসার। তুচ্ছরস-বিষয়ে সে আদর সভার॥ ৮
গীতা ভাগবত বা পঢ়ায় যে-যে-জন। তা'রাও না বোলে, না বোলয়ে সংকীর্তন॥ ৯
হাথে তালি দিয়া বা সকল ভক্তগণ। আপনা আপনি মিলি' করেন কীর্তন॥ ১০
তাহাতেও উপহাস করয়ে—অন্তরে। "ইহারা কি কার্যে ডাক্ ছাড়ে উচ্চস্বরে॥ ১১
আমি ব্রহ্ম, আমাতেই বৈসে নিরঞ্জন। দাস-প্রভু-ভেদ বা করয়ে কি কারণ?" ১২
সংসারি-সকল বোলে "মাগিয়া খাইতে। ডাকিয়া বোলয়ে 'হরি' লোক জানাইতে॥"১৩
"এ-গুলার ঘর-দ্বার ফেলাই ভাঙ্গিয়া।" এই যুক্তি করে' সব পাষণ্ডী মিলিয়া॥ ১৪
শুনিঞা পায়েন দুঃখ সর্ব-ভক্তগণ। সম্ভাষা করেন হেন না পায়েন জন॥ ১৫
শূন্য দেখি' ভক্তগণ সকল-সংসার। 'হা কৃষ্ণ! বলিয়া দুঃখ ভাবেন অপার॥ ১৬
হেন কালে তথায় আইলা হরিদাস। শুদ্ধ-কৃষ্ণভক্তি যাঁ'র বিগ্রহে প্রকাশ॥ ১৭
এবে শুন হরিদাসঠাকুরের কথা। যাহার শ্রবণে কৃষ্ণ পাইয়ে সর্বথা॥ ১৮
বুঢ়ন-গ্রামেতে অবতীর্ণ হরিদাস। সে-ভাগ্যে সে-সব দেশে কীর্তন-প্রকাশ॥ ১৯
কথোদিন থাকিয়া আইলা গঙ্গাতীরে। আসিয়া রহিলা ফুলিয়া শান্তিপুরে॥ ২০
পাইয়া তাহান সঙ্গ আচার্য-গোসাঞি। হুঙ্কার করেন, আনন্দের অন্ত নাঞি॥ ২১

---

১ (৮ম, ৯ম) ভক্তপ্রিয়তর [চ]; ৩ "গৌরচন্দ্র নমস্তভ্যং নিত্যানন্দ নমোস্তুতে। গদাধর নমস্তভ্যং অদ্বৈতায় নমোনমঃ॥" [চ], (৩য়) ভক্তিরক্ষা- [চ]; ৫ (৪র্থ) সার [চ]; ৬ (২য়) শ্রীগৌরসুন্দর [খ, ঘ]; ৭ (১ম)-নিমিত্ত প্রভুর [জ], (৩য়—৯ম) "তাহা ঝিছু না করেন—ইচ্ছা সে তাঁহার॥" [ক, খ, গ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ৮ (৪র্থ) তুচ্ছ সুখ- [ঘ], ভুচ্ছ শরীর- [চ], (৬ষ্ঠ) আনন্দ [ঙ]; ৯ (৬ষ্ঠ) "তাহারাও কৃষ্ণগুণ না করে কথন॥" [ঘ], "তাহারাও না বোলয়ে হরি-সংকীর্তন॥" [ছ]; ১১ (৪র্থ) সভারে [ঞ], (১০ম) নিরন্তরে [কচিৎ পাঠ]; ১২ (৩য়, ৪র্থ) আমিই ত সেই [কচিৎ পাঠ]; ১৩ (৯ম) নদীয়া [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]; ১৫ (১ম—৩য়) শুনি' মনে দুঃখ পায় [ঘ], (৮ম, ৯ম) নাহি এক [ঘ]; ১৬ (১ম) দগ্ধ [ঘ, চ]; ১৭ (৭ম) হৃদয়ে [ঙ]; ১৮ (৮ম) পাইবে [চ]; ২১ (৩য়) দেখা [খ]।

হরিদাসঠাকুরও অদ্বৈত দেব-সঙ্গে। ভাসেন গোবিন্দরস-সমুদ্র-তরঙ্গে ॥ ২২
নিরবধি হরিদাস গঙ্গা-তীরে-তীরে। ভ্রমেণ কৌতুকে 'কৃষ্ণ' বলি' উচ্চস্বরে ॥ ২৩
বিষয়সুখেতে বিরক্তের অগ্রগণ্য। কৃষ্ণনামে পরিপূর্ণ শ্রীবদন ধন্য ॥ ২৪
ক্ষণেকো গোবিন্দ-নামে নাহিক বিরতি। ভক্তিরসে অনুক্ষণ হয় নানা-মূর্তি ॥ ২৫
কখনো করেন নৃত্য আপনা-আপনি। কখনো করেন মত্তসিংহ-প্রায় ধ্বনি ॥ ২৬
কখনো বা উচ্চস্বরে করেন রোদন। অট্ট-অট্ট মহা-হাস্য করেন কখন ॥ ২৭
কখনো গর্জেন অতি হুঙ্কার করিয়া। কখনো মূর্ছিত হঞা থাকেন পড়িয়া ॥ ২৮
ক্ষণে অলৌকিক শব্দ বোলেন ডাকিয়া। ক্ষণে তাহি বাখানেন উত্তম করিয়া ॥ ২৯
অশ্রুপাত, রোমহর্ষ, হাস্য, মূর্ছা, ঘর্ম। কৃষ্ণভক্তি-বিকারের যত আছে মর্ম ॥ ৩০
প্রভু-হরিদাস মাত্র নৃত্য আরম্ভিলে। সকল আসিয়া তান শ্রীবিগ্রহে মিলে ॥ ৩১
হেন সে আনন্দধারা—তিতে সর্ব অঙ্গ। অতি-পাষণ্ডীও দেখি' পায় মহারঙ্গ ॥ ৩২
কিবা সে অদ্ভুত অঙ্গে শ্রীপুলকাবলি। ব্রহ্মা-শিবও দেখিতে হয়েন কুতুহলী ॥ ৩৩
ফুলিয়া-গ্রামের যত ব্রাহ্মণ-সকল। সভেই তাহানে দেখি' হইলা বিহ্বল ॥ ৩৪
সভার তাহানে বড় জন্মিল বিশ্বাস। ফুলিয়ায় রহিলেন প্রভু-হরিদাস ॥ ৩৫
গঙ্গাস্নান করি' নিরবধি হরিনাম। উচ্চ করি লইয়া বুলেন সর্বস্থান ॥ ৩৬
"পাষণ্ডীর গণ দেখি মরয়ে জ্বলিয়া। দশে পাঁচে যুক্তি করে' একত্রে মিলিয়া ॥ ৩৭
'যবন হইয়া করে' হিন্দুর আচার। কোনখানে না দেখি এমত অবিচার ॥ ৩৮
যবন হইয়া যেন হিন্দুয়ানি করে'। ভালমতে আনি' শাস্তি করুক উহারে ॥' ৩৯
এমত যুকতি করি' পাষণ্ডীর গণ। যবন-রাজার স্থানে কৈল নিবেদন ॥" ৪০
কাজী গিয়া মুলুকের অধিপতি-স্থানে। কহিলেন তাহান সকল বিবরণে ॥ ৪১
"যবন হইয়া করে' হিন্দুর আচার। ভালমতে তা'রে আনি' করহ বিচার ॥" ৪২
পাপীর বচন শুনি' সেহ পাপমতি। ধরি' আনাইল তানে অতি শীঘ্র-গতি ॥ ৪৩
কৃষ্ণের প্রসাদে হরিদাস মহাশয়। যবনের কি দায়, কালেরেও নাহি ভয় ॥ ৪৪
'কৃষ্ণ কৃষ্ণ' বলিতে চলিলা সেইক্ষণে। মুলুকপতির দ্বারে দিলা দরশনে ॥ ৪৫
হরিদাস ঠাকুরের শুনিঞা গমন। হরিষে-বিষাদ হৈল যত সুসজ্জন ॥ ৪৬
বড় বড় লোক যত আছে বন্দীঘরে। তা'রা সব হৃষ্ট হৈল শুনিঞা অন্তরে ॥ ৪৭

---

১ (২য়) -চাঁদ- [ঘ], (৪র্থ) -আনন্দ- [খ]; ৪ (১ম—৪র্থ) "ক্ষণমাত্র হরিনামে নাহিক নিবৃত্তি।" [ছ], (২য়) গোবিন্দ রসে [ঘ], (৮ম)- মতি [ক, গ, ঘ, ঙ, চ, জ, ঝ]; ৭ (৪র্থ) বিশাল [ঘ], (৯ম, ১০ম) পড়েন ঢলিয়া [ঘ]; ৯ (৯ম) ধর্ম [গ]; ১৪ (৩য়) দেখি [ছ], (৮ম) ঠাকুর- [ঘ]; ২০ (৪র্থ) অধিকারী- [ঘ], এই পংক্তির পর 'ঙ'- পুঁথিতে, অধিক পাঠ—"কৃষ্ণনাম লয় মুখে হইয়া যবনে। গড়াগড়ি দেয় ভূমে কান্দয়ে কথনে ॥"; ২২ (৪র্থ, ৫ম) মুলুকের পতি [খ, চ, ঙ]; ২৩ (৮ম) কাহারে [চ]; ২৪ (৭ম) আগে [ঞ]; ২৬ (৯ম) তুষ্ট [ঘ];

'পরম-বৈষ্ণব হরিদাস মহাশয়। তাঁ'রে দেখি বন্দি-দুঃখ হইবেক ক্ষয় ॥' ৪৮
রক্ষক-লোকেরে সভে সাধন করিয়া। রহিলেন বন্দিগণ একদৃষ্টি হৈয়া ॥ ৪৯
হরিদাস-ঠাকুর আইলা সেইস্থানে। বন্দী-সভে দেখি' কৃপাদৃষ্টি হৈল মনে ॥ ৫০
হরিদাস-ঠাকুরের চরণ দেখিয়া। রহিলেন বন্দিগণ প্রণতি করিয়া ॥ ৫১
আজানুলম্বিত-ভুজ কমল-নয়ান। সর্ব-মনোহর মুখচন্দ্র অনুপাম ॥ ৫২
ভক্তি করি' সভে করিলেন নমস্কার। সভার হৈল কৃষ্ণভক্তির বিকার ॥ ৫৩
তা'সভার ভক্তি দেখি' প্রভু-হরিদাস। বন্দী সভে দেখি' তান হৈল কৃপা-হাস ॥ ৫৪
"থাক থাক এখন আছহ যেনরূপে।" গুপ্ত-আশীর্বাদ করি' হাসেন কৌতুকে ॥ ৫৫
না বুঝিয়া তান অতি দুর্জ্ঞেয় বচন। বন্দী সভে হৈল কিছু বিষাদিত-মন ॥ ৫৬
তবে পাছে কৃপাযুক্ত হঞা হরিদাস। গুপ্ত-আশীর্বাদ কহে করিয়া প্রকাশ ॥ ৫৭
"আমি তোমা' সভারে যে কৈলুঁ আশীর্বাদ। তা'র অর্থ না বুঝিয়া ভাবহ বিষাদ ॥ ৫৮
মন্দ-আশীর্বাদ আমি কখনো না করি। মন দিয়া সভে ইহা বুঝহ বিচারি' ॥ ৫৯
এবে কৃষ্ণপ্রতি তোমা'-সভাকার মন। যেন আছে,—এইমত রহু সর্বক্ষণ ॥ ৬০
এবে নিত্য কৃষ্ণনাম কৃষ্ণের চিন্তন। সভে মিলি' করিতে আছহ অনুক্ষণ ॥ ৬১
এবে হিংসা নাহি, নাহি প্রজার পীড়ন। 'কৃষ্ণ' বলি' কাকুবাদে করহ চিন্তন ॥ ৬২
আরবার গিয়া বিষয়েতে প্রবেশিলে। সভে ইহা পাসরিবে যাঞা দুষ্ট-মেলে ॥ ৬৩
সেই সব অপরাধ হৈব পুনর্বার। বিষয়ের ধর্ম এই,—শুন কথা-সার ॥ ৬৪
বিষয়-আবেশে কৃষ্ণপ্রেম নাহি হয়। বিষয়ীর দূরে কৃষ্ণ জানিহ নিশ্চয় ॥ ৬৫
বিষয়ে আবিষ্ট মন বড়ই জঞ্জাল। স্ত্রী-পুত্র—মায়াজাল, এই সব 'কাল' ॥ ৬৬
দৈবে কোন ভাগ্যবান্ সাধুসঙ্গ পায়। বিষয়ে আবেশ ছাড়ি' কৃষ্ণেরে ভজয় ॥ ৬৭
'বন্দী থাক'—হেন আশীর্বাদ নাহি করি। 'বিষয় পাসরি' অহর্নিশ বোল 'হরি' ॥ ৬৮
ছলে কহিলাঙ আমি এই আশীর্বাদ। তিলার্ধেক না ভাবিহ তোমরা বিষাদ ॥ ৬৯
সর্ব্বজীব-প্রতি দয়া-দর্শন আমার। কৃষ্ণে দৃঢ়ভক্তি হউ তোমা' সভাকার ॥ ৭০
চিন্তা নাহি,—দিন-দুই-তিনের ভিতর। বন্ধন ঘুচিব,—কহি তোমা' সভাকার ॥ ৭১
বিষয়েতে থাক, কিবা থাক যথা-তথা। এই বুদ্ধি কভু না পাসরিহ সর্ব্বথা ॥" ৭২
বন্দী সকলের করি' শুভানুন্ধান। আইলেন মুলুকের অধিপতি-স্থান ॥ ৭৩

---

১ (৭ম) পাইবেক [ঞ]; ২ (৭ম, ৮ম) প্রণতি করিয়া [খ]; ৪ (৪র্থ—৭ম) "সভার আনন্দ হইল পরমানন্দ পাঞা ॥" [চ]; ৫ (৪র্থ, ৫ম) রূপ শ্রীচন্দ্র-বদন [ঘ]; ৭ (৩য়, ৪র্থ) -ভাব দেখি হরিদাস [ঞ], (৬ষ্ঠ—৯ম) প্রতি করিলেন আশীর্বাদ [চ, ঝ]; ৯ (৫ম) দুর্গম [খ, ঙ], দুর্বোধ [ছ]; ১২ (৮ম, ৯ম) তুমি সব [খ]; ১৩ (৮ম) থাকু [ঞ], (৮ম, ৯ম) রহ সর্বজন [ছ]; ১৪ (৫ম) কীর্তন [খ], (৯ম) থাকহ [খ, গ]; ১৫ (৪র্থ) কিছু [ঞ], (৯) কান্দ সবে [গ], কাকুর্বাদে [চ, জ, ঝ], ১৬ (৪র্থ) প্রবর্তিলে [খ—ঙ, ছ—ঞ], (৯ম) নষ্ট- [গ]; ২৪ (৭ম—৯ম) এই কহিলু তোমারে [খ, গ, চ—ঞ]; ২৫ (৭ম) যুক্তি [ঞ],(৮ম—১০ম)বিস্মৃত না হইও[ঙ];২৬(৭ম) পতি-বিস্তমান[চ]।

অতি-মনোহর তেজ দেখিয়া তাহান। পরম-গৌরবে বসিবারে দিল স্থান ॥ ৭৪
আপনে জিজ্ঞাসে তানে মুলুকের পতি। "কেনে ভাই! তোমার কিরূপ দেখি মতি ?৭৫
কত ভাগ্যে দেখ তুমি হঞাছ যবন। তবে কেনে হিন্দুর আচারে দেহ' মন ? ৭৬
আমরা হিন্দুরে দেখি' নাহি খাই ভাত। তাহা তুমি ছাড় হঞা মহাবংশ-জাত ॥ ৭৭
জাতি-ধর্ম লঙ্ঘি' কর' অন্য-ব্যবহার। পরলোকে কেমনে বা পাইবা নিস্তার ॥ ৭৮
না জানিয়া যে কিছু করিলা অনাচার। সে পাপ ঘুচাহ করি' কলমা উচ্চার ॥" ৭৯
শুনি' মায়া-মোহিতের বাক্য হরিদাস। 'অহো বিষ্ণুমায়া!' বলি' হৈল মহাহাস ॥ ৮০
বলিতে লাগিলা তা'রে মধুর উত্তর। "শুন বাপ্! সভারই একই সে ঈশ্বর ॥ ৮১
নাম-মাত্র ভেদ করে' হিন্দুয়ে যবনে। 'পরমার্থ—এক' কহে পুরাণে কোরাণে ॥ ৮২
এক শুদ্ধ নিত্যবস্তু অখণ্ড অব্যয়। পরিপূর্ণ হঞা বৈসে সভার হৃদয় ॥ ৮৩
সেই প্রভু যা'রে যেন লওয়ায়েন মন। সেইমত কর্ম করে' সকল ভুবন ॥ ৮৪
সে প্রভুর নাম-গুণ সকল জগতে। বোলেন সকলে মাত্র নিজ-শাস্ত্রমতে ॥ ৮৫
যে ঈশ্বর, সে পুন সভার ভাব লয়। হিংসা করিলেই সে তাহান হিংসা হয় ॥ ৮৬
এতেকে আমারে সেই ঈশ্বর যে হেন। লওয়াইছেন চিত্তে করি আমি তেন ॥ ৮৭
হিন্দুকুলে কেহো যেন হইয়া ব্রাহ্মণ। আপনে আসিয়া হয় ইচ্ছায় যবন ॥ ৮৮
হিন্দুবা কি করে' তা'রে, যা'র যেই কর্ম। আপনে যে মৈল, তা'রে মারিয়া কি ধর্ম ॥ ৮৯
মহাশয়! তুমি এবে করহ বিচার। যদি দোষ থাকে, শাস্তি করহ আমার ॥"৯০
হরিদাসঠাকুরের সুসত্য-বচন। শুনিঞা সন্তোষ হৈল সকল যবন ॥ ৯১
সবে এক পাপী কাজী মুলুকপতিরে। বলিতে লাগিল "শাস্তি করহ ইহারে ॥ ৯২
এই দুষ্ট, আরো দুষ্ট করিবে অনেক। যবনকুলের অমহিমা আনিবেক ॥ ৯৩
এতেকে ইহার শাস্তি কর' ভালমতে। নহে বা আপন-শাস্ত্র বলুক মুখেতে ॥"৯৪
পুন বোলে মুলুকের পতি "আরে ভাই! আপনার শাস্ত্র বোল, তবে চিন্তা নাই ॥ ৯৫
অন্যথা করিবে শাস্তি সব কাজীগণে। বলিবাও পাছে, আরো লঘু হৈবা কেনে ॥"৯৬
হরিদাস বোলেন, "যে করান ঈশ্বরে। তাহা বই আর কেহো করিতে না পারে' ॥ ৯৭
অপরাধ-অনুরূপ যা'র যেন ফল। ঈশ্বরে সে করে'—ইহা জানিহ কেবল ॥ ৯৮
খণ্ড খণ্ড হয় দেহ, যদি যায় প্রাণ। তভু আমি বদনে না ছাড়ি হরিনাম ॥" ৯৯
শুনিয়া তাহান বাক্য মুলুকের পতি। জিজ্ঞাসিল, "এবে কি করিবা ইহা-প্রতি ?"১০০

---

১ (৫ম) -আদরে [ঘ]; ৩ (১ম—৫ম) বড় ভাগ্যফলে তুমি হইলে [ঘ]; ৬ (৯ম) ঘুচুক [ঘ]; ৭ (৯ম) কিছু হাস [চ, ঞ]; ৮ (৩য়) তবে [ক্বচিৎ পাঠ]; ৯ (৪র্থ) হিন্দু-আর [খ, চ], হিন্দু ও [ঙ]; ১৩ (৬ষ্ঠ) ভার [ঝ] ১৬ (১ম, ২য়) হিন্দুরা [ক]; ১৭ (১ম) সরাসর [ছ], (২য়, ৩য়) সভাসদ [গ]; ২০ (৪র্থ) নষ্ট [ছ]; ২১ (১ম —৩য়) বন্দী করি' ইহারে [ঘ, চ], (৪র্থ) রাখহ [ঘ], এড়হ [চ]; ২৩ (১০ম) হও [চ]; ২৪ (৭ম—৯ম) বিনা অন্যে কিছু [ঙ]; ২৫ (৮ম) হেন [ঙ]; ২৬ (১৩শ) কৃষ্ণনাম [গ]।

কাজী বোলে, "'বাইশ বাজারে বেঢ়ি' মারি'। প্রাণ লহ, আর কিছু বিচার না করি' ॥১০১
বাইশ-বাজারে মারিলেহ যদি জীয়ে। তবে জানি,—জ্ঞানী সব সাঁচা কথা কহে ॥" ১০২
পাইক-সকলে কাজী তর্জ করি' কহে। "এমত মারিবি, যেন প্রাণ নাহি রহে ॥ ১০৩
যবন হইয়া যেন হিন্দুয়ানি করে'। প্রাণান্ত হৈলে শেষে এ পাপেতে তরে' ॥" ১০৪
পাপীর বচনে সেহো পাপী আজ্ঞা দিল। দুষ্টগণে আসি' হরিদাসেরে ধরিল ॥ ১০৫
বাজারে বাজারে সব বেঢ়ি' দুষ্টগণে। মারয়ে নির্জীব করি' মহাক্রোধ-মনে ॥ ১০৬
'কৃষ্ণ কৃষ্ণ' স্মরণ করেন হরিদাস। নামানন্দে দেহে দুঃখ না হয় প্রকাশ ॥ ১০৭
দেখি' হরিদাস-দেহে অত্যন্ত প্রহার। সুজন-সকল দুঃখ ভাবেন অপার ॥ ১০৮
কেহো বোলে, "উচ্ছন্ন হইব সর্বরাজ্য। সে-নিমিত্তে সুজনেরে করে' হেন কার্য ॥"১০৯
রাজা-উজীরেরে কেহো শাপে' ক্রোধ-মনে। মারামারি করিতেহ উঠে কোন জনে ॥১১০
কেহো গিয়া যবনগণের পা'য়ে ধরে'। "কিছু দিমু, অল্প করি' মারহ উহারে ॥" ১১১
তথাপিহ দয়া নাহি জন্মে পাপিগণে। বাজারে বাজারে মারে মহাক্রোধ-মনে ॥ ১১২
কৃষ্ণের প্রসাদে হরিদাসের শরীরে। অল্প দুঃখো নাহি জন্মে এতেক প্রহারে ॥ ১১৩
অসুর-প্রহারে যেন প্রহ্লাদ-বিগ্রহে। কোন দুঃখ না জন্মিল,—সর্বশাস্ত্রে কহে ॥ ১১৪
এইমত যবনের অশেষ-প্রহারে। দুঃখ না জন্ময়ে হরিদাস ঠাকুরেরে ॥ ১১৫
হরিদাস-স্মরণেও এ-দুঃখ সর্বথা। ছিণ্ডে সেইক্ষণে, হরিদাসের কি কথা ॥ ১১৬
সবে যে সকল পাপিগণ তাঁ'রে মারে। তা'র লাগি' দুঃখ-মাত্র ভাবেন অন্তরে ॥ ১১৭
"এ-সব জীবেরে, কৃষ্ণ! করহ প্রসাদ। মোর দ্রোহে নহু এ-সভার অপরাধ ॥" ১১৮
এইমত পাপিগণ নগরে নগরে। প্রহার করয়ে হরিদাসঠাকুরেরে ॥ ১১৯
দৃঢ় করি' মারে তা'রা প্রাণ লইবারে। মনস্পথো নাহি হরিদাসের প্রহারে ॥ ১২০
বিস্মিত হইয়া ভাবে' সকল যবনে। "মনুষ্যের প্রাণ কি রহয়ে এ-মারণে? ১২১
দুই তিন বাজারে মারিলে লোক মরে। বাইশ বাজারে মারিলাঙ যে ইহারে ॥ ১২২
মরেও না, আরো দেখি,—হাসে ক্ষণে ক্ষণে। "এ পুরুষ পীর বা?—সভেই ভাবে' মনে ॥
যবন-সকল বোলে, "অয়ে হরিদাস! তোমা' হৈতে আমা'সভার হইবেক নাশ ॥ ১২৪
এত প্রহারেও প্রাণ না যায় তোমার। কাজী প্রাণ লইবেক আমা'সভাকার ॥" ১২৫
হাসিয়া বোলেন হরিদাস মহাশয়। "আমি জীলে তোমা'সভার যদি মন্দ হয় ॥ ১২৬

---

১ (৫ম) ডেলা [ক], ঢিলা [গ, জ], নিঞা [ঝ]; ২ (৯ম) সত্য [ঙ]; ৩ (৯ম, ১০ম) জীবন না [খ, চ]; ৫ (১০ম) বেঢ়িল [খ, গ, ঘ, ছ]; ৬ (৭ম) নির্ঘাত [কচিৎ পাঠ]; ৭ (৭ম—১১শ) না জানেন দেহ-দুঃখ-ভাস [ঘ]; ৮ (৩য়) অনেক [জ], (৫ম) সজ্জন-[ঘ, ঙ, চ]; ৯ (৩য়) ভ্রষ্ট [ক], উর্বিষ্ট [খ], উত্তিষ্ঠ [ঘ], অরিষ্ট [ছ], উর্ভিষ্ট [ঝ]; ১২ (৬ষ্ঠ, ৭ম) নগরে নগরে [খ]; ১৪ (৪র্থ) কিছু [ঘ], (৭ম) জানিল [ঙ]; ১৮ (৩য়) প্রভু [গ, ছ, জ]; ২০ (১ম) দঢ় [খ, ঞ], (৭ম) মনঃ স্মৃতি [ঙ]; ২১ (৭ম—৯ম) শক্তি কি সহয়ে [ঙ]; ২৩ (১ম—৪র্থ) মরিবার দায় থাকুক [ঘ], (১০ম) শিব [জ]; ২৪ (৩য়) ওহে [চ]।

তবে আমি মরি,—এই দেখ বিদ্যমান। "এত বলি' আবিষ্ট হইলা করি' ধ্যান ॥ ১২৭
সর্বশক্তি-সমন্বিত প্রভু হরিদাস। হইলেন অচেষ্ট, কোথাহ নাহি শ্বাস ॥ ১২৮
দেখিয়া যবনগণ বিস্মিত হইল। মুলুকপতির দ্বারে লঞা ফেলাইল ॥ ১২৯
"মাটি দেহ' নিঞা"—বোলে মুলুকের পতি। কাজী কহে, "তবে ত পাইব ভাল গতি ॥
বড় হঞা যেন করিলেক নীচ কর্ম। অতএব ইহারে যুয়ায় সেই ধর্ম ॥ ১৩১
মাটি দিলে পরলোকে হইবেক ভাল। গাঙ্গে ফেল,—যেন দুঃখ পায় চিরকাল ॥" ১৩২
কাজীর বচনে সব ধরিয়া যবনে। গাঙ্গে ফেলাইতে সভে তোলে গিয়া তানে ॥ ১৩৩
"বসিলেন হরিদাস হইয়া নিশ্চল। মনে ধ্যান করি' 'কৃষ্ণ-চরণ-যুগল ॥" ১৩৪
ধ্যানানন্দে বসিলা ঠাকুর হরিদাস। বিশ্বম্ভর দেহে আসি' হইলা প্রকাশ ॥ ১৩৫
মহাবলবন্ত সব চতুর্দিগে ঠেলে। মহা-স্তম্ভপ্রায় প্রভু আছেন নিশ্চলে ॥ ১৩৬
বিশ্বম্ভর অধিষ্ঠান হইল শরীরে। কা'র শক্তি আছে হরিদাসে নাড়িবারে ? ১৩৭
প্রহ্লাদের যে-হেন স্মরণ কৃষ্ণভক্তি। সেইমত হরিদাসঠাকুরের শক্তি ॥ ১৩৮
হরিদাসঠাকুরের কিছু চিত্র নহে। নিরবধি গৌরচন্দ্র যাহান হৃদয়ে ॥ ১৩৯
রাক্ষসের বন্ধন যেমত হনূমান। আপনে লইলা করি' ব্রহ্মার সম্মান ॥ ১৪০
এইমত হরিদাস যবন-প্রহার। জগতের শিক্ষা লাগি' করিলা স্বীকার ॥ ১৪১
অন্যথা গোবিন্দ-হেন রক্ষক থাকিতে। কা'র শক্তি আছে হরিদাসেরে লঙ্ঘিতে ॥ ১৪২
সত্য সত্য হরিদাস জগত-ঈশ্বর। চৈতন্যচন্দ্রের মহা-মুখ্য অনুচর ॥ ১৪৩
কৃষ্ণানন্দ-সুধাসিন্ধু-মধ্যে হরিদাস। মগ্ন হঞা আছেন, বাহ্য নাহি পরকাশ ॥ ১৪৪
কিবা অন্তরীক্ষে, কিবা পৃথ্বীতে, গঙ্গায়। না জানেন হরিদাস—আছেন কোথায় ॥ ১৪৫
হেনমতে হরিদাস ভাসেন গঙ্গায়। ক্ষণেকে হইল বাহ্য ঈশ্বর-ইচ্ছায় ॥ ১৪৬
চৈতন্য পাইয়া হরিদাস মহাশয়। তীরে আসি' উঠিলেন পরানন্দময় ॥ ১৪৭
এইমতে আইলেন ফুলিয়া-নগরে। কৃষ্ণনাম বলিতে বলিতে উচ্চস্বরে ॥ ১৪৮
দেখিয়া অদ্ভুত-শক্তি সকল যবন। সভার খণ্ডিল হিংসা, ভাল হৈল মন ॥ ১৪৯
'পীর'-জ্ঞান করি' সভে কৈল নমস্কার। সকল যবনগণ পাইল নিস্তার ॥ ১৫০
কথোক্ষণে বাহ্য পাইলেন হরিদাস। মুলুকপতিরে চাহি' হৈল কৃপা-হাস ॥ ১৫১

---

১ (৯ম—১১শ) বসিলেন করি' কৃষ্ণ- [ঘ, ঙ]; ২ (৫ম) আবিষ্ট [ক, খ, গ, জ, ঞ], অচেতন [ঙ]; ৩ (২য়) যবন বড় [ক]; ৪ (১১শ) হইব [ঙ, চ, জ], (১২শ) দিব্য- [জ]; ৫ (১০ম) এই [গ, ঝ]; ৭ (৯ম—১১শ) তোলেন যতনে [ঘ]; ৮ "গাঙ্গে নিতে তোলে যদি যবনসকল। বসিলেন হরিদাস হইয়া নিশ্চল ॥" [চ, জ, ঝ, ঞ]; ৯ (২য়) রহিলেন [চ]; ১০ (৫ম) -শম্ভুপ্রায় [ঘ, জ]; ১১ (৯ম) তুলিবারে [ঘ]; ১২ (৩য়)স্বভাব [খ]; ১৩ (৭ম) তাঁহার [ঞ]; ১৪ (৮ম, ৯ম) বন্ধন-সম্মান [ঙ]; ১৫শ পংক্তির পর—"অশেষ দুর্গতি হয়, যদি যায় প্রাণ। তথাপি বদনে না ছাড়িমু হরিনাম ॥"; ১৬ শ পংক্তির পর অধিক পাঠ—"অশেষ দুর্গতি হয়, যদি যায় প্রাণ। তথাপি বদনে না ছাড়িমু হরিনাম ॥" [ক—ঙ, ছ—ঞ]; ১৮ (১ম) ধ্যানানন্দ-[ক]; ২৫ (৬ষ্ঠ) দেখি' [ঘ], (৮ম) কিছু হাস [চ]।

সম্ভ্রমে মুলুকপতি জুড়ি' দুই কর। বলিতে লাগিলা কিছু বিনয়-উত্তর ॥ ১৫২
"সত্য সত্য জানিলাঙ,—তুমি মহা-পীর। 'এক'-জ্ঞান তোমারই সে হঞাছে স্থির ॥ ১৫৩
যোগী জ্ঞানী সব যত মুখে মাত্র বোলে। তুমি সে পাইলা সিদ্ধি মহা-কুতূহলে ॥ ১৫৪
তোমারে দেখিতে মুঞি আইলুঁ এথারে। সব দোষ, মহাশয়! ক্ষমিবা আমারে ॥ ১৫৫
সকল তোমার সম,—শত্রু-মিত্র নাই। তোমা চিনে হেন জন ত্রিভুবনে নাই ॥ ১৫৬
চল তুমি, শুভ কর' আপন-ইচ্ছায়। গঙ্গাতীরে থাক' কিবা নির্জন-গোফায় ॥ ১৫৭
আপন-ইচ্ছায় তুমি থাক' যথা-তথা। যে তোমার ইচ্ছা, তাহি করহ সর্বথা ॥" ১৫৮
হরিদাসঠাকুরের চরণ দেখিলে। উত্তমের কি দায়, যবন দেখি' ভুলে ॥ ১৫৯
এত ক্রোধে আনিলেক মারিবার তরে। 'পীর'-জ্ঞান করি' আরো পা'য়ে পাছে ধরে' ॥১৬০
যবনেরে কৃপাদৃষ্টি করিয়া প্রকাশ। ফুলিয়ায় আইলেন ঠাকুর-হরিদাস ॥ ১৬১
উচ্চ করি' হরিনাম লইতে লইতে। আইলেন হরিদাস ব্রাহ্মণ-সভাতে ॥ ১৬২
হরিদাসে দেখি' ফুলিয়ার বিপ্রগণ। সভেই হৈলা অতি পরানন্দ-মন ॥ ১৬৩
হরিধ্বনি বিপ্রগণ লাগিলা করিতে। হরিদাস লাগিলেন আনন্দে নাচিতে ॥ ১৬৪
অদ্ভুত অনন্ত হরিদাসের বিকার। অশ্রু, কম্প, হাস্য, মূর্ছা, পুলক, হুঙ্কার ॥ ১৬৫
আছাড় খায়েন হরিদাস প্রেমরসে। দেখিয়া ব্রাহ্মণগণ মহানন্দে ভাসে ॥ ১৬৬
স্থির হঞা ক্ষণেকে বসিলা হরিদাস। বিপ্রগণ বসিলেন বেড়ি' চারি-পাশ ॥ ১৬৭
হরিদাস বোলেন, "শুনহ বিপ্রগণ! দুঃখ না ভাবিহ কিছু আমার কারণ ॥ ১৬৮
প্রভু-নিন্দা আমি শুনিলাঙ যে অপার। তার শাস্তি করিলেন ঈশ্বরে আমার ॥ ১৬৯
ভাল হৈল, ইথে বড় পাইলুঁ সন্তোষ। অল্প-শাস্তি করি' ক্ষমিলেন বড়-দোষ ॥ ১৭০
কুম্ভীপাক হয় বিষ্ণু-নিন্দন-শ্রবণে। তাহা আমি বিস্তর শুনিলুঁ পাপ-কাণে ॥ ১৭১
যোগ্য শাস্তি করিলেন ঈশ্বর তাহা'র। হেন পাপ আর যেন নহে পুনর্বার ॥" ১৭২
হেনমতে হরিদাস বিপ্রগণ-সঙ্গে। নির্ভয়ে করেন সংকীর্তন মহা-রঙ্গে ॥ ১৭৩
তাহানেও দুঃখ দিল যে-সব যবনে। সবংশে উচ্ছন্ন তা'রা হৈল কথোদিনে ॥ ১৭৪
তবে হরিদাস গঙ্গাতীরে গোফা করি'। থাকেন বিরলে অহর্নিশ 'কৃষ্ণ' স্মরি ॥ ১৭৫

---

১ (৮ম, ৯ম) অতি মধুর উত্তর [খ, চ]; ৪র্থ পংক্তির পর 'ঙ'-পুঁথিতে অধিক পাঠ—"অপরাধ কৈল বড় তোমার চরণে। ক্ষেমা কর অপরাধ, লইলুঁ শরণে॥"; ৭ (৮ম) তুমি [গ, ঞ], তাহা [ঘ, ঙ, ছ]; ৮ (২য়) শ্রীমুখ [ঘ, চ], (৪র্থ, ৫ম) আছুক অন্যের [ঙ], (৭ম) অধম [গ, ঝ]; ৯ (৮ম—১১শ) শেষে নমস্কার করে [ঙ], এবে নমস্কার করে [চ]; ১১ (৮ম) -সমীপে [খ]; ১৫ (২য়) পড়েন [ঘ, চ], (৪র্থ) মহাশয় [খ], (৭ম, ৮ম) আনন্দে ভাসয় [খ]; ১৭ (৭ম) করিহ [চ], (৮ম) সভে [ছ]; ১৮ (৬ষ্ঠ—৯ম) উচিত তাহার শাস্তি হইল [ঘ, ঙ, চ], উচিত সে পাপের শাস্তি হৈল [কচিৎ পাঠ]; ১৯ (১০ম) বহু- [ঘ]; ২০ (২য়) ভোগ [ঘ], (৮ম) নিজ- [ক, ছ]; ২১ (৭ম, ৮ম) অপরাধ [গ], (৭ম—১১শ) অপরাধ যেন নহে কভু আর [কচিৎ পাঠ] (১১শ) কভু আর [ঘ], যেন আর [চ]; ২৩ (৭ম) উৰ্ভিষ্ট [ক, খ, ঘ—চ, জ—ঞ] নষ্ট [ছ]; ২৪ (৯ম, ১০ম) 'কৃষ্ণ' বলি [খ, গ, চ, ছ], বোলে হরি [ঘ], বিষ্ণু-স্মরি' [ঙ]।

তিন-লক্ষ নাম দিনে করেন গ্রহণ। গোফা হৈল তাঁ'র যেন বৈকুণ্ঠ-ভবন ॥ ১৭৬
মহানাগ বৈসে সেই গোফার ভিতরে। তা'র জ্বালা প্রাণিমাত্র সহিতে না পারে' ॥ ১৭৭
হরিদাসঠাকুরেরে সম্ভাষা করিতে। যতেক আইসে, কেহ না পারে' রহিতে ॥ ১৭৮
পরম বিষের জ্বালা সভেই পায়েন। হরিদাস পুন ইহা কিছু না জানেন ॥ ১৭৯
বসিয়া করেন যুক্তি সর্ব-বিপ্রগণে। "হরিদাস-আশ্রমে এতেক জ্বালা কেনে ?" ১৮০
সেই ফুলিয়ায় বৈসে মহা-বৈদ্যগণ। তা'রা আসি' জানিলেক—সর্পের কারণ ॥ ১৮১
বৈদ্য বলিলেক, "এই গোফার তলায়। এক মহানাগ আছে, তাহার জ্বালায় ॥ ১৮২
রহিতে না পারে' কেহো,—কহিলুঁ নিশ্চয়। হরিদাস সত্বরে চলুন অন্যাশ্রয় ॥ ১৮৩
সর্পের সহিত বাস কভু যুক্ত নহে। চল সভে কহি গিয়া তাহান আলয়ে ॥" ১৮৪
তবে সভে আসি' হরিদাস-ঠাকুরেরে। কহিল বৃত্তান্ত সেই গোফা ছাড়িবারে ॥ ১৮৫
"মহা-নাগ বৈসে এই গোফার ভিতরে। তাহার জ্বালায় কেহো রহিতে না পারে' ॥ ১৮৬
অতএব এ-স্থানে রহিতে যোগ্য নহে। অন্য স্থানে আসি' তুমি করহ আশ্রয়ে ॥" ১৮৭
হরিদাস বোলেন, "অনেক দিন আছি। কোন জ্বালারিষ্ট এ-গোফায় নাহি বাসি ॥ ১৮৮
সবে দুঃখ,—তোমরা যে না পার' রহিতে। এতেকে চলিমু কালি আমি যে-সে-ভিতে ॥
সত্য যদি ইহাতে থাকেন মহাশয়। তিহো যদি কালি না ছাড়েন এ আলয় ॥ ১৯০
তবে আমি কালি ছাড়ি' যাইমু সর্বথা। চিন্তা নাহি, তোমরা বোলহ কৃষ্ণ-গাথা ॥" ১৯১
এইমত কৃষ্ণ-কথা মঙ্গল-কীর্তনে। থাকিতে অদ্ভুত অতি হৈল সেইক্ষণে ॥ ১৯২
"হরিদাস ছাড়িবেন" শুনিয়া বচন। মহানাগ ছাড়িলেন স্থান সেইক্ষণ ॥ ১৯৩
গর্ত হৈতে উঠি' সর্প সন্ধ্যার প্রবেশে। সভেই দেখেন,—চলিলেন অন্য-দেশে ॥ ১৯৪
পরম-অদ্ভুত সর্প মহা-ভয়ঙ্কর। পীত-নীল-শুক্লবর্ণ পরম সুন্দর ॥ ১৯৫
মহা-মণি জ্বলিতেছে মস্তক-উপরে। দেখি' ভয়ে বিপ্রগণ 'কৃষ্ণ কৃষ্ণ' স্মরে' ॥ ১৯৬
সর্প সে চলিয়া গেল, জ্বালা নাহি আর। বিপ্রগণ হইলেন সন্তোষ অপার ॥ ১৯৭
দেখি' হরিদাস-ঠাকুরের মহাশক্তি। বিপ্রগণের জন্মিল বিশেষ তাঁ'রে ভক্তি ॥ ১৯৮

---

৩ (৪র্থ—৬ষ্ঠ) যে কেহো আইসে তারা [ঘ]; ৪ (১ম) অত্যন্ত [ঘ]; ৫ (২য়) ভাবেন [ঙ, চ], (৬ষ্ঠ) এমত [ঘ]; ৭ "বৈদ্য বোলে "এই গোফায় আছে নাগ। তোমরা যে বোল জ্বালা তাহারই প্রভাব ॥" [ছ], (৭ম) সর্প বৈসে [ঙ]; ৯ (৫ম, ৬ষ্ঠ) যোগ্য নয় [ঘ, ঙ, ঞ], (৭ম—১২শ) "অন্য-স্থানে আসি' তুমি করহ আশ্রয় ॥" [জ, ঞ], (১২শ) আশ্রয় [ঞ]; ১১ (৩য়) এক [ঙ], সেই [চ]; ১২ অতএব এ-স্থানে যোগ্য না হয় রহিতে। সভে মিলি' সত্য-কথা কহিলুঁ তোমাতে ॥" [ঙ], (২য়) এথানে [ক, ঝ], (৪র্থ) যুক্ত [ছ], এই পংক্তির পর 'ঙ'-পুঁথিতে অধিক পাঠ—"অন্য স্থানে গিয়া তুমি করহ আশ্রম। নহে বা এ-স্থানে দেখি বড়ই বিষম ॥"; ১৩ (৫ম) বৈসি [ঘ]; ১৪ (৭ম) সহিতে [খ—ঙ, জ, ঝ], (১০ম—১২শ) আমি কালি সে প্রভাতে [ছ]; ১৫ (৪র্থ) আছেন [ঘ], (৬ষ্ঠ—১১শ) তেঁহো না ছাড়য়ে এ-সব [কচিৎ পাঠ]; ১৬ (১১শ) -কথা [ক, ঘ, ঙ, ছ, ঞ]; ১৮ (৪র্থ) তথন [চ]; ১৯ (১ম) গাড়ে [ছ], (৪র্থ) নাগ [চ, ঞ]; ২০ (৪র্থ, ৫ম) "পীত-রক্ত-শুক্লবর্ণ মহাতেজোধর ॥ [ঞ], (৫ম) দেখি মনোহর [ছ]; ২৩ (৭ম, ৮ম) মহাভক্তি [গ]।

হরিদাস-ঠাকুরের এ কোন্ প্রভাব। যাঁ'র বাক্য-মাত্রে স্থান ছাড়িলেন নাগ ॥ ১৯৯
যাঁ'র দৃষ্টি-মাত্রে ছাড়ে অবিদ্যা-বন্ধন। কৃষ্ণ না লঙ্ঘেন হরিদাসের বচন ॥ ২০০
আর এক শুন তান অদ্ভুত আখ্যান। নাগরাজ যে কহিলা মহিমা তাহান ॥ ২০১
একদিন এক বড় লোকের মন্দিরে। সর্প-ক্ষত-ডঙ্ক নাচে বিবিধ প্রকারে ॥ ২০২
মৃদঙ্গ-মন্দিরা-গীত—তা'র মন্ত্র-ঘোরে। ডঙ্কে বেড়ি' সভেই গায়েন উচ্চস্বরে ॥
মনুষ্য-শরীরে নাগরাজ মন্ত্র-বলে। অধিষ্ঠান হইয়া নাচয়ে কুতুহলে ॥ ২০৪
কালিদহে করিলেন যে নাট্য ঈশ্বরে। সেই গীত গায়েন করুণ উচ্চস্বরে ॥ ২০৫
দৈবগতি তথায় গেলেন হরিদাস। ডঙ্ক-নৃত্য দেখেন হইয়া এক-পাশ ॥ ২০৬
শুনি' নিজ-প্রভুর মহিমা হরিদাস। পড়িলা মূর্ছিত হঞা কোথা নাহি শ্বাস ॥ ২০৭
ক্ষণেকে চৈতন্য পাই' করিয়া হুঙ্কার। আনন্দে লাগিলা নৃত্য করিতে অপার ॥ ২০৮
গড়াগড়ি যায়েন ঠাকুর হরিদাস। অদ্ভুত পুলক-অশ্রু-কম্পের প্রকাশ ॥ ২০৯
রোদন করেন হরিদাস মহাশয়। শুনিঞা প্রভুর গুণ হইলা তন্ময় ॥ ২১০
হরিদাস-ঠাকুরের আবেশ দেখিয়া। একভিত হই' ডঙ্ক রহিলেন গিয়া ॥ ২১১
হরিদাস বেড়ি' সভে গায়েন হরিষে। জোড়-হস্তে ডঙ্ক দেখে রহি' এক পাশে ॥ ২১২
ক্ষণেকে রহিল হরিদাসের আবেশ। পুন আসি' ডঙ্ক নৃত্যে করিল প্রবেশ ॥ ২১৩
হরিদাস-ঠাকুরের দেখিয়া আবেশ। সভেই হইলা অতি আনন্দ-বিশেষ ॥ ২১৪
যে স্থানে পড়য়ে তান চরণের ধূলি। সভেই লেপেন অঙ্গে হই' কুতুহলী ॥ ২১৫
আর এক ঢঙ্গ-বিপ্র থাকি' সেইখানে। "মুঞিও নাচিমু আজি" গণে' মনে মনে ॥ ২১৬
বুঝিলাঙ,—"নাচিলেই অবোধ বর্বরে। অল্প মনুষ্যেরেও পরম-ভক্তি করে' ॥" ২১৭
এত ভাবি' সেইখানে আছাড় খাইয়া। পড়িল যে-হেন মহা-অচেষ্ট হইয়া ॥ ২১৮
যেইমাত্র পড়িল ডঙ্কের নৃত্য-স্থানে। মারিতে লাগিল ডঙ্ক মহা-ক্রোধ-মনে ॥ ২১৯
আশে-পাশে ঘাড়েমুড়ে বেত্রের প্রহার। নির্ঘাত মারয়ে ডঙ্ক, রক্ষা নাহি আর ॥ ২২০
বেত্রের প্রহারে বিপ্র জর্জর হইয়া। 'বাপ্ বাপ্' বলি, ত্রাসে গেল পলাইয়া ॥ ২২১
তবে ডঙ্ক নিজ-সুখে নাচিল বিস্তর। সভার জন্মিল বড় বিস্ময় অন্তর ॥ ২২২

---

১ (৪র্থ) প্রতাপ [ঞ], (৯ম) সাপ [ক, ঞ]; ২ (২য়) -পাতে [গ], (৩য়) নষ্ট [ঘ], খণ্ডে [ঙ]; ৩ (৬ষ্ঠ) প্রকার [ঘ], (১১শ) তাহার [ঘ]; ৫ (১ম—৩য়) তহি উপনীত আসি হৈলা [ছ]; ৭ (৪র্থ) রঙ্গ [ঘ], (৯ম) কেবল একেশ্বরে [ছ, ঞ]; ১০ (৭ম—১০ম) করিলা নৃত্য অনেক প্রকার [ছ]; ১৩ (৪র্থ—৮ম) "বসিয়া রহিলা ডঙ্ক এক পাশ হঞা ॥" [ঘ]; ১২ (৪র্থ—৮ম) "দেখিয়া লোকের চিতে হইল সংশয় ॥" [ক], (৫ম) ঈশ্বর- [গ], (৮ম) বিস্ময় (ঙ) প্রেমময় [ঞ]; ১৭ (৩য়) তাঁর [খ, গ, ঘ, ঞ]; ১৮ (৫ম) সেইক্ষণে [ক্বচিৎ পাঠ], (৯ম) গুণে [ক, খ, গ, ঙ, জ]; ১৯ (৭ম) অতি [ঘ], -বুদ্ধি [ছ]; ২০ (৩য়) সেইক্ষণে [চ], (৪র্থ, ৫ম) অচেষ্ট হইয়া [খ], (৭ম—৯ম) মাৎসর্য বুদ্ধে আছাড় খাইয়া [খ]; (৮ম, ৯ম) আবিষ্ট হইয়া [ঙ]; ২৩ (৬ষ্ঠ—১১শ) "ভূমিতে পড়িলা তথা নিঃশ্বাস ছাড়িয়া ॥" [ক], (৯ম) শেষে [গ, ঙ, জ]।

জোড়-হস্তে সভে জিজ্ঞাসেন ডঙ্ক-স্থানে। "কহ দেখি,—এ বিপ্রেরে মারিলা বা কেনে ?
হরিদাস নাচিতে বা জোড়-হস্তে কেনে। রহিলা,—এ-সব কথা কহ ত আপনে ?" ২২৪
তবে সেই ডঙ্ক-মুখে বিষ্ণুভক্ত নাগ। কহিতে লাগিলা হরিদাসের প্রভাব ॥ ২২৫
"তোমরা যে জিজ্ঞাসিলা,—এ বড় রহস্য। যদ্যপি অকথ্য, তভু কহিমু অবশ্য ॥ ২২৬
হরিদাস-ঠাকুরের দেখিয়া আবেশ। তোমরা যে ভক্তি বড় করিলা বিশেষ ॥ ২২৭
তাহা দেখি' ও ব্রাহ্মণো আহার্য করিয়া। পড়িল মাৎসর্য-বুদ্ধে আছাড় খাইয়া ॥ ২২৮
আমারো কি নৃত্য-সুখ ভঙ্গ করিবারে। আহার্যে মাৎসর্যে কোন জন শক্তি ধরে' ? ২২৯
হরিদাস-সঙ্গে স্পর্ধা মিথ্যা করি' করে'। অতএব শাস্তি বহু করিলুঁ উহারে ॥ ২৩০
'বড় লোক করি' লোকে জানুক আমারে।' আপনারে প্রকটাই ধর্ম-কর্ম করে' ॥ ২৩১
এ-সকল দাম্ভিকের কৃষ্ণে প্রীতি নাই। অকৈতব হইলে সে কৃষ্ণভক্তি পাই ॥ ২৩২
এই যে দেখিলা,—নাচিলেন হরিদাস। ও-নৃত্য দেখিলে সর্ববন্ধ হয় নাশ ॥ ২৩৩
হরিদাস-নৃত্যে কৃষ্ণ নাচেন আপনে। ব্রহ্মাণ্ড পবিত্র হয় ও-নৃত্য-দর্শনে ॥ ২৩৪
উহানে সে যোগ্য পদ 'হরিদাস'-নাম। নিরবধি কৃষ্ণ বদ্ধ হৃদয়ে উহান ॥ ২৩৫
সর্বভূত-বৎসল, সভার উপকারী। ঈশ্বরের সঙ্গে প্রতি জন্মে অবতরি' ॥ ২৩৬
উঁহি সে নিরবধি বিষ্ণু-বৈষ্ণবেতে। স্বপ্নেহ উহান দৃষ্টি না যায় বিপথে ॥ ২৩৭
তিলার্ধ উহান সঙ্গ যে জীবের হয়। সে অবশ্য পায় কৃষ্ণপাদ-পদ্মাশ্রয় ॥ ২৩৮
ব্রহ্মা-শিবো হরিদাস-হেন-ভক্ত-সঙ্গ। নিরবধি করিতে চিত্তের বড় রঙ্গ ॥ ২৩৯
'জাতি, কুল—সব নিরর্থক' বুঝাইতে। জন্মিলেন নীচকুলে প্রভুর আজ্ঞাতে ॥ ২৪০
'অধম-কুলেতে যদি বিষ্ণুভক্ত হয়। তথাপি সেই সে পুজ্য'— সর্বশাস্ত্রে কয় ॥ ২৪১
'উত্তম-কুলেতে জন্মি শ্রীকৃষ্ণ না ভজে। কুলে তা'র কিছু নহে নরকেতে মজে ॥' ২৪২
এ-সকল বেদ-বাক্যের সাক্ষী দেখাইতে। জন্মিলেন হরিদাস অধম-কুলেতে ॥ ২৪৩
প্রহ্লাদ যেহেন 'দৈত্য', 'কপি' হনূমান। এইমত হরিদাস 'নীচ-জাতি' নাম ॥ ২৪৪
হরিদাস-স্পর্শ বাঞ্ছা করে' দেবগণ। গঙ্গাও বাঞ্ছেন হরিদাসের মজ্জন ॥ ২৪৫
স্পর্শের কি দায়, দেখিলেই হরিদাস। ছিণ্ডে' সর্বজীবের অনাদি কর্ম-পাশ ॥ ২৪৬

---

২ (৬ষ্ঠ) ভাঙ্গিয়া [ঞ], (৯ম, ১০ম) কহিবা [ছ]; ২ (৪র্থ) কৃষ্ণ- [ছ]; ৪ (৭ম) কহিতে [ঙ]; ৫ (৭ম) তার [ঘ]; ৬ (৫ম) ঢাঙ্গাতি [গ], রহস্য [ছ, ঞ, কচিৎ পাঠ]; ৮ (৪র্থ, ৫ম) করিবারে [ঞ], (৮ম) আমি [ক, খ, ঘ, ঙ, জ, ঞ]; ৯ (৪র্থ) হেন [ঙ, জ]; ১০ "এ-সব দাম্ভিকে কৃষ্ণে প্রীতি নাহি করে'। অকৈতব ভাব হইলে পাইয়ে কৃষ্ণেরে ॥" [ঘ], (৯ম) বিষ্ণুভক্তি [চ, জ]; ১১ (৮ম) কর্মবন্ধ [ঙ, চ], (৯ম) যায় [ঙ]; ১২ (২য়) প্রভু [ছ]; ১৩ (৭ম—১০ম) কৃষ্ণরসে হৃদয় উদ্দাম [ঘ], কৃষ্ণ করেন হৃদয়ে বিশ্রাম [ঙ], সেই কৃষ্ণ হৃদয়ে উহান [চ]; ১৪ (৩য়) হিতকারী [ঘ]; ১৫ (১ম) উক্তি [ঝ], (৭ম) চিত্ত [ঙ]; ১৮ (৩য়) নীল [ছ], (৮ম) ঈশ্বর [ঞ]; ১৯ (৯ম) বেদে শাস্ত্রে [ক, খ, চ, জ], সর্ববেদে [ঙ, ঞ]; ২০ (৮ম, ৯ম) কি করিবে [ঝ, ঞ]; ২১ (৭ম) যবন- [ঙ, চ]; ২৪ (৭ম—৯ম) সব দেবতার কর্মবন্ধপাশ [ঙ], (৯ম) -ফাঁস [চ, জ, ঞ]।

হরিদাস-আশ্রয় করয়ে যেই জন। তানে দেখিলেও খণ্ডে' সংসার বন্ধন ॥ ২৪৭
শতবর্ষে শতমুখে উহান মহিমা। কহিলেও নাহি পারি করিবারে সীমা ॥ ২৪৮
ভাগ্যবন্ত তোমরা সে, তোমা'-সভা' হৈতে। তাহান মহিমা কিছু আইল মুখেতে ॥ ২৪৯
সকৃত যে বলিবেক 'হরিদাস' নাম। সত্য সত্য সেই যাইবেক কৃষ্ণ-ধাম ॥ ২৫০
এত বলি' মৌন হইলা নাগরাজ। তুষ্ট হইলেন শুনি' সজ্জন সমাজ ॥ ২৫১
হেন হরিদাস-ঠাকুরের অনুভাব। কহিয়া আছেন পূর্বে শ্রীবৈষ্ণব-নাগ ॥ ২৫২
সভার পরম-প্রীতি হরিদাস-প্রতি। নাগ-মুখে শুনি' হরষিত হৈল অতি ॥ ২৫৩
হেনমতে বৈসেন ঠাকুর হরিদাস। গৌরচন্দ্র না করেন ভক্তির প্রকাশ ॥ ২৫৪
সর্বদিগে বিষ্ণুভক্তি-শূন্য সর্বজন। উদ্দেশো না জানে কেহো কেমন কীর্তন ॥ ২৫৫
কোথাও নাহিক বিষ্ণুভক্তির প্রকাশ। বৈষ্ণবেরে সভেই করয়ে উপহাস ॥ ২৫৬
আপনা-আপনি সব সাধুগণ মিলি'। গায়েন শ্রীকৃষ্ণনাম দিয়া করতালি ॥ ২৫৭
তাহাতেও দুষ্টগণ মহাক্রোধ করে'। পাষণ্ডী পাষণ্ডী মিলি' বল্‌গিয়াই মরে ॥ ২৫৮
"এ-বামন-গুলা রাজ্য করিবেক নাশ। ইহা সভা' হৈতে হৈব দুর্ভিক্ষ-প্রকাশ ॥ ২৫৯
এ-বামন-গুলা সব মাগিয়া খাইতে। ভাবক-কীর্তন করি' নানা ছল পাতে ॥ ২৬০
গোসাঞির শয়ন বরিষা চারিমাস। ইহাতে কি যুয়ায় ডাকিতে বড় ডাক ? ২৬১
নিদ্রা-ভঙ্গ হৈলে ক্রুদ্ধ হইব গোসাঞি। দুর্ভিক্ষ করিবে দেশে,—ইথে দ্বিধা নাঞি ॥"২৬২
কেহো বোলে, "যদি ধান্যে কিছু মূল্য চড়ে। তবে এ-গুলারে ধরি' কিলাইমু ঘাড়ে ॥"২৬৩
কেহো বোলে "একাদশী-নিশি জাগরণ। করিব গোবিন্দ-নাম করি' উচ্চারণ ॥ ২৬৪
প্রতিদিন উচ্চারণ করিয়া কি কাজ ?" এইরূপে বোলে যত মধ্যস্থ-সমাজ ॥ ২৬৫
দুঃখ পায় শুনিঞা সকল ভক্তগণ। তথাপি না ছাড়ে' কেহো উচ্চ-সংকীর্তন ॥ ২৬৬
ভক্তিযোগে লোকের দেখিয়া অনাদর। হরিদাসো দুঃখ বড় পায়েন অন্তর ॥ ২৬৭
তথাপিহ হরিদাস উচ্চস্বর করি'। বোলেন প্রভুর সংকীর্তন মুখ ভরি' ॥ ২৬৮
ইহাতেহ অত্যন্ত দুষ্কৃতি পাপিগণ। না পারে' শুনিতে উচ্চ হরি-সংকীর্তন ॥ ২৬৯
হরিনদী-গ্রামে এক ব্রাহ্মণ দুর্জন। হরিদাসে দেখি' ক্রোধে বোলয়ে বচন ॥ ২৭০

---

১ (৭ম) ঘুচে [খ, চ, ছ], (৮ম) অশেষ- [ঘ, ঙ], ২ (৫ম) কহিতেও [ক, খ, ঘ], (৬ষ্ঠ, ৭ম) নাপ ারিব [গ, ঘ, জ, ঞ]; ৪ (১ম) সুকৃতি [ছ], (৬ষ্ঠ—১০ম) "সেই সত্য যাইবেক বৈকুণ্ঠের ধাম ॥" [ঙ]; ৫ (৮ম) সর্ব [ছ]; ৭ (৫ম, ৬ষ্ঠ) শুনিয়া বিশেষ [ঝ]; ৯ (৮ম, ৯ম) কেন সংকীর্তন [ক, খ, গ, জ]; ১০ (৩য়) কৃষ্ণ- [গ], (৮ম) পরিহাস [ক—গ, ছ, জ, ঝ]; ১১ (৩য়) বন্ধুজন [চ], (৬ষ্ঠ) শ্রীকৃষ্ণযশ [ঘ]; ১২ (৩য়) বহুক্রোধ [ঘ], উপহাস [ঙ]; ১৪ (৫ম) ভাবুক- [ঞ], (৮ম) ছলা [ঝ]; ১৬ (৯ম, ১০ম) আর রক্ষা [ঞ]; ১৮ (৪র্থ) লইব [খ, ঙ]; ১৯ (২য়) উচ্চরব [ক]; উচ্চকরি [ছ], (৮ম) কত [ক, খ, গ, ঙ, চ], সব [ঘ], (৯ম) পাষণ্ড- [ঘ, জ], মণ্ডপ- [চ]; ২০ (৪র্থ) শুনিঞা [ক], (১০ম) হরি- [ঞ]; ২৩ (৭ম) সহিতে [ঘ], (৯ম) নাম- [ছ]; ২৪ (৩য়, ৪র্থ) বিপ্র সুদুর্জন [ক, খ, গ, চ], বিপ্র সে দুর্জন [ছ]।

"অয়ে হরিদাস! একি ব্যভার তোমার? ডাকিয়া যে নাম লহ, কি হেতু ইহার? ২৭১
মনে মনে জপিবা—এই সে ধর্ম হয়। ডাকিয়া লৈতে নাম কোন্ শাস্ত্রে কয়? ২৭২
কা'র শিক্ষা—হরিনাম ডাকিয়া লইতে? এই ত' পণ্ডিত-সভা, বোলহ ইহাতে॥ ২৭৩
হরিদাস বোলেন, "ইহার যত তত্ত্ব। তোমরা সে জান' হরিনামের মহত্ত্ব॥ ২৭৪
তোমরা সভার মুখে শুনিঞা সে আমি। বলিতেছি, বলিবাঙ যেবা কিছু জানি॥ ২৭৫
উচ্চ করি' লৈলে শতগুণ ফল হয়। দোষ ত না কহে শাস্ত্রে, গুণ সে বর্ণয়॥" ২৭৬

তথা হি—"উচ্চৈঃ শতগুণং ভবেৎ" ইতি॥ ২৭৭

বিপ্র বোলে, "উচ্চ-নাম করিলে উচ্চার। শতগুণ ফল হয়, কি হেতু ইহার?"২৭৮
হরিদাস বোলেন, "শুনহ মহাশয়! যে-তত্ত্ব ইহার বেদে ভাগবতে কয়॥" ২৭৯
সর্বশাস্ত্র স্ফুরে হরিদাসের শ্রীমুখে। লাগিলা করিতে ব্যাখ্যা কৃষ্ণানন্দ-সুখে॥ ২৮০
"শুন বিপ্র! সকৃত শুনিলে কৃষ্ণনাম। পশু, পক্ষী, কীট যায় শ্রীবৈকুণ্ঠ-ধাম॥ ২৮১

তথা হি শ্রীভাগবতে দশম-স্কন্ধে (৩৪।১৮) সুদর্শন-বাক্যম্—

"যন্নাম গৃহ্ণন্নখিলান্ শ্রোতৄনাত্মানমেব চ। সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য স্পৃষ্টঃ পদা হি তে॥"২৮২

পশু, পক্ষী, কীট-আদি বলিতে না পারে'। শুনিলেই হরিনাম তা'রা সব তরে'॥ ২৮৩
জপিলে সে কৃষ্ণনাম আপনে সে তরে'। উচ্চ-সংকীর্তনে সব উপকার করে॥ ২৮৪
অতএব উচ্চ করি' কীর্তন করিলে। শতগুণ ফল হয়' সর্বশাস্ত্রে বোলে॥ ২৮৫

তথা হি শ্রীনারদীয়ে প্রহ্লাদ-বাক্যম্—

"জপতো হরিনামানি স্থানে শতগুণাধিকঃ। আত্মানঞ্চ পুনাত্যুচ্চৈর্জপন্ শ্রোতৄন্ পুনাতি চ॥" ২৮৬

জপকর্তা হইতে উচ্চ-সংকীর্তনকারী। শতগুণ অধিক পুরাণে কেনে ধরি॥ ২৮৭
শুন বিপ্র! মন দিয়া ইহার কারণ। জপি' সবে আপনারে করয়ে পোষণ॥ ২৮৮
উচ্চ করি, করিলে গোবিন্দ-সংকীর্তন। জন্তু-মাত্র শুনিঞাই পায় বিমোচন॥ ২৮৯
জিহ্বা পাইয়াও নর বিনা সর্ব-প্রাণী। না পারে' বলিতে কৃষ্ণনাম-হেন ধ্বনি॥ ২৯০
ব্যর্থ-জন্মা ইহারা নিস্তরে' যাহা হইতে। বোল দেখি—কোন্ দোষ সে কর্ম করিতে॥২৯১
কেহো আপনারে মাত্র করয়ে পোষণ। কেহো বা পোষণ করে' সহস্রেক জন॥ ২৯২
দুইতে কে বড় ভাবি' বুঝহ আপনে। এই অভিপ্রায়ে গুণ উচ্চ-সংকীর্তনে॥"২৯৩
সে বিপ্র শুনি' হরিদাসের কথন। বলিতে লাগিল ক্রোধে মহা-দুর্বচন॥ ২৯৪

---

৩ (৫ম) কহিতে [ঘ, ঞ], (৯ম) বুঝাহ [ঞ], ৬ (৫ম) পুণ্য [ক, খ, গ, জ, ঝ, ঞ], (১১শ) বেদে [ঙ] ৮ (৭ম) পুণ্য [গ, ঝ]; ৯ (৫ম) হেতু [খ, গ, ঘ, ঙ; চ, ছ], ১১ (৭ম) পক্ষ [ঘ, ঙ, চ,—জ]; ১৫ (২য়) সে কৃষ্ণনাম [গ, ছ], সে হরিনাম [ঙ, চ], (৮ম) পর [ঝ]; ১৬ (৯ম) বেদে শাস্ত্রে [গ, ঘ, ঙ, চ, ছ, জ]; ১৯ (৪র্থ —৭ম) শত গুণাধিক ফল পুরাণেতে [ঞ]; ২০ (৬ষ্ঠ) আখ্যান [চ], (১১শ) মোচন [ঘ], শোধন [চ]; ২১ (৩য়) কহিলে [ক], বলিলে [ঙ]; ২২ (৯ম) হরিনাম- [ঘ]; ২৩ (২য়, ৩য়) জীবের নিস্তার [ঘ], তাহারা নিস্তরে [ঙ, চ]; ২৫ (৪র্থ) ভাব। [ঙ], বটে [ঞ]।

'দরশন-কর্তা' এবে হৈল হরিদাস! কালে কালে বেদ-পথ হয় দেখি নাশ ॥ ২৯৫

'যুগশেষে শূদ্র বেদ করিব বাখানে।' এখনেই তাহা দেখি, শেষে আর কেনে? ২৯৬

এইরূপে আপনারে প্রকট করিয়া। ঘরে ঘরে ভাল ভোগ খাইস্ বুলিয়া ॥ ২৯৭

যে ব্যাখ্যা করিলি তুই, এ যদি না লাগে। তবে তোর নাক কাটি' নুড়ি দিমু আগে ॥২৯৮

শুনি' বিপ্রাধমের বচন হরিদাস। 'হরি বলি' ঈষৎ হইল কিছু হাস ॥ ২৯৯

প্রত্যুত্তর আর কিছু তা'রে না কহিয়া। চলিলেন উচ্চ করি' কীর্তন গাহিয়া ৩০০

যেবা পাপী সভাসদ, সেহো পাপমতি। উচিত উত্তর কিছু না করিল ইথি ॥ ৩০১

এ-সকল রাক্ষস,—ব্রাহ্মণ নামে মাত্র। এইসব জন যম-যাতনার পাত্র ॥ ৩০২

কলিযুগে রাক্ষস-সকল বিপ্র-ঘরে। জন্মিবেক সুজনের হিংসা করিবারে ॥ ৩০৩

তথা হি শ্রীবরাহ-পুরাণে মহেশ-বাক্যম্—

"রাক্ষসাঃ কলিমাশ্রিত্য জায়ন্তে ব্রহ্মযোনিষু। উৎপন্না ব্রাহ্মণবংশে বাধন্তে শ্রোত্রিয়ান্ কৃশান্ ॥ ৩০৪

এ-সব বিপ্রের স্পর্শ, কথা, নমস্কার। ধর্মশাস্ত্রে সর্বথা নিষেধ করিবার ॥ ৩০৫

তথা হি শ্রীপদ্মপুরাণে মহেশ-বাক্যম্—

"কিমত্র বহুনোক্তেন ব্রাহ্মণা যে হ্যবৈষ্ণবাঃ। তেষাং সম্ভাষণং স্পর্শং প্রমাদেনাপি বর্জয়েৎ॥"৩০৬

ব্রাহ্মণ হইয়া যদি অবৈষ্ণব হয়। তবে তা'র আলাপেহ পুণ্য যায় ক্ষয় ॥ ৩০৭

সে বিপ্রাধমের কথোদিবস থাকিয়া। বসন্তে নাসিকা তা'র পড়িল খসিয়া ॥ ৩০৮

হরিদাস-ঠাকুরেরে বলিলেক যেন। কৃষ্ণও তাহার শাস্তি করিলেন তেন ॥ ৩০৯

বিষয়েতে মগ্ন জগৎ দেখি' হরিদাস। দুঃখে 'কৃষ্ণ কৃষ্ণ' বলি' ছাড়েন নিঃশ্বাস ॥ ৩১০

কথোদিন 'বৈষ্ণব' দেখিতে ইচ্ছা করি'। আইলেন হরিদাস নবদ্বীপ-পুরী ॥ ৩১১

হরিদাস-ঠাকুরে দেখিয়া ভক্তগণ। হইলেন অতিশয় পরানন্দ-মন ॥৩১২

আচার্য-গোসাঞি হরিদাসেরে পাইয়া। রাখিলেন প্রাণ হৈতে অধিক করিয়া ॥ ৩১৩

সর্ব-বৈষ্ণবের প্রীতি হরিদাস-প্রতি। হরিদাসো করেন সভারে ভক্তি অতি ॥ ৩১৪

পাষণ্ডী সকল দেয় যত বাক্য-জ্বালা। অন্যোহন্যে সব তাহা কহিতে লাগিলা ॥ ৩১৫

---

১ (১ম) ষড়্‌দর্শন-কর্তা [গ], (৮ম) যায় [চ], হবে [ঞ]; ২ (৬ষ্ঠ—৯ম) এখনে হইল সেই, তবে [ঙ]; ৩ (৫ম—৭ম) ভালে ঘরে ঘরে [ক, খ, ঘ, ঙ, ছ, জ]; ৪ (১২শ—১৪শ) কান কাটি তোর [ঘ, ছ, ঞ]; ৫ (৬ষ্ঠ—৯ম) হরি বলিয়া হাসিলা মৃদু [ঘ]; ৬ (১ম) হরিদাস [ঘ], (৬ষ্ঠ) কহিয়া [গ, ঘ]; ৯ (৫ম—৭ম) সাধু-হিংসা করিবার তরে [ঘ], (৬ষ্ঠ) নিন্দা [ছ, জ]; ১২ (৭ম—৯ম) নিষেধ করিল বারবার [ঘ];১ ৪—"ন স্প্রষ্টব্যা ন বক্তব্যা ন দ্রষ্টব্যাঃ কদাচন ॥" [শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-সম্পাদিত (৪১৩ শ্রীচৈতন্যাব্দ) পদ্মপুরাণ, উত্তমখণ্ড,৯৩।১১, এবং পুনা আনন্দাশ্রম - প্রকাশিত (১৮১৬শকাব্দ, ১৮৯৪ খৃষ্টাব্দ সংস্করণে (উত্তরখণ্ডে ২৬৩।১১) এইরূপ পাঠ দৃষ্ট হয়]; ১৫"ব্রাহ্মণ হইয়া যেই বৈষ্ণব হয়। তার সম্ভাষণোদিতে পুণ্যাদি রক্ষয় ॥" [ঘ]; ১৬ (৫ম) সর্বাঙ্গ [ছ]; ১৭ (৪র্থ) শ্রীকৃষ্ণ [জ] কৃষ্ণ সে [ঞ]; ১৮ (১ম—৪র্থ) ভক্তিশূন্য জগত দেখিয়া [ঝ]; ১৯ (৪র্থ) মন [থ]; ২০ (৬ষ্ঠ) আনন্দিত- [ঘ] ২২ (২য়) মন [চ]; ২৩ (৬ষ্ঠ) অল্পে অল্পে [ছ]।

গীতা ভাগবত লঞা সর্ব-ভক্তগণ। অন্যোঽন্যে বিচারে থাকেন সর্বক্ষণ ॥ ৩১৬
যে জনে পড়য়ে শুনে এ-সব আখ্যান। তা'রেহ মিলিব গৌরচন্দ্র ভগবান্ ॥ ৩১৭
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দচান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ৩১৮

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীহরিদাস-মহিমবর্ণনং
নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩

১ (৫ম) কৃষ্ণকথা [ঘ], (৮ম) অনুক্ষণ [খ, গ, ঘ, ঙ, চ]; ৩ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্য- , (২য়, ৩য়) জ্ঞান [গ, ঘ, চ, জ, ঝ]।

চতুর্দশ অধ্যায়

জয় জয় শ্রীগৌরসুন্দর মহেশ্বর। জয় নিত্যানন্দ-প্রিয় নিত্য-কলেবর ॥ ১
জয় সর্ব-বৈষ্ণবের ধন-মন-প্রাণ। কৃপাদৃষ্ট্যে কর' প্রভু সর্ব জীবে ত্রাণ ॥ ২
আদিখণ্ড-কথা ভাই! শুন একমনে। শ্রীগৌরসুন্দর গয়া চলিলা যেমনে ॥ ৩
হেনমতে নবদ্বীপে শ্রীবৈকুণ্ঠনাথ। অধ্যাপক-শিরোমণি-রূপে করে' বাস ॥ ৪
চতুর্দিগে পাষণ্ডী বাড়য়ে গুরুতর। 'ভক্তিযোগ' নাম হৈল শুনিতে দুষ্কর ॥ ৫
মিথ্যারসে দেখি' অতি লোকের আদর। ভক্ত-সব দুঃখ বড় ভাবেন অন্তর ॥ ৬
প্রভু সে আবিষ্ট হঞা আছেন অধ্যয়নে। ভক্ত সব দুঃখ পায়,—দেখেন আপনে ॥ ৭
নিরবধি বৈষ্ণব-সভারে দুষ্টগণে। নিন্দা করি' বুলে, তাহা শুনেন আপনে ॥
চিত্তে ইচ্ছা হৈল আত্মপ্রকাশ করিতে। ভাবিলেন, "আগে আসি' গিয়া গয়া হৈতে ॥"৯
ইচ্ছাময় শ্রীগৌরসুন্দর ভগবান্। গয়া-ভূমি দেখিতে হইল ইচ্ছা তান ॥ ১০

৮ম পংক্তির পূর্বে 'ঘ-'পুঁথিতে অধিক পাঠ—"জয় জয় জগত-জীবন গৌরচন্দ্র। দান দেহ হৃদয়ে তোমার পদ দ্বন্দ্ব ॥", 'ঙ'-পুঁথিতে অধিক পাঠ—'বড়ারি'; ৯ (১ম) জয় জয়, (৩য়) ধন -প্রাণ [গ, ঘ, চ]; ১০ (৪র্থ) সাবধানে [ক, গ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; ১১ (৪র্থ—৬ষ্ঠ) রূপেতে বিখ্যাত [ঘ], -শিরোমণি জগতের তাত [ঞ], (৫ম, ৬ষ্ঠ) হৈলা খ্যাত [ক্বচিৎ পাঠ]; ১২ (৮ম) বড়ই [ঙ, ছ]; ১৩ (৩য়) সব [ঘ], বড় [ঙ], (৮ম) সদা [ছ], (৯ম) পায়েন [ঙ]; ১৭ (৫ম—৮ম) দেখিবারে করিলা পয়ান [ঘ]।

শাস্ত্রবিধিমত শ্রাদ্ধ-কর্মাদি করিয়া। যাত্রা করি' চলিলা অনেক শিষ্য লৈয়া ॥ ১১
জননীর আজ্ঞা লঞা মহাহর্ষ-মনে। চলিলেন মহাপ্রভু গয়া-দরশনে ॥ ১২
সর্বদেশ-গ্রাম করি' পুণ্য-তীর্থময়। শ্রীচরণ হৈল গয়া দেখিতে বিজয় ॥ ১৩
ধর্মকথা বাকোবাক্য পরিহাস-রসে। মন্দারে আইলা প্রভু কথোক দিবসে ॥ ১৪
দেখিয়া মন্দার মধুসূদন তথায়। ভ্রমিলেন সকল-পর্বত স্ব-লীলায় ॥ ১৫
এইমত কথো পথ আসিতে আসিতে। আরদিন জ্বর প্রকাশিলেন দেহেতে ॥ ১৬
প্রাকৃত-লোকের প্রায় বৈকুণ্ঠ-ঈশ্বর। লোক-শিক্ষা দেখাইতে প্রকাশিলা জ্বর ॥ ১৭
মধ্য-পথে জ্বর প্রকাশিলেন ঈশ্বর। শিষ্যগণ হইলেন চিন্তিত অন্তর ॥ ১৮
পথে রহি' করিলেন বহু প্রতিকার। তথাপি না ছাড়ে জ্বর—হেন ইচ্ছা তাঁ'র ॥ ১৯
তবে প্রভু ব্যবস্থিলা ঔষধ আপনে। 'সর্বদুঃখ খণ্ডে' বিপ্র-পাদোদক-পানে ॥' ২০
বিপ্র-পাদোদকের মহিমা বুঝাইতে। পান করিলেন প্রভু আপনে সাক্ষাতে ॥ ২১
বিপ্র-পাদোদক পান করিয়া ঈশ্বর। সেই ক্ষণে সুস্থ হৈলা, আর নাহি জ্বর ॥ ২২
ঈশ্বরে যে করে' বিপ্র-পাদোদক পান। এ তান স্বভাব—বেদ-পুরাণ প্রমাণ ॥ ২৩

তথা হি শ্রীগীতায়াম্ (৪।১১)—

"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্। মম বর্ত্মানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ ! সর্বশঃ ॥" ২৪

যে তাঁহান দাস্য-পদ ভাবে' নিরন্তর। তাঁহারো অবশ্য দাস্য করেন ঈশ্বর ॥ ২৫
অতএব নাম তাঁ'র—সেবকবৎসল। আপনে হারিয়া বাঢ়ায়েন ভৃত্য-বল ॥ ২৬
সর্বত্র রক্ষক—হেন প্রভুর চরণ। বোল' দেখি—কেমতে ছাড়িবে ভক্তগণ ? ২৭
হেনমতে করি' প্রভু জ্বরের বিনাশ। 'পুনপুনা' -তীর্থে আসি' হইলা প্রকাশ ॥ ২৮
স্নান করি' পিতৃদেব করিয়া অর্চন। গয়াতে প্রবেশ কৈলা শ্রীশচীনন্দন ॥ ২৯
গয়া-তীর্থরাজে প্রভু প্রবিষ্ট হইয়া। নমস্করিলেন প্রভু শ্রীকর জুড়িয়া ॥ ৩০
ব্রহ্মকুণ্ডে আসি' প্রভু করিলেন স্নান। যথোচিত কৈলা পিতৃ-লোকের সম্মান ॥ ৩১
তবে আইলেন চক্রবেড়ের ভিতরে। পাদপদ্ম দেখিবারে চলিলা সত্বরে ॥ ৩২
বিপ্রগণে বেড়িয়াছে শ্রীচরণ-স্থান। শ্রীচরণে মালা যেন দেউল-প্রমাণ ॥ ৩৩
গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র, অলঙ্কার। কত পড়িয়াছে, লেখা-জোখা নাহি তা'র ॥ ৩৪
চতুর্দিগে দিব্যরূপ ধরি' বিপ্রগণ। করিতেছে পাদপদ্ম-প্রভাব-বর্ণন ॥ ৩৫

৩ (৩য়) মহা- [গ]; ৪ (১ম—৩য়) "ধর্মকথা শাস্ত্রকথা বাকোবাক্য-রসে।" [ঙ, জ], "অন্যকথা শাস্ত্রকথা কোন কাব্যরসে।" [ছ]; ৫ (৪র্থ) আলয় [ঘ], (৭ম) লীলাময় [ঘ], সুনিশ্চয় [ছ]; ৬ (৪র্থ, ৫ম) চলিতে চলিতে [গ]; ১০ (৬ষ্ঠ) সর্ববিঘ্ন [ঘ, ঙ]; ১৬ (১ম—৫ম) "যে তাঁহার দাস্যে পাদসেবে' নিরন্তর।" [ঘ, চ], "যে তাহারে দাস্যভাব ভাবেন অন্তরে।" [ছ]; ১৭ (৪র্থ) ভকত- [খ, ছ, ঞ], (৮ম) ভক্ত- [চ]; ২০ (৩য়—৫ম) পড়ে বেদ করি উচ্চারণ [ছ]; ২১ (১ম) -তীর্থমাঝে [ছ], (৩য়) আবিষ্ট [ক, খ]; ২২ (৮ম) -দেবের [ক, খ, গ, ঙ, ঝ]; ২৪ (৭ম) পর্বত- [গ]।

"কাশীনাথ-হৃদয়ের ধন যে-চরণ। যে-চরণ নিরবধি লক্ষ্মীর জীবন ॥ ৩৬
"বলি-শিরে আবির্ভাব হৈল যে-চরণ। সেই এই দেখ যত ভাগ্যবন্ত জন! ৩৭
তিলার্ধেকো যে-চরণ ধ্যান কৈলে মাত্র। সে জনা না হয় যম-যাতনার পাত্র ॥ ৩৮
"যোগেশ্বর-সভারও দুর্লভ যে-চরণ। সেই এই দেখ, যত ভাগ্যবন্ত জন! ৩৯
যে-চরণে ভাগীরথী হইলা প্রকাশ। নিরবধি হৃদয়ে, না ছাড়ে যাঁ'রে দাস ॥ ৪০
"অনন্ত-শয্যায় অতিপ্রিয় যে-চরণ। সেই এই দেখ, যত ভাগ্যবন্ত জন! ৪১
চরণ-প্রভাব শুনি' বিপ্রগণ-মুখে। আবিষ্ট হইলা প্রভু প্রেমানন্দ-সুখে ॥ ৪২
অশ্রুধারা বহে' দুই শ্রীপদ্ম নয়নে। লোমহর্ষ কম্প হৈল চরণ-দর্শনে ॥ ৪৩
সর্ব-জগতের ভাগ্যে প্রভু গৌরচন্দ্র। প্রেমভক্তি-প্রকাশের করিলা আরম্ভ ॥ ৪৪
অবিচ্ছিন্ন-গঙ্গা বহে প্রভুর নয়নে। পরম অদ্ভুত সব দেখে বিপ্রগণে ॥ ৪৫
দৈবযোগে ঈশ্বর-পুরীহ সেইক্ষণে। আইলেন ঈশ্বর-ইচ্ছায় সেই-স্থানে ॥ ৪৬
ঈশ্বরপুরীরে দেখি' শ্রীগৌরসুন্দর। নমস্করিলেন বড় করিয়া আদর ॥ ৪৭
ঈশ্বরপুরীহ গৌরচন্দ্রেরে দেখিয়া। আলিঙ্গন করিলেন মহা-হর্ষ হৈয়া ॥ ৪৮
দোঁহার বিগ্রহ দোঁহাকার প্রেমজলে। সিঞ্চিত হইলা প্রেমানন্দ-কুতূহলে ॥ ৪৯
প্রভু বোলে, "গয়া-যাত্রা সফল আমার। যেইক্ষণে দেখিলাঙ চরণ তোমার ॥ ৫০
তীর্থে পিণ্ড দিলে সে নিস্তরে' পিতৃগণ। সেহো—যাঁ'রে পিণ্ড দিয়ে, তরে' সেইজন ॥ ৫১
তোমা' দেখিলেই মাত্র কোটি-পিতৃগণ। সেইক্ষণে সর্ববন্ধ পায় বিমোচন ॥ ৫২
অতএব তীর্থ নহে তোমার সমান। তীর্থেরো পরম তুমি মঙ্গল প্রধান ॥ ৫৩
সংসার-সমুদ্র হৈতে উদ্ধার' আমারে। আমি এই দেহ সমর্পিলাঙ তোমারে ॥ ৫৪
কৃষ্ণপাদপদ্মের অমৃত-রস পান। আমারে করাহ তুমি—এই চাহি দান ॥ ৫৫
বোলেন ঈশ্বরপুরী, "শুনহ পণ্ডিত! তুমি যে ঈশ্বর-অংশ অতি সুনিশ্চিত ॥ ৫৬
যে তোমার পাণ্ডিত্য, যে চরিত্র তোমার। সেহো কি ঈশ্বর-অংশ বহি হয় আর? ৫৭
যেন আজি আমি শুভ স্বপ্ন দেখিলাঙ। সাক্ষাতে তাহার ফল এই পাইলাঙ ॥ ৫৮
সত্য কহি পণ্ডিত! তোমার দরশনে। পরানন্দ-সুখ যেন পাই অণুক্ষণে ॥ ৫৯

---

১ (১ম, ২য়) কাশীনাথ হৃদয়ে ধরিলা [ঝ, ঞ]; ৩ (৬ষ্ঠ—১০ম) "যম তার না হয়েন অধিকার" [ক, খ, গ, ঙ চ, ছ, জ, ঝ, ঞ], (৮ম, ৯ম) নহে কভু [খ]; ৪ (৭ম—৯ম) প্রভু শচীর নন্দন [খ]; ৫ (৫ম) সদা রাখে [ক্বচিৎ পাঠ]; ৬ (১ম, ২য়) অনন্ত অর্বুদ লোকে সেবে [ঘ]; ৭ (৬ষ্ঠ) অতি [ঘ, ছ], (৭ম) নিজানন্দ- [ঞ]; ১০ (১ম) অবিরত ধারা [ঙ]; ১১ (৪র্থ—৬ষ্ঠ) "পাদপদ্ম দেখিবারে আইলা আপনে ॥" [ঙ], "আইলেন, প্রভু বসিয়াছে যেই-খানে ॥" [চ]; ১৩ (৬ষ্ঠ) -হৃষ্ট [ঘ, ঙ]; ১৪ (৭ম) মহানন্দ- [গ]; ১৫ (৬ষ্ঠ) শুভক্ষণে [জ]; ১৬ (১০ম) দিলে [ছ], দিয়ে [জ, ঝ]; ১৭ (২য়) নিরখিলে [ঞ], (৭ম) হয় [ঙ, ছ]; ২১ (৬ষ্ঠ) ত [খ, ঙ, চ, ঞ], (৮ম) জানিনু নিশ্চিত [গ, ঞ]; ২২ (৭ম—১১শ) "সে তুমি ঈশ্বর-অংশ বহি নহ ॥" [ক]; ২৩ —"যেমন নিশায় আমি সুস্বপ ন দেখিল। সাক্ষাতে তাহার ফল প্রত্যক্ষ পাইল ॥" [ঙ]. (১০ম) আসি [ছ]: ২৪ (৬ষ্ঠ) পরমানন্দ-[ক,খ,ছ,ঞ]।

যদবধি তোমা' দেখিয়াছি নদীয়ায়। তদবধি চিত্তে আর কিছু নাহি ভায়॥ ৬০
সত্য এই কহি, ইথে অন্য কিছু নাই। কৃষ্ণ-দরশন-সুখ তোমা' দেখি' পাই॥"৬১
শুনি' প্রিয় ঈশ্বরপুরীর সত্য বাক্য। হাসিয়া বোলেন প্রভু, "মোর বড় ভাগ্য॥"৬২
এইমত কত আর কৌতুক-সন্তাষ। যত হইল, তাহা বর্ণিবেন বেদব্যাস॥ ৬৩
তবে প্রভু তান স্থানে অনুমতি লৈয়া। তীর্থ-শ্রাদ্ধ করিবারে বসিলা আসিয়া॥ ৬৪
ফল্গু-তীর্থে করি' বালুকার পিণ্ড দান। তবে গেলা গিরিশৃঙ্গে প্রেত-গয়া-স্থান॥ ৬৫
প্রেত-গয়া শ্রাদ্ধ করি' শ্রীশচীনন্দন। দক্ষিণায় বাক্যে তুষিলেন বিপ্রগণ॥ ৬৬
তবে যথোচিত পিতৃগণে সন্তর্পিয়া। দক্ষিণ-মানসে চলিলেন হর্ষ হৈয়া॥ ৬৭
তবে চলিলেন প্রভু শ্রীরামগয়ায়। রাম-অবতারে শ্রাদ্ধ করিলা যথায়॥ ৬৮
এহো অবতারে সেই-স্থানে শ্রাদ্ধ করি'। তবে যুধিষ্ঠির-গয়া গেলা গৌরহরি॥ ৬৯
পূর্বে যুধিষ্ঠির পিণ্ড দিলেন যথায়। সেই প্রীত্যে তথা শ্রাদ্ধ কৈলা গৌররায়॥ ৭০
চতুর্দিগে প্রভুরে বেঢ়িয়া বিপ্রগণ। শ্রাদ্ধ করায়েন সভে পঢ়ান বচন॥ ৭১
শ্রাদ্ধ করি' প্রভু, পিণ্ড ফেলিতেই জলে। গয়ালি ব্রাহ্মণ সব ধরি' ধরি' গিলে॥ ৭২
দেখিয়া হাসেন প্রভু শ্রীশচীনন্দন। সে-সব বিপ্রের যত খণ্ডিল বন্ধন॥ ৭৩
উত্তর-মানসে প্রভু পিণ্ডদান করি'। ভীম-গয়া করিলেন গৌরাঙ্গ-শ্রীহরি॥ ৭৪
শিবগয়া ব্রহ্মগয়া-আদি যত আছে। সব করি' ষোড়শ-গয়ায় গেলা পাছে॥ ৭৫
ষোড়শ-গয়ায় প্রভু ষোড়শী করিয়া। সভারে দিলেন পিণ্ড কৃপাযুক্ত হৈয়া॥ ৭৬
তবে মহাপ্রভু ব্রহ্মকুণ্ডে করি' স্নান। গয়া-শিরে আসি' করিলেন পিণ্ড দান॥ ৭৭
দিব্য মালা চন্দন শ্রীহস্তে প্রভু লৈয়া। বিষ্ণুপদ-চিহ্ন পুজিলেন হর্ষ হৈয়া॥ ৭৮
এইমত সর্বস্থানে শ্রাদ্ধাদি করিয়া। বাসায় চলিলা বিপ্রগণে সন্তোষিয়া॥ ৭৯
তবে মহাপ্রভু কথোক্ষণে সুস্থ হৈয়া। রন্ধন করিতে প্রভু বসিলেন গিয়া॥ ৮০
রন্ধন সম্পূর্ণ হৈল, হেনই সময়। আইলেন শ্রীঈশ্বর-পুরী মহাশয়॥ ৮১
প্রেমযোগে কৃষ্ণনাম বলিতে বলিতে। আইলেন মত্তপ্রায় ঢুলিতে ঢুলিতে॥ ৮২
রন্ধন এড়িয়া প্রভু পরম-সম্ভ্রমে। নমস্করি' তানে বসাইলেন আসনে॥ ৮৩
হাসিয়া বোলেন পুরী, "শুনহ পণ্ডিত! ভাল ত সময় হইলাঙ উপনীত॥" ৮৪
প্রভু বোলে, "যবে হৈল ভাগ্যের উদয়। এই অন্ন ভিক্ষা আজি কর' মহাশয়! ৮৫

২ (২য়) কথা [চ]; ৩ (৪র্থ) বিনয় [গ], প্রিয় [ছ]; ৫ (৯ম, ১০ম) চলিলা হাসিয়া [খ, ঘ, চ], বসিলা যাইয়া [ঙ, ঞ]; ৭ (৬ষ্ঠ) প্রভু [ছ]; ৮ (২য়) উদ্ধারিয়া [ক, খ, গ, ঙ, ছ, জ, ঝ, ঞ], (৪র্থ) সন্তোষিয়া [খ, চ] ১০ (৮ম) অধিষ্ঠান- [কচিৎ পাঠ]; ১২ (৫ম—৯ম) "পড়ায়েন বেদবাক্য বিধি আচরণ॥" [ঞ], (৮ম) পঢ়েন [ক, খ, জ], পঢ়িয়া [ঘ]; ১৪ (৭ম) সব [গ, ঙ, চ, ছ, জ]; ১৭ (৮ম) শ্রদ্ধাযুক্ত [ঝ]; ১৮ (৬ষ্ঠ) গয়াসুরে [ঞ]; ২১ (৮ম) সন্তাসিয়া [ছ]; ২৩ (৬ষ্ঠ) প্রভুপাশ [ক], প্রভু-স্থানে [ঙ, ছ, জ]; ২৪ (৪র্থ) উঠিয়া [ঙ, ছ], সন্তোষে [চ], (৮ম) নিজপাশে [চ]; ২৫ (১০ম) অতিথ [খ]; ২৬ (১০ম) আগে [ঘ]।

হাসিয়া বোলেন পুরী, “তুমি কি খাইবে?” প্রভু বোলে, “আমি অন্ন রান্ধিবাঙ তবে ॥”৮৬
পুরী বোলে, “কি কার্য করিয়া আর পাক ? যে অন্ন আছয়ে, তাহি কর' দুই ভাগ ॥”৮৭
হাসিয়া বোলেন প্রভু, “যদি আমা' চাও। যে অন্ন হৈয়াছে, তাহা তুমি সব খাও ॥ ৮৮
তিলার্ধেকে আর অন্ন রান্ধিবাঙ আমি। না কর' সঙ্কোচ কিছু, ভিক্ষা কর' তুমি ॥”৮৯
তবে প্রভু আপনার অন্ন তানে দিয়া। আর অন্ন রান্ধিতে লাগিলা হর্ষ হৈয়া ॥ ৯০
হেন কৃপা প্রভুর ঈশ্বরপুরী-প্রতি। পুরীরো নাহিক কৃষ্ণ ছাড়ি অন্য মতি ॥ ৯১
শ্রীহস্তে আপনে প্রভু করে' পরিবেশন। পরানন্দ-সুখে পুরী করেন ভোজন ॥ ৯২
সেইক্ষণে রমাদেবী অতি অলক্ষিতে। প্রভুর নিমিত্তে অন্ন রান্ধিলা তুরিতে ॥ ৯৩
তবে প্রভু আগে তানে ভিক্ষা করাইয়া। আপনেহ ভোজন করিলা হর্ষ হৈয়া ॥ ৯৪
ঈশ্বরপুরীর সঙ্গে প্রভুর ভোজন। ইহর শ্রবণে মিলে কৃষ্ণপ্রেম-ধন ॥ ৯৫
তবে প্রভু ঈশ্বরপুরীর সর্ব-অঙ্গে। আপনে শ্রীহস্তে লেপিলেন দিব্য-গন্ধে ॥ ৯৬
যত প্রীত ঈশ্বরের ঈশ্বরপুরীরে। তাহা কহিবারে কোন্ জন শক্তি ধরে ॥' ৯৭
আপনে ঈশ্বর শ্রীচৈতন্য ভগবান্। দেখিলেন ঈশ্বরপুরীর জন্ম-স্থান ॥ ৯৮
প্রভু বোলে, “কুমারহট্টেরে নমস্কার। শ্রীঈশ্বরপুরীর যে-গ্রামে অবতার ॥”৯৯
কান্দিলেন বিস্তর চৈতন্য সেইস্থানে। আর শব্দ কিছু নাই ‘ঈশ্বরপুরী' বিনে ॥ ১০০
সে-স্থানের মৃত্তিকা আপনে প্রভু তুলি'। লইলেন বহির্বাসে বান্ধি' এক ঝুলি ॥ ১০১
প্রভু বোলে, “ঈশ্বরপুরীর জন্মস্থান। এ-মৃত্তিকা মোহর জীবন-ধন প্রাণ ॥ ১০২
হেন ঈশ্বরের প্রীত ঈশ্বরপুরীরে। ভক্ত বাঢ়াইতে প্রভু সব শক্তি ধরে' ॥ ১০৩
প্রভু বোলে, “গয়া করিতে যে আইলাম। সত্য হৈল ঈশ্বরপুরীরে দেখিলাঙ ॥ ”১০৪
আর-দিনে নিভৃতে ঈশ্বরপুরী-স্থানে। মন্ত্র-দীক্ষা চাহিলেন মধুর বচনে ॥ ১০৫
পুরী বোলেন, “মন্ত্র বলিয়া কোন্ কথা ? প্রাণ আমি দিতে পারি তোমারে সর্বথা ॥”১০৬
তবে তাঁ'র স্থানে শিক্ষাগুরু নারায়ণ। করিলেন দশাক্ষর-মন্ত্রের গ্রহণ ॥ ১০৭
তবে প্রভু প্রদক্ষিণ করিয়া পুরীরে। প্রভু বোলে, “দেহ আমি দিলাঙ তোমারে ॥ ১০৮
হেন শুভদৃষ্টি তুমি করহ আমারে। যেন আমি ভাসি কৃষ্ণপ্রেমের সাগরে ॥”১০৯

---

১ (১ম—৬ষ্ঠ) “পুরী বোলে তোমার আর কি ভোজ্য আছে ?” [ক্বচিৎ পাঠ], (১২শ) পাছে [ক্বচিৎ পাঠ] ৩ (১ম—৬ষ্ঠ) “প্রভু বোলে আমাপানে কৃপাদৃষ্টে চাও।” [ক্বচিৎ পাঠ], (১২শ) আগে [গ, ঙ, জ]; ৫ (৮ম—১০ম) বার পাক করিলেন [খ], (১১শ) হৃষ্ট [ঞ]; ৬ (৭ম) প্রভু [জ], (৭ম—৯ম) আর কৃষ্ণ-বিনে [ঙ]; ৮ (৩য়) আসি হরষিতে [ঙ]; ৯ (৭ম— ১১শ) “ভোজনে বসিলা প্রভু হরষিত হইয়া ॥” [চ]; ১০ (৬ষ্ঠ) স্মরণে [ক]; ১১ (৭ম, ৮ম) গন্ধ লেপিলেন রঙ্গে [ঙ]; ১২ (৪র্থ) পুরীর উপরে [ক], (৬ষ্ঠ) বর্ণিবারে [ঝ, ঞ]; ১৩ (১ম,২য়) সন্ন্যাস লীলায় [ক্বচিৎ পাঠ]; ১৪ (৬ষ্ঠ) যেইস্থানে [ক], যথা হৈল [ঙ]; ১৫ (২য়, ৩য়) চৈতন্য ঈশ্বর [খ], শ্রীকৃষ্ণ চৈতন্য [ছ], বিস্তর বসিয়া [ঘ]; ১৬ (৬ষ্ঠ) কহিলেন [চ]; ১৭ (৬ষ্ঠ) আমার [ঘ, ঙ]; ১৯ (৭ম) সার্থক [ঞ]; ২১ (৪র্থ) করিয়া [গ]; ২২ (৫ম) ভগবান্ [ছ]; ২৩ (১০ম) সঁপিলুঁ [ঘ]; ২৪ (২য়, ৩য়)আশীর্বাদ প্রভু [ছ]।

শুনিঞা প্রভুর বাক্য শ্রীঈশ্বরপুরী। প্রভুরে দিলেন আলিঙ্গন, বক্ষে ধরি'॥ ১১০
দোঁহার নয়ন-জলে দোঁহার শরীর। সিঞ্চিত হৈল প্রেমে, কেহো নহে স্থির॥ ১১১
হেনমতে ঈশ্বরপুরীরে কৃপা করি'। কথোদিন গয়ায় রহিলা গৌরহরি॥ ১১২
আত্মপ্রকাশের আসি' হইল সময়। দিনে দিনে বাঢ়ে প্রেমভক্তির বিজয়॥ ১১৩
একদিন মহাপ্রভু বসিয়া নিভৃতে। নিজ-ইষ্ট-মন্ত্র ধ্যান লাগিলা করিতে॥ ১১৪
ধ্যানানন্দে মহাপ্রভু বাহ্য প্রকাশিয়া। করিতে লাগিলা প্রভু রোদন ডাকিয়া॥ ১১৫
"কৃষ্ণরে বাপ্, তুমি আমার জীবন। কোন্ দিগে গেলা মোরে ছাড়িয়া এখন॥ ১১৬
পাইলুঁ ঈশ্বর মোর কোন্ দিগে গেলা?" শ্লোক পঢ়ি' পঢ়ি' প্রভু কান্দিতে লাগিলা॥ ১১৭
প্রেমভক্তিরসে মগ্ন হৈলা ঈশ্বর। সকল শ্রীঅঙ্গ হৈল ধুলায় ধুসর॥ ১১৮
আর্তনাদ করি' প্রভু ডাকে' উচ্চস্বরে। "কোথা গেলা বাপ্ কৃষ্ণ! ছাড়িয়া আমারে?"
যে-প্রভু আছিলা অতি-পরম-গম্ভীর। সে প্রভু হৈলা প্রেমে পরম-অস্থির॥ ১২০
গড়াগড়ি যায়েন, কান্দেন উচ্চস্বরে। ভাসে প্রভু নিজ-ভক্তি বিরহ সাগরে॥ ১২১
তবে কথোক্ষণে আসি' সর্বশিষ্যগণে। সুস্থ করিলেন আসি' অশেষ-যতনে॥ ১২২
প্রভু বোলে, "তোমরা সকলে যাহ ঘরে। মুঞি আর না যাইমু সংসার-ভিতরে॥ ১২৩
মথুরা দেখিতে মুঞি চলিমু সর্বথা। মোর প্রাণনাথ কৃষ্ণচন্দ্রে পাঙ যথা॥" ১২৪
নানারূপে সর্বশিষ্যগণে প্রবোধিয়া। স্থির করি' রাখিলেন সভেই মিলিয়া॥ ১২৫
ভক্তিরসে মগ্ন হঞা বৈকুণ্ঠের পতি। চিত্তে স্বাস্থ্য না পায়েন, রহিবেন কতি? ১২৬
কাহারে না বলি' প্রভু কথো-রাত্রিশেষে। মথুরারে চলিলেন প্রেমের আবেশে॥ ১২৭
"কৃষ্ণ রে বাপ্ রে! মোর পাইমু কোথায়?" এইমত বলিয়া যায়েন গৌররায়॥ ১২৮
কথোদূর যাইতে শুনেন দিব্য-বাণী। "এখনে মথুরা না যাইবা দ্বিজমণি! ১২৯
যাইবার কাল আছে, যাইবা তখনে। নবদ্বীপে নিজ-গৃহে চলহ এখনে॥ ১৩০
তুমি শ্রীবৈকুণ্ঠনাথ লোক নিস্তারিতে। অবতীর্ণ হইয়াছে সভার সহিতে॥ ১৩১
অনন্ত-ব্রহ্মাণ্ডময় করিয়া কীর্তন। জগতেরে বিলাইবা প্রেমভক্তি-ধন॥ ১৩২
ব্রহ্মা-শিব-সনকাদি যে-রসে বিহ্বল। মহাপ্রভু-অনন্ত গায়েন যে-মঙ্গল॥ ১৩৩
তাহা তুমি জগতেরে দিবার কারণে। অবতীর্ণ হইয়াছ—জানহ আপনে॥ ১৩৪
সেবক আমরা' তভু চাহি কহিবার। অতএব কহিলাঙ চরণে তোমার॥ ১৩৫

---

৪ (৮ম) বিষ্ণুভক্তির [ঙ], (৯ম) বিষয় [ছ]; ৫ (২য়) গৌরচন্দ্র [ঞ]; ৬ (৩য়) প্রেম [ঞ]; ৭—"কৃষ্ণরে বাপ্ রে মোর জীবন শ্রীহরি! কোন্ দিগে গেলা মোর প্রাণ করি চুরি?" [খ, গ, ঙ, ছ, জ], (৫ম) প্রাণ [ঞ]; ৮ (৯ম; ১০ম) মহাপ্রভু [খ]; ১০ (৪র্থ) কান্দে [খ]; ১১ (৮ম) অধীর [খ]; ১২ (৭ম) -আনন্দসাগরে [জ]; ১৩ (৭ম) ধরি [ক, গ, চ, ছ, জ]; ১৬ (১ম) নানামতে [ঘ, চ], বহুমতে [ঞ]; ১৭ (৩য়) প্রভু [গ, ঘ, চ]; ১৮ (৬ষ্ঠ) মধুপুরী [ঞ]; ২০ (৪র্থ) দেব [জ]; (৯ম) গোরমণি [চ]; ২১ (৯ম) আপনে [খ]; ২২ (৩য়) অধম [ঙ]; ২৪ (১ম) -শুক আদি [ঙ]; ২৬ (৩য়) তোর [ক], (৭ম) নিবেদিল [ঙ]।

আপনার বিধাতা আপনে তুমি প্রভু ! তোমার যে ইচ্ছা, সে লঙ্ঘন নহে কভু ॥ ১৩৬
অতএব মহাপ্রভু ! চল তুমি ঘর। বিলম্বে দেখিবা আসি' মথুরানগর ॥" ১৩৭
শুনিঞা আকাশ-বাণী শ্রীগৌরসুন্দর। নিবর্ত হইলা প্রভু হরিষ-অন্তর ॥ ১৩৮
বাসায় আসিয়া সর্বশিষ্যের সহিতে। নিজ-গৃহে চলিলেন ভক্তি প্রকাশিতে ॥ ১৩৯
নবদ্বীপে গৌরচন্দ্র করিলা বিজয়। দিনে দিনে বাঢ়ে প্রেমভক্তির উদয় ॥ ১৪০
আদিখণ্ড-কথা পরিপূর্ণ এই হৈতে। মধ্যখণ্ড-কথা এবে শুন ভালমতে ॥ ১৪১
যে বা শুনে ঈশ্বরের গয়াতে বিজয়। গৌর চন্দ্র-প্রভু তা'রে মিলিব হৃদয় ॥ ১৪২
কৃষ্ণ-যশ শুনিলে সে কৃষ্ণ-সঙ্গ পাই। কৃষ্ণের সহিতে তা'র কভু ত্যাগ নাই ॥ ১৪৩
অন্তর্যামী নিত্যানন্দ বলিলা কৌতুকে। চৈতন্যচরিত্র কিছু লিখিতে পুস্তকে ॥ ১৪৪
তাহান কৃপায় লিখি চৈতন্যের কথা। স্বতন্ত্র ইহাতে শক্তি নাহিক সর্বথা ॥ ১৪৫
কাষ্ঠের পুতলি যেন কুহকে নাচায়। এইমত গৌরচন্দ্র মোরে যে বোলায় ॥ ১৪৬
চৈতন্য-লীলার আদি-অন্ত নাহি জানি। যে-তে-মতে চৈতন্যের যশ সে বাখানি ১৪৭
পক্ষী যেন আকাশের অন্ত নাহি পায়। যতদূর শক্তি, ততদূর উড়ি যায় ॥ ১৪৮
এইমত চৈতন্যযশের অন্ত নাই। যা'র যত শক্তি-কৃপা, সভে তত গাই ॥ ১৪৯
তথা হি (ভা° ১।১৮।২৩)—
"নভঃ পতন্ত্যাত্মসমং পতত্রিণ-,স্তথা সমং বিষ্ণুগতিং বিপশ্চিতঃ ॥" ১৫০
সর্ব-বৈষ্ণবের পা'য়ে মোর নমস্কার। ইথে অপরাধ কিছু নহুক আমার ॥ ১৫১
সংসারের পার হঞা ভক্তির সাগরে। যে ডুবিব, সে ভজুক নিতাইচান্দেরে ॥ ১৫২
আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর। এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর ॥ ১৫৩
কেহো বোলে, "প্রভু নিত্যানন্দ—বলরাম।" কেহো বোলে, "চৈতন্যের মহা-প্রিয়-ধাম ॥"
কেহো বোলে, "মহাতেজিয়ান্ অধিকারী।" কেহো বোলে, "কোনরূপ বুঝিতে না পারি॥"
কিবা যোগী নিত্যানন্দ, কিবা ভক্ত, জ্ঞানী। যা'র যেনমত ইচ্ছা, না বোলয়ে কেনি ॥ ১৫৬
যে-সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে। সে চরণ-ধন মোর রহুক হৃদয়ে ॥ ১৫৭

---

১ (১ম—৪র্থ) আপনে বিধাতা তুমি আপনেই [ঘ]; ২ (২য়) মহাশয় [ঞ]; ৩ (৪র্থ) নিবৃত্ত] খ, ঙ], (৫ম —৭ম) হইয়া চলিলেন নিজ-ঘর [ঘ], (৬ষ্ঠ) পাই [ক, ছ, জ]; ৪ (৩য়) প্রভু শিষ্যের [ছ], যত শিষ্যের [ঞ]; ৫ (৮ম) কৃষ্ণভক্তির [ঙ]; ৬ (২য়, ৩য়) পূর্ণ এই লীলা [ঘ], (৭ম, ৮ম) হইব বিদিতে [ঘ]; ৭ (৯ম, ১০ম) হইব সদয় [ক], মিলিব নিশ্চয় [খ, চ]; ৮ (১ম—৩য়)নিত্যানন্দ-সঙ্গ নিলে [ঙ], (৪র্থ) কৃষ্ণরস [ক, ঘ], (৬ষ্ঠ, ৭ম) ঈশ্বরের সঙ্গে [ক, খ, গ, ঙ, চ, ছ, জ,ঝ, ঞ]; ১০ (৭ম) হইতে [ক, জ]। আমার [ঘ, ঙ, চ]; ১২ (১ম) -কথার [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ], (৫ম, ৬ষ্ঠ) যেন তেন মতে তার [ঘ]; ১৪—"যার যত শক্তি কৃপা সভে তাহা পাই। দীন হীন তরাইতে চৈতন্য-গোসাঞি ॥" [ছ], (২য়) -কথার [গ, ঞ], (১০ম) তাহা [ক, ঙ, ছ, জ], (১১শ) পাই [ঙ, ছ]; ১৭ (৮ম) না লবে [ঘ]; ১৮ (১০ম) নিতাইঠাকুরে [ঙ]; ১৯ (৮ম—১০ম) আমি ধরিয়ে অন্তর [ঘ, চ] ২০ (৯ম) -প্রেম- [খ, গ, ঞ]; ২১ (৩য়) মহাতেজীঅংশ [ক, খ, ঘ, ঙ, চ, জ]; ২২ (২য়) জীব [ঘ, চ], প্রভু [ছ], যতি [ঝ]; ২৩ (৬ষ্ঠ—৮ম) তথাপি সে পাদপদ্ম [ঞ], (৭ম) চরণ-ধূলি [ছ]।

এত পরিহারেও যে পাপী নিন্দা করে'। তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে ॥ ১৫৮
জয় জয় নিত্যানন্দ চৈতন্য-জীবন। তোমার চরণ মোর হউক শরণ ॥ ১৫৯
তোমার হইয়া যেন গৌরচন্দ্র গাঙ। জন্মে জন্মে যেন তোমা' সংহতি বেড়াঙ ॥ ১৬০
যে শুনয়ে আদিখণ্ডে চৈতন্যের কথা। তাহারে শ্রীগৌরচন্দ্র মিলিবে সর্বথা ॥ ১৬১
ঈশ্বরপুরীর স্থানে হইয়া বিদায়। গৃহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ-রায় ॥ ১৬২
শুনি সর্ব-নবদ্বীপ হৈল আনন্দিত। প্রাণ আসি' দেহে যেন হৈল উপনীত ॥ ১৬৩
শ্রী(কৃষ্ণ)চৈতন্য-নিত্যানন্দ-চান্দ পঁহু জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥ ১৬৪
আদিখণ্ড কথা দিব্যা যে শৃণ্বন্তি মহাত্মনঃ। সর্বাপরাধনির্মুক্তাস্তে ভবন্তি সুনিশ্চিতম্ ॥ ১৬৫
যে পঠন্তি মহাত্মানো বিলিখন্তি পরাদরৈঃ। প্রলয়েঽপি চ তেষাং বৈ তিষ্ঠত্যেব হরেঃ স্মৃতিঃ ॥ ১৬৬
জন্মারভ্য গয়াভূমি-গমনে যঃ কথোদয়ঃ। তৎ কথ্যতে বিজ্ঞজনেনাদিখণ্ডস্য লক্ষণম্ ॥ ১৬৭
কারুণ্যে ভক্তিদাতৃত্বে চৈতন্যগুণ-বর্ণনে। অমায়া-কথনে নাস্তি নিত্যানন্দসমঃ প্রভুঃ ॥ ১৬৮

ইতি শ্রীচৈতন্যভাগবতে আদিখণ্ডে শ্রীগৌরহরের্গয়াভূমি-গমন-বর্ণনং
নাম চতুর্দশোঽধ্যায়ঃ ॥ ১৪

সমাপ্তশ্চায়মাদিখণ্ডঃ ॥

---

২ (৪র্থ) জীবের জীবন [ঞ], (৮ম, ৯ম) রহুক শরণ [ক, ঘ], রহুক স্মরণ [খ, ঙ]; ৩—"শুনিলে চৈতন্য-কথা ভক্তিফল ধরে। জন্ম-জন্ম চৈতন্যের সঙ্গে অবতরে ॥" [ঞ], এবং ইহা ৩য় পংক্তির পর খ—পুঁথিতে অধিক পাঠ; ৫ (২য়) ঠাঁই [ঞ], (৩য়) করিয়া [ক, গ, ঘ, চ, ছ], (৫ম—৭ম) নিজ গৃহে আইলেন [ঙ]; ৭ (১ম) শ্রীকৃষ্ণ-চৈতন্য— , (২য়, ৩য়) জান [গ, ঘ, চ, জ, ঝ], ৮ (৫ম) পরাত্মনঃ [ক, খ, জ, ঞ], নিস্তরন্তি [ঙ]; ৮—১১—এই পংক্তিগুলি ঘ, চ, ছ—পুঁথিতে নাই, এবং ৭ম পংক্তিটি মাত্র ঞ—পুঁথিতে নাই; ১২ (৪র্থ) গয়াবিহারাদি-পুনর্গৃহা-গমনং [ঘ], গয়াতীর্থকরণং [ছ]; ১৪ শ্রীচৈতচন্দ্রস্য লীলাসমূহকথনমাদিখণ্ডঃ সমাপ্তঃ [ঙ]।